"যে সমস্ত মহাত্মারা ভগবান শ্রীকৃষণ ও শুরুদেবের প্রতি ঐকান্তিক ভক্তি লাভ করেছেন, তাঁদের কাছে সমস্ত বৈদিক জ্ঞানের সম্পূর্ণ তাৎপর্য প্রকাশিত হয়।" (শেতাশ্বতর উপনিষদ ৬/২৩)

ভক্তিরসা ভজনং তদিহামুত্রোপাধিনৈতাস্যোনামুথিন্ মনঃকল্পনমেতদেব নৈমর্মান্। "ভক্তি মানে হচেছ লৌকিক অথবা পারলৌকিক সব রকম বিষয়-বাসনা রহিত ভগবং-সেবা। বিষয়-বাসনা থেকে মৃক্ত হয়ে মনকে সম্পূর্ণরূপে ভগবানের সেবায় পূর্ণরূপে তথ্যয় করা। সেটিই হচেছ নৈম্বর্মের উদ্দেশ্য।"

(शाभागजाभनी कॅमनियम ১/১৫)

এগুলি হচ্ছে যোগপদ্ধতির সর্বোচ্চ সিদ্ধির স্তর—ভক্তিযোগ বা কৃষ্ণভাবনা অনুশীলন করার কয়েকটি উপায়।

> ডক্তিবেদান্ত কহে শ্রীগীতার গান । শুনে যদি শুদ্ধ ভক্ত কৃষ্ণগত প্রাণ ॥

ইতি—ধ্যানযোগ নামক শ্রীমন্তগবদ্গীতার ষষ্ঠ অধ্যায়ের ভক্তিকেদন্ত তাৎপর্ব সমাপ্ত।

সপ্তম অধ্যায়



বিজ্ঞান-যোগ

শ্লোক ১

প্রীভগবানুবাচ

মধ্যাসক্তমনাঃ পার্থ ঝোগং যুঞ্জন্মদাশ্রয়ঃ । অসংশয়ং সমগ্রং মাং যথা জ্ঞাস্যসি তচ্ছুণু ॥ ১॥

শ্রীভগবান্ উবাচ—পর্মেশ্বর ভগবান বললেন; ময়ি—আমাতে; আসক্তমনাঃ— অভিনিবিষ্ট চিন্ত; পার্থ—হে পৃথার পূত্র; যোগম্—যোগ; যুপ্তান্—যুক্ত হয়ে; মদাশ্রমঃ—আমার ভাবনায় ভাবিত হয়ে (কৃষ্ণভাবনা); অসংশয়ম্—নিঃসাঙ্গেহে; সমগ্রম্—সম্পূর্ণরূপে; মাম্—আমাকে; যথা—ফেরাপে; অ্যাসি—জানবে; তৎ— ভা: শৃপু—শ্রবণ কর।

গীতার গান

শ্রীভগবান কহিলেন !
আমাতে আসক্ত হয়ে যোগের সাধন ।
তোমারে কহিনু পার্থ সব এতক্ষণ !
সে যোগ আশ্রয় করি সমগ্র যে আমি ।
অসংশয় বুঝিবে যে অনিবার্য তুমি !৷

(क्षांक 5]

শুন পার্থ সেই কথা তোমাকে যে কহি। ভক্তিযোগ শুদ্ধ সন্ত্ব যাতে তুষ্ট রহি 🏾

অনুবাদ

শ্রীভগবান বললেন—হে পার্থ। আমাতে আসক্তচিত হয়ে, আমাতে মনোনিবেশ করে যোগাভ্যাস করলে, কিভাবে সমস্ত সংশয় থেকে মুক্ত হয়ে আমাকে জানতে পারবে, তা শ্রমণ কর।

তাৎপর্য

ভগবন্গীতার এই সপ্তম অধ্যায়ে ভগবং-তত্ত্বের বিশদ বর্ণনা করা হয়েছে। ভগবান শ্রীকৃষ্ণ সর্ব ঐশ্বর্যপূর্ণ। তার এই সমস্ত ঐশ্বর্যের প্রকাশ কিভাবে হয়, তা এখানে বর্ণনা করা হয়েছে। চার ধরনের সৌভাগাবান লোক ভগবানের শ্রীচরণে আসক্ত হন এবং চার ধরনের হতভাগা লোক কখনই ভগবান শ্রীকৃষ্ণের শরণাগত হন না, তাদের কথাও এই অধ্যায়ে বর্ণনা করা হয়েছে।

ভগবদ্গীতার প্রথম হয়টি অধ্যায়ে বর্ণনা করা হয়েছে যে, জীবের স্বরূপ ইচ্ছে তার চিশ্রয় আদ্বা। এবং বিভিন্ন যোগ-সাধনার মাধামে সে চিশ্রয় স্তরে উত্তীর্ণ হতে পারে। ষষ্ঠ অধ্যায়ের শেষে স্পষ্টভাবে বর্ণনা করা হয়েছে যে, মনকে সর্বতোভাবে ভগবাদ শ্রীকৃষ্ণের ভাবনায় নিযুক্ত করা বা সর্বতোভাবে কৃঞ্চভাবনাময় হওয়াই সর্বপ্রকার যোগ-সাধনার মধ্যে সর্বশ্রেষ্ঠ। ফ্রাকে সর্বতোভাবে ভগবান শ্রীকৃষ্ণের চরণে একাগ্র করার মাধ্যমে পরম-তত্ত্বকে সম্পূর্ণরূপে উপলব্ধি করা যায়, এ ছাড়া আর কোন উপায়েই তা সপ্তব নয়। নির্বিশেষ ব্রহ্মজ্যোতি অথবা অন্তর্গামী পরমাস্থা উপলব্ধি পরম-তত্ত্বের পূর্ণজ্ঞান নয়, কেন না তা হচ্ছে আংশিক উপলব্ধি। পূর্ণ ও বিজ্ঞানসম্মত জ্ঞান হচ্ছে শ্রীকৃষ্ণ এবং কৃষ্ণভাবনাময় মানুষের কাছে সব কিছুই পূর্ণ প্রকাশিত হয়ে থাকে। সম্পূর্ণভাবে কৃষ্ণভাবনামৃত লাভ করার ফলে নিঃসন্দেহে অবগত হওরা যায় যে, ভগবান শ্রীকৃষ্টই হচ্ছেন পরম জ্ঞান। বিভিন্ন প্রকার যোগ হচ্ছে কৃষ্ণভাবনা অর্জনের পথে পদক্ষেণ মাত্র। সরাসরিভাবে ভগবন্তুক্তি লাভ করে যিনি ভগবানের শ্রীচরণে আত্মসমর্পণ করেন, তিনি অনায়াসে ব্রমাতত্ত্ব ও পরমাধাতত্ত্ব সম্বন্ধে সর্বতোভাবে অবগত হন। কৃষ্ণভাবনাময় ভক্তিবোগ অনুশীলন করার মাধ্যমে সব কিছুই পরিপূর্ণরূপে জানতে পারা যায়। তখন সর্বতোভাবে জানা যায় ভগবান কে, জীব কি, জড়া প্রকৃতি কি এবং তাদের প্রকাশ কিভাবে হয়।

তাই, ভগবদ্গীতার ষষ্ঠ অধ্যায়ের শেষ শ্লোকের নির্দেশ অনুসারে ভিভিযোগের অনুশীলন শুরু করা উচিত। নববিধা ভক্তির মাধ্যমে মনকে শ্রীকৃষ্ণের ধ্যানে মধ্য করা যায়। ভাদের মধ্যে সর্বপ্রথম ও সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে শ্রবণম্। ভগবান তাই অর্জুনকে বলেছেন, তচ্ছুণু অর্থাৎ "আমার কাছ থেকে শ্রবণ কর।" ভগবান শ্রীকৃষ্ণের চেয়ে নির্ভর্মোগ্য আর কেউ নেই, আর তাই তাঁর কাছ থেকে শ্রবণ কররে মাধ্যমে এই জ্ঞান আহরণ করলে শুরু কৃষ্ণভাবনাময় মানুষ হয়ে ওঠার শ্রেষ্ঠ সুযোগ লাভ করা যায়। তাই এই জ্ঞান সরাসরি শ্রীকৃষ্ণের কাছ থেকে অথবা শ্রীকৃষ্ণের শুরু ভড়ের কাছ থেকে শিক্ষা লাভ করতে হয়—কেতারি বিদ্যায় অহজারী, অভক্ত ভুইলোড়ের কাছ থেকে নর।

শ্রীমন্ত্রাগবতের প্রথম স্করের বিতীয় অধ্যায়ে পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণকে উপলব্রির এই পদ্ধতি বর্ণনা করে বলা হয়েছে—

नृष्ठार क्रक्षाः कृष्यः भूषध्यवकीर्जनः ।
स्वाख्यस्य हाज्यापि विधुतानि मूस्ट्रश्मणम् ॥
महेश्रात्वय्वत्यम् निणरः जाववण्यस्याः ।
ज्यवज्राख्यस्यात्क चन्निर्जवि तिमिक्तीः ॥
ज्या व्रक्षस्याज्याः कामत्वाज्ञापम् त्यः ।
तिज्ञ वर्रेज्यमाविद्यः क्रिकः मत्वः श्रमीपि ॥
ववः श्रमममनत्या ज्यवद्यक्तित्याभिकः ।
ज्यवख्यविद्यानः मृज्यस्या जायत्वः ॥
ज्यवख्यविद्यानः मृज्यस्या जायत्वः ॥
ज्यवख्यविद्यानः मृज्यस्याः प्रस्तिः भ्रमीपि ॥
स्वीयत्वः स्वस्यश्रिष्टिमार्डं मर्यमः नायत्वः ॥

"বৈদিক শাস্ত্রসমূহ থেকে ভগবান শ্রীকৃষ্ণের কথা শ্রবণ করলে অথবা ভগবদ্গীতা থেকে ভগবানের শ্রীমুখ-নিঃসৃত বাণী শ্রবণ করলে কলাাণ হয়। কেউ যখন কৃষ্ণকথা শ্রবণ করেন, তখন ভগবান শ্রীকৃষ্ণ, যিনি সকলের অন্তরে বিরাজমান, তিনি পরম বধুর মতো তার হদয়কে সমস্ত কলুষ থেকে মুক্ত করেন। এভাবেই ভক্তের হাদরে সৃপ্ত পারমার্থিক জ্ঞানের বিকাশ হয়। শ্রীমন্তাগবত ও ভগবন্তকের কাছ থেকে তিনি বত কৃষ্ণকথা শোনেন, ততই তার অন্তরে ভগবন্তকি সৃদৃঢ় হয়। ভগবন্তকি বিকশিত হওয়ার ফলে রজোগুণ ও তমোগুণ থেকে মুক্তি লাভ হয় এবং এভাবেই কাম, ক্রোধ, লোভ, মোহ আদি অন্তর্হিত হয়। এই সমস্ত কলুষ

শ্লোক ৩]

থেকে মুক্ত হওয়ার ফলে ভগবন্ধক তখন ওছ সত্ত্বে অধিষ্ঠিত হন। তিনি তখন আওরিকভাবে ভগবং-সেবায় সঞ্জীবিত হন এবং পরিপূর্ণরূপে ভগবং-তত্ত্বের বিজ্ঞান উপলব্ধি করেন। এভাবেই ভক্তিযোগ সাধন করার ফলে জড় আসন্তির গ্রন্থি ছিল হয় এবং মানুয তখন অচিরেই *অসংশায়ং সমগ্রম্*, অর্থাৎ পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ সম্বন্ধে অধগত হন।" (ভাগবত ১/২/১৭-২১)

তাই, কৃষ্ণতত্ত্বের বিজ্ঞান বুঝাতে হয় পরমেশ্বর জগবান শ্রীকৃষ্ণের কাছ থেকে। অথবা কৃষ্ণভাবনাময় জক্তের কাছ থেকে।

শ্লোক ২

জানং তেইহং সবিজ্ঞানমিদং বক্ষ্যাম্যশেষতঃ ৷ যজ্ঞাত্বা নেহ ভূয়োইন্যজ্ঞাতব্যমবশিষ্যতে ॥ ২ ॥

জ্ঞানম্—জ্ঞানের কথা; তে—তোমাকে; অহম্—আমি; স বিজ্ঞানম্—বিজ্ঞান সমষিত; ইদম্—এই, বজ্ঞামি—বলব; অশেষতঃ—পূর্ণরূপে; যৎ—যা; জ্ঞাত্তা— জেনে; ন—না; ইহ—এই জগতে; ভূমঃ—পুনরায়; অনাৎ—আর কিছু; জ্ঞাতব্যম্— জ্ঞানবার; অবশিষ্যতে—বাধি প্লাকে।

গীতার গান

আমার বিষয়ে যে হয় জ্ঞান বিজ্ঞান । সে বিষয়ে অশেষত শুন দিয়া মন ॥ জানিলে সে তত্ত্বজ্ঞান জ্ঞাতব্য বিষয় । সহজেই সব তত্ত্ব সমাধান হয় ॥

অনুবাদ

আমি এখন তোমাকে বিজ্ঞান সময়িত এই জ্ঞানের কথা সম্পূর্ণরূপে বলব, যা জানা হলে এই জগতে মার কিছুই জানবার বাকি থাকে না।

তাৎপর্য

পূর্ণজ্ঞান বলতে প্রপঞ্চময় জগৎ, এর পশ্চাতে চেতন ও উভয়ের উৎস সম্পর্কিত জ্ঞানকে বোঝায়। এটিই হচ্ছে অপ্রাকৃত জ্ঞান। ভগবান শ্রীকৃষ্ণ অর্জুনকে এই বিশেষ জ্ঞান দান করেছিলেন, তার কারণ হচ্ছে অর্জুন ছিলেন তার অন্তরক্ষ ভক্ত ও সথা। চতুর্থ অধ্যায়ের প্রথমে ভগবান সেই কথা ব্যাখ্যা করেছেন এবং এখানেও তিনি প্রতিপন্ন করেছেন যে, ভগবানের ভক্তই কেবল ওক্ত-পরস্পরা ধারায় সাঞ্চাৎ ভগবানের কাছ থেকে পরম তত্ত্তান লাভ করতে পারেন। তাই, যথার্থ বুদ্ধিমত্তা সহকারে সমস্ত জ্ঞানের উৎসকে জানবার প্রয়াসী হতে হয়, যিনি হচ্ছেন সমস্ত কারণের কারণ এবং সমস্ত যোগ-সাধনায় ধ্যানের একমাত্র বিষয়বস্তা। যথম সমস্ত কারণের কারণকে জানা যায়, তথম যা কিছু জ্যাতবা তা সবই জানা হয়ে যায় এবং আর কোন কিছুই অজানা থাকে না। বেদে (মৃতক উপনিষদ ১/৩) ধলা হয়েছে—কফিন্ নু ভগবো বিজ্ঞাতে স্বামিদং বিজ্ঞাতং ভবতীতি।

প্লোক ৩

মনুষ্যাণাং সহস্রেষু কশ্চিদ্ যততি সিদ্ধারে । যততামপি সিদ্ধানাং কশ্চিমাং বেতি তত্ততঃ ॥ ৩ ॥

মনুষাপাম্—মানুষের মধ্যে; সহস্রেষ্—হাজার হাজার; কশ্চিৎ—কোন একজন; যতি—বন্ধ করেন: সিন্ধান—সিন্ধি লাভের জনা; যততাম্—সেই প্রকার যত্নশীল: অপি—বাভবিকই; সিন্ধানাম—সিদ্ধদের; কশ্চিৎ—কেউ; মাম্—আয়াকে; বেত্তি—জানতে পারেন; তত্তঃ—বরাপত।

গীতার গান

সহত্র মন্ব্য মধ্যে কোন একজন ।
সিদ্ধিলাভ করিবারে কররে যতন ॥
যত্নশীল সেই কার্যে কোন একজন ।
সিদ্ধিলাভ করিবারে উপযুক্ত হন ॥
তার মধ্যে কেহ কেহ আমাকে তত্ত্ত ।
বুঝিতে সমর্থ হন বিবেকবশত ॥

অনুবাদ

হাজার হাজার মানুষের মধ্যে কদাচিৎ কোন একজন সিদ্ধি লাভের জনা যত্ন করেন, আর সেই প্রকার মতুশীল সিদ্ধদের মধ্যে কদাচিৎ একজন আমাকে অর্থাৎ আমার ভগবৎ-স্বরূপকে তত্ত্বত অবগত হন।

(割本 8]

825

তাৎপর্য

यानव-अवारक नामा तक्य बानुय बार्ड् अवः शकात शंकात बानुरयत मार्या पुरे-একজন কেবল আত্মতন্ত্ব, দেহতন্ত্ব ও পরমতন্ত্ব সম্বন্ধে অবগত হওয়ার জন্য পরমার্থ সাধদের যথার্থ প্রয়াসী হন। সাধারণ অবস্থার মানুষ পশুর মতো জীবন যাপন করে, অর্থাৎ তার একমাত্র চিন্তা ২চ্ছে আহরে, নিদ্রা, ভয় ও মৈথুন। বদাচিৎ কেউ দিব্যজ্ঞান লাভের জন্য আগ্রহী হয়। *গীতার* প্রথম হয় অধ্যায়ের প্রায়োজনীয়তা কেবল সেই সাধকেরই আছে, যাঁরা আত্মজ্ঞান তথা পরমায় জ্ঞান লাভের জন্য জানযোগ, ধ্যানযোগ ও বিবেক, বৃদ্ধি আদি আখ্যানুভূতির মার্গ অনুগমন করেন। কিন্তু কৃষ্ণভাষনাময় ডভেরাই কেবল কৃষ্ণকে জানতে পারেন। অনা অধ্যাদ্ববাদীরা নির্বিশেষ ব্রহ্মজ্ঞান লাভ করতে পারেন, কারণ তা শ্রীকৃষ্ণকে উপলব্ধির চেয়ে সহজ। শ্রীকৃঞ পরম পুরুষোন্তম, কিন্তু সেই সঙ্গে তিনি ব্রঞ্জ এবং পরমান্তা জানেরও অতীত। যোগীরা ও জানীরা শ্রীকৃষ্ণকে উপলব্ধি করতে গিয়ে বিভ্রান্ত হয়ে যান। যদিও নির্বিশেষবাদীদের অগ্রগণ্য শ্রীপান শন্ধরাচার্য তাঁর গীতার ভাষো স্বীকার করে গেছেন যে, প্রীকৃষ্ণ হচ্ছেন পরপ্রক স্বয়ং ভগবান, কিন্তু তবুও তাঁর অনুগামীরা কৃষ্ণকে ভগবান বলে মানতে চায় না, কারণ শ্রীকৃষ্ণকে উপলব্ধি করা খুবই দুঃসাধা, এমন কি নির্বিশেষ প্রখ্যানুভূতি হওয়ার পরেও কৃষ্ণতত্ত্ব সদর্বোধ্য থাকে।

শ্রীকৃষ্ণ হচ্ছেন পর্মেশ্বর ভগবান, সর্ব কারণের কারণ, আদি পুরুষ গোবিন্দ। স্থারঃ পরমঃ কৃষ্ণঃ সচিদানন্দবিগ্রহঃ / অনাদিরাদির্গোবিন্দঃ সর্বকারণকারণম্। অভন্তদের পক্ষে তাকে জানা অতান্ত কঠিন। যদিও তারা বলে, ভক্তিমার্গ অতি সহজ্ঞ, কিন্তু তা সত্ত্বেও তারা তার অনুগমন করতে পারে না। ভক্তিমার্গ যদি এতই সহজ্ঞ হয়, তা হলে তারা তা পরিত্যাগ করে অত্যন্ত কন্তসাপেক্ষ নির্বিশেষ পথ গ্রহণ করে কেন? প্রকৃতপক্ষে, ভক্তিমার্গ সহজ্ঞ নয়। তথাকথিত কোন মনগড়া পদ্মার ভক্তিযোগ অনুশীলন করা সহজ্ঞ হতে পারে, কিন্তু শান্ত্রীয় বিধি অনুসারে যথার্থ ভক্তিযোগ অনুশীলন করা মনোধমী জ্ঞানী ও দার্শনিকদের পক্ষে সম্ভব নয়। তাই, তারা অচিরেই ভক্তিমার্গ থেকে লক্ত্র হয়। ভক্তিরসামৃতাসিক্ গ্রেছে (পূর্ব ২/১০১) খ্রীল রাপ গোষামীপাদ বলেছেন—

ॐि-त्यृजि-भूत्रागानि-भक्षतात्र-विधिः विना । ঐकाश्चिकी २रतर्जकिकश्भाजारसय कन्नाज ॥

'উপনিষদ, পুরাণ, নারদ-পঞ্চরাত্র আদি প্রামাণিক বৈদিক শাস্ত্রনিবির অনুগামী না হয়ে যে ভগবন্তুক্তি, ভা কেবল সমাজে উৎপাতেরই সৃষ্টি করে।" বন্ধবেতা নির্বিশেষবাদী অথবা পরমান্ত-তত্ত্বন্ধ যোগী কখনই পরমেশর ভগবান শ্রীকৃষ্ণের যশোদানন্দন অথবা পার্সসারথি রূপকে জানতে পারে না। এমন কি মহা মহিমাময় দেবতারাও কখনও কখনও শ্রীকৃষ্ণের সম্বন্ধে বিপ্রাপ্ত হয়ে পড়েন (মুহান্তি বং সূর্যাঃ)। মাং তু বেদ ন কশ্চন—স্থণবাদ নিজেই বলেছেন, "কেউই আমাকে তত্ত্বন্ধ জানতে পারে না।" আর কেউ যদি তাঁকে জেনে থাকে, তবে স মহান্ত্রা সূদূর্লভঃ—"এমন মহান্ত্রা অত্যন্ত দূর্লভ।" এভাবেই ভগবন্তুভির আশ্রয় গ্রহণ না করলে, মহাপণ্ডিত অথবা দার্শনিকেরাও শ্রীকৃষ্ণকে তত্ত্বত জানতে পারে না। কেবলমাত্র শুদ্ধ ভজেরাই কেবল শ্রীকৃষ্ণের সর্বলারণ-কারণত্ব, সর্বশক্তি, শ্রী, যশ, সৌন্দর্য, জ্ঞান ও বৈরাগ্য আদি অচিন্তা চিন্ময় গুণসমূহ কিঞ্চিৎরাপে জানেন, কারণ শ্রীকৃষ্ণ তাঁর ভক্তদের প্রতি সর্বদাই কেবল তাঁকে তথ্নত উপলব্ধি করতে পারেন। শান্তে বলা হয়েছে—

व्यक्तः श्रीकृषकाभाषि न खरन्थाशमितिः । मारवाष्ट्रप हि जिङ्काली समस्य स्मृतकामः ॥

'জড় স্থূল ইন্দ্রিয়ের ধারা কখনই শ্রীকৃষ্ণকে জানতে পারা যায় না। ভাতের ভক্তিতে প্রসন্ন হলে শ্রীকৃষ্ণ স্বরং তাঁর কাছে নিজেকে প্রকাশিত করেন।"

(*ভক্তিরসামৃতসিন্ধু পূর্ব ২/২*০৪)।

শ্ৰোক ৪

ভূমিরাপোহনলো বায়ুঃ খং মনো বৃদ্ধিরেব চ। অহন্ধার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরস্তধা ॥ ৪ ॥

ভূমিঃ—মাটি; আপঃ—জল; অনসঃ—অগ্নি; বায়ুঃ—বায়ু; খম্—আকাশ; মদঃ—
মন; বৃদ্ধিঃ—বৃদ্ধি; এব—অবশাই; চ—এবং; অহঙ্কার—অহঙ্কার; ইতি—এভাবে,
ইয়ন্—এই সমস্ত; মে—আমার; ভিন্না—ভিন্ন; প্রকৃতিঃ—প্রকৃতি; অস্তধা—অস্টবিধ।

গীতার গান

ভূমি জল অগ্নি ৰায়ু বৃদ্ধি যে আকাশ । আর অহদার মন বৃদ্ধির প্রকাশ ॥ এই সব অস্ত প্রকারের হয় যে প্রকৃতি । ভিরা সেই আমা হতে বাহির বিভৃতি ॥

শ্লোক ৫]

অনুবাদ

ভূমি, জল, বায়্, অগি, আকাশ, মন, বৃদ্ধি ও অহস্কার—এই আট প্রকারে আমার ভিন্না জড়া প্রকৃতি বিভক্ত।

তাৎপর্য

ভগধৎ-বিজ্ঞান ভগবানের স্বরূপ এবং তার বিভিন্ন শক্তির তত্ত্ব বিশ্লোবণ করে। ভৌতিক শক্তিকে প্রকৃতি বা ভগবানের বিভিন্ন পুরুষবিতারের শক্তি বলা হয়। সেই সম্বন্ধে সাড়ত-তত্ত্বে বলা হয়েছে—

> বিষ্ণোক্ত ক্রীপি রূপাণি পুরুষাখ্যানাথো বিদুঃ। একন্ত মহতঃ প্রস্টু বিতীয়ং ত্বতসংস্থিতম্। তৃতীয়ং সর্বভূতস্থং তানি জ্ঞাতা বিমুচাতে য

"প্রাকৃত সৃষ্টির নিমিত্ত ভগবান জ্রীকৃষ্ণের স্বাংশ তিনজন বিষ্ণুক্রপে প্রকট হন। প্রথম মহাবিষ্ণু মহৎ-তত্ত্ব নামে সম্পূর্ণ ভৌতিক শক্তির সৃজন করেন। ছিতীর, গার্ডোদকশারী বিষ্ণু সমস্ত প্রস্নাথে নানাবিধ সৃষ্টি করবার জনা তালের মধ্যে প্রবেশ করেন। তৃতীর, ক্ষারোদকশারী বিষ্ণু পরমাধারারপে সমস্ত বিশ্বপ্রসাতে পরিবাগ্র হন। এমন কি, তিনি পরমাণুগুলির মধ্যেও বিরাজ্ঞ করেন। এই তিন বিষ্ণুতত্ত্ব স্বথ্যে যিনি অবগত, তিনি জড় বন্ধন থেকে মৃদ্ধি লাভের যোগা।"

এই জড় জাগৎ ভগবানের অনন্ত শক্তির একটির সামন্ত্রিক প্রকাশ। জড় জগতের প্রতিটি কার্যকলাপ ভগবান প্রীকৃষের আংশিক প্রকাশ এই তিন বিষুরে পরিচালনার সাধিত হয়। তাঁদের বলা হয় ভগবানের পুরুষ-অবতার। সাধারণত ধারা ভগবান শ্রীকৃষ্ণের তথ্ সম্বন্ধে অবগত নয়, তারা মান করে যে, এই জড় জগৎটি জীবের ভোগের জনা এবং জীবই হচ্ছে পুরুষ—প্রকৃতির কারণ, নিয়ন্ত্রা ও ভোজা। ভগবদ্গীতা অনুসারে এই নিরীম্বরবাদী সিদ্ধান্তকে প্রান্ত বলে প্রতিপদ করা হয়েছে। আলোচা শ্লোকটিতে বর্ণনা করা হয়েছে। আলোচা শ্লোকটিতে বর্ণনা করা হয়েছে যে, ভগবান শ্রীকৃষ্ণাই হচ্ছেন জড় সৃষ্টির আদি কারণ। শ্রীমন্ত্রাগবতেও এই কথা প্রমাণিত হয়েছে। জড়া সৃষ্টির যে সমস্ত উপাদান তা হচ্ছে ভগবানেরই তিন্না শক্তি। এমন কি নির্নিশেষবাদীনের পরম লক্ষ্য বন্ধান্তাতিও হচ্ছে পরবােয়ে অভিবাক্ত ভগবানেরই একটি চিন্নার শক্তি। বৈকুর্গলাকের মতো বন্ধান্তাতিতে চিন্মর বৈচিত্রা নেই এবং নির্বিশেষবাদীর। এই একজ্যোতিকেই তাদের পরম লক্ষ্য বলে মনে করে। পরমান্ধার প্রকাশও ক্ষীরােদকশায়ী বিষ্কুর অন্থায়ী সর্বব্যাপক রূপ। চিন্ময় জগতে পরমান্থা রূপের

অভিবাজি নিতা শাশ্বত নয়। সূতরাং, যথার্থ পরমতত্ত্ব হচ্ছেন পরম পুরুবোত্তম ভগবান শ্রীকৃষ্ণ। তিনিই পূর্ণ শক্তিমান পুরুষ এবং তিনি বিভিন্ন অন্তর্গা ও বহিরগা শক্তি সমন্বিত।

পূর্বের উল্লেখ অনুসারে জড়া প্রকৃতি প্রধান আটটিরূপে অভিবাক্ত হয়।
সেতিনির মধাে প্রথম পাঁচটি—মাটি, জল, অগ্নি, বায়ু ও আকাশকে বলা হয়
পঞ্চমহাভূত বা হুল সৃষ্টি। তাদের মধাে নিহিত আছে পাঁচটি ইন্দ্রিয়-বিষয়—
ভৌত জগতের শব্দ, স্পর্শ, রূপ ও প্রদা। জড় বিজ্ঞানে এই দশটি তথ্বই
আছে, আর কিছুই নেই। কিন্তু অনা হিনটি তত্ত্ব—হন, বৃদ্ধি ও অহমার সম্পর্কে
জড়বাদীরা কোন ওকত্ব দেয় না। সব কিছুর পরস্ক ইৎস শ্রীকৃষ্ণকে না জানার
ফলে মনোধর্মী দার্শনিকের। কখনই পূর্ণজ্ঞানী হতে পারে না। 'আমি' ও 'আমার'
—এই মিধাা অহমারই জড় অন্তিত্বের মূল কারণ এবং এর মধাে বিষয় ভোগের
জনা দশটি ইন্দ্রিয়ের সমাবেশ হয়। বৃদ্ধি বলতে মহৎ-তত্ত্ব নামক সমগ্র প্রাকৃত
সৃষ্টিকে বোঝায়। এভাবেই ভগবানের ভিন্না আটটি শক্তি থেকে জড় জগতের
চিম্নুশটি তথ্বের প্রকাশ হয়, যা নিরীশ্বর সাংখ্য-দর্শনের বিষয়বস্তা। এই ভিন্ন তথ্
প্রকৃতপক্ষে শ্রীকৃষ্ণকে সর্ব কারণের পরম কারণ বলে জানতে পারে না।
শ্রীকৃষ্ণের বহিরন্ধা শক্তিই সাংখা-দর্শনের বিষয়বস্তা, যা ভগবদ্গীতাতেই বর্ণনা করা
হয়েছে।

শ্ৰোক ৫

অপরেরমিতস্কুন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্ ৷ জীবভূতাং মহাবাহো ষয়েদং ধার্যতে জগৎ ॥ ৫ ॥

অপরা—নিকৃষ্টা; ইর্ম্য—এই; ইতঃ—ইহা ব্যতীত; তু—কিন্তু; অন্যাম্—আর একিটি; প্রকৃতিম্—প্রকৃতি: বিদ্ধি—অবগত হয়; মে—আমার; পরাম্—উৎকৃষ্টা; জীবভূতাম্—জীবস্করপা: মহাবাহো—হে মহাবীর; যরা—যার দ্বারা; ইদম্—এই; ধার্যত্তে—বারণ করে আছে, জ্বগৎ—জড় জগৎ।

গীতার গান

অনুৎকৃষ্টা তারা সহ উৎকৃষ্টা তা হতে ৷ প্রকৃতি আর এক যে আছরে আমাতে ৷৷

শ্লোক ৬

জীবভূতা সে প্রকৃতি শুন মহাবাহো। জীব দারা ধার্য জড়া জান অহরহ॥

অনুবাদ

হে মহাবাহো! এই নিকৃষ্টা প্রকৃতি ব্যতীত আমার আর একটি উৎকৃষ্টা প্রকৃতি রয়েছে। সেই প্রকৃতি চৈতন্য-স্বরূপা ও জীবভূতা; সেই শক্তি থেকে সমস্ত জীব নিঃসৃত হয়ে এই মড় জগৎকে ধারণ করে আছে।

তাৎপর্য

এখানে স্পষ্টভাবে বর্ণনা করা হয়েছে যে, জীব ভগবানের পরা প্রকৃতি বা উৎকৃষ্টা শক্তির অন্তর্গত। ভগবানের অনুৎকৃষ্টা শক্তিই হচ্ছে জড় জগৎ, যা ভূমি, জল, অগ্নি, বায়ু ও আকাশ এবং মন, বুদ্ধি ও অহন্ধর নামক উপাদানগুলির হারা প্রকাশিত হয়েছে। জড় জগতে ভূল পদার্থ—ভূমি, জল, বায়ু, অগ্নি ও আকাশ এবং সৃত্ম পদার্থ—মন, বুদ্ধি ও অহন্ধার এই সবওলিই ভগবানের অনুৎকৃষ্টা শক্তি থেকে উৎপন্ন হয়ে থাকে। এই অনুৎকৃষ্টা শক্তিকে কাজে লাগিয়ে তার অন্তীষ্ট সিদ্ধির চেষ্টা করছে যে জীব, সে হচ্ছে ভগবানের উৎকৃষ্টা শক্তি এবং এই শক্তির প্রভাবেই সমস্ত জড় জগৎ সক্রিয় হয়ে আছে। ভগবানের উৎকৃষ্টা শক্তি জীবের দ্বারা সক্রিয় না হলে, বিশব্রন্থাণ্ডে কোন কর্মই সাধিত হয় না। শক্তি সব সময়ই শক্তিমানের হারা নিয়ন্ত্রিত হয়ে—তানের স্থাধীন অন্তিত্ব নেই। কিছু নির্বোধ লোক মনে করে যে, জীব ভগবানের মতেই শক্তিশালী। কিন্তু আমরা বুঝতে পারি যে, জীব ক্ষনই ভগবানের সমকক্ষ হতে পারে না। জীব ও ভগবানের মধ্যে পার্থক। নির্মাণৰ করে প্রীমন্ত্রাগবতে (১০/৮৭/৩০) বলা হয়েছে—

थनितिभिठा धनासन्वृत्वा गिम नर्वश्वा-स्टिंन मानारवित निग्रत्मा धन त्मवतथा । कालनि ह यन्त्रग्रः व्यविभूहा निग्रस् खरवः नमभनुकानवाः यनभवः भवमुष्टेवग्रा ॥

"হে শাশ্বত পরমেশ্বর! দেহধারী জীব যদি তোমার মতোই শাশ্বত ও সর্ববাাপক হত, তা হলে তারা কথনই ভোমার নিয়ন্ত্রণাধীন হত না। কিন্তু তারা যদি তোমার অনন্ত শক্তির অণুসদৃশ অংশ হয়, তা হলে তারা সর্বত্যেভাবে ভোমার পরম নিয়ন্ত্রণের অধীন। তাই, ভোমার শরণাগত হওয়াই হচ্ছে জীবের প্রকৃত মুক্তি এবং এই শরণাগতি জীবকে প্রকৃত আনন্দ দান করে। সেই স্বরূপে অবস্থান থারলে তবেই তারা নিয়ন্তা হতে পারে। সূতরাং, যে সমন্ত মুর্খ মানুষ অন্ধৈতবাদের প্রচার করে বলে যে, ভগবান ও জীব সর্বতোভাবে সমান, তারা প্রকৃতপক্ষে প্রান্ত ও কলুষিত চিন্তাধারা নিয়ে বিপথে পরিচালিত হচ্ছে এবং অন্যদেরও নিপথে পরিচালিত করছে।"

ভগবান শ্রীকৃষ্ণই হচ্ছেন প্রকৃত নিয়ন্তা এবং সমস্ত জীবেরা তাঁর নিয়ন্ত্রণাধীন। এই সব জীবেরা ভগবানের উৎকৃষ্টা শক্তি, কারণ গুণগতভাবে তার অক্তিত্ব ভগবানের সঙ্গে এক, কিন্তু ক্ষমতার বিচারে তারা কখনই ভগবানের সমকক্ষ নয়। ভগবানের উৎকৃষ্টা শক্তি জীব যখন সূক্ষ্ম ও স্থূল অনুৎকৃষ্টা শক্তিকে ভোগ করে, তখন সে তার প্রকৃত চিম্ময় মন ও বৃদ্ধিকে ভূলে যায়। জড়া প্রকৃতির দ্বারা প্রভাবিত হয়ে পড়ার ফলে জীবের এই বিম্মরণ ঘটে। কিন্তু জীব যথন মায়ার মোহময় জড়া শক্তির প্রভাব থেকে মুক্ত হয়, তখন সে মুক্তি লাভের পর্যায়ে উপনীত হয়। প্রভা শক্তির দ্বারা আচ্ছাদিত হয়ে অহন্ধারের প্রভাবে জীব মনে করে যে, সে তার নেছ এবং এই দেহকে কেন্দ্র করে বা কিছু, তা সবই ভার। যখনই সে তার অজ্ঞতা-জনিত জড়া শক্তির প্রভাব থেকে মুক্ত হয়, তথনই সে তার স্বরূপ সম্বন্ধে সচেতন হয়। আবার ভগবানের সঙ্গে এক হরে। যাওয়ার যে দুরভিসদি, সেটিও একটি মন্ত বড় বন্ধন। প্রকৃতপক্ষে, এটিই হচ্ছে সবচেয়ে নিকৃষ্টতম বন্ধন। তথি, জড় বন্ধন থেকে মুক্ত হতে হলে ভগবানের সঙ্গে এক হয়ে যাওয়ার দুরভিসদ্ধি তাগ করতে হয়। এখানে গীতায় ভগবান দ্রীকৃষ্ণ বলেছেন, জীব হচ্ছে তার অনন্ত শক্তির একটি শক্তিয়াত্র; এই শক্তি যখন জড় জগতের কলুয় প্রেকে মুক্ত হয়ে পূর্বভাবে কৃষণ্ডতেনা লাভ করে, তখন দে তার স্বরূপ উপলব্ধি করে মুক্তি লাভ করতে পারে।

শ্লোক ৬

এতদ্যোনীনি ভূতানি সর্বাণীভূগধারয় । অহং কৃংসস্য জগতঃ প্রভবঃ প্রলয়স্তথা ॥ ৬ ॥

এতং--এই দূটি প্রকৃতি থেকে; যোনীনি—উৎপদ্ম হয়েছে; ভূতানি—ভড় ও চেতন সব কিছু; সর্বাদি—সমস্ত; ইতি—এভাবে; উপধারয়—ভ্যাত হও; অহম্—আমি; কৃৎস্মস্য—সমগ্র; জগতঃ—ক্সগতের; প্রভবঃ—উৎপত্তির কারণ; প্রশয়ঃ—প্রলয়; তথা—এবং।

গীতার গান

এই দূই প্রকৃতি সে নাম পরাপরা । সর্বভূত যোনি তারা জান পরস্পরা ॥ যেহেতু প্রকৃতি দূই আমা হতে হয় । জগতের উৎপত্তি লয় আমি সে নিশ্চর ॥

অনুবাদ

আমার এই উদ্বয় প্রকৃতি থেকে জড় ও চেতন সব কিছু উৎপন্ন হরেছে। অতএব নিশ্চিতভাবে জেনে রেখো যে, আমিই সমস্ত জগতের উৎপত্তি ও প্রলারের মূল কারণ।

ভাৎপর্য

বিশ্বচরচেরে যা কিছু বর্তমান তা সবই জড় ও চেতন থেকে উৎপন্ন। চেতন হচেত্ সৃষ্টির আধার এবং জড় বস্তু এই চেতনতথ্ব ধারা রচিত। এমন নয় যে, জড়ের বিবর্তনের প্রক্রিয়ায় কোন এক পর্যারে। চেতনার সৃষ্টি হয়েছে। পক্ষান্তরে, এই চিত্রয় শক্তি থেকেই ভড় জগতের সৃষ্টি হয়েছে। আমাদের এই জড় দেহটিতে চিৎ-শক্তি বা আত্মা আছে বলেই এই দেহটির বৃদ্ধি হয়, বিকাশ হয়: একটি শিশু ধীরে ধীরে বালকে পরিণত হয়, তারপরে সে যুবকে পরিণত হয়, কারণ ভগবানের উৎকৃষ্টা শক্তি আত্মা সেই দেহতে রয়েছে। ঠিক তেমনই, এই বিরাট কিছ-ব্রজাণ্ডেরও বিকাশ হয় প্রমান্তা বিষ্ণুর অবস্থিতির ফলে। তাই চেতন ও জড়, যাদের সমধ্যের ফলে এই বিরাট বিশ্ব-ব্রজাণ্ডের প্রকাশ হয়, তারা ইচ্ছে মূল্ড ভগবানেরই দৃটি শক্তি। সূতরাং, ভগবানই হচ্ছেন সমস্ত সৃষ্টির মূল কারণ। ভগবানের অণুসদৃশ অংশ জীব একটি গগনচূষী অট্টালিকা, একটি বৃহৎ কারখানা অথবা একটি বড় শহর গড়ে তুলতে পারে, কিন্তু সে কঞ্চাও একটি বিশাল ব্রন্মাণ্ড গভতে পারে না। এই বিশাস ব্রন্দাণ্ডের পরম কারণ হচ্ছেন বৃহৎ আব্মা বা পরমাত্মা। আর পরম পুরুষ শ্রীকৃষ্ণ বৃহৎ ও ক্ষুদ্র উভর আত্মার কারণ। ভাই, তিনি হচ্ছেন সর্ব কারণের মূল কারণ। সেই কথা প্রতিপন্ন করে কঠ উপনিয়দে (২/২/১৩) বলা হয়েছে—নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানাম।

শ্লোক ৭

বিজ্ঞান যোগ

মন্তঃ পরতরং নানাৎ কিঞ্চিদন্তি ধনঞ্জয় । ময়ি সর্বমিদং প্রোতং সূত্রে মণিগণা ইব ॥ ৭ ॥

মতঃ—আমার থেকে; পরতরম্—শ্রেষ্ঠ; ম—না; অন্যং—অনা; কিঞ্চিং—কিছু; অস্তি—আছে, ধনপ্রয়—হে ধনপ্রয়; ময়ি—আমাতে; সর্বম্—সব কিছু; ইদম্—এই; প্রোতম্—গাঁথা; সূত্রে—সূত্রে; মণিগগাঃ—মণিসমূহের; ইয়—মতন।

গীতার গান

আমাপেক্ষা পরতত্ত্ব শুন ধনঞ্জয় ৷
পরাৎপর যে তত্ত্ব অন্য কেহ নয় ৷৷
আমাতেই সমস্ত জগৎ আছে প্রতিষ্ঠিত ৷
সূত্রে যেন গাঁথা থাকে মণিগণ যত ৷৷

অনুবাদ

হে ধনপ্রায়। আমার থেকে শ্রেষ্ঠ আর কেউ নেই। সূত্রে যেমন মণিসমূহ গাঁথা থাকে, তেমনই সমস্ত বিশ্বই আমাতে ওতঃপ্রোতভাবে অবস্থান করে।

তাৎপর্য

পরমত্ত্ব সবিশেষ না নির্বিশেষ এই সম্বন্ধে বছ আলোচিত মতবিভেদ আছে।
ভগবদগীতাতে বলা হয়েছে যে, পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণই হচ্ছেন পরমতত্ত্ব এবং
প্রতি পদক্ষেপেই আমরা সেই সভাের প্রমাণ পাই। বিশেষ করে এই প্রাকটিতে
পরমতত্ত্ব যে সবিশেষ পুরুষ, তা জাের দিয়ে বলা হয়েছে। পরমেশ্বর ভগবানের
সবিশেষত্ব সম্বন্ধে প্রশাসংহিতাতেও বলা হয়েছে—ঈশ্বরং পরমং কৃষ্ণঃ
সাচিদান-দবিগ্রহঃ। অর্থাৎ, পরমতত্ত্ব পরম পুরুষ ভগবান হচ্ছেন শ্রীকৃষ্ণ, তিনিই
হচ্ছেন সমস্ত আনন্দের উৎস, তিনিই হচ্ছেন আনিপুরুষ গােবিশ্ব এবং তাঁর শ্রীবিগ্রহ
হচ্ছেন সং, চিৎ ও আনন্দমর। ক্রশার মতাে মহাজনদের কাছ থাকে যখন আমরা
নিঃসন্দেহে জানতে পারি যে, পরমতত্ত্ব হচ্ছেন গরম পুরুষ এবং তিনি হচ্ছেন সর্ব
কারণের পরম কারণ, তথান আর তাঁর সম্বন্ধে কোন সন্দেহ থাকে না।
নির্বিশেষবাদীরা অবশ্য বৈদিক ভাষা মতে শ্রেতাশ্বতর উপনিষ্কদের (৩/১০) এই
হােকিটির উল্লেখ করে তর্ক করে—ত্রেতা বদুতরতরং তদরাপ্যনাময়ম্ / য

গ্লোক ৮]

এতদ্বিদুরমৃতান্তে ভবগুথেতেরে দুঃখমেবাগিয়ন্তি। "এই জড় জগতে ব্রহ্মা হচ্ছেন প্রথম জীব। সূর, অসুর ও মানুষের মধ্যে তিনিই হচ্ছেন প্রেষ্ঠ। কিন্তু ব্রহ্মারও উধের্য এক অপ্রাকৃত তত্ত্ব বর্তমান, যাঁর কোন জড় আকৃতি নেই এবং যিনি সব রকমের জড় কলুব থেকে মুক্ত। তাঁকে বে জানতে পারেন, তিনি এই জড় বন্ধন থেকে মুক্ত হয়ে অপ্রাকৃত জগতে প্রবেশ করতে পারেন। আর খারা তাঁকে জানতে পারে না, তারা এই জড় জগতে নালা রকম দুঃখকট তোগ করে।"

নির্বিশেষবাদীরা এই গ্লোকের অরূপম্ শক্ষটির উপরে বিশেষ ওরুত্ব আরোপ করে। কিন্তু এই অরূপম্ শক্ষটির জর্প নির্বিশেশু নর। এর দ্বারা ভগবানের সচ্চিদান-দময় অপ্রাকৃত রূপকে নির্দেশ করা হয়েছে, যা ব্রহ্মসংহিতার উপরে উদ্বত্ত অংশে বক্তি হয়েছে। শেতাশভার উপনিষ্ধের অন্যান্য শ্লোকেও (৩/৮-৯) সেই কথার সতাতা প্রমাণ করে বলা হয়েছে—

বেদাহমেতং পুরুষং মহান্তমাদিতাবর্ণং ভমসঃ পরস্তাৎ। তমেথ বিদিদ্বাহতি মৃত্যুমেতি নানাঃ পদ্ম বিদাতেহয়নায় a

शत्यार भतर मानतमञ्जि किथिन वश्याधारीया न खारहाशक्ति किथिर । कृष्ण दैव खरका भिवि ठिशेरडाकः एउतमर भूनर भूकरकर मर्थम् ह

"আমি সেই পরমেশ্বরকে জানি, যিনি সর্বতোভাবে সংসারের সকল অজ্ঞানতার অঞ্চকারের অতীত। যিনি তাঁকে জানেন, তিনিই কেবল জন্ম-মৃত্যুর বন্ধন থেকে চিরতরে মুক্তি পোতে পারেন। এই পরম পুরুষের জ্ঞান বাতীত আর কোন উপায়েই মুক্তি লাভ করা যায় না।

"এই পরম পুরুষের অতীত আর কোন সভা নেই, কেন না তিনি হচ্ছেন সর্বশ্রেষ্ঠ। তিনি কুদ্রতম থেকে কুদ্রতর এবং তিনি মহত্তম থেকেও মহত্তর। একটি গাছের মতো মৌনভাবে অধিষ্ঠিত রয়েছেন এবং তিনি সমস্ত পরব্যোমকে আলোকে উদ্যাসিত করে রোখছেন। একটি গাছ যেমন তার শিকড় বিস্তার করে, তিনিও তেমনই তার বিভিন্ন শক্তিকে বিস্তৃত করেছেন।"

এই সমস্ত শ্লোক থেকে আমরা অনায়াসে এই সিদ্ধান্তে উপনীত হতে পারি যে, প্রমেশ্বর ভগবানই হচ্ছেন প্রমতন্ত্ব, ফিনি তাঁর জড় ও চিন্ময় অনস্ত শক্তির প্রভাবে সর্ববাস্তি।

গ্লোক ৮

রসোহহমঞ্ কৌন্তের প্রভাস্মি শশিস্র্যয়োঃ । প্রণবঃ সর্ববেদের শব্দঃ খে পৌরুষং নৃষু ॥ ৮ ॥ রসঃ—সদ: অহম্—আমি; অঞ্—জলে; কৌন্তেম—হে কৃতীপুত্র: প্রডা—জ্যোতি; অম্মি—আমি হই; শশিস্থামোঃ—চক্র ও সূর্যের; প্রণবঃ—ওঞ্চার; সর্ব—সমগ্র; বেদেযু—বেদে; শবঃ—শবং খে—আকাশে; পৌক্রম্—ক্ষমতা; লৃষ্—মানুরে।

গীতার গান

জলের যে সরসতা আমি সে কৌন্তেয় । চন্দ্রসূর্য প্রভা যেই আমা হতে জ্রের । সর্ববেদে যে প্রণব হয় মুখ্যতত্ত্ব । আকাশের শব্দ সেই আমি হই সত্য ॥

অনুবাদ

হে কৌন্তের! আমিই জলের রস, চন্দ্র ও সূর্যের প্রভা, সর্ব বেদের প্রণব, আকাশের শব্দ এবং মানুবের পৌরুষ।

তাৎপর্য

এই শ্লোকে বর্ণনা করা হয়েছে, কিভাবে ভগবান তাঁর বিভিন্ন জড়া শক্তি ও চিৎ-শক্তির নারা সর্বত্র পরিবারে। ভগবান সম্বন্ধে জানতে সচেম্ব হলে প্রথমে তার বিভিন্ন শক্তির প্রকাশের যাধামে তাঁকে অনুভব করা যায়। তবে এই স্তরের যে ভগবৎ-উপলব্ধি তা নির্বিশেষ। যেমন সূর্যদেব হচ্ছেন একজন পুরুষ এবং তাঁকে উপলব্ধি করা যায় তাঁর সর্বব্যাপক শক্তি তাঁর কিরণের মাধ্যমে। তেমনই, প্রমেশ্বর ভগবান যদিও তাঁর নিত্য ধামে বিরাজমান, তবুও তাঁর সর্বব্যাপক শক্তির প্রকাশের মাধ্যমে তাঁর অস্তিত্ব উপলব্ধি করা যায়। জলের খাভাবিক স্বাদ হচ্ছে জলের একটি সক্রিয় ধর্ম। আমরা কেউ সমুদ্রের জল পান করতে চাই না, তার কারণ সেখানে বিভদ্ধ জলের সাথে লবণ মেশানে। রয়েছে। আস্বাদনের শুদ্ধতার জনাই জলের প্রতি আমাদের আকর্ষণ এবং এই গুদ্ধ আস্থাদন ভগবানেরই অনন্ত শক্তির একটি অভিপ্রকাশ। নির্বিশেষবাদীরা জলের স্বাদের মধ্যে ভগবানের অস্তিত্ব অনুভব করে এবং সবিশেষবাদীরাও ভগবান যে করুণা করে মানুষের তৃষ্ণা নিবারণের জন। রনের সৃষ্টি করেছেন, তার জনা তার গুণকীর্তন করেন। এভাবেই পরম পুরুষের উপলব্ধি হয়। প্রকৃতপক্ষে নির্বিশেষবাদ আর সবিশেষবাদের মধ্যে কোন বিবাদ নেই। যিনি বান্তবিক ভগবানকে জেনেছেন, তিনি জানেন খে, নির্বিশেষ ও সবিশেষ উভয় রূপেই তিনি দর কিছুর মধ্যে বিরাজ করছেন এবং এতে কোন বিরোধ নেই।

(副本 20]

তাই খ্রীটোতনা মহাপ্রভূ মহা মহিমান্বিত অচিন্তা-ভেদাভেদ-তন্ত্ব অর্থাৎ একই সাথে একত্ব ও পৃথকত্ব প্রতিষ্ঠিত করে আমাদের পূর্ণ ভগবং-তন্তব্ধান দান করেছেন। সূর্য ও চন্দ্রের রশিচ্ছেটাও মূলত ভগবানের দেহনির্গতি নির্বিশেষ ব্রহ্মজ্যোতি থেকে প্রকাশিত হয়। তেমনই বৈদিক মাছের প্রার্থে ভগবানকে সম্পোধনসাক

সূর্য ও চন্দ্রের রশিচ্ছেটাও মূলত ভগবানের দেহনির্গত নির্বিশেষ ব্রহ্মজ্যোতি থেকে প্রকাশিত হয়। তেমনই বৈদিক মন্ত্রের প্রারন্থে ভগবানকে সম্বোধনসূচক অপ্রাকৃত শব্দরশ্বা প্রণব বা 'ওঁকার' মন্ত্রও ভগবানের থেকে প্রকাশিত হয়েছে। যেহেতু নির্বিশেষবাদীরা পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণকে তার অসংখা নামের ছারা সম্বোধন করতে খুবই ভয় পার, তাই তারা অপ্রাকৃত শব্দরন্ধা ওঁকারের নাধ্যমে তাঁকে সম্বোধন করে। কিন্তু তারা বোবে না বে, ওঁকার হচ্ছে ভগবান শ্রীকৃষ্ণকেই শব্দ প্রকাশ। কৃষ্ণভাবনার পরিধি সর্বন্যাপ্ত, তাই কৃষ্ণচেতনার উপলব্ধি যিনি লাভ করেছেন, তাঁর জীবন সার্থক। ভগবান শ্রীকৃষ্ণকে ধারা জানে না, তারা মায়ানক। শ্রীকৃষ্ণ সম্বন্ধে অবগত ইওয়াই হচ্ছে মুন্তি, আর তাঁর সম্বন্ধে এঞ্জ থাকাই হচ্ছে বন্ধন।

स्थाक रु

পুণ্যো গদ্ধঃ পৃথিব্যাং চ তেজ=চাক্সি বিভাবসৌ । জীবনং সর্বভূতেমু তপ=চাক্সি তপস্থিয় ॥ ৯ ॥

পূণাঃ—পর্নিত্র; গদ্ধঃ—গদ্ধঃ পৃথিবাম—পৃথিবীর; ৪—৪; তেজঃ—তেজ; চ—৪; অন্মি—আমি হই; বিভাবসৌ—অগ্নির: জীবনম্—আরু; সর্ব—সমস্ত; ভূতেমূ— প্রাণীর; তপঃ—তপশ্চর্মা; ৪—৪; ক্ষন্মি—হই; তপস্থিদু—তপশ্বীদের।

গীতার গান

পৃথিবীর পূণ্য গন্ধ সূর্যের প্রভাব । জীবন সর্বভৃতের তপস্থীর তপ 🏾

অনুবাদ

আমি পৃথিবীর পবিত্র গন্ধ, অগ্নির তেজ, সর্বভূতের জীবন এবং তপস্থীদের ভপ।

তাৎপর্য

পূণা শক্ষটির আর্থ হচ্ছে, যার বিকার হয় না; পূণা হচ্ছে মৌলিক। এই জড় জগতে সব কিছুরই একটি বিশিষ্ট সৌরভ বা গন্ধ আছে। যেমন ফুলের গন্ধ, নাতির গন্ধ, আগুনের গন্ধ, জন্মের গন্ধ, বাতাসের গন্ধ আদি। তবে, পবিত্র নিম্নলুষ, আদি অকৃত্রিম যে সূবাস সব কিছুর মধ্যে প্রবিষ্ট থাকে, তা হচ্ছে ম্বয়ং শ্রীকৃষ্ণ। তেননই, সব কিছুরই বিশেষ একটি মাদ আছে, তবে রাসায়নিক প্রবার মিশ্রণে এই মাদের পরিবর্তন করা যায়। তাই প্রতিটি বস্তুর নিজন্ম মাদ, সৃবাস ও স্বাদ আছে। কিতাবসু মানে অগ্রি। এই অগ্রি ছাতা কলকারখানা চলে না, রায়া করা যায় না, অর্থাৎ আমাদের দৈনন্দিন জীবনে কোন কাজই করা যায় না। সেই আওন ম্বয়ং শ্রীকৃষ্ণ, সেই আওনের তাপই হচ্ছেন শ্রীকৃষ্ণ। আয়ুর্বেদ শাস্তে বলা হয় যে, আমাদের উদরন্থ নিম্নতাপের ফলেই এজীর্গতা হয়। সূত্রাং, খাদা হজম করবার জনাও আমাদের আওনের প্রয়োজন। কৃষ্ণভাবনার প্রভাবে আমরা জানতে পারি যে, মাটি, জল, বায়ু, অগ্রি আদি সব রক্ষমের সক্রিয় উপাদান এবং সব রক্ষমের রাসায়নিক ও ভৌতিক পদার্থ শ্রীকৃষ্ণ থেকে উত্তৃত হয়েছে। মানুষের আয়ুও নির্ভর করে শ্রীকৃষ্ণের উপার ফলে মানুষের আয়ু দীর্ঘ অথবা সীমিত হয়। এভাবেই আমরা দেখতে পাই যে, কৃষ্ণভাবনা প্রত্যেক ক্ষেত্রই সক্রিয় রয়েছে।

শ্লোক ১০

বীজং মাং সর্বভূতানাং বিদ্ধি পার্থ সনাতনম্ । বৃদ্ধিবৃদ্ধিমতামন্মি তেজন্তেজন্বিনামহম্ ॥ ১০ ॥

বীজন্—বীঞ্জ; মাম্—আমাকে; সর্বভূতানাম্—সর্বভূতের; বিদ্ধি—প্রানাবে; পার্থ— হে পৃথাপুত্র; সমাতনম্—নিত্য; বৃদ্ধিঃ—বৃদ্ধি; বৃদ্ধিমতাম্—বৃদ্ধিমানদের; অস্মি— হই: তেজঃ—তেজ; তেজস্বিনাম্—তেজস্বীগণের; অহম্—আমি।

গীতার গান

উৎপত্তির বীজরূপ সবার সে আমি ৷
সনাতন তত্ত্ব পার্থ সকলের স্বামী ৷৷
বৃদ্ধিসান ষেবা হয় তার বৃদ্ধি আমি ৷
তেজস্বীর তেজ হয় যাহা অন্তর্যামী ৷৷

অনুবাদ

হে পার্থ, আমাকে সর্বভূতের সনাতন কারণ বলে জানবে। আমি বৃদ্ধিমানের বৃদ্ধি এবং ভেজস্বীদের ভেজ।

[54 初][5]

তাৎপর্য

বীজ থেকে সব কিছু উৎপত্তি হয় এবং শ্রীকৃষ্ণ হচ্ছেন সব কিছুর বীজ। সচল ও অচল নানা রকমের জীব আছে। পশু, পাথি, মানুষ এই ধরনের জীবের। জন্ধম অর্থাৎ সচল। গাছপালা আদি হচ্ছে স্থাবর অর্থাৎ অচল, কেবল এক জারগার দাঁড়িয়ে থাকে। চুরাশি লক্ষ বিভিন্ন জীবের মধ্যে কেউ স্থাবর, কেউ আবার জন্ম। কিন্তু তাদের সকলেরই বীজ হচ্ছেন শ্রীকৃষ্ণ। বৈদিক শান্তে বলা হয়েছে, প্রদা বা পরমতত্ত্ব হচ্ছেন তিনিই, খার থেকে সব কিছু উত্তুত হয়েছে। শ্রীকৃষ্ণই হচ্ছেন পরমারক্ষ বা পরম আখা। ব্রন্ধা হচ্ছে নির্বিশেষ, কিন্তু পরমারক্ষ হচ্ছেন সবিশেষ। নির্বিশেষ ব্রন্ধা যে সবিশেষ জাপের মধ্যেই অবস্থিত, তা ভগবদ্গীতার বলা হয়েছে। তাই, মূলত গ্রীকৃষ্ণই সব কিছুর উৎস। তিনিই সব কিছুর মূল। একটি গাছের মূল যেমন সমস্ত গাছটিকে প্রতিপালন করে, শ্রীকৃষ্ণও তেমন সব কিছুর আদি মূলরূপে সমস্ত জড়-জাগতিক অভিপ্রকাশের প্রতিপালন করেন। বৈনিক শান্তে (কঠ উপনিবল ২/২/১৩) সেই কথা প্রমাণিত হয়েছে—

লিজ্যো নিজ্যানাং চেতনক্ষেত্তনানান্ একো বহুনাং যো বিদ্ধাতি কামান্ !

যা কিছু নিতা, তার মধ্যে তিনিই হচ্ছেন প্রমানিতা। যা কিছু চেতন, তার মধ্যে তিনিই হচ্ছেন প্রমাচেতন। তিনি একাই সব কিছুর প্রতিপালন করেন। বৃদ্ধি ছাড়া কেউ কোন কিছু করতে পারে না এবং শ্রীকৃষ্ণ কলেছেন যে, তিনিই সমস্ত কৃদ্ধির উৎস। মানুষের বৃদ্ধির বিকাশ না হতে সে ভগবান শ্রীকৃষ্ণকে জানতে পারে না।

(到本 22

বলং বলৰতাং চাহং কামরাগবিবর্জিতম্ । ধর্মাবিরুদ্ধো ভূতেমু কামোহস্মি ভরতর্যভ ॥ ১১ ॥

বলম্—বল; বলবতাম্—কলবানের; চ—এবং; অহম্—আমি; কাম—কাম; রাগ— আসক্তি: বিবর্জিতম্—বিহীন; ধর্মাবিরুদ্ধঃ—ধর্মের অবিরোধী; ভূতেমূ—সমস্ত জীবের মধ্যে; কামঃ—কাম; অশ্মি—হই; ভরতর্বত—হে ভরতকুলগ্রেষ্ঠ। গীতার গান

বলবান যত আছে তার বল আমি । কামরাগ বিবর্জিত যত অগ্রগামী ॥ ধর্ম অবিরুদ্ধ কাম হে ভরতর্যভ । সে সব বুঝহ তুমি আমার বৈভব ॥

অনুবাদ

হে ভরতর্মত! আমি বলবানের কাম ও রাগ বিবর্জিত বল এবং ধর্মের অবিরোধী কামরূপে আমি প্রাণীগণের মধ্যে বিরাজমান।

তাৎপর্য

যে বলবান তার কর্তব্য হচ্ছে দুর্বলকে রক্ষা করা। ব্যক্তিগত স্বার্থসিদ্ধির জন্য ঘর্ষন অপরকে আক্রমণ করা হয়, লুখন করা হয়, তখন সোট বলের অপচয় করা হয়। তেমনই, কাম বা যৌন জীবনের উদ্দেশ্য হচ্ছে ধর্মপরায়ণ সন্তান উৎপাদন করা। তা না করে যদি ইন্দ্রিয়-ভৃত্তির জন্য ফৌন জীবন যাপন করা হয়, তা অন্যায়। প্রতিটি পিতা-মাতার পরম কর্তব্য হচ্ছে তাঁদের সন্তানদের কৃষ্ণভাবনাময় করে গড়ে তোলা।

ख्रीक ३३

যে চৈব সাত্তিকা ভাবা রাজসাস্তামসাশ্চ যে। মত্ত এবেতি ভান বিদ্ধি ন তৃহং তেষু তে ময়ি ॥ ১২ ॥

ষে—যে সকল; চ—এবং, এব—অবশাই; সান্তিকাঃ—সান্ত্রিক; ভাবাঃ—ভাবসমূহ, রাজসাঃ—রাজসিক; তামসাঃ—তামসিক, চ—ও; যে—যে সমস্ত; মন্তঃ—আমার থেকে; এব—অবশাই; ইতি—এভাবে; তান্—সেগুলি; বিদ্ধি—জানবার চেম্বা কর; ন—নই; ভু—কিন্তু; অহম্—আমি; তেবু—তাদের মধ্যে; তে—তারা; মন্বি—আমাতে।

গীতার গান

যে সৰ সাত্ত্বিক ভাব রজস তমস । আমা হতে হয় সৰ আমি নহি বশ ॥

গ্ৰোক ১৩]

অনুবাদ

সমস্ত সাত্ত্বিক, রাজসিক ও ডামসিক ডাবসমূহ আমার থেকেই উৎপন্ন বলে জানবে আমি সেই সকলের অধীন নই, কিন্তু ভারা আমার শক্তির অধীন।

তাৎপর্য

এই জড় জগতে সব কিছুই প্রকৃতিব তিনটি গুণের প্রভাবে সাধিত হয়। জড়া প্রকৃতির এই বিশুণ যদিও ভগবান শ্রীকৃষ্ণ থেকে সৃষ্টি থয়েছে, তবুও তিনি কখনই এই গুণাগ্রমান বারা প্রভাবিত হন না। দৃষ্টান্ত স্বরূপে, রাজা যেমন আইন সৃষ্টি করে দোরীদের নগু দেন, কিন্তু তিনি নিজা দেই আইনের আঠীত। তেমনই জঙ়া প্রকৃতির সমপ্ত গুণা—সন্ধ, রাজ ও তাম পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ থেকে উন্তুত ইন্যেছে, কিন্তু শ্রীকৃষ্ণ কখনও এই সমপ্ত গুণার দ্বারা প্রভাবিত হন না। তাই তিনি নির্ভণ, অর্থাৎ এই গণগুলি যদিও তার থেকে সৃষ্টি হয়েছে, তবুও তিনি এই সমপ্ত গুণার অতীত। এটিই হছে পরমেশ্বর ভগবানের অন্যতম বৈশিষ্টা।

শ্ৰোক ১৩

ত্রিভির্তুণমহৈর্জাবৈরেভিঃ সর্বমিদং জগৎ । মোহিতং নাভিজানাতি মামেডাঃ প্রমব্যয়স্ ॥ ১৩ ॥

বিডি:—িজ, গুণমটো:—গুণের হারা, স্কাট্টিং—ভারের হারা, এভিঃ—এই, সর্বম্— সম্ম, ইদম্—এই, জগৎ—জগৎ, মোহিতম্—মোহিত, ন অভিজ্ঞানাতি—জানতে পারে না, মান্—আমাকে, এভাঃ—এই সকলের অতীত, প্রম্—প্রম, অব্যয়ম্— অব্যয়

গীতার গান

এই তিনগুণ দারা মোহিত জগত। দা বৃঝিতে পারে মোরে পরম শাব্ত ॥

অনুবাদ

(সন্ত, ৰজ, ও তম) তিনটি ওণের দ্বারা মোহিত হওয়ার ফলে সমগ্র জগৎ এই সমস্ত ওপের অতীত ও অবয়ে আমাকে জানতে পারে না।

তাৎপর্য

প্রভা প্রকৃতির এই তিনটি গুণের দ্বারা সমগ্র হ্রগৎ বিমোহিত হয়ে আছে। হ্রভা প্রকৃতি বা মারাব প্রভাবে যারা বিমোহিত, তারা বৃষতে পারে না যে, ভগবান শ্রীকৃষ্ণ হক্ষেন এই হ্রভা প্রকৃতির অতীত।

প্রকৃতির প্রভাবে জড় জগতে প্রতিটি জীব তিয় ডিয় দেহ প্রাপ্ত হয় এবং ডিয় ভিন্ন মানসিক ও দৈহিক গুণাবলীতে ভূষিত হয়। এই গুণের প্রভাবে মানুয়েব। চারটি বর্ণে বিভক্ত হয়। যারা সত্তগুণের দ্বান্য প্রভাবিত ত্রানের বলা হয় ব্রাক্ষণ যার। রজোগুলের স্বায়া প্রভানিত, তাঁদের সঙ্গা হয় ক্ষত্রিয়। যারা এক ও এমেণ্ডিলের বার প্রভাবিত তামের বলা হয় বৈশ্য যানা সম্পূর্ণ উমোধ্যার দারা প্রভাবিত, হাদের বলা হয়। শুদ্র। আর ভার থেকেও যার। হেয়, তারা হচ্ছে পঞ্চ তারে, এই বর্গবিভাগ নিত্য নয়। আমি ব্রাহ্মণ, ক্ষতিয়া, বৈশা কিংবা শুদ্র অথবা খাই এই ন। কেন, যে কোন অবস্থাতেই এই জীকাটি থানিতা। কিন্তু যদিও জীবন অনিতা এবং আমরা জানি না প্রবর্তী জীবনে কি দেহ আমরা লাভ করব, তবুও মানার ধারা মোহিত হয়ে আমরা আমাদের দেহটিকেই আমাদের ওরূপ বলে মনে কবি এবং ভাবতে শুরু করি যে, আমরা আমেরিকান, রাশিয়ান, ভারতীয়, কিংবা ব্রাহ্মণ, হিন্দু মুসল্মান মারি । এভাবেই হথন আমরা জড় ওণের হারা আবদ্ধ হরে পাঁড় ওখন সমস্ত ওপের অন্তরালে যে ভগবান শ্রীকৃষ্ণ আন্দেন, ডা আমরা ভলে যাই। তাই ভগবান শ্রীকৃষ্ণ বলেছেন জড়া প্রকৃতির তিনটি গুণের দ্বারা বিজ্ঞেতিত হয়ে যান্য ব্যাতে পাবে না যে, এই সমস্ত বিশ্ব-চরাচনের উৎস হচ্ছেন পরম পরুষোত্রম ভগবান স্বয়ং।

পত্ত, পক্ষী, মানুষ, গদ্ধৰ্থ, কিন্তৰ, দেব-দেবী আদি প্রতিটি বিভিন্ন জীবই জড়া প্রকৃতির দ্বাবা প্রভাবিত এবং এরা সকলেই অপ্রাকৃত পর্যােশ্বর ভগবানকে ভূলে গেছে। যারা বন্ধ ও তামাওণের দ্বারা আন্তানিত, এমন কি যারা সত্ত্ওণ-সম্পন্ন, তারাও পরম-ক্রেন্থে নির্বিশেষ রক্ষা-উপলজিব উদ্বে যেতে পারে না প্রীভগবান, যিনি পরম পৃক্ষা, যারা মধ্যে পরিপূর্ণ শ্রী, ঐশ্বর্য, জ্ঞান, বীর্য, যাশ ও বৈরাগ্যা বিনামান, দেহ যভৈম্বর্যপূর্ণ স্বিশেষ ভগবানের সামান তারা বিল্লাপ্ত হযে পঞ্চে সুভরাং, যারা সত্ত্বভাপ অধিষ্ঠিত ব্যেছে, ভারাও যথন এই তত্ত্বকে বৃথতে পারে না, ভবন রক্ষ ও তামাওণের দ্বাবা আক্ষানিত জীবের সম্বন্ধে আর কি আশা করা ছেন্তে পারে? কৃঞ্চভাবনামৃত বা কৃঞ্চভক্তি হঞ্চে জড়া প্রকৃতির এই তিন ওণের অভীত। আর যাঁবা সর্বতোভাবে কৃঞ্চভাবনায় মন্ত্র হয়ে আছেন, তারাই হচেন্তন প্রকৃত মুক্ত।

গ্লোক ১৪

দৈবী হোষা গুণময়ী মম মায়া দূরত্যয়া । মামেৰ যে প্রপদ্যন্তে মায়ামেতাং ভরন্তি তে ॥ ১৪ ॥

দৈনী অলোকিকী, হি—নিশ্চয়, এষা এই, গুণময়ী—ত্রিগুণময়ী, সম—আমার, মায়া—শক্তি, দূরতায়া—দূর্বতিক্রমণীয়া, সায়—আমাকে, এব—অবশাই, ষে—খারা, প্রপদান্তে—শরণাগত হন, মায়াম্ এস্কায়—এই মায়াশব্দিকে, ভরন্তি—উত্তীর্ণ হন, তে—ভারা

গীতার গান

অতএব গুণময়ী আমার যে মায়া।
বহিরকা শক্তি সেই অতি দুরতারা ॥
সে মায়ার হাত হতে বদি মুক্তি চায়।
আমার চরণে সেই প্রপত্তি করয় ॥

অনুবাদ

আমার এই দৈবী সায়া ব্রিওগান্দ্রিকা এবং তা দূরতিক্রমণীয়া। কিন্তু র্যারা আমাতে প্রপত্তি করেন, তাঁরাই এই মায়া উদ্বীর্ণ হতে পারেন।

ভাৎপর্য

পর্যমেশর ভগবান অনস্ত দিবা শক্তির অধীশ্বর এবং সেই শক্তিবাল্লি দিব্যগুণ-সম্পন্ন।
যদিও জীব তার সেই শক্তিসস্থত এবং তাই দিব্য, কিন্তু জড়া শক্তির সংস্পর্শে
আসার ফলে তাদের সেই প্রকৃত দিবা স্বক্তপ আঞ্চাদিত হয়ে পড়েছে। এভাবেই
জড়া শক্তির প্রভাবে আঞ্চাদিত হওয়ার ফলে জীব তার বন্ধন থেকে মৃক্ত হতে
পারে না পূর্বেই বলা হয়েছে যে, ভগবান শ্রীকৃষ্ণের থেকে উত্তত হওয়ার ফলে
চিন্নয় পরা শক্তি ও জড় অপবা শক্তি উত্তরই নিত্য। জীব ভগবানের নিত্য পরা
শক্তিব অংশ, কিন্তু অপবা প্রকৃতি বা মাধার বন্ধনে আবন্ধ হয়ে পড়ার ফলে তার
মোহও নিত্য। তাই জড় জগতের বন্ধনে আবন্ধ জীবকে বলা হয় নিত্রবন্ধ।
জড় জগতের সময়ের হিসাবে কেউই বলতে পারে না, জীব করে বন্ধ অবস্থা
থাপ্ত থ্যেছে। তাই এই জড় জগতের বন্ধন থেকে মৃক্ত হণ্ডরা ভার পক্ষে অতান্ত
ক্রিন। জড়া প্রকৃতি যদিও ভগবানের অনুংকৃত্যা শক্তি, তবুও গরমেশ্বর ভগবানের

পরম ইচ্ছার ধারা পরিচালিত হওয়ার ফলে ভগবানের উৎকৃষ্টা শক্তি ভীব তাকে
মতিক্রম করতে পারে না বা তার প্রভাব থেকে মুক্ত হতে পারে না। অনুৎকৃষ্টা
ক্রড়া শক্তি বা মায়াকে ভগবান এখানে দৈবী বলে অভিহিত করেছেন, কেন না
তা ভগবানের সঙ্গে সম্পর্কিত। ভগবানের ইচ্ছার্শান্তির দ্বারা পরিচালিত হওয়ার
ফলে এই অপরা প্রকৃতি নিকৃষ্ট হওয়া সত্ত্বেও অন্ততভাবে সৃষ্টি এবং বিনাশোর কাজ
করে চলেছে। এই সম্বন্ধে বেদে বলা হয়েছে—মায়াং তু প্রকৃতিং বিদ্যান্যায়িনং
তু মধেক্রেক্ । "মায়া যদিও মিখ্যা অথবা অনিতা তবুও মায়ার অনুনালে বংয়ছেন
পরম আধুকর পরম পুরুব ভগবান, বিনি হচ্ছেন মহেশ্বর, পরম নিয়ন্তা।"
(সোভাষ্তের উপনিষদ ৪/১০)

বিজ্ঞান-যোগ

ওপ শবেদর আর একটি অর্থ হচেছ রবজু। এর থেকে বেবিণ যায় যে, মায়া এ সমান্ত রাজ্বর হারা বর জাঁবকে দৃঢ়ভাবে বেঁধে রেখেছে যে মানুবের হাতপা দড়ি দিয়ে বাঁধা, সে নিজে মুক্ত হতে পারে না মুক্ত হাতে হলে তাকে এমন কাবও সাহায়। নিতে হয়, যিনি নিজে মুক্ত কারণ, যে নিজেই বজ, সে কাউকে মুক্ত করতে পারে না, অর্থাং মুক্ত পুরুষেরাই রোধন অপরকে মুক্ত করতে পারেন তাই, ভগবান প্রাক্তম্য অধবা ঠার প্রতিনিধি প্রী ওরুদেবই কোলে বজ জীবকে জড় প্রকৃতির বজন থেকে মুক্ত হরতে পারেন। এই ধরনের পরম সাহায়া বাতীত জড়া প্রকৃতির বজন থেকে মুক্ত হওয়া আম না। ভিতিযোগ বা কৃষ্যজাবানা এই মুক্তির পরম দহামক হতে পারে। জীকুলা হাছেন মায়াশক্তির অধীন্ধর তাই, তিনি যথন এই লাহমনীয় মায়ালক আক্রেম। জীব হচ্ছে ভগবানের সন্তান, তাই জীব যথন ভগবানের মারণারত হয়, তখন ভগবান তাঁব আহিত্বলী করণাবানে পিতৃবং রোহে তাকে মুক্ত করতে মন্ত করের নিতে। এই ভগবানের চরণ-কমলের শরণাগত হওয়টিই হচ্ছে কঠোর জড়া প্রকৃতির ক্ষলে থেকে মুক্ত হওয়ার একমারা উপার

মাম এব কথাওলিও ওংপর্যপূর্ণ। মাম্ মানে শ্রীকৃষ্যকে বা বিষ্ণুকেই বোঝায় বন্ধা কিংবা শিব নয়। যদিও প্রস্থা এবং শিব অসীম শক্তিসম্পন্ন এবং তারা প্রায় বিষ্ণুব সমকক, বিশু ভবাবানের এই বজোওণ ও তমোওণের ওলাবতারেবা কখনই জীবকে মায়াব বন্ধন থেকে মুক্ত করতে পারে না। পক্ষান্তরে বলা যায়, প্রখাণ এবং শিবও মায়াব দ্বারা প্রভাবিত। বিষ্ণুই কেবল মায়াধীশ। তাই, তিনিই কেবল বদ্ধ জীবকে মায়াব বহুল থেকে মুক্ত করতে পারেন। এই সম্বধ্ধে বেদে (মেতাশ্বতর উপনিষদ ৩/৮) প্রতিপন্ন করা হয়েছে, তমেব বিদিয়া, অর্থাৎ

(到本 26]

"শ্রীকৃথ্যকে জানার মাধ্যমেই কেবল জড় বছন থেকে মুক্ত হওয়া যায়।" স্বরং মহাদেব স্বীকাব করেন যে বিষ্ণুর কৃপাব ধালেই কেবল মুক্তি লাভ করা যায়। তিনি বলেছেন, মুক্তিপ্রদাতা সর্বেষাং বিষ্ণুরেষ ন সংশায়ঃ ভতাবান শ্রীবিষ্ণুই যে সকলেব মুক্তিসাতা সেই সম্বন্ধে কোন সংশায় নেই।"

প্লোক ১৫

ন মাং দুষ্ঠিনো মৃঢ়াঃ প্রপদ্যন্তে নরাধমাঃ ৷ মায়য়াপহাতজ্ঞানা আসুরং ভাবমাশ্রিতাঃ ৷ ১৫ ৷৷

ন—না, মাস্—আমাকে, দৃদ্ধতিনঃ—দৃদ্ধতকাবী, মৃচাঃ—মৃচঃ প্রপদ্ধন্তে—শবণাগঠ হয়, নরাধমাঃ—নিকৃষ্ট নরগণ, মামমা;—মায়ার দ্বাবা, অপহাত—অপথাঠ, জ্ঞানাঃ —যাদের জ্ঞান আসুরম্—আসুরিক, ভাবম—গভাব, আশ্রিতাঃ—আশ্রয় করে।

গীতার গান

কিন্তু যারা দুরাচার নরাথম মৃদু ।
সর্বদাই গুণকারে অভিমাত্রা দৃঢ় ॥
মায়ার দারাতে যারা অপহতে জ্ঞান ।
প্রপত্তি করে না ভারা যড় অসুরান্ ॥

অনুবাদ

মৃত্, মরাধম, মায়ার দ্বারা খাদের জ্ঞান অপহৃত হয়েছে এবং যারা জাসুরিক ভারসম্পন্ন, সেই সমস্ত দুদ্ধকারীরা কথনও আমার শরণাগত হয় না।

ভাংপর্য

ভগবদ্গীতাতে বলা ইয়েছে যে, পরমেশ্বর ভগবান শ্রীকৃষেপ্ত শ্রীচবণ কমলে শ্রেমান্ত আত্মসম্বর্গণ করলেই অনায়াসে পুরতিক্রমা মায়াকে অতিক্রম করা যায়। এখন প্রশ্ন ২তে পারে যে, তথাকথিত পণ্ডিত দার্শনিক, বৈজ্ঞানিক ব্যবসায়ী, পরিচালক, বাজনীতিবিদ ও জনসাধারণের নেতারা কেন সর্ব শক্তিমান পরমেশ্বর ভগবানের শ্রীচরণে শরণগণ্ড হন নাং মানক সমাজেব নেতারা জড়া প্রকৃতির বিধান থেকে মুক্তি লাভ কবার জনা কর বছর ধরে অধ্যবসায় সংক্রের অনেক বছ বছ পরিকল্পনা করে। কিন্তু সেই মুক্তি লাভ করাটা যদি কেবল মান্ত ভগবানের শ্রীচরণে

আত্মসমর্পণ করার মতো সহজ্ব ব্যাপার হয়, তা হলে এই সমস্ত বৃদ্ধিমান ও কঠোব পরিশ্রমী নেতারা সেই সহজ্ব সবল পত্নাকে অবলম্বন করে না কেনং

ভগবদ্দীতাতে অতান্ত সরলভাবে সেই প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে যে সমন্ত ভত্তর পুকর সমাজের যথার্থ নেতা, যেমন—গ্রহ্মা, শিব, কৃত্রর মন্ত্র, বাসদেব, কপিল, দেবল, অসিও, জনক, প্রহ্লাদ, বলি এবং পরবর্তীকালে মধ্যতে মনামানুজাচার, প্রীচৈতনা মহাপ্রত্র এবং আরও অনেকে—গাঁবা হঞেন নিমন্ত দার্শনিক, রাজনীতিবিদ, শিক্ষক, বৈজ্ঞানিক, ভারা সকলেই প্রম শতিমান পর্মেশ্বর ভগবান প্রীকৃষ্ণের চরণে অস্ত্রসমর্পণ করেছেন। যারা প্রকৃতপক্ষে দার্শনিক ময় বৈজ্ঞানিক নয়, শিক্ষক নয়, শাসক নয়, কিন্তু আর্থিসিন্ধির জন্য সেই প্রকার ভান কয়ে লোক টকায়, তারা কয়নই ভগবানের নিধাবিত পত্তা অবলগ্রন করে না ভগবান সম্বন্ধে তাদের কোন ধারণা নেই, তারা কেক্সমার মনগড়া জড়-জাগতিক পনিক্রনা রচনা করে এবং তার ফলে সমাজের সমস্যা লাখব হওয়ায় পরিবর্গ্ত তাদের বার্থ প্রচেটার স্বারা তা আরও জটিল হয়ে ওঠেন কারণ, জড়া প্রকৃতি এওই শত্তিশালী খে, আসুরিক ভারাপার নাত্রিক নেতানের সব রকম শাস্থবিরোধী পরিক্রনাণ্ডলি দে বার্থ করে দেয় এবং 'পরিক্রনান কমিশ্বরুলির' আনের দন্ত নস্যাৎ করে দেয়

নান্তিক পরিকল্পনাকারীদের এখানে দুল্লভিনঃ অথবা দুক্তকারী বলে অভিহিত করা হয়েছে। কৃতী মানে সৃক্তিকারী। ভগবং-বিদ্বেষী পরিকল্পনাকারীদা আনেক সমনো খুব বৃদ্ধিমন্তা-সম্পন্ন ও গুণ-সম্পন্নও ২য়, কেন না যে কোন বড় পরিকল্পনা, তা ভালই হোক অথবা খারাপই হোক, সফল করতে হলে বৃদ্ধির প্রয়োজন হয় কিন্তু পরমেশনের পরিকল্পনার বিক্লভাচরণ করে বলে নিরীশ্বরবাদী পরিকল্পনাকারীদের কুল্লভী বলা হয় এখাৎ তাদের বৃদ্ধি ও প্রচেষ্টা ভুলা পথে চালিও হচ্ছে

ভগবদগীতাতে কাই তাবে বলা হয়েছে যে, জড়া শক্তি সন্পূর্ণভাবে ভগবানের নির্দেশে পরিচালিত হয় এর কোনও শ্বাধীন-শ্বতপ্র ক্ষমতা নেই কোন কিছুর প্রতিবিদ্ধ যেমন প্রকৃত বস্তুর উপর নিউরণীল, জাড়া প্রকৃতিও ঠিক তেমনই ভগবানের উপর নিউরণীল কিন্তু তবুও জড়া শক্তি অতন্তে শক্তিশলৌ। ভগবৎ বিশ্ব নান্তিকদের ভগবৎ তত্ত্বান নেই, তাই তারা কথনই বৃধতে পাবে না জড়া প্রকৃতি কিভাবে পরিচালিত হয় এবং ভগবানের পরিকল্পনা কি। মায়ার প্রভাবে সন্মোহ এবং বজোগুণ ও তথ্যোগুণের দ্বারা আচ্ছাদিত থাকার ফলে তার সব কয়টি পরিকল্পনাই বার্থ হয়। হিরণাকশিপ্, বারণ আদি অসুরেরা বিদ্যা বৃদ্ধিতে কারও ও পরিচালক। কিন্তু ভগবানের ইচ্ছায় তাদের সেই সমন্ত বিরাট বিরাট

(維持 56]

পবিকল্পনাশুলি ধূলিসাৎ হরে যায়। এই সমস্ত দুবাচারীদের চারটি ভাগে ভাগ করা যায়—মুচ, নরাধম, মায়াপহনত-জ্ঞান ও আসুবিক ভাবাপন।

(১) মূট হছে তারা, যারা কঠের পরিশ্রমী ভারবাহী পশুর মতো মূর্য। তারা সব সময় তাদের নিজেনের পরিশ্রমের ফল নিজেরাই ভোগ করতে চায়। তাই, তারা শ্রীভগবানকে তাদের কর্ম উৎসর্গ করতে পারে না গ্রাধা হছে ভারবাহী পশুর শ্রেষ্ঠ উনাহরণ। এই পশুটি তার মনিবের জন্য কঠোর পরিশ্রম করতে পারে। এই বেচারি গাধা জানে না দে কার জন্য দিন রাত খেটে চলেছে, একটুখানি ঘাস খেয়ে উদরপূর্তি করে, মনিবের হাতে মার খাওয়ার আত্তমে একটুখানি ঘ্রমিয়ে উঠে এবং গদন্তীর লাখি খেতে খেতে তার যৌল কুধার ভৃত্তি করে সে মনে করে যে সে খুব সুখেই আছে। এই গ্রাধান্ডলি মারো মানো কবিতা আবৃত্তি করে জীবন-দর্শন আওড়ায়, কিন্তু তার রাসভ-মানের ফানে মানো কবিতা আবৃত্তি করে জীবন-দর্শন আওড়ায়, কিন্তু তার রাসভ-মানের ফানে মানো মানো কবিতা আবৃত্তি করে জীবন-দর্শন আওড়ায়, কিন্তু তার রাসভ-মানের ফানে মানারই মতো তারা জানে না কার জন্য কর্ম করা উচিত। তারা জানে না যে কর্ম করার শুকুত উদ্দেশ্য হছে যঞ্জ, অর্থাৎ ভগবানকে সপুষ্ট করাই হতে কর্ম করার যথাও উদ্দেশ।।

এই সমস্ত কর্মী যারা তাদের দকলিত তওঁবারে ভার লামে কনবার জনা দিনরাত গাধার মাতো গোটো চালছে, তারা প্রান্তই বলে যে, জীবের অমরাক্তর কথা শোনধার মাতো সমগ্ন তাদের চাই এই সমস্ত মৃচ লোকগুলির ঝাছে ক্ষয়িপুট্ট জাগতিক লাভটাই হচ্ছে সর কিছু। অথচ ওবা জানে না দিন-রাত অক্রান্তে পবিশ্রম করে তারা যে কর্ম করছে, তার একটা নগণা অংশই কেলে তারা উপভোগ করতে পারে অনর্থক বিষয় লাভের জন্য তারা দিনরাত না ঘুনিয়ে গাধার মতো পবিশ্রম করে, মালাহি আদি উদরশীভায় পীতিত হয়ে এক রকম অন্যহারে থেকে তারা তাদের কঞ্চিত প্রভুর সেবায় রত থাকে তাদের যথার্থ প্রভুকে না জেনে তারা ধানদেরতার পরিচার্য করে তাদের অভ্যান মহা নন্ত করে, দুর্ভাগারশত, তারা কন্যাই সমস্ত প্রভুর পরম প্রভুব শরণাগত হয় না, অথবা তারা নির্ভরযোগ্য মৃত্র থেকে তাঁর কথা প্রবণ করে না বিষ্যাহারী শৃকর কথনই দুধ, মি চিনিব তৈরি নিঠাই খেতে চায় না তেমনই, মৃচ কমীবা অস্থিব প্রার্থিব জগতের ইন্দ্রিক ভূতিনারক কথাই কেবল প্রবণ করে, কিন্তু যে শান্তর প্রাণশক্তি জড় জগথকে চালনা করছে, সেই অপ্রাকৃত্ত শক্তির কথা শোলবার বিনুমাত্র সময় পায় না।

(২) জনা শ্রেণীর দুবাচারীদের বলা হয় নরাবম অর্থাৎ তারা হচ্ছে সব চাইন্ডে নিকৃষ্ট স্তবের মানুষ। ৮৪,০০,০০০ বোনির মধ্যে ৪,০০,০০০ হচ্ছে মনুষ্য যোলি। এব মধ্যে অসংখ্য নিম্ন শ্রেণীর মানুষ আছে, যারা সাধারণত অসত্য। সভ্য মানুষ

১০ছন তাবা, যারা শাস্ত্রের নির্দেশ অনুসারে সামাজিক, রাজনৈতিক ও ধর্মীয় জীবন যাপন করে। আর সামাজিক ও রাজনৈতিক অবস্থার পরিপ্রেক্ষিতে উন্নত হলেও বালের জীবন ধর্মীয় অনুশাসনের দ্বাবা পরিচালিত হয় না, তাদের *নরাধ্য* বলে পণা केन्रा इत। **छभनातक वा**प पिरा कथन**छ कान वर्ম इ**य ना। कान्रण, स्टूर्मन পথ অনুসরণ করার উদ্দেশ্য হচ্ছে পরম-তত্ত্বকৈ জানা এবং ঠাব সঙ্গে মানুষের িতা সম্পর্কের কথা অবগত হওয়া *গীতাতে পর*মেশ্বর ভগবান স্পষ্টভাবে ঘোষণা করেছেন যে, তাঁব উপরে ক্ষমতাশালী কেউ নেই এবং তিনিই হচ্ছেন প্রম সত্য ঠার উধ্বর্ধ আর কোনও ক্ষমতা নেই সভা মানব-জীবনের উদ্দেশ্য হচ্ছে পরয় মতা বা সর্ব শক্তিমান, পরম পুরুষ ভগরান জীকুরের সঙ্গে মানুষের নিতা সম্পর্কের নপ্ত চেতনার প্রভাগরণ করা মনুষ্য-শবীর পাওয়া সত্ত্বেও যে এই সুয়োগের শহাবহার করে না, তাকে বলা হয় নরাধম । শাল্পের মাধামে আমরা জানতে পারি ্য শিশু যখন মাতৃগর্কে থাকে (যে অবস্থাটি অভান্তে অস্কস্তিকর), তখন সে ভণনানের কাছে প্রতিজ্ঞা করে যে, সেই অবস্থা থেকে মুক্ত হসেই সে জগনানের সেবার নিজেকে উৎসর্গ করবে। বিসদে পড়লে ওগবানকে প্রার্থনা জানানো জীবের ৮'৮'নিক প্রবৃত্তি, কারণ ভগবানের সঙ্গে তার নিত্য সম্বন্ধ রয়েছে - কিন্তু প্রস্থ ০৩খন পরেই শিশু তার জন্ম-মন্ত্রণার কথা ভূলে যায় এবং মায়ার প্রভাবে তার ুভিদাতাকেও ভূগে কার।

শিওর অভিভাবকদের কর্তনা হছে, উদ্দের সপ্তানদের সৃপ্ত ভগবৎ প্রেমকে প্রনর্গরিত করা। ধর্মশাস্ত মন্- স্কৃতিতে নির্দেশিত দশকর্ম সংস্কারের উদ্দেশা হছে, পোশ্রম পদ্ধতির মাধ্যমে এই ভগবং প্রেমকে প্রক্রাগরিত করা। কিন্তু আধুনিক, গে পৃথিবীব কোথাও এই পদ্ধতি কঠোরভাবে অনুসরণ করা হয় না। তাই, মাধ্যকি যুগে শতকরা নিরানবুই জন মানুবই নরাধ্যে পরিণত হয়েছে

ধর্মন সমগ্র জনগণই নবাধমে পরিণত হয়, তথন স্বাভাবিক ভাবেই সর্ব শক্তিময়ী নাগর প্রভাবে তাদের তথাকথিত শিক্ষা সম্পূর্ণভাবে অর্থহীন হয়ে পড়ে গীতার নান্দ্র অনুসারে, তিনিই হছেন প্রকৃত পণ্ডিত, ঘিনি এঞ্চজন বিদ্বান ব্রাহ্মণ, একটি কুনে একটি গরু, একটি হাতি ও একজন চণ্ডালকে সমদৃষ্টিতে দেখেন। এই কুনে একটি গরু, একটি হাতি ও একজন চণ্ডালকে সমদৃষ্টিতে দেখেন। এই কুনে এক তগবছজেব দৃষ্টিভঙ্গি। পরমেশ্বর ভগবানের অবভাব শ্রীনিত্যানদ্দ প্রভৃত ব্যাধি নরাধম জগাই ও মাধাই প্রাভূদয়কে উদ্ধাব করেন এবং এভাবেই তিনি শবিরে গ্রেছন যে, প্রকৃত ভগবছজের করুণা কিভাবে সব চাইতে অধ্যাধিত ক্ষেভাবনার উন্মের উপরেও বর্ষিত হয়। তাই, যে নরাধমকে ভগবান পর্যন্ত পরিত্যাগ করেছেল ক্রেণার প্রসাক্তিক কৃষ্ণভাবনার উন্মের পারে।

* F 38'

শ্রীটোতনা মহাপ্রভু ভাগবত-ধর্ম অথবা ভগবন্তভাদের কার্যপদ্ধতি প্রচার করে উপদেশ দিয়ে গ্রন্থন যে, শ্রদ্ধানত চিত্তে মানুষ্যক পর্মেশ্বর ভগবানের বাধী শ্রবণ করতে ইবে, ভগবানের দেওয়া এই উপদেশের সারমর্ম হচ্ছে ভগবনেগীতা। শ্রদ্ধাননত চিত্তে ভগবানের দেওয়া উপদেশ শ্রবণ করার ফলে নর্যধ্মও উদ্ধরে প্রেত পারে কিন্তু দুর্ভাগারশত ভগবানের চলণে আহ্রদমর্পণ করা তো দূলে থকুক, এই সমস্ত মরাধ্মগুলি ভগবানের বাণী পর্যন্ত কালে ভনতে চার লা। গ্রন্থানেই নবাধ্যারা সন সম্যাই মানে-জানন্ত্র পর্য কর্তবাকে একেব্যারেই অবংহলা করে।

(৩) পরবর্তী শ্রেণীর দুক্তকারীদের বলা ২ম মায়য়াপ্সভজ্ঞানঃ অর্থাৎ মায়ার প্রভাবে যাদের পাণ্ডিতাপূর্ণ জান অপক্ষত হয়েছে। সাধারণত এব। অধিকংশেই খুব বিশ্বান হয়—শ্বেমন বঙ্ বঙ্ দার্খনিক, কবি, বৈজ্ঞানিক, সাহিত্যিক আদি। কিন্তু মাধাশক্তি তাদের বিপথগামী করেছে, তাই তারা পরমেশ্বর ভগবানকে অবজ্ঞা করে থাকে

আজকের ভাগতে অসংখ্য মায়য়াগহাতজালাঃ মানুষ দেখা যায়, এমন কি আনক ভগবদ্দীতার পতিতও এই ধননের মৃ।। গীতাতে সহজ সরল ভাষায় বলা থানের যে, গ্রীকৃষ্ণ ইচ্ছেল স্বয়ং পরম পূরুবোত্তম ভগবাল। তার সমকক অথবা তার থেকে মহৎ আর কেউ নেই তাকে সমস্ত মানুহাের আদি পিতা বলা হয় না, তিরি মমন্ত বারা হয়েছে বস্তুত, গ্রীকৃষ্ণকে কেবল ব্রন্ধারই পিতা বলা হয় না, তিরি মমন্ত যোনিভূক্ত জীরেরও পিতা তিনি নির্নিশেষ ব্রাক্তর আশ্রয় এবং সমস্ত র্নারের অংশ। তিনি সব কিছুরই উৎস, তাই তার চরণারবিদ্দের শ্রণাগত হওয়ার জন্য প্রত্যেককেই পরামর্গ দেওয়া হরেছে। সুদৃতভাবে এই সব সুস্পন্ত নির্দেশ থাকা সাজ্বও মান্ত্রাপহাতজালাঃ মানুহাের। ভগবানকে অবজা করে এবং তাঁকে আর একজন সাধারণ মানুষ বন্দে মনে করে। তারা জানে না যে, এই দুর্গত মনুষ্য-শরীর ভগবানেরই নিতা চিন্ময় শ্রীবিগ্রহেন অনুকরণে রচিত হয়েছে।

মান্তবাপিকতজ্ঞানাঃ মুর্শেরা গীতার যে প্রামাণ্যবর্জিত ব্যাখ্যা করে তার ফলে তারা প্রকৃতপক্ষে গীতার যথায়থ অর্থের কদর্থ করে। গুরু-পরক্ষরক্রমে গীতার জ্ঞান প্রাপ্ত না হওয়ার ফলে তারা গীতার প্রকৃত অর্থ উপলব্ধি করতে পরে না। তারা যে মনগড়া ব্যাখ্যা করে তা সম্পূর্ণকরেশ প্রান্ত এবং তাদের সেই সমস্ত মতবাদগুলি পারম্বার্থিক সাধনার পথে দুর্রতিক্রম্য প্রতিক্রক্রের মতো হয়ে দীভায়। এই সমস্ত মোহগ্রস্ত ব্যাখ্যাকাবরা কখনই ভগবান জীকৃষ্ণের চরণার্বিক্রের শ্বরণাগত হয় না এবং অন্য কাউক্রেও ভগবানের শরণাগত হওয়ার শিক্ষাদান করে বা।

ার ১ ১বশের শ্রেণার দৃদ্ধতবারীদের বলা হয় আসুরং ভারমাঞ্চিতাঃ অথবা ১ সুনির ভারপার বাভি। এই ধরনের মানুধেরা নিল্জ্জভাবে নাড়িক। এই শ্রেণীর নককপারী অসুরেব। তর্ক করে যে, পর্যােশর ভগবনে কখনই এই জভ ভগতে খবতবণ কবতে পারেন না কিছু ভগবান ছেল এই জড় জগতে অবতরণ কবতে পারেন না কিছু ভগবান ছেল ছুভিও প্রদর্শন করতে পারে না এদেন বেউ কেই আবান কলে যে, ভগবান নির্বিশেষ রাজেন এরীন যাদিও গাঁতাতে ঠিক ঘা কিপনীত কথাই বলা হয়েছে। পরম পুরুষ্যাত্ম ভগবানের প্রতি ঈর্ষান্তিত হয়ে এই সম্মন্ত আহিকরা সকপোলকলিত অপ্রামাণিক একাধিক অন্তার্থনের অবতারণা করে। এই ধনকের মানুষ্যানের জানােনের একমাত্র লক্ষ্যা হয়েছ ভগবানেন নিন্দা করা, তাই তারা কপনই শ্রীকৃষ্যের জানােনের একমাত্র লক্ষ্যা হয়েছ ভগবানেন নিন্দা করা, তাই তারা কপনই শ্রীকৃষ্যের চরপারবিশের শ্রেণাগত হতে পারে না

দক্ষিণ ভারতের শ্রায়মুনাচার্য থালবন্দার বলেছেন, "হে ভগবান তুমি যদিও তেখের মধাকৃত কলা ওপ ও লালার ছারা অলম্বত, সমস্ত শাস্ত্র যদিও ভোমার বিশুক সন্ত্রমা শ্রীবিধাংকে অস্থীকার করে এবং দৈবীগুণ-সম্পন্ন জ্ঞানী আচার্যেরা ভোমার সম্ভালকার করেন, কিন্তু তবুও আসুবিক ভারাপন্ন নিরীশ্বরবাদীরা কগনই ভোমাকে জানতে পারে না।"

তাই, উপরোক্ত (১) মুট, (২) নরাধম, (৩) মায়াপঞ্চত-জ্ঞান (৪) আসুরিক ভারাপণ নাজিকেরা শান্ত ও মহাজনদের উপরেশ সত্তেও কথনই পরম পুরুরোন্ত্রম ভগবান শ্রীকৃষ্ণের চরপাধবিদের শরণাগত হয় না।

শ্লোক ১৬

চতৃৰিধা ভজন্তে মাং জনাঃ সৃকৃতিনোংর্জুন । আর্তো জিজাসুরপাধী জানী চ ডরতর্ষভ ॥ ১৬ ॥

চতুর্বিধাঃ—১ার প্রকার, ভরুন্তে—ভর্জনা করেন, মাম্—আমাকে, জনাঃ—ব্যক্তিগণ, সুকৃতিনঃ পৃণ্যকর্মা, অর্জুন—হে অর্জুন; আর্ডঃ—আর্ড; জিজ্ঞাসুঃ—অনুসদ্ধিৎস্ অর্থায়ী তোগ অভিনাধী, জ্ঞানী—তর্ত্ত, চ ও ভরতর্মস্ত—হে ভরত্যোগ

গীতার গান

সুকৃতি করেছে যারা সেই চারিজন । আর্ত অর্থার্থী জিজ্ঞাসু কিস্বা জ্ঞানী হন ॥

[86 奉稿]

860

প্রপত্তি সহিত তারা করয়ে ভজন । অসুরাদি মায়াযুদ্ধে হারায় জীবন ॥

অনুবাদ

হে ভরতক্রেষ্ঠ অর্জুন আর্ড, অর্থার্থী, জিপ্তাসু ও প্রানী -এই চরে প্রকার পূণাকর্মা ব্যক্তিগণ অমোর ভজনা করেন,

ভাৎপর্য

প্রাকৃষ্ণ বাতীত আর কোন কিছুর দিকেই মহায়া তার মনোযোগ বিফিপ্ত করেন বা করেব তিনি শ্বব ভালতাবেই জানেন যে, প্রীকৃষ্ণাই হছেন আদি পরম প্রায়, ১৯৫ হছেন সর্ব বারগের পরম কারণ এই সম্পর্কে কোন সম্পেহ নেই। এই ১৯৫ উল্লেম হয় অন্য মহায়াদের বা শুদ্ধ ভক্তদের সঙ্গ লাভ করার ফলে ৬৯ ৩০০বা প্রীকৃষ্ণার অন্যানা রূপের প্রতি এমন কি চতুর্ভুজ মহাবিবুলর প্রতিও গ্রেম হল না। তারা কেবল প্রীকৃষ্ণার বিভুজ রূপেই অনুরক্ত থাকেন তার শানুক্রের অন্যান কেবল প্রীকৃষ্ণার বিভুজ রূপেই অনুরক্ত থাকেন তার শানুক্রের অন্যা কোনও বৈশিষ্ট্যে আকৃষ্ট হন না, এমন কি অন্যা কোন দেবতা বা ক্রেম প্রতিও উদ্দের কোনও বর্ষম আসক্তি থাকে না। এই ধরনের কৃষ্ণভাবনাময়, ৩০ সর্বদাই প্রীকৃষ্ণার চিন্তার মন্ন থাকেন। তারা একটানা কৃষ্ণভাবনাময় ভগবৎ স্বায় নিত্য তথ্যর হয়ে থাকেন।

ক্লোক ১৪

সভতং কীর্তয়ন্তো সাং যতন্ত্রণ দৃদ্রতাঃ । নমস্যন্ত্রণ্ট সাং ভক্ত্যা নিত্যযুক্তা উপাসতে ॥ ১৪ ॥

গতত্ব—নিবস্তর, কীর্তয়ন্তঃ—কীর্তন করে, মাম্—আমার্কে, বতন্তঃ—গত্বশীল ে চ—ও: দ্চরতাঃ—দ্চরত, নমস্যন্তঃ—নমস্কার করে; চ—ও: মাম্— গানাকে: ভক্তাা—ভক্তি সহকারে, নিত্যযুক্তাঃ—নিরস্তর যুক্ত হয়ে, উপাসতে— পাসনা করে।

* 1. SQ

গীতার গান

লক্ষণ সে মহাত্মার হয় বিলক্ষণ।
মহিমা আমার করে সতত কীর্তন ॥
আমার মহিমা জন্য সর্ব কর্মে রত।
সকল বিষয়ে যত হও দৃদ্রত ॥
ভক্তির যাজন আর প্রধাম বিজ্ঞপ্তি।
নিতাসেবা উপাসনা আমাকেই প্রাপ্তি॥

অনুবাদ

দ্যুত্রত ও বড়ুশীল হয়ে, সর্বদা আমার মহিমা কীর্তন করে এবং আমাকে প্রণাম করে, এই সমস্ত মহাত্মারা নিরন্তর যুক্ত হরে ভক্তি সহকারে আমার উপাসনা করে।

তাৎপর্য

কোন সাধারণ মানুষকে একটি ছাপ মেরে মহান্যা বানানো খায় না। মহান্যার স্বরূপ এখানে বর্ণনা করা হয়েছে। মহান্যা সর্বদাই পরম পুরুষোত্তম ভগবান ত্রীকৃষ্ণের মহিমা কীর্তনে মথা থাকেন তার আর অন্য কোন কান্তই থাকে না। তিনি নিরন্তর পরমেশ্বরের মহিমা প্রচারে নিয়োজিত থাকেন। পক্ষান্তরে বলা খার যে, মহান্যা কখনই নির্বিশেষবাদী হন না মহিমা কীর্তনের অর্থ হচ্ছে, ভগবানের ধাম, ভগবানের নাম, ভগবানের রূপ, ভগবানের ওণ ও ভগবানের অনুভ চরিত্রের লীলাসমূহ কীর্তন করা এই সমস্ত বিষয় সর্বদাই কীর্তনীয়, তাই থথার্থ মহান্যা সর্বদাই পরম পুরুষোভ্তম ভগবানের প্রতি অনুরক্ত থাকেন।

ভগবানের নির্বিশেষ রূপ ব্রন্ধজ্যোতির প্রতি যে আসন্ত, তাকে ভগবন্দীতার মহাম্মা বলে বর্গনা করা হয়নি। এই ধরনের মানুষকে পরবর্তী প্রোকে অন্যভাবে বর্গনা করা হয়েছে গ্রীমন্তাগবতে বর্গনা করা হয়েছে যে, মহাম্মা সর্বদাই ভগবন্ধন্তির নানা রকম কার্যকলাপে মগ্ন থাকেন, তিনি বিষ্ণুতন্তের শ্রবণ ও কীর্তন করেন এবং কখনই দেব দেবী বা কোন মানুষের মহিমা কীর্তন করেন না। সেটিই হচ্ছে ভক্তি—গ্রবণং কীর্তনং বিষ্ণোঃ এবং স্মরণম্ অর্থাৎ তাঁকে সর্বদা স্মরণ করা। এই প্রকাব মহাম্মা পাঁচটি দিবা রসের যে কোন একটির দ্বারা ভগবানের সঙ্গে অন্থিমকালে নিতাযুক্ত হওয়ার উদ্দেশ্যে বন্ধপবিকর। সেই উদ্দেশ্য সফল করবার জনা তিনি

া ব্যালকে প্রমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের সেবার সর্বতোভাবে যুক্ত থাকেন।

 বলা হয় পূর্ব ক্ষণ্ডভাবনামৃত।

- করোগের কতগুলি ক্রিয়া অবশা পালনীয়, যেমন একাদশী, জন্মান্তনী আদি লাল, শানতে উপবাস করা। এই সমস্ত বিধি বিধান মহান আচার্যদের দ্বারা তাঁদের ক্রেন্টানিত হয়েছে, যাঁরা চিম্মর জগতে পরম পুরুষোত্তম ভগবানের সামিধা লাল করার প্রকৃত প্রয়াসী। মহাস্থারা এই সমস্ত বিধি বিধান কঠোরভাবে পালন করার তাই, ভারা অবধারিতভাবে তাঁদের বাঞ্চিত ফল লাভ করেন

্ঠ অধ্যারের বিতীর স্লোকে বর্ণনা করা হয়েছে যে, এই ভক্তিযোগ কেবল সংক্ষাধাই নয়, তা অত্যন্ত জাননের সঙ্গে সম্পাদন করা যায়। এর জন্য কোন ক দা তপ্যা বা কৃদ্ধসাধনের প্রয়োজন হয় না সদ্ভঞ্জর তত্ত্বাবধানে গৃহস্থ, দানো অথবা ব্রখাচারীরূপে পৃথিবীর যে কোন জারগায় যে কোনও অবস্থায় নান পুরুবোত্তম ভগবানের ভক্তি সাধন করার মাধ্যমে যথার্থ মহান্বায় পরিণত চত্যা বার।

শ্লোক ১৫

জ্ঞানযজ্ঞেন চাপ্যন্যে যজন্তো মামুপাসতে । একত্বেন পৃথক্তেন কহুধা বিশ্বতোমুখম্ ॥ ১৫ ॥

গ্রানসম্প্রন—জ্ঞানরূপ যজের ধারা, চ—ও, **অপি**—অবশাই, **অন্যে**—অনোরা, দজন্তঃ— বজন করে, মাম্—আমাকে, উপাসতে—উপাসনা করেন, একত্বেন—-নাচদ চিগুরি থারা, প্**বস্থেন—প্**থক চিগুরি থারা, বহুধা—বছ প্রকারে, নিশ্বতোম্বন্ধ্—বিশ্বরূপের।

গীতার গান

যারা শুদ্ধ ভক্ত নহে কিন্তু মোরে ভক্তে।
জ্ঞান যতা করি তারা তিনভাবে মজে ॥
অহংগ্রহ উপাসনা একত্ব সে নাম ।
পৃথকত্বে উপাসনা প্রতীকোপাসন ॥
বিশ্বরূপ উপাসনা অনির্দিষ্ট রূপ ।
নিরাকার ভাব কিবো ভাবে বহরূপ ॥

M 4 29

অন্বাদ

অন্য কেউ কেউ জ্ঞান যজের দ্বারা অভেদ চিম্বাপূর্বক, কেউ কেউ বহুরূপে প্রকাশিত ভেদ চিম্তাপূর্বক এবং অন্য কেউ আমার বিশ্বরূপের উপাসনা করেন।

ভাৎপূৰ্য

এই শ্লোকে পূর্ববর্তী শ্লোকসমূহের সারমর্ম ব্যক্ত হয়েছে। ভগবান শ্রীকৃষ্ণ অর্জুনকে ষলেছেন কৃষ্ণভাবনায় ভাবিত যে অনন। ভস্ত জ্রীকৃষ্ণ ছাদ্র। আর কিছুই ভানেন না তিনি হচেছন মহাত্মা কিন্তু এমনও কিছু মানুৰ আছেন, বাঁৰা যথাৰ্থ মহাত্মা না হলেও বিভিন্নভাবে শ্রীকৃষ্ণের আরাধনা করেন। সেই রকম কিছু ভক্তের মধ্যে। আর্ত, অর্থার্থী জিজ্ঞাসু ও জ্ঞানীর কথা পূর্বেই উল্লেখ করা হয়েছে। এদের থেকে। আরও নিমন্তরের উপাসক আছে এবং এরা তিন ভাগে বিভক্ত (১) অহংগ্রহ উপাসক---যে নিজেকে ভগধানের অভেদ মনে করে নিজের উপাসনা করে, (২) প্রতীকোপাসক—যে কল্পনাপ্রসূত কোন একরূপে ভগবানের উপাসনা করে এবং (৩) বিশ্বরূপোপাসক—যে পরম পুরুবেন্ডেম ভগবানের বিশ্বরূপকে স্থীকার করে তাঁর উপাসনা করে এই তিন শ্রেণীর মধ্যে খারা নিজেদেরতে ভগবান বলে মনে করে নিজেনের উপাসনা করে, তাদের কলা হয় আছৈতবাদী। এরাই হচেছ সনক্রেয়ে নিকৃষ্ট স্করের ভগবৎ উপাসক এবং এদেরই প্রাধানা বেশি। এই প্রকার লোকের। নিজেদের পর্যয়েশ্বর বলে মনে করে নিজেদেরই উপাসনা করে। এটিভ এক রকমের ঈশ্বর উপাসনা, কারণ এর মাধ্যমে তারা জানতে পারে যে, তাদের জড় দেহটি তাদের স্বরূপ নয় তাদের স্বরূপ হচ্ছে চিন্ময় আন্মা। এদের মধ্যে অন্ততপক্ষে এই বিবেকের উদ্মেব হয় ৷ সাধারণত নির্বিশেষবাদীরা এভাবেই ভগবানের উপাসনা করে থাকে। দ্বিতীয় শ্রেণীভূক্ত মানুষেরা হচ্ছে দেবোপাসক ভারা তাদের কল্পনাপ্রসূত যে কোন একটি রূপকে ভগবানের রূপ বলে মনে করে। জার তৃতীয় শ্রেণীতে যারা রনেছে, তারা এই জড় ব্রন্মাণ্ডের অভিনাক্তি বিশব্দপের অতীত আর কোনও কিছুকে চিন্তা ককতে পারে না। তাই, তারা ভগবানের। বিশ্বকাপকে পরমতার বলে মনে করে সেটির আরাধনায় তৎপর হয় এই বিশ্ব-ব্রহ্মাণ্ডটি ভগবানেরই একটি রূপ।

শ্লৌক ১৬

অহং ক্রতুরহং মঙ্গু স্বধাহমহমৌষধম্ ৷ মদ্রোহহমহমেবাজ্যমহমগ্লিরহং হৃতস্ 🏿 ১৬ 🕦 থার। আমি, ক্রকু:—অধিস্টোম আমি শ্রৌত কলা, অহম্ -আমি; যজ্ঞা: -স্যার্ত । স্থা-শ্রাদ্ধ আমি কর্ম, অহম্-আমি; অহম্-আমি, ঔষধম্ -রোগ নিবারক ন্য নন্ত্র:—মন্ত্র; অহম্ আমি, অহম্ আমি, এক অবশাই, আজাম্-ছৃত্র, থানে আমি, অধিঃ—অধিঃ অহম্-আমি, ত্তম্—হোমক্রিয়া

গীতার গান

আমিই সে স্মার্তযক্তে শ্রৌত বৈশ্যদেব।
আমিই সে স্বধা মন্ত্র ঔষধ বিভেদ ॥
আমিই সে অগ্নি হোম ঘৃতাদি সামগ্রী।
আমি পিতা আমি মাতা অথবা বিধাত ॥

অনুবাদ

লামি অগ্নিষ্টোম আদি জ্যেত যন্ত, আমি বৈশ্বদেব আদি স্মার্ত যন্ত, আমি শিক্তপুরুষদের উদ্দেশ্যে প্রান্ধাদি কর্ম, আমি রোগ নিবারক ভেষজ, আমি মন্ত্র, লামি হোমের মৃত, আমি অগ্নি এবং আমিট হোমত্রিয়া

তাৎপর্য

া থৈছিয়ে নামক যজ হলে প্রীকৃষ্ণ এবং শ্বৃতিশাস্ত্র অনুসারে তিনি 'মহায়ঞ্জ'।
বাংশোলকে অর্পা করা হয় যে স্বধা বা যুতরূপী উষধ, তাও গ্রীকৃষ্ণেরই একটি
বাংশোলকৈ অর্পা করা হয় যে স্বধা বা যুতরূপী উষধ, তাও গ্রীকৃষ্ণেরই একটি
বাংশা এই ক্রিয়াতে উচ্চাবিত মন্ত্রও হছে কৃষ্ণ যুগ্জে যে সমস্ত দুক্জাত পদার্থ
বাংশা এ কিওয়া হয়, ভাও গ্রীকৃষ্ণ। অধিকেও শ্রীকৃষ্ণ বলা হয়েছে, কারণ
বাংশাকৃষ্ণের একটি তত্ম হওয়ার ফলে তাও শ্রীকৃষ্ণেরই ভিন্ন শক্তি অর্থাৎ,
ক্রোক্ত কর্মকাণ্ডে প্রতিপাদিত বিবিধ যুজ্জের সমষ্টিও হছে কৃষ্ণ প্রকারান্তরে এটি
বাংশা ঐতিত যে, যে মানুষ কৃষ্ণভল্তিতে নিষ্ঠাবান, তিনি ইতিমধ্যেই সমস্ত বৈদিক
গণ্ডের অনুষ্ঠান করেছেন।

শ্ৰোক ১৭

পিতাহমস্য জগতো মাতা থাতা পিতামহঃ । বেদাং পবিত্রম ওঞ্চার ঋক্ সাম ধজুরেব চ ॥ ১৭ ॥ 68b

পিতা—পিতা, জহম—আমি, জস্য-এই, জগতঃ জগতের, মাতা—মাতা, থাতা বিধাতা পিতামহঃ—পিতামহ, কেনুম জের বস্তু, পবিক্রম— শোধনকারী: ওঙ্কারঃ— ওঙ্কার, ঋকু —ঝংখদ, সাম—সামধেদ, যজঃ—যজ্ঞরেদ, এব -অবশাই, **চ** -এবং

গীতার গান

আমি পিতামহ বেদ্য পবিত্র ওচ্চার । আমি ঋক আমি সাম যজু কিংবা আর ॥

অনুবাদ

আর্মিই এই জগতের পিডা, মাতা, বিধাতা ও পিতামহ। আমি ভেরে বস্তু, শোধনকারী ও ওলার। আমিই খক, সাম ও যজুর্বেদ।

তাৎপর্য

শ্রীকৃষ্ণের শক্তির বিধিধ ক্রিয়ার দলেই চরচারের সমস্ত সৃষ্টির অভিবাভি হয়। সংসারে আমরা বিভিন্ন জীবের সঙ্গে মানা ধক্য আন্ট্রীয়তার সম্বন্ধ স্থাপন করি: এই সমন্ত জীব বস্তুতপক্ষে শ্রীকৃষ্ণের তটন্থা শক্তি: কিন্তু প্রকৃতির সৃষ্টির অধীনে, তাদের কেউ কেউ আখাদের পিডা, মাডা, পিডামহ, সৃষ্টিকর্ডা আদিরূপে প্রতিভাত ধন কিন্তু প্রকৃতপক্ষে তাঁর। সকলেই শ্রীক্ষরের বিভিন্ন অংশ ব্যতীত আর কিন্তই। নন। এভারেই আমাদের মতো, পিতাররেশ প্রতিভাত হয় যে সমস্ত ভীবসভা, তারাও শ্রীকৃষ্ণ ছাড়া আর কিছুই নন। এই শ্লোকে ধাতা শনের অর্থ হচ্ছে 'স্বাটকর্ডা'। আমাদের পিতা-মাতা যে কেবল ত্রীকৃষ্ণের বিভিন্ন অংশ তাই নন, পরস্ত সৃষ্টিকর্তা, পিতামহী ও পিডামহ প্রমুখ সকলেই শ্রীকৃষ্ণ। শ্রীকৃষ্ণের ঋপরিহার্য অংশ হরার ফলে বস্তুতপক্ষে প্রতিটি জীবই হচ্ছে গ্রীকৃষ্ণ। তাই, সম্পূর্ণ বেদের একমাত্র লক্ষ্য হচ্ছে শ্রীকৃষ্ণ। বেদেব মাধ্যমে আমরা যা কিছু জানতে চাই, ভা ক্রমণ শ্রীক্ষের স্বরূপ-তত্ত্বের দিকেই আমাদেব এগিয়ে নিয়ে চলে। যে তত্ত্বরেন আমাদের অন্তরকে কলুষমূক্ত করতে সাহায্য কবে, তা বিশেষরূপে শ্রীকৃষ্ণ। তেমনই, যে মানয সম্পূর্ণরূপে বৈদিক তত্ত্বজ্ঞান জানবার প্রয়াসী, সেও খ্রীকৃষ্ণেরই অবিচেদ্য অংশ এবং সেই কারণে শ্রীকৃষ্ণ থেকে অভিন্ন। সমস্ত বৈদিক মন্ত্রওলির মধ্যে ওঁ শব্দটিকে বন্ধা হয় 'প্রণব' এবং সেটি হচ্ছে অপ্রাকৃত শব্দতরঙ্গ, তাই সেটিও শ্রীকৃষণ। আর যেহেতু ঋণ, সাম, যজুর ও অথর্ক—এই চার বেদের সমস্ত মন্ত্রের মধ্যে 'প্রথব' বা ওল্পার হচ্ছে অত্যন্ত বৈশিষ্ট্যপূর্ণ, ভাই বুবাতে হবে সেটিও শ্রীকঞ্চ।

শ্লোক ১৮

গতির্ভর্তা প্রভঃ সাক্ষী নিবাসঃ শরণং সূহাং । প্রভবঃ প্রলয়ঃ স্থানং নিধানং বীজমব্যয়ম্ ॥ ১৮ ॥

গতিঃ –গতি, ভর্তা পতি, প্রভঃ– নিয়ন্তা, সাক্ষী—সাক্ষী, নিবাসঃ– নিবাস, ানপম—ব্রহ্মাকর্তা, সূত্রং—সবচেয়ে প্রিয় বন্ধু, প্রভবঃ—সৃষ্টি, প্রকায়ঃ—প্রকায়, স্থানম—স্থিতি, নিধানম্—আশ্রয়, বীজম্—বীজ, অব্যয়ম্—অবিনাশী

গীতার গান

আমি গতি আমি ভর্তা মোরে সাক্ষী কর ৷ আমি সে শরণাধাম প্রভব প্রকার ম

অনুবাদ

আমি সকলের পতি, ভর্তা, প্রভূ, সাক্ষী, মিবাস, শরণ ও সূহুৎ। আমিই উৎপত্তি, নাশ, স্থিতি, আশ্রম ও অব্যয় বীজ।

তাৎপর্য

পতি শব্দে এখানে গন্তব্যস্থানকে বোঝানো হয়েছে, যেখানে আমরা যেতে চাই। া । সু সকলেরই পরম গতি হতেইন জীকৃষ্ণ যদিও সাধারণ মানুষ এই কথা জানে যারা প্রীক্ষকে জানে না, তারা নিশ্চিতরাপে পথস্রই তাদের তথাকথিত ্রতির পথে প্রথতি প্রকৃতপক্ষে অসম্পূর্ণ অথবা স্তমায়ক অনেক মানুব আছে, মানা বিভিন্ন দেখ-দেবীকে ভাদের পরম লক্ষ্য বলে মনে করে এবং ঐকান্তিক নিষ্ঠার ন স্ব তানের পূজা করার ফলে তারা চন্দ্রলোক, সূর্যলোক, ইন্দ্রলোক মহর্লোক াদি উচ্চতর গ্রহলোক প্রাপ্ত হয়। কিন্তু শ্রীকৃষ্ণের দ্বারা রচিত এই সমস্ত গগলাকগুলি বুগপংভাবে কৃষ্ণ আবার কৃষ্ণ নয় - ত্রীকৃষ্ণেবই শক্তির প্রকাশ েনাম, এই সমস্ত প্রহলোকও শ্রীকৃষ্ণ, কিন্তু প্রকৃতপক্ষে সেগুলি কৃষ্ণতত্ম উপলব্ধির প্রাপ এক পদক্ষেপ অগ্রসর হতে সাহাধ্য করে মাত্র। শ্রীকৃষের বিভিন্ন শতিব সন্সেবরী হওরা শ্রীক্ষের প্রতি পরোক্ষভাবে অগ্রসব হওয়ার মতো তাই, সময় সামর্থের বর্ষ্ব অপবয়ে না করে প্রত্যক্ষরতে ত্রীকৃষ্ণের দিকে ছাগ্রসন ২ওয়া িদের, তার ফলে সময় ও শক্তি বাঁচানো যায় - উদাহরণ-স্বরূপ বলা गा।, যদি ান বাড়িতে উঠবার জনা লিফ্ট থাকে, তা হলে অনর্থক সিঁড়ি দিয়ে কেউ উঠকে

의주 ২이

কেন গ সব কিছুই শ্রীকৃষ্ণের শক্তিকে আশ্রয় ধারে আছে, সুতরাং শ্রীকৃষ্ণের আশ্রয় ব্যক্তীত কোন কিছুবই অস্তিত্ব থাকতে পারে না। শ্রীকৃষ্ণ হচ্ছেন পরম নিরন্তা, কারণ সব কিছু তারই অধীন এবং তারই শক্তিকে আশ্রয় করে সব কিছু কিন্তুমান সমস্ত জীবের অন্তর্যমীরূপে শ্রীকৃষ্ণ হচ্ছেন পরম সাক্ষী। আমানের নিবাস, দেশ, গ্রহুলোক আদি যেখানে আমরা বসবাস কবি ভাও শ্রীকৃষ্ণ। শ্রীকৃষ্ণ হচ্ছেন পরম আশ্রয় ও গতি তাই আমানের সুরক্ষার জন্যা অথবা দৃঃখ-দৃর্দশা দৃরীকরণের জন্য তাবই শরণাগত হওয়া উচিত। যথনই আমরা সুবক্ষার প্রয়োজন বোধ করব, আমানের জানতে হবে যে, কোনও জীবশক্তিকেই আশ্রয় বলে মানতে হয়। শ্রীকৃষ্ণ হছেন পরম জীবসন্তা। যেহেতু শ্রীকৃষ্ণ আমানের সৃষ্টির উৎস অথবা পরম পিত্য, তাই শ্রীকৃষ্ণ অপেক্ষা অনা কেউ সুহৃদ্দ হতে পারে না, অন্য কেউ হিতৈবী হতে পারে না শ্রীকৃষ্ণ হচ্ছেন সর্ব কারণের পরম কারণ।

ঞোক ১৯

তপাম্যহমহং বৰ্ষং নিগৃত্যুম্যুৎসূজামি চ। অমৃতং তৈৰ মৃত্যুশ্চ সদসচচাহ্মৰ্জুন ॥ ১৯ ॥

ভপামি—তাপ প্রদান করি, অহম্—আমি, অহম্—আমি, বর্ষম্—বৃষ্টি, নিগৃহুমি— আকর্ষণ করি, উৎসৃজামি—বর্ষণ করি, চ—এবং, অমৃতম্—অমৃত, চ—এবং, এব— অবশাই মৃত্যুঃ—মৃত্যু, চ—এবং, সং—চেতন, অসং—এড বস্তু, চ—এবং, অহম্—আমি, অর্জুন—হে অর্জুন

গীতার গান

আমি সে উৎপত্তি স্থিতি বীজ অব্যন্ন । আমি বৃষ্টি আমি মেঘ আমি মৃত্যুময় ॥ আমি সে অমৃততত্ত্ব শুন হে অর্জুন । সদসদ্ যাহা কিছু আমি বিশ্বরূপ ॥

অনুবাদ

হে অর্জুন! আমি তাপ প্রদান করি এবং আমি বৃষ্টি বর্ষণ করি ও আকর্ষণ করি। আমি অমৃত এবং আমি মৃত্যু। জড় ও চেতন বস্তু উভয়ই আমার মধ্যে।

ভাৎপর্য

ুদ্ধ তার বিবিধ শক্তি বিদ্যুৎ ও সূর্বের মাধ্যমে তাপ ও আলোক বিবিধাণ করেন

'য় বাতুতে তিনি বৃষ্টিকে আকাশ থেকে পড়তে দেন না, আবার না। ঋতুত্ব

তর্লবান প্রচণ্ড বৃষ্টি বর্ষণ করেন। যে শক্তি আমাদের আয়ুকে পনিক্রিত

ক্রেরিনান প্রচণ্ড বৃষ্টি বর্ষণ করেন। যে শক্তি আমাদের আয়ুকে পনিক্রিত

ক্রেরিনান প্রচণ্ড বৃষ্টি বর্ষণ করেন। যে শক্তি আমাদের আয়ুকে পনিক্রিত

ক্রেরিনান আয়ের রাখে তার প্রীকৃষ্ণেরই শক্তি জীবনের অয়ের গ্রিক্রির শক্তির আয়ের বিভিন্ন শক্তিন নির্মোধন

ক্রেরিনাল আমরা প্রতিপন্ন করতে পারি যে, তাঁর দৃষ্টিতে জড় ও চেতনের মধ্যে

ক্রেরিনাল আমরা প্রতিপন্ন করতে পারি যে, তাঁর দৃষ্টিতে জড় ও চেতনের মধ্যে

ক্রেরিনাল আর উন্নত ভরে এই রক্তম পার্থকা সৃষ্টি করা উচিত না। এই খলপায়

ক্রেরিনাল ভরিত উন্নত ভরে এই রক্তম পার্থকা সৃষ্টি করা উচিত না। এই খলপায়

ক্রেরিনাল উত্তম অধিকারী, তিনি সর্বত্র স্বি কিছুতেই শ্রীকৃষ্ণকে প্রকাশিত পান।

ক্রেরিনাল ক্রিরেনালও হতের শ্রীকৃষ্ণ। মুরলীধর শ্যামসুক্রর রক্তের তাঁর যে কৃম্বার্যনালীলা,

সৃষ্টি তাঁর পরম মাধুর্যমন্ত জনবং-ক্রীলা।

গ্রোক ২০

ব্রৈবিদ্যা মাং সোমপাঃ প্তপাপা যজেরিষ্টা স্বর্গতিং প্রার্থয়ন্তে । তে পুলামাদ্য সুরেক্তলোকম্ অর্গতি দিব্যান্ দিবি দেবভোগান্ ॥ ২০ ॥

েবিনাঃ—ত্রিবেদজ্ঞগণ, মাম্—আমাকে, সোমপাঃ—সোমরস পানকারী, প্রত
- ব্র পাপাঃ—পাপ, মজৈঃ—যজের দাবা, ইস্ট্রা—পূজা করে, মুগতিম— গণে

- প্রার্থরুত্তে—প্রার্জন করেন, তে—তাঁরা, পুণ্যম্—পূণ্য, আসাদ্য—লাড করে

নুবেজ্ত—ইজ্র, লোকম্—লোক, অন্নস্তি— ভোগ করেন, দিব্যান্—দিবা, মিনি

- বা দেবভোগান্—দেবতাদের ভোগসমূহ

গীতার গান

কর্মকাণ্ড বেদ এয়, সাধনে যে পূর্ণ হয়। সোমরস পানে পাপ ক্ষয় ॥ **ድ**ያያ

्रशाक २५]

যান্ত মোর উপাদনা, ধেবা করে সে সাধনা, স্বর্গসূথ প্রার্থনা সে করে ॥
পূণ্যের ফলেতে সেই, সুরেন্দ্র লোকেতে যায়, দিবসেখ ভোগ সেথা করে ।

অনুবাদ

ব্রিবেদজ্ঞগণ যজ্ঞানুষ্ঠান দ্বারা আমাকে আরাখন। করে ক্জাবশিষ্ট সোমরস পান করে পাপমুক্ত হন এবং সুর্গে গমন প্রার্থনা করেন। তারা পূধ্যকর্মের ফলস্বরূপ ইন্সলোক লাভ করে দেবভোগ্য দিবা স্বর্মসূখ উপভোগ করেন।

তাৎপর্য

ত্রৈবিদ্যাঃ বলতে সাম, যজ্ঃ ও অক্ নামক তিনটি বেদকে বৃথার। থে ব্রাহ্মণ এই তিনটি বেদ অধ্যানন কলেছেন, তাঁকে বলা হয় ত্রিবেদী। যাঁরা এই তিনটি বেদ থেকে প্রাপ্ত জানের প্রতি অভাও আসক্ত, তাঁরা মনুষ্য-সমাজে সম্মান ও প্রতিষ্ঠা লাভ করেন দুর্ভাগাবশত, বেদের অনেক বড় বড় পতিতেরা বৈদিক জানের প্রকৃত তাৎপর্য উপলব্ধি করতে পারেন না। তাই, প্রীকৃক্ষ এই শ্লোকে ঘোষণা করেছেন যে, তিনিই হঙ্গেন ত্রিবেদীদের পরম লক্ষা। যথার্থ ত্রিবেদী প্রীকৃষ্ণের চরণারবিদের শরণাগত হন এবং তাঁর প্রীতি উৎপাদনের জনা বিশুদ্ধ ভক্তিযোগে নিয়োজিত থাকেন এই ভক্তিযোগ শুক্ত হয় হলে কৃষ্ণ মহামন্ত্র কীর্তন ও সেই সঙ্গে কৃষ্ণতত্ব জানবার প্রচেষ্টা কলার মাধ্যমে। দুর্ভাগাকশত যে সমস্ত মানুষ কেনল আনুষ্টানিকভালে বেদ অধ্যয়েন করে, তারা ইন্দ্র, চক্র আদি দেবভাদের উদ্দেশ্যে যক্ষ করের প্রতি অভ্যন্ত আসক্ত হয়। এই প্রকার প্রচেষ্টার দ্বারা এই ধরনের দেবেশ্বপাসকেরা নিঃসন্দেহে গুক্তিব নিকৃষ্ট গুণের দোষ থেকে শুদ্ধ হয়ে ফর্গলোক, মহর্লোক, জনলোক, তপলোক আদি উচ্চলোক প্রাপ্ত হয়। এই সমন্ত্র স্বর্গলোক একবার অধিষ্ঠিত হলে এই জগতের থেকে লক্ষ লক্ষ গুণ বেশি ইন্দ্রিয়ভৃপ্তি সাধন কর্পা সন্তর হয়

শ্লোক ২১

তে তং ভূকা স্বৰ্গলোকং বিশালং ক্ষীণে পূণ্যে মৰ্ত্যলোকং বিশস্তি ।

এবং ত্রয়ীধর্মমন্প্রপন্না গতাগতং কামকামা লভন্তে ॥ ২১ ॥

তে থারা, তম্—সেই, ভুকা—ভোগ করে, স্বর্গলোকম্ স্বর্গলোক, বিশালম 'বশল, ক্ষীশে—ক্ষীণ হলে, পূণ্যে—পূণাফল, মত্যালোকম্—মর্ত্যালোকে বিশন্তি—
'বংপতিত হন, এবম্—এভাবে, এইী—তিন বেদের, ধর্মম্—ধর্ম, অনুপ্রপন্না—
এন্টান-প্রায়ণ, গতাগতম্—জন্ম ও মৃত্যু, কামকামাঃ—ইন্দ্রিয়সুখ ভোগের
থাকাংকী, কভাৱে—লাভ করেন।

গীতার গান

বিশাল সে স্বৰ্গসুথ, ভূলে যায় জড় দুঃখ,
ক্রমে ক্রমে তার পূণ্য হরে ।
ব্রী ধর্ম কর্মকাণ্ড, পয়োমুখ বিবভাগু,
অমৃত ভাবিয়া যেবা খায় ।
গতাগতি কামলান্ড, জন্মে জন্মে মহাতাপ,
তার জন্ম অধঃপাতে যায় ।

অনুবাদ

ারা সেই বিপুল স্বর্ধসূথ উপভোগ করে পূণ্য ক্ষয় হলে মর্ত্যলোকে ফিরে গ্রাসেন। এভাবেই ত্রিবেন্নোক্ত ধর্মের অনুষ্ঠান করে ইন্সিয়াসূখ ভোগের আকাল্ফী মানুষেরা সংসারে কেবলমাত্র বারংবার জন্ম-মৃত্যু লাভ করে থাকেন

ভাৎপর্য

প্রবিশ্বক উন্নীত হবার ফলে জীব তথাকথিত দীর্ঘ জীবন ও ইন্দ্রিয় সৃথির শ্রেষ্ঠ
দুলাগ্র-সৃবিধা লাভ করে, কিন্তু তারা চিবকাল সেখানে থাকতে পারে না। পূণা
কর্মনা শেব হয়ে বাওয়ার পর তাকে জাবার এই মর্তালোকে ফিরে আসতে হয়
দান্ত-সূত্রে নির্দেশিত পূর্ণজ্ঞান (জন্মাদাসা ফতা) যে প্রাপ্ত হয়নি, অথবা যে সর্ব
কর্মনার পরম কারণ প্রীকৃষককে ভন্তগতভাবে জানতে পারেনি, সে মানব জীবনের
দান্য লক্ষ্য থেকে বিচ্যুক্ত হরেছে। সে কথনও স্বর্গলোকে উন্তীর্ণ হয় এবং তাধ
পরে আবার এই মর্ত্যলোকে নেমে আসে, ফো সে নাগরদোলায় বসে কথনও
দাবের দিকে কথনও নীচের দিকে পাক খেতে থাকে। এব তাৎপর্য হচ্ছে যে,

ক্লোক ২৩]

য়েখনে একবার ফিরে গোলে আর নীচে নেমে আসতে হয় না, সেই চিন্ময় জগতে ঘটাত না হয়ে, সে কেবলমাত্র উচ্চ ও নিম্নলোকে জন্ম-মৃত্যুর চক্রে আবর্তন করতে থাকে তাই, মানুষের উচিত চিন্ময় জগৎ প্রাপ্ত হওয়ার চেন্টা করা, যার ফলে সচিচলনন্দময় নিতা জীবন লাভ করা যায় এবং আর কবনও এই দুঃখনম জভ জগতে ফিরে আসতে হয় না।

গ্লোক ২২

অনন্যাশ্চিন্তরক্ষে মাং যে জনাঃ পর্যুপাসতে। তেখাং নিজাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহম্ ॥ ২২ ॥

অননাঃ—আননা, **চিন্তান্ত:**—চিন্তা করতে করতে; **মাম্**—আমাকে, **বে**—থে; জমা:—ব্যক্তিগণ, পর্যুপাসতে—যথাযথভাবে আরাধনা করেন: তেবাম্—তাঁদের, নিতা—সর্বনা, অভিযুক্তানাম্—ভগনপ্ততিতে যুক্ত, যোগকেমম্—অপ্রাপ্ত বন্তর প্রাপ্তি এবং প্রাপ্ত বন্তর সংবঞ্চণ, বহামি—বহন করি, অহম্—আমি।

গীতার গান

কিন্ত যে অনন্যভাবে মোরে চিন্তা করে।
একান্ত হইয়া শুধু আমাকে যে স্মরে ॥
সেই নিত্যযুক্ত ভক্ত আমার সে প্রির।
যে সুখ চাহরে সেই হয় মোর দেয় ॥
আমি তার যোগক্ষেম বহি লই ঘাই।
আমা বিনা অন্য তার কোন চিন্তা নাই ॥

অনুবাদ

অনন্যচিত্তে আমার চিন্তায় মশ্ব হয়ে. পরিপূর্ণ ভক্তি সহকারে শারা সর্বদাই আমার উপাসনা করেন, তাঁদের সমস্ত অপ্রাপ্ত কন্ত আমি বহন করি এবং তাঁদের প্রাপ্ত বস্তুর সংরক্ষণ করি

ভাৎপর্য

যিনি কৃষ্যভাবনা ছাড়া এক মুহূর্তও থাকতে পারেন না, তিনি শ্রবণ, কীর্তন, স্ফান, ক্ষম, অর্চন, পাদসেবন, দাস্যা, সখা ও আর্মনিবেদনের দ্বারা ২বধা ভক্তিপরারণ হরে চরিশ ঘণ্টা শ্রীকৃষ্ণের শারণ ছাড়া অন্য কিছু করেন না ভতির এই সমস্ত বিন্যা পরম মন্তব্যম এবং পারমার্থিক শক্তিসম্পন্ন, যার ফলে ভক্ত আত্ম উপলব্ধিতে পূর্ণতা লাভ করতে পারেন। তখন তার একমাত্র অভিলাষ হয় ভগবানের সঙ্গলাভ করা। এই প্রকার ভক্ত অনায়াসে নিঃসন্দেহে ভগবানের সামিধ্য লাভ করেন, একে বলা হয় যোগ। ভগবানের কৃষ্ণার ফলে এই ধরনের ভক্তদের আর কখনও এই ছাড় ভাগতিক বদ্ধ জীবনে ফিরে আসতে হয় না ক্ষেম কথাটির অর্থ হচ্ছে ধগবানের কৃপামায় সংরক্ষণ। যোগের ছারা কৃষ্ণভাবনা লাভ করতে ভগবান ভক্তকে সহায়ভা করেন এবং তিনি পূর্ণজনে কৃষ্ণভাবনায় ভাবিত হলে ভগবান তাঁকে দৃঃখবার ক্য জীবনে পতিত হবার সম্ভাবনা থেকে রক্ষা করেন।

ঞোক ২৩

বেংপান্যদেবতাভক্তা যজন্তে শ্রন্ধয়াহিতাঃ । তেংপি মামেব কৌল্ডেয় যজন্তাবিধিপূর্বকম্ ॥ ২৩ ॥

যে—হারা, অপি—ও, অন্য—অন্য, দেবতা—দেবতা; ভক্তাঃ—ভতেরা, যজন্তে— পুরু। করে, শ্রন্ধান্ত্রিতাঃ—শ্রন্ধা সহকারে তে—তারা, অপি—ও, মাম্ এব— আমাকেই, কৌল্কেয়—হে কৃত্তীপুত্র, যজন্তি—পূজা করে; অবিধিপূর্বকম্— অবিধিপূর্বক।

গীতার গান

ইতর দেবতা যেবা পূজে শ্রন্ধা করি । সেও আমাকে পূজে বিধি ধর্ম ছাড়ি ॥

অনুবাদ

হে কৌন্তের! মারা অন্য দেবভাদের ভক্ত এবং শ্রদ্ধা সহকারে তাঁদের পূজা করে, প্রকৃতপক্ষে স্থারা অবিধিপূর্বক আমারই পূজা করে

তাৎপর্য

প্রাকৃষ্ণ বলেছেন, "যারা দেবতাদের উপাসনা করে তারা অগ্ন-পৃদ্ধিসম্পন্ন যদিও এই ধরনের উপাসনা পরোক্ষভাবে আমারই উপাসনা।" উদাহরণ-স্বন্ধন গলা যায়,

শ্লোক ২৫]

গাছের গোড়ায় জল দেওয়ার শরিবর্তে কেউ যদি তার ডালপালায় জল দিতে থাকে তবে সেটি সে করে যথেষ্ট জানের অভারে অথবা সাধারণ নিয়মনীতি পালন না করার ফলে তেমনই, দেহের প্রতিটি অস প্রত্যঙ্গকে সেবা করার উপায় হচ্ছে উদরে খাদা পদান করা স্কুতবাং বলা যেতে পারে, দেবতারা হচ্ছেন পরমেশর ডগাবানের সার্বভৌম প্রশাসনের অন্তর্গত ভিন্ন ভিন্ন পদাধিকারী শাসক ও সঞ্চালক। প্রজার কর্তব্য হচ্ছে রাষ্ট্রের আইন পালম করা, কর্মচারীর অথবা সঞ্চালকদের করিত বিধান পালন করা কথনই তার কর্তব্য মা। তেমনই, সকলোরই কর্তব্য হচ্ছে কেবল পরমেশ্বর ভগবানের আরাধনা করা। তগবানের আবাধনা করার ফলে তার ক্যান্ত্রী প্রতিদিধিরাকে নিয়োজিত থাকেন এবং তাদের উৎকোচ দেওয়া অবৈধ। সেটিই এখানে অবিধিপুর্বকম্ বলা হয়েছে পক্ষান্তরে, প্রীকৃষ্ণ অন্যবশ্যক দেরোপাসনা কথনই অনুমোদর করেন না।

শ্লোক ২৪

অহং হি সর্বযজ্ঞানাং ডোক্তা চ প্রভূরেব চ । ন তু মামন্ডিজানন্তি তত্ত্বেনাতশ্চাবন্তি তে ॥ ২৪ ॥

অহম্—আমি, হি—নিশ্চরই, সর্ব—সমস্ত: যজান্যম্—যজের; ভোকা—ভোকা: চ—এবং; প্রস্থা:—প্রতু, এব—ও, চ—এবং; ম—না, তু—কিন্তু, মাম্—আমাকে, অভিজ্ঞানন্তি—জানে, তত্ত্বেন—শ্বরূপত; অতঃ—অতএব; চ্যবন্তি—অধঃপতিত হয়; তে—ভারা।

গীতার গান

সর্ব যথ্ডেশ্বর আমি প্রভু আর ভোক্তা ।
সে কথা বুঝে না ধারা নহে তত্ত্বকেন্তা ॥
অতএব তত্ত্বজ্ঞান ইইতে বিচ্যুত ।
প্রতীকোপাসনা সেই তাত্ত্বিক বিশ্বৃত ॥

অনুবাদ

আমিই সমস্ত যজের ভোক্তা ও প্রভু। কিন্তু ফারা আমার চিশ্মর শ্বরূপ জানে না, তারা আবার সংসার সমুদ্রে অধঃগতিত হয়।

ভাৎপর্য

এনানে স্পট্টভাবে বলা হয়েছে যে, বেদে নানা রক্ষ যজ্ঞ অনুষ্ঠান করার বিধান দেওয়া আছে, কিন্তু সেই সমস্ত যজেব যথার্থ উদ্দেশ্য হচ্ছে পরমেশ্যর ভগবানের সম্রষ্টি বিধান করা যাত্তা শশ্দের ভার্থ হচ্ছে বিষ্ণু। ভগবদৃগীতার তৃতীয় অধ্যায়ে স্পট্টভাবে বর্ণনা হয়া হয়েছে যে, যজ্ঞ বা বিষ্ণুকে সম্রষ্ট করায় জন্মই কেবল কর্ম করা উচিঙ। বর্ণাশ্রম-ধর্ম নামক মানক সভাতার পূর্ণতা প্রাপ্তির উদ্দেশ্য হচ্ছে বিষ্ণুকে তৃষ্ট করা। তাই, শ্রীকৃষ্ণ এই শ্লোকে বলোছন, "সমস্ত যাজ্ঞর একমাত্র ভোক্তা হচ্ছি আমি, কারণ আমি হচ্ছি পরম প্রভু " তব্ অল-বৃদ্ধিসম্পন্ন মানুরেরা এই সত্যকে উপলব্ধি করতে না পেরে সাম্যায়ক লাভের জন্ম বিভিন্ন দেব-দেবীর উশাসনা করে। তাই, তারা সংসার সমূদ্রে পতিত হয় এবং জীবনের যথার্থ লাখে গৌছতে পারে না। কিন্তু যদি কারও জাগতিক বাসনা পূর্ণ করার অভিলাধ থাকে, তার বরং ভগবানের কাছে তা প্রার্থনা করা অধিক শ্রেম্বর (যদিও তা শুদ্ধ ভতি নক্ষ) এবং এভাবেই সে ভার বাছিত ফল লাভ করবে।

শ্লোক ২৫

ষান্তি দেবব্রতা দেবান্ পিতৃন্ যান্তি পিতৃত্রতাঃ। ভূতানি যান্তি ভূতেজ্যা যান্তি মদ্যাজিনোহপি মাম্॥ ২৫॥

যান্তি—প্রাপ্ত হন, দেবব্রতাঃ—দেবতাদের উপাসক: দেবান্—দেবতাদের, পিতৃন্—পূর্য-পূরুষদের, মান্তি—লাভ করেন, পিতৃত্রতাঃ—পিতৃপুরুষদের উপাসকগণ, ভৃতানি—ভৃত-প্রেতদের, মান্তি—লাভ করেন, ভৃতেজ্যাঃ—ভৃত-প্রেত আদির উপাসকগণ, মান্তি—লাভ করেন, মৎ—আমার, মান্তিনঃ—ভঙ্গণ, অপি—কিন্ত, মান্ত্—আমারে।

গীভার গান

ইতর দেবতা ষাজী ষায় দেবলোকে । পিতৃলোক উপাসক ষায় পিতৃলোকে ॥ ভূতপ্রেত উপাসক ভূতলোকে যায় । আমাকে ডক্তন করে আমাকেই পায় ॥ আমার পূজন হয় সকলে সম্ভব । দরিদ্র হলেও নহে অপেক্ষা বৈভব ॥

শ্ৰোক ২৬]

GCA

অনুবাদ

দেৰতাদের উপাসকেরা দেবলোক প্রাপ্ত হবেন, পিতৃপুরুষদের উপাসকেরা পিতৃলোক লাভ করেন, ভূত প্রেত আদির উপাসকেরা ভূতলোক লাভ করেন; এবং আমার উপাসকেরা আমাকেই লাভ করেন।

তাৎপর্য

যদি কোন মানুৰ চন্দ্ৰ, সূৰ্য আদি গ্ৰহলোকে যেতে চান্ত, তা হলে তার লক্ষ্য অনুসারে বিশেষ বৈদিক বিধান গালন করার ফলে দেখানে সে যেতে পারে। এই সমস্ত বিধান বেদের 'দর্শ-পৌর্নহাসী' নায়ক কর্মকণ্ডীয়া বিভাগে বিশদভাবে বর্ণনা করা হয়েছে: সেখানে স্বর্ণলোকের অধিপতি দেবতাদের উপাসনা করার বিধান দেওয়া ্সেই রক্ম বিহিত যথে অনুষ্ঠান করার ফলে পিতৃল্যেক গ্রাপ্ত হওয়া যায়। তেমনই, অবার গ্রেডপেরে গিয়ে ফক্ষ, রক্ষ অধবা পিশাচ যোলি প্রাপ্ত হওয়া ধায়। পিশাচ উপাসনাকে ভাদুবিদাা বা তিমির ইঞ্জাল বলা হয়। অনেক মানুষ আছে, যারা এই জাদুবিদারে অনুষ্ঠান করে এবং তারা মনে করে যে, এটি পার্মাণিক ১নৃষ্টান, কিন্তু প্রকৃতপক্ষে সেওলি সম্পূর্ণ জড়-রাগ্ডিক কার্যকলাপ। ক্তেমনই পরশোধন ভগবানের উপাসক শুদ্ধ ভক্ত নিঃসংগ্রহে বৈকৃষ্ঠলোক বা কুরগ্রেলাক প্রাপ্ত হন । এই গুরুত্বপূর্ণ প্লোকের মাধ্যমে এটি অভ্যন্ত সরলভাবে লুদয়াশ্রম করা যায় যে, যদি দেব-উপাসনা করার ফলে স্বর্গলোক প্রাপ্ত হওয়া যায়, পিতাদের পূজা করার ফলে পিতৃলোক প্রাপ্ত হওয়া যায় এবং পিশাচ উপাসনা করার ফালে গ্রেত্যলাক প্রাপ্ত হওয়া যায়া, তা হলে ভগবানের শুদ্ধ ভক্ত কেন কৃষ্ণজোৰ বা বিৰুদ্ধোক প্ৰাপ্ত হবেন না ? দুৰ্ভাগবেশত, অধিকাশে মানুবই শ্ৰীকৃষ্ণ এবং খ্রীবিষ্ণর এই অনুশীকিক ধাম সম্বন্ধে অবগত নয় এবং ধামতত্ব সম্বন্ধে আনভিঞ্জ হবার ফলে তাবা বাববাৰ সংসাবে পতিত হয়। এমন কি নির্বিশেষবাদীরঃ ব্রশাঞ্চোতি থেকেও অধঃপতিত হয়। তাই, কৃষ্ণভাবন্যমূত আন্দোলন সমস্ত মানক-সমাজে এই পরম কল্যাণকারী জ্ঞান মুক্ত হস্তে বিতরণ কবছে যে, কেবল হরে কৃষ্ণ মহামন্ত্র কীন্তন কবার ফলে মানুষ এই জীবন সার্থক করে ভার ধথার্থ আবাস ভগবৎ-ধামে ফিবে মেডে পারে।

শ্লোক ২৬

পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রয়ছতি। তদহং ভক্ত্যপ্রত্যসন্মামি প্রয়তাত্মনঃ ॥ ২৬ ॥ প্রম্ পরঃ পৃষ্পাম্ কুল, ফলাম্ কলঃ তোয়াম্ জল, যঃ নির্দান, মে নিমানে, ভক্তা ভক্তি সহকারে, প্রয়াহতি প্রদান করেন, তথ গ্রা, অহল আমি, ভক্তাপহতেম্ ভক্তি সহকারে নিবেদিত, অহামি গ্রহণ করি, প্রয়াভাত্ম ভক্তি প্রভাবে বিভারতিও সেই ব্যক্তির।

গীতার গান

পত্র পূত্রপ ফল জল ভক্ত মোরে দেয়।
ভক্তির কারণ সেই গ্রহণীয় হয় ॥
যত্ন করি মোর ভক্ত হাহা কিন্তু দেয়।
সন্তুষ্ট হইয়া লই ভক্তির প্রভায় ॥
নিরপেক ভক্ত ভূমি এ মোর নিশ্চয়।
কোমার যে কার্যক্রম সব ভক্তি হয়॥

অনুবাদ

যে বিশ্রন্থতিত নিষ্কাম শুক্ত ছব্জি সহকারে আমাকে পত্র, পৃষ্পা, ফল ও জল অর্পণ কয়েন, আমি কার সেই শুক্তিপ্রত উপহার প্রীক্তি সহকারে গ্রহণ করি

তাৎপর্য

বৃদ্ধিমান মানুবের পক্ষে ভগবানের অপ্রাকৃত প্রেমময় সেবায় নিয়োজিত হুয়ে কৃষ্ণভাবনাময় হওয়া আফশাক। তাব ফলে শাশত সুখের জনা চিরস্থায়ী আন-দময় ভগবং-ধাম লাভ করা যায়। এই প্রকার বিশ্বয়কর ফল লাভ করার পদ্ধতি অতান্ত সহজ এবং এমন কি অতান্ত দরিপ্রতম বান্তিও কোন রক্ষা যোগাতা ছাড়াই এর অনুশীলন কবতে পারে। এটি লাভ করার পক্ষে একমাত্র যোগাতা হুছে ভগবানের ক্ষম ভন্ত হওরা। কার কি পদমর্যাদা অথবা তার স্থিতি কি, ভাতে কিছু আসে বায় না। পহাটি এতই সহজ যে, অকৃতিম প্রেমভন্তি সহকারে এমন কি একটি পর অথবা একট জল অথবা কল পরমেশ্বর ভগবানকে অর্পণ করা যোগে পারে এবং ভগবান তা প্রহণ করে সন্তুট হবেন। তাই, কৃষ্ণভাবনাম্ত পেকে লেউট বাদ পড়তে পারে না, কারণ এটি অতি সহজস্যধ্য ও সর্বজনীন। আতাশা এটি সবল পহার ছারা সভিদানন্দময় জীবনের পরম পূর্ণতা লাভ করাতে এমন ক ন মৃচ আছে যে, সে কৃষ্ণভাবনাম্ত লাভ করতে চায় নাং কৃষ্ণ কেবল প্রেমভিতি চান, অন্য কিছু নয়। কৃষ্ণ ভার শুদ্ধ ভঙ্ক প্রেকে এমন কি একটি পারও প্রহণ

≽ম অধ্যায়

করেন তিনি অভন্তের কাছ থেকে কোন রকমের নৈবেদ্য গ্রহণ করেন না। তাঁর কাবও কাছ থেকে কোন কিছুর প্রয়োজন নেই, কারণ তিনি হচ্ছেন স্বয়ংসম্পূর্ণ। কিন্তু তবুও গীতি ও ভালবাসার বিনিময়ে তিনি তাঁর ভক্তের নৈকো গ্রহণ করেন। কৃষ্ণভাবনায় বিকাশ সাধন করাই হচ্ছে জীবনের পরম সিদ্ধি। কৃষ্ণের সামিধ্য লাভ করার একমাত্র উপায় যে ভক্তি, সেই কথাটিকে জোর দিয়ে ঘোষণা করবরে জন্য ভক্তি শদ্দি এই শ্লোকে দুইবার উপ্লেখ করা হয়েছে। তানা কোন উপায়ে, যেমন কেউ যদি ব্রাহ্মণ হয়, শিক্ষিত পশ্চিত হয়, ধন-বিভ্যালী হয় অথবা বড় দার্শনিক হয়, তবুও তারা কৃষ্ণকে কোন কিছু নৈবেদ্য গ্রহণ করাতে অনুপ্রাণিত করতে পারে না ভক্তির মৌলিক বিধান রাতীত কারও কাছ থেকে কোন কিছুই গ্রহণ করাতে ভগবানকে কেউই অনুপ্রাণিত করতে পারে না। ভক্তি হঙ্গে তার্থিক গান্তির প্রথিত করতে পারে না। ভক্তি হঙ্গে

ሲሄው

ভগবান খ্রীকৃষ্ণ পূর্বেই প্রতিপন্ন করেছেন যে, তিনিই হচ্ছেন একমাত্র ভোকা, আদিপুরুষ ও সমস্ত খ্রের পরম লক্ষা . এই শ্রোকে তিনি বলেছেন, কি ধরনের যজ্ঞ তাঁর প্রীতি উৎপাদন করে । যদি কেউ হাসমকে নির্মল করার জন্য এবং জীবনের পরম প্রয়োজন—প্রেমময়ী ভগবং-দেবা প্রাপ্ত হবার জন্য ভক্তিখ্যেগে নিয়োজিত হ্বার অভিসাধী হয়, তা হলে ওাকে স্কানতে হবে ভগবান তার কাছ থোকে কি প্রত্যাশা করেন যিনি ছীকৃষ্ণকে ভালব্যাসেন, তিনি তাঁকে কেবল সেই জিনিস্ওান্সিই অর্পণ করেন, যা তাঁর প্রিয়। তিনি কথনও অবাঞ্চিত অথবা প্রতিকৃত্য ধন্ত্ব শ্রীকৃষণকে নিবেদন করেন না তাই মাছ, মাংস, ডিম আদি কখনই শ্রীকৃষ্ণের ডোগের যোগ্য নয় যদি শ্রীকৃষ্ণ চাইতেন যে, এই সমস্ত দ্রবাগুলি তাঁকে অর্পন ধরা হোক, তা হলে তিনি সেই কথা বলতেন। কিন্তু তার পরিবর্তে তিনি বলেছেন যে, পাতা, ফল, ফুল ও জাল আদি দ্রবাই যেন কেবল তাঁকে অর্পণ করা হয়। এই প্রকার ভোগ সম্বন্ধে তিনি বলেছেন যে, "আমি সেগুলি গ্রহণ করব।" তাই, আমাদের বুঝা উচিত যে, তিনি মাছ, সাংস, ডিম আদি কবনই গ্রহণ করেন না। শাক-সবজি, অন্ন, ফল, দুধ ও জল মানুষের উপযুক্ত আহার। ভগবান শ্রীকৃষ্ণ নিজে সেই বিধান দিয়ে গেছেন। এই সমস্ত সাত্ত্বিক সামগ্রী ব্যতীত আমরা যদি অন্য কিছু আহাৰ করি, তবে তা কখনই শ্রীকৃষ্ণকে নিবেদন করে তাঁর প্রসাদরাপে প্রহণ কবা যায় না কারণ, তিনি কখনই তা গ্রহণ করেন না। অতএব, যদি আমরা মাছ, মাংস আদি নিষিদ্ধ পদার্থ ভগবানকে অর্পণ করি, ভা হলে ভা জেমময়ী ভগৰদ্যক্তির প্রতিকৃত্র আচরণ করা হবে।

চুতীয় অধ্যায়ের এরোদশ শ্লোকে ভগধান শ্রীকৃষ্ণ বর্ণনা করেছেন স. কেবলমাত্র যজাবশিষ্ট অলই হচেছ গুদ্ধ, তাই যে সমস্ত মানুষ পানমার্থিক ৬৪৫% এবং মানা বঞ্জন থেকে মুক্তিক অভিলাষী, তাদের পক্ষে এই অন্নই হচ্চে আধাৰ্য ভাবানকে উৎসর্গ না করে বারা খাদা আহার করে, ভগবান সেই একই ঝোকে বলেছেন যে, ভারা তাদের পাপ শুরুৰ করেঃ পক্ষান্তরে, তাদের প্রতিটি গ্রাম ত্রপুরক মারাজালের বন্ধনে আবন্ধ করে। কিন্তু কেউ যদি শাক-সবজির ব্যঞ্জন নানিয়ে খ্রীকৃষেত্র প্রতিকৃতি অথবা অর্চা বিগ্রহকে তা নিবেদন করে কদনাপূর্বক সেই স্মানা নৈবেদ গ্রহণ কবার প্রার্থনা করে, তবে তার জীবনে উন্তরেন্তর উন্নতি সাধিত হয়, দেহ ওদ্ধ হয় এবং মন্তিদের কোষওলি সৃদ্ধ হয়, যার ফলে পনিত্র নিমাল চিন্তা করা সম্ভব হয়। তবে সব সময় আমাদের মনে রাখতে হবে যে, এই সমস্ত ভোগ যেন প্রেমভক্তি সহকারে নিবেদন করা হয়। শ্রীকৃঞ্জ যেহেড সমস্ত সৃষ্টির সব কিছুল একমাও অধিকারী, তাই আগোনের উৎস্পীকৃত ভোগ গ্রহণ করার কোন আনশকেতা তাঁর নেই, কিন্তু তবুও আমরা যখন তাঁর স্ত্রীতি উৎপাদন করবার এন্য তাঁকে নৈবেদ। অর্পণ করি, তখন তিনি তা গ্রহণ করেন । আর ভোগ তেরি কয় এবং নিবেদন করার ওকত্বপূর্ণ বিচার হচ্ছে, তা করা উচিত দ্রীকৃষ্ণের প্রতি প্রেমভক্তি সহকারে।

নির্বিশেষবাদী দাশনিকের। যারা মোহাচ্চর হয়ে যানে করে যে, পরমাতত্ত ইন্দ্রিগবিহীন, ভগবদগীতার এই শ্লোকটি ওাদের লোধগমা হয় না। তাদের কাছে এটি কেবল রূপক অলমার মাত্র, অথবা তারা এটকে *গীতার* প্রবন্ত। শ্রীকৃষ্ণ যে একজন সাধারণ মানুষ, তার প্রমাণ বলে মনে করে ৷ কিন্তু যথার্থ সত্য হচ্ছে যে, পরক্ষের ভগবান জীকুক দিবা ইন্দ্রিয়সম্পন্ন শান্তে বলা হয়েছে যে, তাঁর প্রতিটি ইপ্রিয় অন্য সমস্ত ইঞ্জিরের কান্ত করতে সক্ষম। সেটিই হচ্ছে শ্রীকৃষ্ণকে অন্তয় প্রমতত্ত্ব বলার অর্থ। তিনি যদি ইন্দ্রিং কিহীন হতেন, তা হলে তাঁকে ষ্ট্রেন্স্মাপুর্ণ বুলা হত না সপ্তম অধায়ে শ্রীকৃষ্ণ বলেছেন যে, তিনি দৃষ্টিপাত করার মাধ্যমে ফতা প্রকৃতির গর্ভে জীবদের প্রেরণ করেন তেমনই ভোগ অর্পণ করে ডও যখন প্রেমমন্ত্রী প্রার্থনার দ্বারা ভগবানকে তা নিবেদন করেন ভগবান তখন তা শুনতে পান এবং তিনি তথন তা গ্রহণ করেন। আফানের মনে রাখা উচিড যে, তিনি হচ্ছেন পরমতন্ত্র, ডাই তাঁর শ্রবণ করা, ভোজন করা এবং স্বাদ আস্বাদন করাও মধ্যে কোনও পার্থক্য নেই। ভর্ভই কেবল ভগবান গ্রীক্ষের বর্ণনা অনুসারে ভগবানের স্বরূপ উপপত্তি করে থাকেন। অর্থাৎ, তিনি ভগবানের ধর্ণমার ক্ষমণ করেন না, তাই তিনি জানেন যে, অন্বয় পরমতত্ত্ব ভোগ আহার করেন এবং তার ফলে তিনি আনন্দ উপভোগ করেন।

শ্লোক ২৮]

শ্রোক ২৭

যৎকরোধি ফদশাসি ফজুহোধি দদাসি যং । যত্তপস্সি কৌন্তেয় তৎকুরুষু মদর্পশম্ ॥ ২৭ ॥

মং— যা, করোষি— তুমি কর, মং যা, অশাসি— তুমি খাও, মং যা, জুহোষি হোম কর, সমাসি—দান কর, মং—যা, মং—যা, তপস্যসি—তপস্য কর, কৌন্তেয়—হে কুত্তীপুত্র, তং—তা কুক্রবৃ—কর, মং—আমাকে, অর্পনম্—সমর্পণ।

গীতার গান

অতএব কর যাহা ডোগ যন্ত তপ । অর্পণ করহ তুমি আমাকে সে সব 🏾

অনুবাদ

হে কৌন্তেয়। তুমি খা অনুষ্ঠান কর, যা আহার কর, যা হোম কর, যা দান কর এখং যে তপস্যা কর, সেই সমস্তই আমাকে সমর্পণ কর।

ভাৎপর্য

প্রতিটি মানুষেরই প্রধান কর্তবা হচেছ, তার জীকনকে এফনভাবে গড়ে ভোলা যাতে কোন অবস্থাতেই সে ত্রীকৃষ্ণকে ভূগে না যায়। দেহ ও আধাকে একই সঙ্গে মধ্যেয়ভাবে সংরক্ষণ করার জন্য সকলকেই কর্ম করতে হয়। তাই প্রীকৃষ্ণ এখানে আদেশ দিয়েছেন, সমস্ত কর্ম থেন কেবল তার জনাই করা হয়। জীবন ধারণের প্রনা সকলকেই কিছু আহার করতে হয়, অতএব সমস্ত খাদারবা প্রীকৃষ্ণকে নিবেদন করে তার প্রসাদ গ্রহণ করা উচিত। প্রভাকে সভা মানুষেরই কিছু ধর্মীয় আচার অনুজান করতে হয়, অতএব প্রীকৃষ্ণ আদেশ দিয়েছেন, "এই সব কিছুই আমার জন্য কর," এবং একে বলা হয় অচন সকলেবই কিছু না কিছু দান করার প্রবৃত্তি আছে, প্রীকৃষ্ণ তাই বলেছেন "আমাকে দান কর।" এর তাৎপর্য হাছে যে, সমস্ত সঞ্চিত থান ক্ষান্তবানামৃত আন্দোলনের প্রসারের জনা উৎসর্গ করা উচিত আজকাল ধানযোগ পদ্ধতিব প্রতি মানুষের অভিকৃষ্টি উপ্রবাহের বেডে চলেছে। কিন্তু এই যুগের পক্ষে তা বান্তবসম্প্রত নয়। কিন্তু যে মানুষ জলমালার হরে কৃষ্ণ মহামন্ত্র জল করতে করতে চরিশ দণ্টা প্রীকৃষ্ণের ধানে নিমপ্র থাকার অভাস করেন, তিনি নিশ্চিতকাপে পরম যোগী। সেই কথা ভগবদ্বীতার বন্ধ অধ্যায়ে প্রতিপন্ন করা হয়েছে।

শ্লোক ২৮

ওভাওভফলৈরেবং মোক্ষ্যসে কর্মবন্ধনৈঃ। সন্ন্যাসযোগযুক্তাত্মা বিমুক্তো মামুপৈষ্যসি ॥ ২৮ ॥

শুভ--সঙ্গলজনক, অশুভ- অনুসলজনক, ফলৈ:--ফলনিশিন্ধ, এবম এভাবে, মোক্ষাসে--মুক্ত হবে, কর্ম--কর্ম, বন্ধনৈ:--বন্ধন হতে, সন্ন্যাস -স্প্রাস, যোগ---যোগ, বৃক্তাব্যা---যুক্তচিত, বিমৃক্ত:--মুক্ত, মাম্ --আমাকে: উপৈয়সি - প্রাপ্ত হবে

গীতার গান

শুভাণ্ড ফল যাহা হয় তাহা দ্বারা ।
তাহার বন্ধন হতে মুক্ত তুমি সারা ॥
'
সেই সে সন্ন্যাসযোগ করিতে যুয়ার ।
যাহার ফলেতে লোক মোরে প্রাপ্ত হয় ॥

অনুবাদ

এভাবেই আমাতে সমস্ত কর্ম অর্পন দ্বারা শুভ ও অণ্ডত ফলবিশিস্ট কর্মের বন্ধন থেকে মৃক্ত হবে। এভাবেই সন্ন্যাস খোলে যুক্ত হয়ে ভূমি মৃক্ত হবে এবং আমাকেই প্রাপ্ত হবে।

ভাৎপর্য

যিনি গুরুদেবের নির্দেশে কৃষ্ণভাবনাময় কর্মের অনুষ্ঠান করেন, তাঁকে সুক্ত বলা হয়। একে পরিভাষায় বলা হয় যুক্তবৈরাগা' নীম রূপ গোস্বামীপাদ এই অবস্থাকে বিশ্বদভাবে ব্যাখ্যা করেছেন এভাবে—

> खनामक्रमा विवसान् यथार्रभूभगृक्षकः । निर्वत्रः कृष्णमञ्जलः युक्तः विज्ञागासूठाएक ॥

> > (छः सः मिः पूर्व २/२००)

শ্রীল রূপ গোস্থামী বলেছেন থে, যতক্ষণ আমরা এই সংসারে আছি, ততক্ষণ আমানের কর্ম করতেই হতে, আমরা কখনই কাজ না করে থাকতে পানি না তাই, আমরা বনি কর্ম করে তার ফল শ্রীকৃষ্ণকে অর্পণ করি, তখন তাকে বলা হয় 'বৃক্তবিবাগা'। এই সন্ন্যাস ব্যোগযুক্ত জিয়া চিত্তকপী দর্পণকে পরিমার্জিত করে **@98**

প্লোক ২১]

এবং তাব জলে অনুশীলনকাৰী ক্রমশ পাৰমাধিক উপলব্ধিতে উন্নতি সাধন করেন এবং তখন তিনি পূর্ণরাপে প্রম পুরুষোভম ভগনানের শরপাগত হন। সূত্রাং অবশ্যে তিনি বিশিষ্ট মুক্তি লাভ করেন। এই মুক্তির ফলে তিনি রুখাজোতিতে বিলীম হয়ে যান না, পকাতরে তিনি পরমেশ্বর ভগনানের যামে প্রবেশ করেন।

ভগবাম এখানে স্পন্তই বলেছেন মানুগ্রেমাদি—"সে আমাব কাছে চলে আসে," অর্থাৎ সে তার যথার্থ আবাস ভগবৎ-ধামে ফিরে নায়। মুক্তি পাঁচ প্রকারের হয়।

এবং এখানে বিশেষভাবে বলা হয়েছে যে, সারা জীবন ভগবং-আজা পালনকারী ভঞ্জ এমন পর্যানে উন্নীত হন, যেখান থেকে তিনি দেহত্যাগ করার পরে ভগবং-

ধামে প্রবিষ্ট হয়ে প্রত্যক্ষভাবে ভগবানের সঙ্গ লাভ করতে পারেন।

জননা ভক্তি সহকারে যিনি ভগবানের সেবায় নিজের জীবন সমর্পণ করেছেন, তিনি মথার্থ সয়াাসী এই ধরনের মানুষ নিজেকে ওগবানের নিজ্ঞাস বলে মনে করেন এবং সর্বদাহি ভগবং-সংক্রে আগ্রিভ থাকেন। তাই, তিনি যে কাজই হরেন, তা কেবল ভগবানের সঞ্জয়ি বিধানের জনাই করেন। এই, হার প্রত্যেকটি ক্রিয়াকলাপ ভগবং সেবাময় হয়ে ওঠে তিনি বেদ বিহিত সকাম কর্ম এবং হার্মের প্রতি কোন হারুত্ব দেন না সাধারণ মানুধের জনাই কেবল বৈদিক সমর্মের আচরণ করা বাধাতামূলত কিন্তু পূর্ণকর্মের ভগবানের সেবায় নিযুক্ত ওজ ভক্ত করনও কথনও বৈদিক বিধানের বিপরীত আচরণ করেন বালে মানু হয়, প্রকৃতপক্ষে তা নয়

তাই, বৈধাৰ আচার্যের। বলে গেছেন যে, এমন কি অতি বুজিমান লোকও ভদ্ধ ভাত্তের পরিকল্পনা ও জিয়াকর্ম কুবাতে পাকে না, এনিকল কথাটি হচ্ছে— ভার ধাকা জিন্যা, মুদ্রা বিজ্ঞাহ না কুবায় (চৈতনা-চরিভাম্ভ, মধা ২০/০১) এভাবেই যে মানুষ ভগবানের সেবায় নিভাম্ভ অথবা ভগবানের চিন্তায় এবং ভগবানের সেবা-সংক্রমে নিভা মথা খাকেন, ভাত্তে মনে করতে হবে তিনি ধর্তমানে সর্বাভাগ্রে মৃক্ত এবং ভবিষাতে তিনি যে ভগবং-ধামে কিরে যাবেন, সেই সম্বন্ধে সুনিশ্চিত তিনিও শ্রীকৃষ্ণের মতো দব বক্ষম জাগতিক সমালোচনাব অতীত।

শ্লোক ২৯

সমোহহং সর্বভূতেষু ন মে ছেব্যোহস্তি ন প্রিয়ঃ । যে ভজস্তি তু মাং ভক্তা ময়ি তে তেষু চাপ্যহম্ ॥ ২৯ ॥ সমঃ—সমভাবাপর, অহম্ আমি, সর্বভূতেমু—সমস্ত জীবের প্রতি, ন কায়। মে আমাব, ছেব্যঃ—বিষেষ ভাবাপর, অস্তি—হয়, ক কায়, প্রিয়ঃ প্রিম, ছেব মারা, ভজন্তি—ভজনা করেন, ভু কিন্তু, মামু—আমাকে, ভজ্ঞাা ভজ্ঞিব গালা, মমি আমাতে, তে—তাবা, তেমু তাদের, চ —৫, অপি—অবশাই, অহম্——আমি

গীতার গান

আমি ড' সকল ভূতে দেখি সমতাব।
নহে কেই প্রিয় মোর বেষ্য বা প্রভাব ।
কিন্তু সেই ভজে মোরে ভক্তিযুক্ত ইই।
সে আমতে আমি তাতে আসক্ত যে রই ॥

অনুবাদ

আমি সকলের প্রতি সমন্তাবাপর। কেউই আমার বিষেষ ভারাপর নয় এবং প্রিয়ও নয়। কিন্তু গাঁরা ভক্তিপূর্বক আমাকে ভজনা করেন, তাঁরা আমাতে অবস্থান করেন এবং আমিও তাঁদের মধ্যে বাস করি

ভাৎপর্য

এখানে প্রশা উঠতে পারে যে, জীকৃষ্ণ যদি প্রতিটি জীবের প্রতিই সমভাবাপন হন এবং কেউই যদি তার বিশেষ প্রিয় না হয়, তা হলে তিনি তার দেশায় নিতাযুক্ত জননা ভক্তের প্রতি কেন বিশেষভাবে জনুবক্ত । কিন্তু প্রকৃতপক্ষে তাতে কোন ভেদভাব দেই, উপরস্থ এটিই স্বাভাবিক। এই জড় জগতে কোন মানুষ মহাদানী হতে পারে, তবুও সে তার নিজের সন্তানদের প্রতি বিশেষভাবে অনুরক্ত ভগবান দানি করছেন যে, প্রতিটি জীবই তার সন্তান, তা সে যে যোনিতেই জন্ম প্রহণ করক। তাই, তিনি সমস্ত প্রাণীর জীবনের সব রকম প্রয়োজন উদাবভাবে পূর্ণ করেন। পাষাণ, স্থল ও জলে কোন বকম ভেদবৃদ্ধি না করে মেঘ যেমন সর্বাই সমানভাবে বর্ষণ করে, ভগবানের কর্ষণাও তেমনই সকলের উপর সমভাবে বর্ষিও হয়। কিন্তু তার ভক্তের কেরে তিনি বিশেষ মনোযোগ প্রদান করেন। এই ধনানে ভঞ্জের কথা এখানে কর্ননা করা হয়েছে—তারা কৃষ্ণভাবনার নিয়তই মন্যা, ওাই তারা সর্বাই কৃষ্ণভাবনা হয়ে অপ্রাকৃত স্তরে স্থিত থাকেন 'কৃষ্ণভাবনা' এই শান্ধটির জভিবান্তি এই যে, এই প্রকার চেতনা সম্পন্ন মানুষ প্রীভগবানের মধ্যে। শ্বিও জীবন্মুক্ত যোগী। ভগবান প্রথানে স্বাইভাবে বলেছেন, মন্নি তে— "এবা প্রামান্ত

৫৬৬

স্থিত " স্বভারতই ভগবানও তাঁদের মধ্যে স্থিত থাকেন। এই সম্পর্ক গরস্পর সম্বন্ধগুৰু: এটিকে ব্যাখ্যা কৰা যায় এভাবেও, যে যথা মাং প্ৰপদন্তে তাংপ্ৰথৈব ভজামার্ম—"আমার পতি শবণাগতিব মাত্রা অনুসারে আমি তার তত্ত্বাধধনে করি।" এই অপ্রাকৃত বিনিময় বর্তমান, কারণ ভগবান ও ভক্তবৃন্ধ উভয়োই ভৈতন্যময়। একটি সোনার আংটিতে গখন হীবে নসালো হয়, তখন সেটি দেখতে অতি সুন্দর লাগে। একরিত হবার ফলে সোনা ও হীরে উভয়েরই শোভা বর্ষিত হয়। ভগবান ও জীব মিত্যকাল প্রভাযুক্ত জীব যখন ভগবৎ সেবায় ঔদ্বৰ্থ হয়, তখন সে সোমার মতো উজ্জ্বল হয়ে ওঠে ভগবান হচ্ছেন হীরে এবং তাই এই দুইয়োর সময়য় অত্যপ্ত সন্দর । শুদ্ধ অন্তঃধারণ-বিশিষ্ট জীবকে বলা হয় ভক্ত। পরমেশ্বর ভগবানও আবার তার ভারের হস্তে হয়ে যান ভক্ত ও ভগবানের মধ্যে যদি अहे विशिधासन मध्यक्ष ना शाक्क, का काल अवित्मय मर्गानत व्यक्षिक्ष थाक ना। নিবিশৈষবাদে প্রমত্ত্ব ও জীবের মধ্যে কোনও বিনিময় ২য় না, কিন্তু স্বিশেষবাদে অবশাই তা হয়

এই উদাহরণটির প্রায়ই অবভারণা করা হয় যে, ভগবাদ কমনুঞ্চের মতো এবং এই কল্পবৃক্ষ থেকে যে যা চায়, ভগবান তাই দান করেন। কিন্তু এখানকার ব্যাখ্যাটি আরও পূর্ণাঙ্ক। এখানে ভগবানকৈ তাঁর ভক্তের প্রতি বিশেষভাবে পক্ষপাতী বলা হয়েছে এটি ভঞ্জনের প্রতি ভগবানের বিশেষ কুপার অভিনাজি। ভক্ত ও ছগুৰানের এই ভাব বিনিময়কে কর্মফলের অধীন বলে মনে করা উচিত নয়। সেটি দিবাশুরে অবস্থিত, মেখানে ভগবান ও তাঁর ভজেনা নিতা ক্রিয়াশীল। ভগবস্তুজি এই ভাড় জগতের গ্রিয়া নাঃ তা চিমায় জগতের ক্রিয়াকলাপ, যেখানে সচিসনন্দময় দিরা ভবিষয়স বিরাজ্ঞ করে।

(到本 40

অপি চেৎ সূদ্রাচারো ভজতে সামনন্যভাক্ ৷ সাধুৰেৰ স মন্তব্যঃ সমাগ ব্যবসিতো হি সঃ ॥ ৩০ ॥

অপি এমন কি, চেৎ— যদি, সুদুরাচারঃ—অত্যন্ত দুরাচারী কান্তি, ভজতে—ভজনা করেন, মাম্—আমাকে, অননাভাক্—অননা ভণ্ডি সংকারে; সাধুঃ—সাধু এব— অবশ্যই, সঃ তিনি, মন্তব্যঃ—মনে করা উচিত, সম্যুক্ পূর্ণরাপে, বাবসিতঃ— দৃঢ়ভাবে অবস্থিত, হি -অবশাই, সঃ—তিনি।

গীতার গান

রাজওহা যোগ

অনন্য যে ভক্ত যদি কড় দুরাচার ৷ ভজন করয়ে মোরে একনিষ্ঠতার ॥ সে সাধু মন্তব্য হয় সমাগ্ ব্যবসিত ! দোষ ভার কিছু নয় সে যে দঢ়ব্রত ।।

অনুবাদ

অতি দুরাচারী ব্যক্তিও বদি জননা ভক্তি সহকারে আমাকে ডজনা করেন, তাকে সাখু বলে মনে করবে, কারণ তাঁর দৃড় সংকল্পে তিনি যথার্থ মার্গে অবস্থিত।

ভাহপর্য

এই স্লোকে সুদ্রাচারঃ শৃন্দটি অভান্ত ভাৎপর্যপূর্ণ এবং এর যথার্থ ভার্থ উপলব্ধি করা কর্তন্য। বন্ধ জীবের ক্রিয়া পৃথ রকমের—মৈমিন্তিক ও নিজা। দেহরক্ষা অপবা সমাজ ও রাষ্ট্রের বিধান পালনের জন্য বিভিন্ন কর্ম করা হয় বন্ধ জীবনে ভক্তরেও এই ধরনের কার্য করতে হয়। এই প্রকার কার্যকলাপকে ^{বলা} হয় নৈমিত্তিক। এ ছাড়া, যে জীব ভার চিন্মায় স্বরূপ সমুদ্ধে সম্পর্ণরূপে সচেতন এবং দিনি কৃষ্ণভাবনায় অথবা ভগবস্তুভিতে নিয়োজিত, তাঁর কার্যকলাপকে বলা হয় অপ্রাক্ত। তার চিথায় মুরুপে এই প্রকার কার্যকলাপ অনুষ্ঠিত হয় এবং পরিভাষায় সেওলিকে বলা হয় ভগবস্থতি। এখন বদ্ধ অবস্থার কথনও কখনও ভগবং-দেবা এবং দেহ সম্বন্ধীয় কর্ম একই সঙ্গে সমান্তবালভাবে সম্পাদিত হতে পাকে। কিন্তু তাবপর আধার, কখনও কখনও এই দুই ধরনের ক্রিয়াম পর^{স্পর} বিরোধন উৎপন্ন হতে পারে। ভক্ত সাধারণত যথাসম্ভব সতর্কতা অবলাধন করেন, ষাতে তিনি এমন কোন কাজ ন। করেন যার ফলে তার ভগবং-সেবা বাধা প্রাপ্ত হতে পারে। তিনি জানেন যে, কফভাবনায় উত্তরোক্তর অগ্রগতির উপস্থ তাঁর সমস্ত ক্রিয়াকলাপের সফলতা নির্ভর করছে। কিন্তু তা সন্ত্রেও কখনও কখনও দেখা यात्र (य. कृषक्कावना शतात्रप मानुष अमन काक कर्त् वर्त्यन, या समाजा-वावस ७ বাজনীতির পরিপ্রেক্ষিতে অভান্ত ঘর্ষিত বলে মনে হয় - কিন্তু এই প্রকাশ ক্ষণিক পতন হওয়া সত্ত্বেও তিনি ভক্তিযোগের অযোগ্য হন না*ে শ্রীমন্তাগবড়ে শ*লা হয়েছে যে, অনন্ভোবে ভগবঙ্কি পরায়ণ মানুষ যদি পতিতথ হন, তা হলে অন্তর্যাসী ভগবান শ্রীহরি তাঁকে নির্মল করে পাপমুক্ত করে দেন মায়ার মেতম্যী প্রভাব এতই প্রবল যে এমন কি পূর্ণরূপে ভগবম্বজিনিষ্ঠ যোগীত কমান্ত কমান্ত

শ্লোক ভ১ী

৫৬৮

তার ফাঁদে পতিত হন, কিন্তু কৃষ্ণভাবনা এত অধিক শক্তিসম্পন্ন যে, ধার কলে এই ধবনের আকস্মিক পতন তৎক্ষণাং পবিশোধিত হয়ে যায়। তাই, ভগবছজির পদ্মা সর্বদা সাফল্য অর্জন করে। যদি ভক্ত অকস্মাৎ আদর্শ ভাগবত পথ থেকে চুতি হন, তা হলেও তাঁকে উপহাস করা উচিত নয়, যে কথা পরবর্তী শ্লোকে ম্পন্টভাবে বলা হয়েছে, পূর্ণভাবে কৃষ্ণভাবনায় তাবিত হলে ভক্তের এই আকস্মিক পত্রন মথাসময়ে বন্ধ হয়ে ধায়

অতএব যে মানুয কৃষ্ণভাবনার স্থিত হয়ে সৃদৃচ বিশ্বাসের সঙ্গে হরে কৃষ্ণ হরে কৃষ্ণ হরে কৃষ্ণ হরে হরে / হরে রাম হরে রাম রাম রাম হরে হরে —এই মহামান্ত লগ করেন, তিনি যদি ঘটনান্তামে অথবা অকস্মাৎ অধঃপতিত হন, তবুও তিনি এপ্রাকৃত প্রবে অধিষ্ঠিত আছেন বলেই মনে করা উচিত। এই সখ্যে সাধুবেব (তিনি সাধু) কথাটির উপর জোর দেওয়া হয়েছে। এর দ্বারা অভক্তদের সাবধান করে দেওয়া হয়েছে যে, আকল্মিক পতন হওয়র জনা ভক্তকে উপহাস করা উচিত ময়, বরং তাঁকে সাধু বলেই মানা করা উচিত। তা ছড়ো মধ্যাং শক্টি থারও বেশি ক্লোরাসো এই ক্লোকের বিধান না মেনে যদি আক্ষিকভাবে পতিত ভক্তকে উপহাস করা হয়, তা হলে তা ভগবানের আজ্ঞার অধ্যান করা হবে। ভগবান্তাম করা হয়, তা হলে তা ভগবানের আজ্ঞার অধ্যান করা হবে। ভগবান্তাম একমান্ত যোগাতা হছে, অহৈতুকী ও অপ্রতিহতাভাবে ভগবাং সেবার নির্যান্তিত থাকা

নুসিংহ পুরাণে বর্ণিত আছে—

ভগবতি চ হরাধননাচেতা
ভূশমানিনোহণি বিরাজতে মনুষা: ।
ন হি শশকলুবজবিঃ কদাচিৎ
তিমিরপরাভবতাম্ উপৈতি চক্কঃ ॥

এর অর্থ হছে, কেউ সম্পূর্ণকাপে ভগবস্থকিতে রত থাকলেও কখনও কখনও তাকে হীম কর্মে নিয়োজিত দেখা যায়, এই ক্রিয়াকলাপতলিকে চাঁদের কলাইর মতো মনে কবতে হবে। এই প্রকার কলম্ভ চন্দ্রের আলো বিকিবণের বাধাসকাপ হয় না। তেমনই সংপথ থেকে ভাক্তের আকস্মিক পতন তাঁকে পাপারায় পরিণত করে না

ভা বলে এটি কখনও মনে করা উচিত নয় যে, অপ্রাকৃত ভগবৎ পনায়ণ ভত সব রকম নিন্দনীয় কর্মে প্রবৃত্ত হতে পারেন। এই প্লোকে কেবল বিষয় সংসর্গ-জনিত দুর্ঘটনার কথাই বলা হয়েছে। ভগবছন্তি কস্ততপক্ষে মায়ার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করার সামিল। ভক্ত ধতক্ষণ পর্যন্ত না সায়ার সঙ্গে যুদ্ধ করতে সমর্থ হছে, ততক্রণ এই ধরনের দুর্ঘটনা-জনিত অধঃপতন হতে পারে কিন্তু পূর্ণেই বলা হয়েছে, পূর্ণরূপে শক্তিশালী হওয়ার পরে তাঁর আর কখনও পতন হয় না এই প্লোকের দোহাই দিয়ে পাপাচারে প্রবৃত্ত হয়ে নিজেকে ভক্ত বলে মনে কব কথনই উচিত নর। ভগবস্তুক্তি সাধন করার পরেও যদি চরিত্র ওজ না ২য়, তা হলে বুবতে হবে যে, সে উত্তম ভক্ত নয়।

শ্লোক ৩১

ক্ষিপ্ৰং ভবতি ধৰ্মাত্মা শশ্বচ্ছান্তিং নিগচ্ছতি। কৌন্তেয় প্ৰতিজ্ঞানীহি ন মে ভক্তঃ প্ৰণশ্যতি॥ ৩১॥

দিশ্রম—আঁত দাঁত, ভবতি—হন, ধর্মাত্মা—ধার্মিক, দান্ধং—নিতা, শান্তিম্— শাধি, নিগছতি—প্রাপ্ত হন, কৌন্তেয়—হে কুটীপুত, প্রতিজ্ঞানীহি—ঘোষণা কন, ন না; মে—আমার, ভক্তঃ—ভক্ত, প্রণশ্যতি—হিনাপ প্রাপ্ত হন।

গীতার গান

অতিশীয় যাবে সেই ভাব দুরাচার । ধর্মভাব হবে ভার ভক্তিতে আমার ॥ হে কৌত্তের। প্রতিজ্ঞা এ ওনহ আমার । আমার বে ভক্ত হয় নাশ নাহি ভার ॥

অনুবাদ

তিনি শীয়ই ধর্মারায় পরিপত হন এবং নিজ্য শান্তি লাভ করেন। হে নৌখ্যো ভূমি দীপ্ত কণ্ঠে ঘোষণা কর যে, আমার ভক্ত কখনও বিনষ্ট হন না।

ভাৎপর্য

ভগবানের এই উক্তির ভ্রান্ত অর্থ করা উচিত নর। সপ্তম অধ্যায়ে তগবান বলেছেন যে, অসৎ কমে লিপ্ত মানুষেরা কখনই ভার ভক্ত হতে পারে না। যে ভগবানের ভক্ত নয়, তার কোনই সদ্পুণ নেই। তাই এখানে প্রশ্ন হতে পারে যে, তা হলে স্বেছার অথবা দুর্ঘটনক্রমে পাপকর্মে প্রবৃত্ত মানুষ কিতাবে তদ্ধ ভক্ত হতে পারে। এই ধরনের প্রশ্নের উবাপন ন্যায়সঙ্গত। সপ্তম অধ্যায় অনুসারে, যে দুদ্ভকারী। সর্বদাই ভগবস্তুক্তি থেকে বিমূব থাকে, তার কোনই সদ্পুণ নেই। সেই কথা opp

শীমন্তাগবতেও বলা হয়েছে। সাধারণত, নথা ভক্তি আচরণকারী ভক্ত সমস্ত জাগতিক কলুই থেকে হৃদয়কে নির্মল করতে প্রবৃত্ত থাকেন। তিনি পরম পুরুষাত্তম ভগবানকৈ তার হৃদয়ে অধিন্তিত করেন, তাই সভোবিকভাবে ওার হৃদয় সমস্ত কলুই থেকে মুক্ত হয় নিবন্তর ভগবং চিন্তা করার প্রভাবে যাভাবিকভাবেই তিনি গুল্প হন। উল্লভ স্তর থেকে এই হলে অন্তঃকরণ ভদ্ধ করার ক্রন্য প্রযাশিত করার বিধান থেদে আছে কিন্তু এখানে সে বকম প্রায়শ্চিত করার কোন বিধান দেওয়া হলনি, কারণ নিরন্তর পরম পুরুষোত্তম ভগবানের চিন্তা করার ফলে ভতের ধদায় আপনা থেকেই নির্মল হয়ে যায়। তাই, নিরন্তর হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ হরে হরে বিরুষ করা উচিত। তার ফলে ভক্ত সর রক্তম আকশ্যিক গভন থেকে কক্ষা পান। এভাবেই তিনি

শ্লোক ৩২

সং ব্ৰুম ঋণ্ড কলুৰ খেকে সৰ্বদাই মৃক্ত থাকেন।

মাং হি পার্থ ব্যপান্তিতা যেহপি সূয় পাপযোনরঃ। দ্রিয়ো বৈশ্যান্তথা শূদ্রান্তেহপি যান্তি পরাং গতিম্ ॥ ৩২ ॥

মাম্—আমাকে, হি—এবশাই, পার্থ—হে পৃথাপুত্র; বাপাপ্রিত্য—বিশেষভাবে আজ্রা করে: যে—যারা, অপি—ও, স্যু:—হয়, পাপযোলাঃ—নীচকুলে জাত, ব্রিঞ্য:— স্ত্রী, বৈশাঃ—বৈশা, তথা—এবং, শৃদ্রাঃ—শৃত্র, তে অপি—ভারাও, যান্তি—লাভ করে, পরাম্—পরম; গতিম্—গতি

গীতার গান

আমাকে আশ্রেয় করি যেবা পাপযোনি। ক্লেচ্ছাদি যখন কিংবা কেশ্যা মধ্যে গণি॥ কিংবা বৈশ্য শৃদ্ধ ধদি আমার আশ্রয়। পাইবে বৈকুণ্ঠগতি জানিহ নিশ্চয়॥

অনুবাদ

হে পার্থ। যারা আমাকে বিশেষভাবে আশ্রয় করে, ভারা খ্রী, ক্রো, শৃদ্র আদি নীচকুলে জাত হলেও অবিলয়ে পরাগতি লাভ করে।

তাৎপর্য

এই শ্লোকে প্রমেশ্ব ভগবান স্পষ্টভাবে ঘোষণা করছেন যে, ডাভিনোগে সকলেরই সমান অধিকার, এতে কোন জাতি-কুল আদির ভেদাভেদ দেই - জভ জাগতিক জীবন ধারায় এই প্রকার ভেদাভেদ আছে, কিন্তু পরমেশ্বর ভগবারেন প্রতি অপ্রাক্ত সেবায় নিয়োজিত ব্যক্তির কাছে তা নেই পরম লক্ষ্যে এগিয়ে যাবার অধিকার প্রত্যোকরও আছে। শ্রীমস্তাগবতে (২.৪.১৮) বলা হয়েছে যে, এমন কি অভ্যন্ত অধম খোনিজাত কুজুরনুভাজী চণ্ডাদ পর্যন্ত গুদ্ধ ভাক্তের সংসাণে ওন্ধ হতে পারে। সুতরাং, ভগবন্থতি ও ওদ্ধ ভণ্ণের পর্থানদেশ এতই শক্তিসম্পন্ন। যে, ভাতে উচ্চ-নীচ জাতিভেদ দেই, যে কেউ তা গ্রহণ করতে পারে সবর্চেয়ে নগণা মানুষও যদি ৬% ভাঙের আত্রয় গ্রহণ করে, তা হলে বথায়থ পথনির্দেশের মাধ্যমে সেও অচিরে ৬% ২তে পারে। প্রকৃতির বিভিন্ন গুণ অনুসারে মানুষকে চার ভাগে ভাগ করা ইয়েছে—সত্তপ্তণ-বিশিষ্ট প্রাঞ্চণ, র্জোওণ-বিশিষ্ট ক্ষত্রিয় (শাসক), রঞ্জ ও ত্যোওণ-বিশিষ্ট বৈশঃ (বণিক) এবং অমোওণ-বিশিষ্ট শুস্ত (শ্রমিক)। তাদের থেকে অধ্য মানুষকে পাপ্রোনিভূক চণ্ডাস বলা হয় সাধারণত, উচ্চকুনো হও ফানুষেরা এই সমগু পাপুমোনিভুক্ত ভীবকে অম্পূর্শা, বলে দুরে ঠেলে দেন। কিন্তু ভগ্নস্থাক্রির পথা এতই ক্ষমতাসম্পন্ন যে, ভগনানের শুদ্ধ ভক্ত নীচবর্ণের মানুষদেরও মানব-জীবনের পরম সিদ্ধি প্রদান কবতে সক্ষম। এটি সম্ভব হয় কেবল ভগবান শ্রীকৃষ্ণের শরণাগত হওয়ার ফলে বাপাঞ্জিতা শব্দটির দ্বারা এখানে তা নির্দেশিত হরোছে, তাই সর্বতোভাবে শ্রীকুমেন শরণাগত হওয়া উচিত। যিনি তা করেন, তিনি মহাজ্ঞানী এবং যোগীদের চেয়েও অধিক টোরবাধিত হন।

শ্লোক ৩৩

কিং পুনর্রাহ্মণাঃ পুণ্যা ভক্তা রাজর্ষয়ন্তথা । অনিত্যমসুখং লোকমিমং প্রাপ্য ভজস্ব মাম্ ॥ ৩৩ ॥

কিম্—কি, পুনঃ— পুনবায়- ব্রাহ্মগাঃ ব্রাহ্মগোরা পুণাঃ— পুণাবান, উজ্ঞাঃ— উল্লেখ্য; ব্রাহ্মগ্রহঃ ব্যাহ্মগিয়া তথা ও অনিত্যম—অনিতা, অসুথম্— দুঃখমন, ব্যোক্ষ্— লোক; ইম্ম্—এই, প্রাণ্য—লাভ করে; ডগুস্বা ভজনা কর, মাম্— আমাকে।

গীতার গান

ব্রাহ্মণ ক্ষত্রিয় ষারা তাদের কি কথা।
পুণাবান হয় তারা জানিবে সর্বথা ॥
অতএব এ অনিত্য সংসারে অ্যাসিয়া।
ভজন করহ মোর নিশ্চিত্তে বসিয়া॥

অনুবাদ

পূণ্যবান ব্রাহ্মণ, ভক্ত ও রাক্ষর্যিদের আর কি কথা ? তাঁরা আমাকে আশ্রর করকে নিশ্চরাই পরাগতি লাভ করবেন অতএব, তুমি এই অনিতা পৃংখমর মর্ত্যকোক লাভ করে আমাকে ভজনা করঃ

ভাৎপর্য

এই ভাগতে বিভিন্ন শ্রেণীর মানুষ আছে, কিন্তু শেষ পর্যন্ত এই ভাগৎ কারও জন্যই সুথদায়ক নয় এখালে স্পষ্টভাবে বলা ২মেছে, অনিতামসুখং লোকম্—এই জগৎ অনিতা ও দৃঃখময় এবং কোন সুস্থ মন্তিম-সম্পন্ন ওতালাকের বসবাসের উপযুক্ত জায়গা এটি নয় পরম পুরুয়োন্তম ভগবান এই জগৎকে অনিতা ও দৃঃখময় বলে বর্ণনা করেছেন। কিন্তু কিছু কিছু দার্শনিকেরা, কিশেন করে আন-বৃদ্ধিসম্পন্ন মারানাদী দার্শনিকেরা বলে যে, এই জগৎ মিগা। কিন্তু ভগবদ্গীতা থেকে আমরা জানতে পারি যে, এই জগৎ মিথা। নয়, তবে এই জগৎ হচ্ছে অনিতা। অনিতা ও মিথার মাধ্য পার্থকা আছে এই জগৎ অনিতা, কিন্তু আর একটি জগৎ আছে, যা নিতা শান্তত এই জগৎ দৃঃখময়, কিন্তু আর একটি জগৎ আছে যা নিতা ও আমন্দময়

অর্ভুন বাহুর্যিকূলে জন্মগ্রহণ করেছিলেন তাঁকেও ভগবান বলেছেন, "আমাকে ভিজি কন এবং শীঘুই ভগবৎ বামে কিরে এস।" এই দুঃখময় অনিত্য ভগতে কারওই পড়ে থাকা উচিত নয় সকলেরই কঠেন হচ্ছে পরম পুক্রোন্তম ভগবানের প্রতি আসক্ত হয়ে তাঁর কাছে ফিরে গিয়ে শাশত সুখ লাভ করা। ভগবন্থভিই হছে সকল শ্রেণীর মানুষের সব রক্তম দুঃখ দ্ব করার একমাত্র উপার। তাই, প্রতোক মানুষের কতবা হচ্ছে কৃষ্ণভাবনামৃত গ্রহণ করে তার জীবন সার্থক করে তোলা

শ্লোক ৩৪

মন্দ্রনা ভব মন্তকো মদ্যাজী মাং নমস্কুক ৷ মামেবৈযাসি যুক্তৈবমালানং মৎপরায়ণঃ ॥ ৩৪ ॥

মথানাঃ—মদ্গত চিত্ত; ভব—হও; মৎ—আমার; ভক্তঃ—জক্ত; মৎ—আমান যাজী পূজাপরায়ণ, মাম—আন্তেক, নমস্কুজ—সমস্তার কর, মাম্ আমাকে, এব—সম্পূর্ণকাপে, এব্যক্তি—পাপ্ত হরে, মৃটুক্তুবম—এভাবে আভিনিবিট হয়ে, আমানম্—তোমার আগ্রা, মৎপরায়ণঃ—মৎপরায়ণ হয়ে

গীতার গান

মশ্বনা মন্তক্ত মোর শুজন পৃজন ।
আমাকে প্রণাম তুমি কর সর্বক্ষণ ॥
মৎপর হয়ে তুমি নিজ কার্য কর ।
অবশ্য পাইবে মোরে জান ইহা কর ॥

অনুবাদ

তোমার সনকে আমার স্থাবনায় নিযুক্ত কর, আমার ডক্ত হও, আমাকে প্রণাম কর এবং আমার পূজা কর। এভাবেই মংপরায়ণ হয়ে সম্পূর্ণরূপে আমাতে অভিনিবিষ্ট হলে, দিঃসন্দেহে ভূমি আমাকে সান্ত করবে

ভাৎপর্য

এই শ্লেকটিতে স্পর্টভাবে বলা হয়েছে যে, কৃষ্ণভাবনার অমৃত্রই হল্পে এই দৃষিত ভগতেব বদন থেকে দৃত্তি লাভ করাব একমাত্র উপায় । যদিও এখানে স্পষ্টভাবে বলা ইয়েছে যে, সমত ভভিযোগের একমাত্র লক্ষ্য হল্পে পুরুষোন্তম ওগবান ত্রীকৃষ্য, কিন্তু দৃভিগিবশত অসাধু ব্যাখ্যাকারেবা এই অতি স্পষ্ট তথাকে নিকৃত করে পঠিকেব চিত্ত কৃষণিদৃষ করে ভোলে এবং তাকে কৃপথে চালিত করে । এট বলের রাখ্যাকারেরা জানে না যে, ত্রীকৃষ্ণের মন এবং স্বয়ং ত্রীকৃষ্ণের মধ্যে কোন ভেন্দ নেই। জ্রীকৃষ্ণ সাধারণ মানুষ নান, তিনি ইছেন প্রমত্ত্ব । ত্রীকৃষ্ণের মধ্যে পদ্ম বদ্য ও তিনি স্বয়ং কর্ছ পরমতত্ত্ব । জ্রীনিতনা চবিতামৃত্তব আদিনীলা, পদ্ম ব্যার, ৪১-৪৮ সংখ্যক প্রোকের অনুভাষ্যে জ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুর কৃষ্ণ প্রাণ থেকে প্রকটি ক্লোকের উপ্লেখ করে বলেছেন, দেহদেহিবিভেগেথনাং নেখনে

(**8** 季季)

বিদাতে কঠিং। অর্থাৎ, পরমেশ্বর শ্রীকৃষ্ণ ও তাঁর দেহে কোন তেদ নেই। কিন্তু থেতেতু তথাকথিত ব্যাখাকোরের। কৃষ্ণতথ্ব সম্পর্কে সম্পূর্ণ অন্তর, তাই তারা তালের ন্যাখা। ও বাকচাতুর্বের দারা শ্রীকৃষ্ণরে এড়োল করে বেখে বালা যে, শ্রীকৃষ্ণের যথার্থ স্বরূপ তাঁর দেহ ও মন থেকে তির। স্বন্ধিও এই ধরনের মন্তব্য কৃষ্ণতথ্ব-বিজ্ঞান সম্বন্ধে সম্পূর্ণ অন্তত্যের পরিচায়ক, কিন্তু কিছু মানুষ ক্রনাদাধানবকে এতাবেই বিপথগামী করে নিজেদের স্বার্থমিছি করে।

কিছু আসুরিক ভারাপথ মানুষও শ্রীকৃষ্ণকে চিন্তা করে। কিছু তাদের চিন্তা শ্রীকৃষ্ণের মাতৃল কংসের মাতৃল করে। কেন্দ্রের কিন্তা করত। তার সব সময় উর্বেগ হত যে, কথন শ্রীকৃষ্ণ তাকে হতা। করতে থাসকেন। এই ধরনের চিন্তার ফলে কোন লাভ হয় না শ্রীকৃষ্ণের চিন্তা করা উচিত প্রেমজন্তি সহকারে। তাকেই কলা হয় জড়িয়োগ প্রতাকেন নিরপ্তর কৃষ্ণবিধ্বান অনুশীলন করার চেন্তা করা উচিত সেই অনুকৃষ্ণ থানুশীলন কিং সদ্ভরুর আশ্রম্যে শিক্ষা গ্রহণ করাই হচ্ছে কৃষ্ণতান্ত্রের অনুকৃষ্ণ থানুশীলন শ্রীকৃষ্ণ হচ্ছেন প্রম পুরুষোত্তম ভগবান এবং আমরা ইতিপূর্বে কয়েকবার বিশ্লোষণ করেছি যে, তার শ্রীবিহাহ জড় না, কিন্ত তা সচিস্নালম্মা, এই ধরনের কৃষ্ণকথা মানুষকে ভক্ত হতে সহায়তা করে। তা না করে যদি কোন থবাছিত ব্যক্তির কাছে কৃষ্ণতন্ত্র জানবার চেন্তা করে। তা না করে যদি কোন থবাছিত ব্যক্তির কাছে কৃষ্ণতন্ত্র জানবার চেন্তা করে। হয়, তা হলে সমন্ত্র প্রচেটাই বার্থ হয়

তাই ভগবান শ্রীকৃষ্ণের নিতা, আদারূপে চিন্ত অভিনিবিন্ত করে, হদায়ে সৃদ্দ বিশ্বাস সংকারে তাঁকে পরমেশন ভগবান বলে জেনে তার পূজায় উৎপর হওয়া উচিত। ভারতবর্ধে শ্রীকৃষ্ণকে পূজা করার জনা হাজার হাজার মন্দির আছে এবং সেখানে ভাজিযোগ অনুশীলন করা হয়। এই ভাজিযোগের একটি অঙ্গ হচ্ছে শ্রীকৃষ্ণকৈ প্রণাম করা। ভগবানের শ্রীবিশ্রহের সামনে দণ্ডবং প্রণাম করা উচিত শ্রবং কার্যমনোবাকে। সর্বতোভাবে কৃষ্ণোন্থান হতে হয়। ভার ফলে শ্রীকৃষ্ণে অবিচলিত নিষ্ঠার ভন্য হয় এবং কৃষ্ণালাক প্রাপ্ত হওয়া যায়। অসাধু বাংখাকারদের বাক্চাতুর্বে কারও পথত্রত হওরা উচিত নয়। শ্রীকৃষ্ণের করা শ্রবণ, কীর্তন আদি নবধা ভাজিব অনুশীলনে প্রত্যোকের নিষ্ঠাপরায়ণ হওয়া উচিত। ওছ কৃষ্ণভাজিই হচ্ছে মানব সমাজের প্রথম শ্রাপ্তি।

ভগবদ্গীতার সপ্তম ও অন্তম অধ্যায়ে মনোবর্মী জ্ঞান, অন্তাঙ্গবোণ ও সক্ষম কর্ম থেকে মুক্ত গুদ্ধ ভক্তিযোগের বর্ণনা করা হয়েছে। যারা পূর্ণরূপে গুদ্ধ হতে পারেনি তারা নির্বিশেষ প্রশ্নজ্যোতি, সর্বভূতে স্থিত পরমাত্মা আদি ভগবানের অন্যান্য রূপের প্রতি আকৃষ্ট হতে পারে, কিন্তু শুদ্ধ ভঙ্জ কেবল ভগনানের সেবাকেই অসীকার করেন।

কৃষ্ণ-বিষয়ক একটি অতি মধুর কবিতাতে স্পটভাবে বলা হবে দে । এ ক্লান্সং বাতীত অন্যানা দেব দেবীর পূজায় নিয়োজিত বাজিগণ মৃঢ় এবং তাবা কমন্ট পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের প্রম কৃপা লাভ করতে পারে না ভক্ত পামাণিক পর্যারে কখনও কখনও ভার প্রকৃত অবস্থা থেকে সাময়িকভাবে অধংপতিত ১৫৩ পারে, তবুও তাঁকে সকল দার্শনিক ও যোগীদের থেকে অপেঞ্চাকৃত শ্রেষ্ঠ বলে গণা করা উচিত। যে বাজি কৃষ্ণতেতনায় উদ্ধুদ্ধ হয়ে সতত কৃষ্ণসেবায় নিয়োজিত আছেন, তিনিই প্রকৃত সাধু বাজি। তার দৈবক্রমে অনুষ্ঠিত অভভেটিত কার্যকলপে এচিরেই বিনম্ভ হবে এবং তিনি দীঘ্রই নিঃসন্দেহে পরম সিদ্ধি লাভ করবেন, পরমেশ্বর ভগবানের শুদ্ধ ভালের কখনও পভানের সম্ভাবনা থাকে না কারণ, পরম পূরুষোভম ভগবান স্বাং তাঁর শুদ্ধ ভালের সকল দায়িত্ব প্রথণ করেন পুতরাং বৃদ্ধিমান বাজি মাতেরই কৃষ্ণভজ্জির এই সরল পছাটি অবলম্বন করে, এই জড় জগতেই পরম সুখে জীবন যাপন করা উচিত অবশেষে তিনিই পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের লাম্ম কৃপা লাভ করবেন।

ভক্তিবেদান্ত কহে শ্রীগীতার গান ৷ তনে যদি শুদ্ধ ভক্ত কৃষ্ণগত প্রাণ ৷৷

ইতি—পূচতম জ্ঞান বিষয়ক 'রাজগুহা-যোগ' নামক শ্রীমন্ত্রগবদগীতার নবম অধ্যায়ের ভক্তিবেদান্ত ভাৎপর্য সমাপ্ত।

দশম অধ্যায়



বিভৃতি-যোগ

প্লোক ১

শ্রীভগবানুবাচ ভূম এব মহাবাহো শৃবু মে পরমং বচঃ । যন্তেহহং প্রীয়মাণায় বক্দ্যামি হিতকাম্য়ো ॥ ১ ॥

শ্রীভগবান্ উবাত—পরমেশ্বর ভগবান বললেন, ভূমঃ— পুনরার, এব— অবশাই, নহাবাহো— হে মহাবীর, শৃণু—শ্রবণ কর, যে— আমার, পরমম্— পরম, বচঃ
—বাকঃ বং—থা, তে— তোমাকে, অহম্— আহি, শ্রীরমাণায়— আমার প্রির পার
বলে মনে করে; বক্সামি—বলব, হিতকাম্যরা—হিত কামনায়।

গীতার গান শ্রীভগবান কহিলেন ঃ আবার বলি যে শুন পরম বচন ৷ তোমার মঙ্গল হেডু কহি বিবরণ ৷৷

অনুবাদ

পরমেশ্বর ভন্নবান বললেন—হে মহাবাহো। পুনরায় শ্রবণ কর। যেহেতু তুমি

শ্লোক ২ী

আমার প্রিয় পাত্র, তাই তোমার হিতকামনায় আমি পূর্বে যা বলেছি, তার থেকেও উৎকৃষ্ট তত্ত্ব বলছি।

তাৎপর্য

ভগবান শকটির ব্যাখ্যা করে পরাশর মুনি কলেছেন, যিনি দর্বত্যেভারে যড়েশ্বর্যপূর্ণ
যাঁর মধ্যে সমগ্র ঐশর্য, বীর্য, যশ, ঐ), জান ও বৈরাগ্য পূর্ণকলে বিদ্যমান, তিনিই
হচ্ছেন পরম পূরুষোত্তম ভগবান ঐীকৃষ্ণ যকা এই জগতে প্রকট ছিলেন, তিনি
টার বউড়েশ্বর্য পূর্ণরাপে প্রকাশ করেছিলেন। ভাই পরাশর মূলির মড়ো সহর্বিরা
সকলেই তাঁকে পরম পূরুষোত্তম ভগবান বলে স্বীকার করেছেন। এখানে ঐীকৃষ্ণ
অর্জুনকে তাঁর বিভূতি ও কার্যকলাপ সম্বন্ধে আরও গৃত্তম জ্ঞান প্রদান করেছেন।
পূর্বে সপ্তম অধ্যায় থেকে শুলু করে ভগবান তার বিভিন্ন শক্তি এবং তার। কিভাবে
ক্রিয়া করে, সেই কথা বিশ্বদভাবে বর্ণনা করেছেন। এখন এই অধ্যায়ে তিনি তাঁর
বিশেষ বিভূতির কথা অর্জুনকে শোনাজেন। পূর্ববর্তী অধ্যায়ে তিনি তাঁর বিভিন্ন
শক্তির কথা বিশ্বেষণ করে শুনিয়েছেন বাতে অর্জুনের হাদয়ে দৃঢ় ভক্তির উদ্ম
হয়। এই অধ্যায়ে তিনি আবার অর্জুনকে তাঁর বিবিধ প্রকাশ ও বিভৃতির কথা
শোনাক্ছেন।

পরমেশন ভগবানের কথা যতই প্রনণ করা যায়, ভগবানের প্রতি ভক্তি ততই দৃঢ় হয় ভক্তসঙ্গে ভগবানের কথা সর্বদাই প্রবণ করা উচিত, তার ফলে ছক্তি বৃদ্ধি হয় থারা যথার্থভাবে কৃষ্ণভাবনামৃত লাভের প্রয়াসী, তারাই কেবল ছক্তসঙ্গে ভগবানের কথা আলোচনা করতে সক্ষম। অন্যেরা এই ধরনের আলোচনায় অংশগ্রহণ করতে পারে না। ভগবান স্পট্টভাবে অর্জুনকে বলেছেন যে, যেহেতু অর্জুন তার অতি প্রিয়, তাই তার মঙ্গলের জনা এই সমস্ত কথা আলোচনা হচ্ছে

শ্ৰোক ২

ন মে বিদুঃ সুরগণাঃ প্রভবং ন মহর্ষয়ঃ । অহমাদিহি দেবানাং মহবীণাং চ সর্বশঃ ॥ ২ ॥

ম—না, মে—আমার, বিদৃঃ— জানেন, সুরগণাঃ— দেবতাগণ, প্রতবম্— উৎপতি; না, মহর্ষরঃ মহর্বিগণ, অহম্—আমি, আদিঃ— আদি কারণ, হি— অবশ্যই, দেবানাম্— দেবতাদের, মহর্বীণাম্— মহর্বিদের, ৮— ও, সর্বশঃ— সর্বতোভাবে। গীতার গান

আমার প্রভাব যেই কেহ নাহি জানে।
সুরগণ ঝধিগণ কত জনে জনে।
সকলের আদি আমি দেব ঋষি যত।
ভাবিয়া চিন্তিয়া ভারা কি বুঝিবে কত।

অনুবাদ

দেৰতারা বা মহর্ষিরাও আমার উৎপত্তি অবগত হতে পারেন গা, কেন না, সর্বতোভাবে আমিট দেবতা ও মহর্ষিদের আদি কারণ,

তাংপর্য

প্রশাসংহিতাতে বলা হরেছে যে, শ্রীকৃষ্ণই হচ্ছেন পর্মেশ্বর ভগবান। গ্রান থেকে শ্রেষ্ঠ আর কেউ নেই, তিনি সর্ব কারণের পরম কারণ। এখানেও ডগবান নিজেট ধলেছেন যে, তিনিই সমস্ত দেব-দেবী ও খবিদের উৎস , এমন 🏚 দেব দেবী এবং ক্ষিয়াও শ্রীকৃষ্ণকে জনতে পারেন না তারা তার নাম ও স্বরুপনে উপলান করতে পারেন না, সুভবাং এই অতি ক্ষম্ম প্রহের তথাকথিত পণ্ডিতদের জাল ্যা কওটুকু, তা সহজেই অনুমেয়। পরমেশার ডগবান বেল যে এই পৃথিনীতে কেয়ান সাধারণ মানুষের মতো অবতীর্ণ হয়ে পরম আন্চর্যজ্ঞনক ও অন্ট্রোকিক লীলানিলাস করেন, তা কেউই বুঝতে পারে না। তাই আফাদের বোঝা উচিত যে, তথ কণিত পাণ্ডিতোর মাধ্যমে পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণকে জানা যায় না। এছন কি প্রশের দেব-দেবী এবং মহান অধিরাও মনোধর্মের মাধ্যমে জ্রীকৃত্যকে জান্দার "৮%। করেছেন, কিন্তু তাঁবা সফল হতে পারেননি। *শ্রীমন্তাগরতেও স্পাইডারে বলা হয়েছে*। যে, এমন কি সর্বশ্রেষ্ঠ দেবতারাও পরম পুরুষোত্তম ভগবানকে জানতে পানেনিন তারা তাঁদের সীমিত অসম্পূর্ণ ইন্দ্রিয়ের দ্বারা অনুমান করতে পারেন এবং ও ব ফলে নির্বিশেষবাদের অপসিদ্ধান্তে উপনীত হতে পারেন, যা ঞ্চাড় জগতের ভিনন্তদের অতীত, অথবা মনোধর্মের কাবর্তী হয়ে তারা নামা রক্তমের এগীক কছে। করতে পারেন, কিন্তু এই ধরনের নির্বোধ অনুমানের দ্বারা পর্যমন্থর ৬গবান श्रीक्ष्म्यक् कचनरे छेभलक्षि कहा मसद नहा।

ভগবান এবানে পরোক্ষভাবে বলেছেন যে, যদি কেউ পরমতত্ত্ব সথান্ধ জানতে চাফ, "আমিই সেই পরমেশ্বর ভগবান, আমিই সেই পরমতত্ত্ব " এটি সকলেবং বোঝা উচিত। পরমেশ্বর ভগবান অচিন্তনীয়, তাই তিনি আমাদের সামনে থাকলেও

শ্লোক ত]

হাকে উপলব্ধি করা যায় না, কিন্তু তবুও তিনি আছেন আমরা কিন্তু ভগবদগীতা ও শ্রীমন্ত্রগবড়ের বাণী যথাযথভাবে গ্রহণ করার মাধ্যমে সেই সচিচদানন্দময় ভগবান শ্রীকৃষ্যকে উপলব্ধি করতে পার্বি যারা ভগবানের নিকৃষ্ট শক্তিতে অর্বাস্থিত, তারা ভগবানকে কোন শাসক-প্রধানরূপে অথবা নির্বিশেষ রক্ষক্রপে অনুমান করতে পারে, কিন্তু অপ্রাকৃত গুরে উন্নীত মা হওয়া পর্যন্ত পরম পুরুষ ভগবান শ্রীকৃষ্যকে উপলব্ধি করতে পারে না

যেহেতু অধিকাংশ মানুযই প্রীকৃষ্ণকে তাঁর স্বক্ষপে উপলব্ধি করতে পারে না, তাই স্ত্রীকৃষ্ণ তাঁর অহৈতুকী করুণা প্রদর্শন করার জন্য এই জগতে অবতীর্ণ হয়ে এই সমন্ত্র মনোধর্মীদের প্রতি কৃপা করেন। কিন্তু ভগবানের অস্ত্রোক্তিক লীলা সমন্ত্রে অনগত হওয়া সত্ত্বেও, এই ধরনের মানাধর্মীরা ভড় জগতের কন্যুনের দ্বারা কল্বিতে থাকার মালে মান করে যে, নির্বিশেষ প্রস্তুই হচ্ছেন পরমতও। যে সব ভত্ত সর্বহোজারে পরমেন্দ্র ভগবানের চরণে আন্যুসমর্পণ করেছেন, ঠানাই কেবল ভগবানের কুপার প্রভাবে উপলব্ধি করতে গারেন যে, তিনিই হচ্ছেন প্রীকৃষণ। ভগবানের নিয়ে ভক্ত মাধা যামনে না তাঁদের প্রদান ও ভত্তির প্রভাবে তাঁরা প্রীকৃষ্ণর চরণে তৎক্ষাৎ আন্যুসমর্পণ করেন এবং শ্রীকৃষ্ণের হারিকুর্বার তাঁরা প্রীকৃষ্ণর চরণে তৎক্ষাৎ আন্যুসমর্পণ করেন এবং শ্রীকৃষ্ণের হারিকুরী কুপার প্রভাবে তাঁরা তাঁকে জানতে পারেন। তা ভাড়া আব কেউই তাঁকে জানতে পারেন। তা ভাড়া আব কেউই তাঁকে জানতে পারেন। তা ভাড়া আব কেউই তাঁকে জানতে পারেন। তা হাছেন তিনি, যাঁকে জামানের ভজনা করা উচিত।

গ্ৰোক ৩

যো মামজমনাদিং চ বেন্ডি লোকমহেশ্বরম্ । অসংমৃতঃ স মর্ত্যেষু সর্বপাপেঃ প্রমৃচ্যুতে ॥ ৩ ॥

যঃ— থিনি, মাম্ — আমাকে, অজম্— জলগেহিত অনাদিম্— অনাদি, চ— ও-ৰেন্দ্ৰি— জান্দো লোক সমস্ত গ্ৰহলোকেৰ মহেশ্বরম্ ঈথবং অসংমৃতঃ— মোহশ্না হয়ে, সঃ— তিনি, মঠ্যেকু— মন্ত্ৰণশীলানেৰ মধ্যে, মৰ্বপাপৈঃ— সমস্ত পাপ থেকে প্ৰমৃচ্যতে— মৃক্ত হন।

> গীতার গান যে মোরে অনাদি জানে লোক মহেশ্বর । সচ্চিদ্ আনন্দ শ্রেষ্ঠ অব্যয় অজব ॥

মর্ত্যলোকে অসংমৃঢ় যেই ব্যক্তি হয়। এই মাত্র জানি তার সর্ব পাপ ক্ষয়॥

অনুবাদ

যিনি আমাকে জন্মরহিত, অনাদি ও সমস্ত গ্রহলোকের মহেশ্বর বলে জানেন, তিনিই কেবল মানুষদের মধ্যে মোহশুন্য হয়ে সমস্ত পাপ থেকে মুক্ত হন।

তাৎপর্য ্

সপ্তম অধ্যায়ে (৭/৩) বলা হয়েছে যে, মনুষাগাং সহক্রেষু কাশ্চিদ্ যতিতি সিদ্ধয়ে—
ধারা আল্পজ্ঞান লাভের প্রয়ানী, তাঁরা সাধারণ মানুষ নন। আল্পজ্ঞানবিহীন লক্ষ্ণ
লক্ষ্য সাধারণ মানুবের থেকে তাঁরা শ্রেষ্ঠ কিন্তু যথার্থ আল্প-তত্ত্ত্তান লাভের
প্রয়ানী পুরুষদের মধ্যে কলাচিং দুই-একজন ধোবল উপলব্ধি করতে পারেন যে,
শিক্ষাং হছেন পরম প্রয়ায়াহম ভগবান, সর্বাদোঝ মহেন্দার ও অজ এভাবেই
যারা ভগবং-তত্ত্ব উপলব্ধি করতে পারেন, তাঁরাই অধ্যাত্ম মার্গে সর্বাচ্চ ভবে
অধিষ্ঠিত। এভাবেই প্রীকৃষ্ণের পরমপদ সম্পূর্ণক্রপে উপলব্ধি করতে পারার ফানেই
কেবল পাপ্তমা কর্মের বন্ধন থেকে সম্পূর্ণক্রপে মুক্ত হওরা যায়

এপানে অজ শব্দটির পারা ভগবানকে বর্ণনা করা হয়েছে, যার এর্থ হয়েছ জনারহিত। হিতীয় অধ্যায়ে জীবকও জজ বলে বর্ণনা করা হয়েছে কিন্তু ভগবান জীবেগা প্রশ্নপ্রধান এবং বৈষয়িক আসজির ফলে মৃত্যুবরণ করছে, কিন্তু ভগবান তাদের থেকে আলানা। বন্ধ জীবাত্মারা তাদের দেহ পরিবর্তন করছে, কিন্তু ভগবানের দেহের কোন পরিবর্তন হয় না. এমন কি তিনি যথন জড় জগতে অবতরণ করেন, তগন তিনি তার অপরিবর্তিত জজ রূপেই অবতরণ করেন। তাই চতুর্থ অধ্যায়ে বলা হয়েছে যে, ভগবান সব সময়ই তার অতরপ্রধানতিত অধিকিত। তিনি কথনই অনুংকৃটা মায়াশক্তি প্রারা প্রভাবিত হন না। তিনি স্বায়াই তার উৎকৃটা শক্তিতে অবস্থান করেন।

এই শ্লোকে বেন্দি লোকমহেশ্বরম্ কথাটি ইন্নিত করে যে, ভগবান শ্রীকৃষণ হড়েছ বিশ্বরন্দান্তর সমস্ত গ্রহলোকের মহেশ্বর এবং তা সকলের জানা উচিত সৃষ্টির পূর্বেও তিনি ছিলেন এবং তিনি তার সৃষ্টি থেকে ভিন্ন। দেব দেবীরা সকলেই এই প্রড় জগতে সৃষ্ট হরেছেন, কিন্দু শ্রীকৃষ্ণ এই সমস্ত সৃষ্টির উর্দের্য, তিনি কখনও সৃষ্ট হন না; তাই তিনি প্রস্না, শিব আদি মহান দেবতাদের থেকেও ভিন্ন। আর বেহেত্ তিনি প্রস্না, শিব ও অন্যান্য সমস্ত দেব দেবীর সৃষ্টিকর্তা, তাই তিনি সমস্ত প্রহলোকেরও পরম পুরুব।

(到本 企)

শ্রীকৃষ্ণ তাই সমস্ত সৃষ্টি থেকে ভিন্ন এবং এভাবেই যখন কেউ শ্রীকৃষ্ণকে জানতে পারেন, তিনি তৎক্ষণাৎ সমস্ত পাপময় কর্মফল থেকে মুক্ত হন পরমেশ্বর ভগবানকে জানতে হলে সব রকমের পাপময় কর্মফল খেকে মুক্ত হতে হবে। কেবলমাত্র ভক্তিব মাধ্যমেই তাঁকে জানা যায়, এ ছাড়া অনা কোন উপারে তাঁকে জানতে পারা যায় নাঃ সেই কথা ভগবদগীতার বলা হয়েছে।

শ্রীকৃষ্ণকে কথনই একজন মানুষকপে জানবার চেষ্টা করা উচিত নয়। পূর্বেই সেই সম্বন্ধে বলা হয়েছে যে, একমাত্র মৃঢ় ব্যক্তি ভাকে একজন মানুষ বলে মনে করে সেই কথাই এখানে একটু ভিন্নভাবে বর্ণনা করা হয়েছে। যে মানুষ মূর্য নয়, যিনি যথার্থ বৃদ্ধিমান, তিনি ভগবানের স্কলপ সম্বন্ধে অবগত হতে পারেন এবং তার ফলে তিনি সব রকমের পাপ্সয় কর্মকল থেকে মৃক্ত ইন।

শ্রীধৃষ্ণ যদি দেবকীর পুত্র হন, তা হলে তিনি অজ হন কি করে? সেই কথাও শ্রীমন্ত্রাগবতে বর্ণনা করা হয়েছে—তিনি যখন দেবকী ও বসুদেধের সামনে আবির্ভূত হয়েছিলেন, তখন তিনি একজন সাধারণ মানুহের মতো জন্মগ্রহণ করেননিঃ তিনি তার আদি চিন্ময় স্বপ্নপে আবির্ভূত হয়েছিলেন এবং তারপর তিনি নিজেকে একটি সাধারণ শিশুতে জন্মগ্রিত করেন।

শ্রীকৃষ্ণের নির্দেশ অনুসারে যা কিছু করা হয়, তা অপ্রাকৃত। তা জড় জগতের শুভ অথবা অশুভ কোন কর্মফলের বারাই কলুবিত হয় না। জড় জগতের শুভ ও অশুভ সম্বান্ধ যে ধারণা তা কম-বেশি মনোধর্ম-প্রসূত অসীক করনা মাত্র, কারণ এই জড় জগতে শুভ বলতে কিছুই নেই। সব কিছুই অশুভ, কারণ এই জড়া প্রকৃতিই হক্ষে অগুভ। আমরা কেবল কল্পনা করি যে, তা শুভ। প্রগাঢ় ভিভি ও সেবার মাধ্যমে কৃষ্ণভাবনাময় কার্যকলাপের উপর যথার্থ শুভ নির্ভরশীল। যদি আমরা প্রকৃতিই শুভ কর্ম সম্পাদনে প্রয়ামী হই, তা হলে আমাদের পরমেশ্বর ভগবানের নির্দেশ অনুসারে কান্ধ করা উচিত। সেই সমস্ত নির্দেশ আমরা শ্রীমন্তাগবত, ভগবদ্গীতা আদি শান্তগ্রন্থ অথবা সদ্ভকর কান্ধ থেকে পেতে পারি। সদগুরু বেহেতু পরমেশ্বর ভগবানের প্রতিনিধি, তাই তার নির্দেশ পান করেন। এই তিনের নির্দেশের মধ্যে কোন রকম বিরোধ নেই। তাদেব নির্দেশ অনুসারে সাধ্িত সমস্ত কর্ম জড় জগতের সব রকমের শুভ বা অশুভ কর্মকল থেকে মুক্ত থাকে কর্মকান্ধে ভতের অপ্রাকৃত মনোভাবই হচ্ছে যথার্থ বৈবাগা এবং তাকেই বলা হয় সন্মান। ভগবলগীতার যথ অধ্যানের প্রথম প্রোকে বলা হয়েছে, যিনি

কর্তবাবোধে কর্ম করেন, ষেহেতৃ সেই প্রকার কর্ম করতে তিনি ভগনানে ব দ্ব ব নির্দেশিত হরেছেন এবং যিনি তার কর্মকলের প্রতি আগ্রিত নন (*অনাগ্রতঃ* কর্মকলম্), তিনিই হচ্ছে ধরার্থ সর্য়াসী। ভগবানের নির্দেশ অনুসালে গিনি কর্তব্যকর্ম করেন, তিনিই হচ্ছেন যথার্থ স্যাাসী ও যোগী। সন্মাসী বা গোগীন পোশাক পরলেই যোগী হওয়া বার না।

শ্লোক ৪-৫

বৃদ্ধিবর্জানমসংমোহঃ ক্ষমা সত্যং দমঃ শমঃ।
সূধং দৃঃখং ভবোহভাবো ভয়ং চাভয়মেব চ গ ৪ ॥
অহিংসা সমতা তৃষ্টিস্তপো দানং ষশোহযশঃ।
ভবস্তি ভাবা ভূতানাং মন্ত এব পৃথগ্বিধাঃ গ ৫ ॥

বৃদ্ধি:— বৃদ্ধি: আনম্— জান, অসংযোহ:— সংশারমুন্তি, ক্ষমা— ক্ষমা, সভায়— সভাবাদিতা; ক্ষম:— ইপ্রিয়-সংখ্যা, শ্বাঃ— মনঃসংখ্যা, সূথ্যা,— সূথ্য, দৃঃখ্যা,— বৃংগ, ভবঃ— জবা; অভাব:— মৃত্যা, ভরমা— ভয়, চ— ও, অভয়ম্— অভয়, এব— ও, চ— এবং, অহিংসা— অহিংসা, সমতা— সমতা, তৃষ্টিঃ— সম্বৃত্তি; তপঃ— তপশ্চর্যা, দানম্— দান, ক্ষাঃ— মণ্ড, অম্বাণঃ— অথপ, ভবন্তি— উৎপান হয়; ভাবাঃ— ভাবঃ ভৃতানাম্— প্রাণীদের, মন্তঃ— আমার পেকে, এব— অবশ্যই, পৃথাগ্রিধাঃ— নানা প্রকার.

গীতার গান

স্ক্রার্থ নির্ণয় যোগ্য বৃদ্ধি যাহা হয় ।
আত্ম যে অনাত্ম তাহা জ্ঞানের বিষয় ॥
সত্য, দম, শম, ক্ষমা, সৃথ, দুঃখ, ভয় ।
অভয়, ভবাভব আর অহিংসা যা হয় ॥
সমতাদিতৃষ্টিমশ অয়শ বা দান !
সকল ভূতের ভাব যাহা কিছু আন ॥
আমি ভার সৃষ্টিকর্তা পৃথক পৃথক ।
বৃদ্ধিমান যেবা হয় বৃথায়ে নিছক ॥

গোক ৫]

অনুবাদ

বুদ্ধি, জ্ঞান, সংশয় ও মোহ থেকে মুক্তি, ক্ষমা, সত্যবাদিতা, ইন্দ্রিদ্ধ-সংঘম, মনঃসংযম, সৃথ, দৃংখ জন্ম, মৃত্যু, তয়, অভয়, অহিংসা, সমতা, সন্তোধ, জগস্যা, দান, যুগ ও অয়শ—প্রাণীদের এই সমস্ত নানা প্রকার ভাব আমার থেকেই উৎপর হয়।

ভাৎপর্য

ভীরের সব রক্ম গুণাবলী—ভালই হোক অথবা মন্দই হোক, তা সবই শ্রীকৃণেরাই সৃষ্ট এবং সেই সম্বন্ধে এখানে বিভারিতভাবে বর্ণনা করা হরেছে।

সংখ্যাথান্তাবে বিষয়া-বন্ধর বিশ্লোখণ করার ক্ষমতাকে বলা ২য় বৃদ্ধি এবং জড় ও চেতনের মধ্যে পার্থকা নিরূপণ করার কোধকে বলা ২য় জান। জড় বন্ধ সম্বাহ্ম বিশ্ববিদ্যালয়ে শিক্ষা লাভের ফালে বে জ্ঞান প্রাপ্ত ইওয়া যায় তা সাধাবণ জ্ঞান এবং তাকে এখানে জান বলে সীকার করা হছে না। জ্ঞানের অর্থ ইছের জড় ও চেতনের মধ্যে পার্থকা উপপত্তি করা। আধুনিক যুগের শিক্ষায় চেতন সম্বন্ধে কোন রক্ম জ্ঞানই প্রাপ্ত ইওয়া যায় না। সেগুলি কেবল জড় উপাদান ও অড় দেখের প্রয়োজনের ভিত্তিতেই প্রতিষ্ঠিত। তাই এই কেতাবি বিদ্যা আসম্পূর্ণ।

অসংযোহ, অর্থাৎ সংশয় ও মোহ থেকে ঘুক্তি তথা লাভ করা সম্ভব, যথন কারও অপ্রাকৃত দর্শনতব উপলব্ধি লাভ করার ফলে বিধা মোচন হয়। ধীরে বিদ্ধা নিশ্চিতভাবে সে তথন মোহ থেকে মুক্ত হয়। অন্ধাভাবে কোন কিছুই গ্রহণ করা উচিত নয়, সব কিছু গ্রহণ করা উচিত সতর্কতা ও ফপ্লের সঙ্গে। ক্ষমা অনুশীলন করা উচিত, সহিদ্ধা হওয়া উচিত এবং অপরের শুন্ড ভূল-ক্রটিওলি মার্ক্রনা করে দেওয়া উচিত। সভাম্ অর্থাৎ প্রকৃত তথ্য অপরের সুবিধার জন্য বথাযথভাবে প্রদান করা উচিত। সভাম্ অর্থাৎ প্রকৃত করা উচিত নয়। সামাজিক বীতি অনুসারে বলা হয় যে, সভা কথা কেবল তথনই বলা যেতে পারে, যদি ভা অপরের ক্রচিকর হয়। কিন্তু সেটি সভাবাদিতা নয়। দৃঢ়ভা ও সপ্রতিভভার সঙ্গে অকপট্রভাবে সভা বলা উচিত, যাতে যথার্থ তব্ সম্বন্ধে যথাযথভাবে সকলে অবগত হতে পারে। কোন মানুষ যদি চোর হয় এবং অপরকে যদি সেই সম্বন্ধে সাবধান করে দেওয়া হয়, তবে সেটি সভা, যদিও সভা কর্ষনও ক্রমণ্ড অলিয় হতে পারে, কিন্তু ভার থেকে নিবন্ত হওয়া কথনই উচিত নয়। সভা আমাদের ব্যাহ্ন দাবি করে যে, অপরের সুবিধার জন্য প্রকৃত ঘটনা যথাযথভাবে প্রদান করা হোক। সেটিই হচ্ছে সভোর সংগুল।

ইন্দ্রির সংযমের অর্থ হচ্ছে নিরর্থক আঘতৃত্তির জন্য ইন্দ্রিরগুলিকে বাবহার না করা। ইন্দ্রিরের বথার্থ প্রয়োজনগুলি মেটাবার জন্য কোন বকম নিয়েগ নেই নেশ্র অবহার ইন্দ্রিরভূতি পারমার্থিক উন্নতির প্রতিবন্ধক-শ্বরূপ। তাই ইন্দ্রিরগুলিক অনালক বাবহার দমন করা উচিত। তেমনই মনকেও অনাকশ্যক চিন্তা থেকে পিরত রাখা ওচিত। এই প্রক্রিয়াকে বলা হয় শম অর্থ উপার্জনের চিন্তায় সময় নম কর ওচিত নয়। সেটি কেবল চিন্তাশন্তির অপচর মাত্র। মানব-জীবনের পরম প্রয়োজন উপলব্ধি করার জনই মনের ব্যবহার করা উচিত এবং তা শাস্ত্রসন্মাত যথাযথভাবে করা উচিত। শাস্ত্রজ্ঞ পুরুব, সার্, সদ্ওরু ও উন্নতমনা পুরুবের সাহচর্যে চিন্তাশন্তির বিকাশ সাধন করা উচিত। সুখম, তথুমাত্র কৃষ্ণভাবনাময় ভগবদ্রন্তির দিব্যজ্ঞান লাভের পক্ষে যা অনুকূল, তার মাধ্যমেই প্রাপ্ত হওয়া উচিত। আর তেমনই, ভগবদ্ধন্তির অনুশীলনে যা প্রতিকৃল তা দুঃখজনক। কৃষ্ণভন্তির বিকাশের পঞ্চে যা অনুকৃল তা প্রথমীয়।

ভব অর্থাৎ জন্ম, দেহ সম্পর্কিত ধর্শেই জানা উচিত। আত্মার জন্ম হয় না, মৃত্যু হয় না, সেই কথা *ভগৰদ্গীতার* প্রারয়েই আলোচনা করা হয়েছে স্কন্ম ও মৃত্যু জড় জগতে দেহ ধারণ করার পরিপ্রেক্ষিতেই কেবল সম্বন্ধযুক্ত ভবিধাৎ সম্বন্ধে উরোধার কলেই ভয়ের উদয় হয় . কৃষ্ণভাবনাময় ভক্ত সর্বদাই নিজীক, কারণ তিনি নিশ্চিতভাবে জ্ঞানেন থে, তাঁর কার্যকল্যপের ফলে তিনি তাঁর প্রকৃত আলয়, চিন্ময় অগতে ভগবানের কাছে ফিরে যাকে। তাই তাঁর ভবিসাৎ অতি উজ্জ্ব। অনোরা কিন্তু তাদের ভবিষ্যৎ সম্বন্ধে সম্পূর্ণ অল্প পরবর্তী জীবনে ভাদের ভাগো কি আছে, সেই সম্বধ্ধে ভাদের কোন ধারণাই নেই। তাই, তারা সর্বঞ্চন গভীর উৎকণ্ঠায় কলোতিপাত করে। আমরা যদি উৎকণ্ঠা থেকে মুক্ত হতে চাই, তবে শ্রেষ্ঠ উপায় হচ্ছে শ্রীকৃষ্ণ সম্বন্ধে অবগত হয়ে কৃষ্ণভাবনার অধিষ্ঠিত হওয়া। সেভাবেই আমবা সব রকম ভয়ের হাত থেকে সম্পূর্ণভাবে भुक्त शरुर भारत्य। *ग्रीप्रद्वाशयरक* (১১/২/৩৭) वना श्रास्ट (य. *७ग्नः विजीशा* ভিনিবেশতঃ স্যাৎ—মায়াতে মোহাচ্চর হয়ে থাকার ফলেই ভয়ের উদয় হয় বিশ্ব ধারা মারাশক্তি থেকে মৃক্ত, যারা স্থির নিশ্চিতভাবে জ্ঞানেন যে, তাঁদের সঞ্চল তাদের হুড দেখটি নয়, তাবা হচ্ছেন পরম পুরুষোত্তম ভগবানের চিন্ময় এংশ তাই ভাঁরা সর্বঞ্চন ভগবানের অপ্রাকৃত সেবায় যুক্ত এবং সর্বতোভাবে ভয় থেকে মুক্ত। তাঁদের ভবিষ্যৎ অত্যন্ত উজ্জ্বল। খাঁরা কৃষ্ণভাবনামৃত লাভ করেছি এএই কেবল আশতাগ্রন্ত। *অভয়ম্*, অর্থাৎ ভয়শূর্য কেবল তিনিই হতে পাবেন, মিনি दृष्ट्वादमाग्रा कृष्ट्व ।

ርኮህ

শ্লোক ৫]

অহিংসা হচ্ছে অপরের অনিষ্ট সাধন না করা বা অপরকে বিভান্ত না করা। রাজনীতিবিদ সমাজদেবক, দোকহিতিবী বাজিরা যে সমস্ত জড় কর্মের প্রতিশ্রুতি দেয়, তার ফলে কাবওই তেমন কোন মঙ্গল সাধিত হয় না। কারণ, রাজনীতিবিদ বা লোকহিতেবী ব্যক্তিদের দিব্য দৃষ্টি নেই। মানব সমাজের মথার্থ মঙ্গল কিভাবে সাধিত হতে পারে, সেই সম্বন্ধে তাদের কোন জান নেই। অহিংসা শব্দটির অর্থ হচ্ছে মানব-দেহের যথার্থ সদ্বাবহার করার শিক্ষা দেওরা। মানব-দেহের যথার্থ উদ্দেশ্য হচ্ছে পারমার্থিক জ্ঞান উপলব্ধি করা। সুতরাং যে সংস্থা বা যে আন্দোলন এই উদ্দেশ্য মানুষকে পবিচালিত করে না, তা মনুখা-শরীরের গুতি হিংসাম্বক আচরণ করে। যে প্রচেষ্টা সমগ্র জনসাধারণকে ভাবী দিবা আনল গ্রান্তির পথে এগিয়ে নিয়ে চচ্ছে, তাই হচ্ছে যথার্থ অহিংসা।

সমতা বলতে বোঝায় আসন্তি ও বিরক্তিতে নিস্পৃহ। অত্যধিক আসন্তি ও অত্যধিক বিবন্তি ভাল নয় আসন্তি অথবা বিরক্তি রহিত হয়ে জড় জগংকে গ্রহণ করা উচিত কৃষ্ণভক্তি সাধনে সা অনুকৃষ্ণ তা গ্রহণ করা উচিত, যা প্রতিকৃষ্ণ তা বর্জন করা উচিত তাকেই বলা হয় সমতা। কৃষ্ণভাবনাময় ভগবছুক্ত শ্রীকৃষ্ণের সেবা-আনুকৃষ্ণা বাতীত কোন কিছুই গ্রহণ করেন না বা বর্জন করেন না।

ভূষ্টি বলতে বোঝায় অনর্থক কর্মের মাধ্যমে অধিক থেকে অধিকতর জড় সম্পত্তি সঞ্চয় না করা ভগবানের কুপার প্রভাবে যা পাওয়া যায় ডা নিরেই সম্বৃষ্ট থাকা উচিত। তাকেই বলা হয় *তৃষ্টি। তপঃ* কথাটির অর্থ হচ্ছে তপস্যা বা কুন্দ্রসাধন এই সম্বন্ধে বেদে নানা রকম নিয়ম-নিষ্ঠার নির্দেশ দেওয়া হয়েছে— যেমন খুব সকালে ঘুম থেকে উঠে স্নান করা। কথনও কথনও খুব সকালে ঘুম থেকে উঠতে পুৰ কষ্ট হয়, কিন্তু ফেচ্ছাকৃতভাবে এই ধরনের কট স্বীকার করাকে বলা হয় তপসা। তেমনই, মাসের কতগুলি নির্দিষ্ট দিনে উপবাস করার নির্দেশ দেওয়া ইয়েছে। এই ধরনের উপবাস করতে আমাদের ইচ্ছা নাও হতে পারে, কিন্তু আমৰা যদি কৃষ্ণভাবনাময় ভগবন্তজির পাথে উন্নতি সাধন করতে চাই, তা হঙ্গে শান্ত্রের নির্দেশ অনুসারে এই ধরনের দৈহিক ক্লেশ স্বীকার কবতে হবে ৷ কিন্তু তা বলে বৈদিক নির্দেশ অনুসরণ ন' করে নিজের ইচ্ছামতো অনাবশ্যক উপবাস করা উচিত নয়। কোন রাজনৈতিক উদেন্দা সাধনের জন্য উপবাস করা উচিত নয় *ভগবদ্গীতাতে* এই ধবনের উপবাস করাকে তার্মসিক উপবাস বলা হয়েছে এবং তম অথবা রজোওণে কতকর্ম আসানের পারমার্থিক উদ্দেশ্য সাধনের সহায়ক হয় না। সভ্ওণে কৃত কর্মই কেবল পারমার্থিক উন্নতি সাধন করে। বৈদিক নির্দেশ অনুসারে উপবাদ করার ফলে পারমার্থিক জ্ঞান বৃদ্ধি প্রাপ্ত হয়।

দান সম্বন্ধে বলা হয়েছে, উপাৰ্জিত অর্থের অর্ধাংশ কোন সংকর্মে দান কর উচিত। সংকর্ম বলতে কি বোঝায়? কৃষ্ণভাবনার উদ্দেশ্যে সাধিও কটো হতে সংকর্ম। তা কেবল সংকর্মই নর, তা হচ্ছে শ্রেষ্ঠ কর্ম। গ্রীকৃষ্ণ হচ্ছেন সং, তাই তাঁর উদ্দেশ্যে যে কর্ম সাধিত হয় তাও সং তাই, যে মানুম একংমান সেবায় নিজেকে সম্পূর্ণভাবে উৎসর্গ করেছেন, তাঁকেই দান করা উচিত। গৈদিশ শাস্ত্রে নির্দেশ দেওয়া হয়েছে যে, ব্রান্থাণকে দান করা উচিত বৈদিক নির্দেশ অনুসারে যথাযথভাবে সাধিত না হলেও, সেই বীতি আজও চলে আসছে, তবুও নির্দেশ হচ্ছে যে, ব্রাহ্মণকৈ দান করা কেন গ কারণ ব্রাহ্মণেরা সর্বদা পারমার্থিক জ্যানের উচ্চতর অনুশীলনে মধ্য থাকেন ব্রাক্ষণের জীবনের উদ্দেশ্য হচ্ছে ব্রহ্মঞান পাভের উদ্দেশ্যে নিজেকে সর্বতোভাবে নিয়োজিত করা। *ব্রহ্ম জানাতীতি ব্রাহ্মণঃ* —বিনি ব্রহ্মকে জানেন তিনিই ব্রাহ্মণ এভাবেই দান ব্রাহ্মণদের নিবেদন করা হয়, কারণ উচ্চতর পারন্যার্থিক প্রয়াসে নিবিষ্ট থাকার ফলে তাঁরা জীবিকা অর্জানের কোন অবসর পান না। বৈদিধ শান্তে আরও বলা হয়েছে, স্যাাসীদেরও দান করা উচিত। সন্মাসীরা ধারে স্বারে ভিক্ষা করেন অর্থ উপার্জন করার জন্য নয়— প্রচারের জনা। এভাবেই তাঁরা ঘরে ধরে গিয়ে গৃহস্থদের অজ্ঞানতার সুমৃষ্টি থেকে জেগে ওঠার জনা আবেদন করেন। কারণ, গৃহস্থেরা গৃহসংক্রান্ত কর্মে এওই মগ্ন হয়ে পড়ে যে, তারা তাদের জীবনের আসল উদ্দেশ—কৃঞ্চভাবনা জাগরিত করার কথা সম্পূর্ণভাবে ভূলে যায়। তাই, সামাসীদের কর্তব্য হচ্ছে গৃহস্থদের ছারে ছারে গিয়ে তামের কৃষ্ণভাবনার অনুপ্রাণিত করা। *বেদে* বলা হয়েছে, জেগে ওঠ এবং মানব-জীবনের যথার্থ উদ্দেশ্য লাভ কর সম্নাসীরা এই জ্ঞান ও পত্না প্রদান করেন। তাই দান সন্নাসী, ব্রাহ্মণ ও সেই ধবনের উদ্দেশ্যেই প্রদান করা উচিত, নিজের খেয়াগখনি মতো দান করা উচিত নয়।

য়শ প্রীটেডনা মহাপ্রভাব মতানুসারে হওয়া উচিত মহাপ্রভাব বিদ্ধেন যে, একজন মানুষ তথনই বশ লাভের অধিকারী হন, যথন তিনি ভগবানের মহান ভাজরূপে প্রসিদ্ধি লাভ করেন। সেটিই হচ্ছে প্রকৃত যশ যদি জানা যায় যে, কোন মানুষ কৃষ্ণভাবনায় উন্নতি লাভ করেছেন, তথন তিনি প্রকৃত যশস্বী হন ধার এই রক্ষা যশ যার নেই, সে ক্রনই মশস্বী নয়

এই ওণগুলি ব্রহ্মাণ্ডে মানব ও দেবতা সকল সমাজেই বর্ডমান জনান। গুহলোকেও বিভিন্ন আকৃতিসম্পন্ন মনুবাজাতি বয়েছে এবং এই ওণগুলি সেখ ও বর্তমান। এবন, কেউ যদি কৃষ্ণভাবনার উন্নতি সাধন করতে চান, কৃষা ওখন ভার জনা এই সমস্ত গুণগুলি সৃষ্টি করেন, কিন্তু সেই ব্যক্তি নিঞা সেগুলিকে

লোক ৭]

অন্তরে বিকাশ সাধন করেন - মিনি পরমেশ্বর ভগবানের সেবায় নিরশ্বর নিযুক্ত থাকেন তিনি ভগবানের ব্যবস্থাপনায় সমস্ত সদগুণের বিকাশ সাধন করেন।

ভাল বা মন্দ, যাই আমরা দেখি না কেন, তার মল উৎস হচ্ছেন ভগবান প্রীকৃষ্ণ এই জড় জগতে কোন কিছুই প্রকাশিত হতে পারে না, ষা শীক্ষের মধ্যে নেই সেটিই হক্ষে প্রকৃত জ্ঞান। যদিও অমেরা জানি যে, প্রতিটি কস্তুই ভিন্ন ভিন্ন ক্রপে অবস্থিত, কিন্তু আমাদের এটি উপলব্ধি কনা উচিত যে, সব কিছু সৃষ্টির মূলেই আছেন ভগবান জীকৃষ্ণ

শ্ৰোক ৬

মহর্ষয়ঃ সপ্ত পূর্বে চত্তারো মনবস্তথা । মদ্ভাবা মানসা জাতা যেযাং লোক ইমাঃ প্রজাঃ ॥ ৬ ॥

মহর্বায়:— মহর্থিগণ, সপ্ত-- সাত, পূর্বে--পূর্বে, চত্ত্বার:-- সনকানি চারজন, মনবঃ— টউর্নশ মনু: তথা— ও মদভাবাঃ— আমার থেকে জন্মগ্রহণ করেছে: মানসাঃ— মন (शहरू, खांखाः— উৎপন्ন; स्वताम्— ग्रीहरूत, लाह्य— धेरे खशहरू: ইমাঃ—এই সমস্ত; প্রকাঃ—প্রজাসমূহ

গীতার গান

মরীচ্যাদি সপ্তঋষি চারি সনকাদি। চতুর্দশ মনু পূর্ব হিরণাগর্ভাদি ॥ তাদের এ প্রকা সব যত লোকে আছে। আমা হতে জন্ম সব মানসাদি পাছে 11

অনুবাদ

সপ্ত মহর্ষি, তাঁদের পূর্বজাত সনকাদি চার কুমার ও চতুর্দশ মনু, সকলেই আমার মন থেকে উৎপন্ন হয়ে আমা হতে জন্মগ্রহণ করেছে এবং এই জগতের স্থাবর-জঙ্গম আদি সমস্ত প্রজা তারাই সৃষ্টি করেছেন।

তাৎপর্য

পবমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ এখানে এই ব্রহ্মাণ্ডের অধিবাসীদের সংক্ষিপ্ত বংশানুক্রমিক বিবৰণ দান করেছেন সৃষ্টির আদিতে প্রফ্লেশ্বর ভগবানের হিরণ্যগর্ভ নামক শক্তি

থেকে প্রথম জীব ব্রহ্মার সৃষ্টি হয়। ব্রহ্মা থেকে মপ্ত ঋষি এবং তাঁগুদর আপে চারজন মহর্থি—সনক, সনক, সনাতন ও সনৎকুমার এবং তারপর ১ড়র্গণ মনুর সৃষ্টি হয়। এই পঢ়িশছন মহর্ষিরা হচ্ছেন সমগ্র ব্রহ্মাণ্ডের জীবসমূহের পিতৃকুল এই জগতে অনন্ত ব্ৰহ্মাণ্ড বয়েছে এবং প্ৰতিটি ব্ৰহ্মাণ্ডে অগণিত গ্ৰহলোক বয়েছে এবং প্রতিটি গ্রহলোক নানা রকম প্রাণী দারা অধ্যুষিত। তারা সকলেই এই পাঁচশঙান পিতপরুষের ঘারা জাত। ব্রহ্মা দেবতাদের সময়ের হিসাব অনুসারে এক সহও ধংসর কঠোর তপস্যা করার পর জানতে পারেন কিভাবে জগৎ সৃষ্টি করতে হবে ত্যুপুন্ন ধ্রন্ধা থেকে সনক, সনন্দ, সনাত্ম ও সনংক্র্যানের আনিভাগ হয় - তার পরে ক্রম্র ও সপ্ত কবি এবং এভাবেই সমত্ত ব্রহ্মণ ও ক্ষত্রিয়েরা প্রম পুরুষোত্তম ভগবানের শক্তি থেকে জন্মগ্রহণ করেন - ব্রহ্মাকে বদা হয় পিতামহ এবং শ্রীকৃষ্ণ হচ্ছেন প্রপিতারহ। কারণ, তিনি পিতামহ রক্ষা ও পিতা ভগবিদ্গীতার একাদশ ष्प्रशास्त्र (১১/৩৯) এই विषया वर्णना कता इस्त्रहर

শ্লোক ৭

এতাং বিভৃতিং যোগং চ মম যো বেন্তি তত্ত্বতঃ ৷ সোহবিকল্পেন যোগেন যুজ্যতে নাত্র সংশয়ঃ ॥ ৭ ॥

এতাম—এই সমন্ত: বিভৃতিম্— বিভৃতি: যোগম্— যোগ, চ— ও, মম— আমার, মঃ— বিনি, বেক্তি— জানেন, ততুতঃ— থথার্থঞ্চপে, সঃ— ভিনি, অবিকল্লেন— অবিচলিত, যোগেন—ভঙ্জিযোগ হারা, যুজ্যক্তে—যুক্ত হন, ন— না, অৱ— এই विवताः मरमग्रः - मत्मरः।

গীতার গান

আমার স্বরূপজ্ঞান শক্তি বা বিভৃতি । সমস্ত ক্রিয়াদি যোগ শ্রেষ্ঠ সে ভকতি 11 এই সৰ তত্ত্ব যারা নিশ্চিত জানিল । ভক্তিযোগ সাধিবারে যোগ্য মে ইইল ॥

অনুবাদ

দিনি আমার এই বিভৃতি-ও যোগ যথার্থরূপে জানেন, তিনি অবিচলিতভাবে ভক্তিযোগে যুক্ত হন। মেই বিষয়ে কোন সন্দেহ নেই।

তাৎপর্য

পাব্যার্থিক সিদ্ধিব সর্বোচ্চ সীমা হছে পরম পুরুধোশুম ভগবানকে জানা। যতক্ষণ পর্যন্ত আমরা ভগবানের অনন্ত বিভূতি সম্বন্ধে সম্পূর্ণভাবে অবগত না হছিছ, ততক্ষণ আমরা ভক্তিযোগে ভগবানের সেবার নিরোজিত হতে পানি না। সাধারণত সকলেই জানে যে, তগবান মহান কিন্তু ভগবান কেন মহান, তা তারা বিশদভাবে অবগত নয় এখানে তার বিশদ বর্ণনা করা হছে। আমরা মখন ভগবানের মহন্ত সমুদ্ধে যথায়থভাবে জানতে পারি, তখন আমরা মাভাবিকভাবে তার চরণে আদ্মসমর্পণ করে ভক্তিযোগে তার সেবার প্রত্ত হই যখন আমরা বাভবিকপক্ষে ভগবানের বিভূতি সম্বন্ধ অবগত ইই, তখন ভগবানের চরণে আদ্মনমর্থণ করা হাড়া বিকল কোন উপায় থাকে না। এই তত্ত্তান শ্রীমন্ত্রগবত, ভগবদ্গীতা আদি শান্তপ্রহের মর্ণনার মাধ্যমে জানতে পারা বার।

এই ব্রহ্মাণ্ডের পরিচালনায় বহু দেব-দেবীরা বিভিন্ন গ্রহলোকে নিযুক্ত আছেন এবং তাঁদের প্রধান হচ্ছেন ব্রহ্মা, শিব, চত্তঃস্বন ও প্রজাপতিগণ। ব্রহ্মাণ্ডের অধিবাসীরা বহু প্রজাপতি থেকে উদ্ভূত হায়েছে এবং এই সমন্ত প্রজাপতিরা সকলেই পরমেশ্বর তগাবান শ্রীকৃষ্ণ থেকে জন্মগ্রহণ করেছেন। পরম পুরুষোত্তম ভগবান শ্রীকৃষ্ণ হচ্ছেন সমস্ত প্রজাপতিদের আদিপুরুষ

এই সমস্ত ভগবানের আনন্ত বৈভবের করেকটির প্রকাশ। এই সম্বন্ধে আমাদের চিত্তে যখন দৃঢ় বিশাসের উদয় হয়, তখন আমরা গভীর শ্রদা সহকারে ও নিঃসন্দেহে শ্রীকৃষ্ণকে গ্রহণ করতে পারি এবং তখন আমরা তার সেবায় প্রবৃত্ত ইই। প্রেমগুলি সহকারে ভগবানের সেবায় আকাদকা উত্তরোভর বৃদ্ধি করার জনা ভগবথ-তত্ত্ব সম্বন্ধীয় এই জ্ঞান অভ্যন্ত আকশাক। প্রীকৃষ্ণ যে কত বড় মহান ভা পূর্ণরূপে জানার জন্য আমাদের কখনও অবহেলা করা উচিত নয়, কেন না শ্রীকৃষ্ণের মহত্ব সম্বন্ধে অবগত হওয়ার ফলে আমরা ঐকান্তিক ভক্তি সহকারে তার সেবায় নিযুক্ত হতে পারি

গ্ৰোক ৮

অহং সর্বস্য প্রভবো মন্তঃ সর্বং প্রবর্ততে । ইতি মত্বা ভজত্তে মাং বুধা ভাবসমন্বিতাঃ ॥ ৮ ॥

অহম্— আমি সর্বসা সকলের প্রভব:—উৎপত্তির হেতু; মস্ত:—আমার থেকে; সর্বম্ সব কিছু, প্রবর্ততে—প্রবর্তিত হয়, ইন্ডি—এভাবে, মন্থা—জেনে; ভজত্তে—ভাবমৃত হয়ে।

গীতার গান

বিভূতি-যোগ

প্রাকৃতাপ্রাকৃত সব আমা হতে হয় ৷
বৃদ্ধিমান ব্যক্তি জানি আমাকে ওজয় ৷
আমার যে ভাব তাহা ভক্তির লক্ষণ ৷
অপণ্ডিত নাহি জানে জানে পণ্ডিতগণ ৷৷

অনুবাদ

আমি জড় ও চেডন জগতের সব কিছুর উৎস। সব কিছু আমার থেকেই প্রবর্তিত হয়। সেই তত্ত্ব অবগত হয়ে পণ্ডিতগর শুদ্ধ ভক্তি সহকারে আমার ছজনা করেন।

তাৎপর্য

যে সমস্ত শণ্ডিত প্রীটেতন্য মহাপ্রভুর মতো নির্ভরযোগ্য সূত্র থেকে খথার্থ বৈদিক জ্ঞান দাভ করেছেন এবং সেই শিক্ষা কিভাবে কাজে দাগাতে হয় তা ধুঝেছেন, তাঁরা জ্ঞানেন ৰে, প্রাকৃত ও জ্মপ্রাকৃত উভয় জগতের সব বিছু শ্রীকৃষ্ণা পেকে উন্তত এবং সেই তথ্পনান লাভ করার ফলে তারা অমন্য ভক্তি সহকারে ভগবানের সেবায় নিযুক্ত হন। তাঁরা কখনই অপসিদ্ধান্ত বা মৃথ মানুবের অপপ্রচারের নারা প্রভাবিত হন না। সমস্ত বৈদিক শাস্ত্র এক বাকো স্বীকার করে যে, শ্রীকৃষ্ণ হঞ্ছেন ব্রহ্মা, শিব আদি সমস্ত দেব-দেবীর উৎস। *অথর্য বেদে (গোপালতাপনী উপনিষদ* ১/২৪) वना इतारह, ता अन्नांगर विमधां७ भृदंर ह्या ते तमाःग्ह भाभग्ने ज्य কৃষ্ণ — 'ব্রন্থা, যিনি পূর্বকালে বৈদিক জ্ঞান প্রদান করেন, তিনি সেই জ্ঞান সৃষ্টির আদিতে শ্রীকৃষ্ণের কাছ থেকে প্রাপ্ত হন।" তারপর পুনরায় নারায়ণ উপনিষ্দে (১) वना इत्सर्छ, "जथ शृक्तवा ह रेंच नाताग्रत्गाहकाधग्रक श्रुका: मृत्कतग्रिकि---"তারপর পরমেশ্বর ভগবান নারায়ণ প্রাণী সৃষ্টির ইচ্ছা করেন।" *উপনিষ্টে* আরও बना रहारछ, नावायपान् द्रांचा काग्रट्ड, नावायपान् श्रकाशिक्षः श्रकायट्ड, नावायपान् रेटला बाग्रटण, नाताववाष् वरही वमटना बाग्रटल, नाताववाष्ट्र काग्रटल, काग्रटल, *নারায়ণাদ্ দ্বাদশাদিত্যাঃ*—"নারায়ণ হতে রক্ষার জন্ম হয়, নারায়ণ হতে, প্রজ্বাপতিদের জন্ম হয়, নারায়ণ হতে ইন্দ্রের জন্ম হয়, নারায়ণ হতে অষ্ট্রবসূর জন্ম হয়, নারায়ণ থেকে একাদশ কদ্রের জন্ম হয় এবং নারায়ণ থেকে দ্বাদশ আদি(ভান बना रहा" এই नाडाराभ श्रष्टन टीकृरसम दारम-धकान्।

শেই একই *বেদে* স্বারও বলা হয়েছে, *রক্ষাণ্যো দেবকীপুত্রঃ*—"দেবকীপুত্র শ্রীকৃষ্ণ হচ্ছেন পরমেশ্বর ভগবান"। (নারায়ণ উপনিষদ ৪) তারপর বলা হয়েছে, একো বৈ নারারণ আসীন্ ন ব্রক্ষা ন ঈশানো নাপো নাগ্রি সমৌ নেমে দাবাপৃথিবী

(अकि २)

ন নক্ষত্রাণি ন সৃষ্ট্য—"সৃষ্টির আদিতে কেবল পরম পুরুষ নারায়ণ ছিলেন। ব্রহ্মা ছিল না, দিব ছিল না, অধি ছিল না, চন্দ্র ছিল না, আকাশে নক্ষ্মা ছিল না এবং সূর্য ছিল না " (মহা উপনিষদ ১) মহা উপনিষদে আরও বলা হরেছে বে, শিবের জর্মা হয় পন্মেশ্বর ভগবানের ক্রযুগলের মধা থেকে। এভাবেই বেনে বলা হয়েছে যে, ব্রহ্মা ও শিবের যিনি সৃষ্টিকর্তা, সেই পর্মেশ্বর ভগবানই হচ্ছেন সকলের আবাধ্য

भाक्तशार्य श्रीकृष्कठ वालाङ्ग—

श्रक्ताभिक्तः ह क्रम्यः हाभाश्यम् मृद्धामि दैव । (छी हि गार न विद्धानीरका मम गाग्रावित्याश्रिको त

"শুজ পতিগণ, কম্র ও অন্য সকলকে আমি সৃষ্টি করেছি, যদিও তাঁরা তা জানেন না কারণ, তাঁরা আমার মায়াশক্তির দ্বারা বিমোহিত।" *বরাহ পুরাণেও* বলা হয়েছে—

> माताग्रभः भारता (मकसम्बाध्यान्यमञ्जूर्यसः । जन्माम् करमार्थसम् (मयः म ह मर्वद्यन्याः सन्तः ॥

''নারায়ণ হড়েন পরম পুরুধোন্তম ভগবান আর তার থেকে ব্রখারে জন্ম হয়, তার থেকে শিবের জন্ম হয়।"

শ্রীকৃষ্ণ হছেনে সমন্ত সৃষ্টিন উৎস এবং তাঁকে বলা হয় সব কিছুন নিমিন্ত করেণ।
তিনি বলেছেন, "যেহেতু সব কিছু আমার থেকে সৃষ্টি হয়েছে, তাই আমিই সব কিছুন আদি উৎস সব কিছুই আমার অধীন। আমার উপরে কেউ নেই।" শ্রীকৃষ্ণ ছাড়া পরম নিয়ন্ত আর কেউ নেই। সদ্শুক্ত ও নৈদিক শান্ত থেকে শ্রীকৃষ্ণ সন্থারে যিনি এই জ্ঞান হাড় করেন তিনি তাঁর সমস্ত শক্তি কৃষ্ণভাবনার নিয়োজিত করেন এবং তিনিই হচ্ছেন যথার্থ জ্ঞানী। তাঁর তুলনায় অন্য সকলে যাবা কৃষ্ণভত্তরান যথাযথভাবে লাভ করেনি তারা নিতান্তই মুর্খ। মুর্খেরাই কেবল শ্রীকৃষ্ণকে একজন সাধারণ মানুষ বলে মনে করে মুর্খাদেব প্রলাপের দ্বাবা কৃষ্ণভক্তর কর্মনই বিচলিত হওয়া উচিত নয় ভগ্নবদগীতার সমস্ত অপ্রামাণিক ভাষ্য ও ব্যাখ্যায় কর্ণপাত না করে দৃঢ় প্রতায় ও গভীর নিষ্ঠার সঙ্গে ভঙ্তির অনুশীলন করা উচিত।

শ্ৰোক ৯

মচিচতা মদ্গতপ্রাণা বোধয়ন্তঃ পরম্পরম্ । কথয়ন্তশ্চ মাং নিত্যং তুষ্যন্তি চ রমন্তি চু ॥ ১ ॥ মচিন্তাঃ থাঁদের চিন্ত সম্পূর্ণকাপে আমাতে সমর্পিত, মদ্গতপ্রালাঃ—এানের প্রাণ আমাতে সমর্পিত, বোধয়ন্তঃ—বৃঞ্জিয়ে; পরস্পরম্ পরস্পরকে, কথয়ন্তঃ— আলোচনা করে, চ—ও, মাম্—আমার সম্বন্ধেই, নিত্যম্ সর্বদা, তুমান্তি—তৃত্ম হন; চ—ও; রমন্তি—অপ্রাকৃত আনন্দ লাভ করেন; চ—ও

গীতার গান

আমার অনন্য ভক্ত মাচিত্ত মংপ্রাণ।
পরস্পর বুঝে পড়ে আনদ্দে মগন ॥
আমার সে কথা নিত্য বলিয়া গুনিয়া।
তোষণ রমণ করে ভক্তিতে মজিয়া॥

অনুবাদ

বাঁদের চিত্ত ও প্রাণ সম্পূর্ণরূপে আমাতে সমর্পিত, তাঁরা পরস্পরের মধ্যে আমার কথা সর্বদাই আলোচনা করে এবং আমার সম্বন্ধে পরস্পরকে বুঝিয়ে পরম সন্তোষ এ অপ্রাকৃত আনন্দ লাভ করেন।

ভাৎপর্য

ওছ ভক্ত, যাঁদের বৈশিষ্টেরে কথা এখানে বলা হয়েছে, তাঁরা সর্বদাই পূর্ণরূপে ভগবানের অপ্রাকৃত প্রেমভক্তিতে যুক্ত থাকেন। তাঁদের মন কথনই ত্রীকৃষেজ্য চরণার্বাক্ত থেকে বিক্তিপ্ত হয় না। তাঁরা সর্বদাই অপ্রাকৃত বিষয়বন্ধ নিয়ে আলোচনা করেন। ভগবানের তাজ ভক্তের লক্ষণ এই প্লোকে বিশেষভাবে ধর্ণিত হয়েছে ভগবস্তুক্ত দিনের চবিশ কটাই ভগবানের লীলাসমূহ কীর্তানে মন্ম থাকেন তাঁদের মনপ্রাণ সর্বদাই প্রীকৃষ্ণের চরণারবিশের নিমগ্র থাকে এবং অন্যান্য ভক্তের সঙ্গে তিনি ভগবানের কথা আলোচনা করে গভীর আনন্দ উপ্রভাগ করেন

ভগবন্ধভির প্রাথমিক স্তরে ভক্ত ভগবানের সেবার মাধ্যমেই অপ্রাকৃত আনন্দ উপভোগ করেন এবং পবিপক অবস্থায় তাঁরা ভগবং প্রেমে প্রকৃতই মথ থাকেন একবার অপ্রাকৃত ভবে অধিষ্টিত হলে তথন তাঁরা পূর্ণতম রম আস্থাদন করতে পারেন, যা ভগবান তাঁর ধামে প্রদর্শন করে থাকেন। গ্রীচৈতনা মহাপ্রভ ভগবন্ধভিকে জীবের হলেরে বীজ বপন করার সঙ্গে তুলনা করেছেন প্রসাধে বিভিন্ন গ্রহে অসংখ্য জীব অমণ করে বেড়াছে। তাদের মধ্যে কোন ভাগধোন জীব শুদ্ধ ভক্তের সংস্পর্শে আমার ফলে ভগবন্ধক্তির নিগৃচ রহস্যের কথা অধগত

(해선 2이

হতে সক্ষম হন এই ভগবন্তব্দি ঠিক একটি বীজের মতো একং তা যদি জীবের হাদরে বপন করা হয় এবং হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে/ হরে রাম হরে রাম রাম রাম হরে হরে—এই মহামন্ত্র প্রবণ ও কীর্তনরূপ জল সিঞ্চন করা হয়, তা হলে সেই বীজ অন্ধৃরিত হয়। ঠিক যেমন, নিয়সিত জল সিঞ্চনের ফলে একটি গাছের বীজ অন্থবিত হয়। এই অপ্রাকৃত ভক্তিলতা ক্রমে ক্রমে বর্ধিত হয়ে জড় ব্রহ্মাণ্ডের অবেরণ ভেদ করে চিৎ আকাশের ব্রহ্মজ্যোতিতে প্রবেশ করে। চিং-আকাশেও এই দতা বর্ধিত হতে থাকে এবং অবশেষে সর্বোচ্চ আলয় শ্রীক্ষেত্র প্রম গ্রহুলোক গোলোক বুন্দাবনে প্রবেশ করে। পরিশেবে, এই লভা ভগবান শ্রীকৃষ্ণের চরণ-কমলে আশ্রয় গ্রহণ করে এবং সেখানে বিশ্রাম লাভ করে। একটি লতা যেমন ক্রমণ ফল-ফুল উৎপাদন করে, সেই ভক্তিনতাও সেখানে ফল উৎপাদন কবতে থাকে এবং সেই সঙ্গে প্রবণ ও কীর্তনরূপ ব্রব্য সিঞ্চলের পত্না চলতে থাকে *স্ত্রীটোডনা-চরিভামুতে (মধ্যলীলা উনবিংশভি* অধ্যারে) এই ভজিন্দতার পূর্ব বিবরণ দেওয়া ২য়েছে। সেখানে বলা হয়েছে যে, এই ভজিনতা যখন সম্পূর্ণভাবে ভগবানের চরণ-কমলে আত্রয় গ্রহণ করে, ভক্ত তথন ভগবং-প্রেয়ে নিম্ম হন। তখন তিনি এক মৃহুর্তের জন্যও ভগবানের সংস্পর্শ ব্যতীত থাকতে পারেন না--টিক যেখন একটা মাছ জন্ম ছাভা র্নেচে থাকতে পারে না। এই অবস্থায়, পর্মেশ্বর ভগবানের সংস্পর্শে আসার ফলে ভক্ত সমস্ত দিবাগুণে ওণাম্বিত হন।

শ্রীমন্তাগবতও ভব্তের সঙ্গে ভগবানের এই রকম দিব্য সম্পর্কের বর্ণনার পরিপূর্ণ তাই, শ্রীমন্তাগবত ভক্তদের অতি প্রিয় এবং সেই কথা ভাগবতেই (১২/১৩/১৮) বর্ণিত আছে। শ্রীমন্তাগবতং পুরাণমমলং ববৈষ্ণবানাং প্রিয় । এই বর্ণনায় কোন রকম জড়-জাগতিক কর্মের, ইন্সিয়-তৃত্তির অথবা মুক্তির উল্লেখ নেই। শ্রীমন্তাগবতই হচ্ছে একমাত্র গ্রন্থ, যেখানে ভগবান ও তার ভক্তের অপ্রাকৃত দীলাসমূহ পূর্ণরূপে বর্ণিত হয়েছে এভাবেই কৃষ্ণভাবনাময় গ্রন্থ ভক্তেরা অপ্রাকৃত সাহিত্য শ্রীমন্তাগবত শ্রবণ করার মাধ্যমে নির্ক্তিশ্র আনন্দ উপভোগ করেন, ঠিক যেমন, কোন যুবক যুবতী পরস্পরের সঙ্গ ল্যাভের ফলে আনন্দ উপভোগ করে থাকে।

গ্ৰোক ১০

তেষাং সততযুক্তানাং ভজতাং প্রীতিপূর্বকম্ । দদামি বৃদ্ধিযোগং ডং যেন মামুপষান্তি তে ॥ ১০ ॥ তেষাম—উদ্রেন, সতত্ত্বজ্ঞানাস্ –নিভাযুক্ত, ডজতাম্—ভক্তিযুক্ত সেবাপনানণ হয়ে, প্রীতিপূর্বকম্—প্রীতিপূর্বক, দদামি —দান করি, বৃদ্ধিযোগম্ –বৃদ্ধিযোগ তম্—সেই ক্ষেন—ব্যর দারা; মাম্—ভাষাকে, উপযান্তি –প্রাপ্ত হন, তে—তারা

গীতার গান

সেই নিত্যযুক্ত যারা ভজনে কুশল । প্রীতির সহিত তারা ধরে ভক্তিবল ॥ আমি দিই ভক্তিযোগ তাদের অন্তরে । আমার পরম ধাম তারা লাভ করে ॥

অনুবাদ

বারা ভক্তিযোগ দারা প্রীতিপূর্বক আমার ভজনা করে নিত্যযুক্ত, আমি ঠানের শুদ্ধ জ্ঞানজনিত বৃদ্ধিযোগ দান করি, বার দারা তাঁরা আমার কাছে ফিরে আসতে

তাৎপর্য

এই শ্লোকে বৃদ্ধিযোগন কথাটি অভান্ত ভাৎপর্যপূর্ণ। এই সম্পর্কে দিন্দীয় অধ্যায়ে ভগবান অর্জুনকে যে উপদেশ নিয়েছেন, ভা আমন্তা শ্বরণ করতে পারি সেখানে ভগবান অর্জুনকে বলেছেন যে, ভিনি তাঁকে বৃদ্ধিযোগের অর্থ হছে কৃষ্ণভাবনাময় কর্ম। সেই বৃদ্ধিযোগের ব্যাথা করা হয়েছে বৃদ্ধিযোগের অর্থ হছে কৃষ্ণভাবনাময় কর্ম। সেটিই হছে সর্বপ্রেপ্ত বৃদ্ধিবৃত্তি। বৃদ্ধির অর্থ হছে বোধশন্তি এবং যোগের অর্থ হছে অতীন্ত্রিয় কার্যকলাপ অথবা যোগারাট়। কেন্ট যথন তাঁর প্রকৃত আলম্ম ভগবং-খামে ফিরে যেতে চান এবং সেই উদ্দেশ্যে কৃষ্ণভাবনাময় ভগবং সেবায় সমাকভাবে নিযুক্ত হন, তখন তাঁর সেই কার্যকলাপকে বলা হয় বৃদ্ধিযোগ পক্ষান্তরে, বৃদ্ধিযোগ হছে সেই পন্থা, যার ফলে জড় জগতের বন্ধন থেকে মৃত্তি লাভ করা বার। সাধনার পরম লক্ষ্য হচ্ছেন প্রীকৃষ্ণ। সাধারণ মানুব সেই কথা জানে না। তাই, ভগবন্তক ও সম্ভঙ্কর সঙ্গ অতি আবশ্যক। আমাদের সকলোই জানা উচিত যে, পরম লক্ষ্য হচ্ছেন প্রীকৃষ্ণ এবং সেই লক্ষ্য সম্বন্ধে অবগত হলে, বীরন্থির গতিতে সেই লক্ষ্যের দিকে বিয়ে বীরে অথচ ক্রমোন্নতির পর্যায়ত্র-মে অগ্রমর হণ্ডয়া যায় এবং অবশেষে সেই গরম লক্ষ্যে উপনীত হণ্ডয়া যায়।

কেউ থখন মানব-জীবনের লক্ষা সন্বন্ধে অবগত হওয়া সম্বেও কর্মফল ভোগেব প্রতি আনভ হয়ে থাকে, তখন সেই স্তব্যে সাধিত কর্মকে বলা হয় কর্মযোগ। কেউ ১০ম অধ্যয়ে

শ্লোক ১১]

৫৯৬

যখন জানতে পারে যে, পরম লক্ষা হচ্ছেন শ্রীকৃষ্ণ এবং শ্রীকৃষ্ণকে জানবার জন্য মনোধর্ম-প্রসৃত জ্ঞানের আশ্রয় গ্রহণ করে, তাকে বলা হয় জ্ঞানযোগ এবং কেউ যখন পরম লক্ষ্য সম্বন্ধে অবগত হয়ে ভক্তি সহকারে শ্রীকৃষ্ণের সেবা করেন, তবন তাকে বলা হয় ভক্তিযোগ বা বুদ্ধিযোগ এবং সেটিই হচ্ছে যোগের পরম পূর্ণতা। যোগের এই পূর্ণতাই হচ্ছে জীবনের সর্বোচ্চ সিদ্ধির স্কর।

কেউ সদ্ভক্তর আশ্রয় প্রাপ্ত হরে কোন পার্মার্থিক সংস্থার সঙ্গে যুক্ত থাকতে পারেন, কিন্তু পার্মার্থিক উন্নতি সাধনের কলা যথার্থ বৃদ্ধি বদি তাঁর না থাকে, তা হলে শ্রীকৃষ্ণ অন্তরল থাকে তাঁকে যথাযথভাবে নির্দেশ প্রদান করেন, যার ফলে তিনি অনায়াসে তাঁর কাছে ফিরে বেতে পারেন। ভগবনে শ্রীকৃষ্ণের এই কৃপা লাভ করার একমান্র যোগাতা হলে যে, কৃষ্ণভাবনাময় হরে প্রীতি ও ভক্তিস্থকারে সর্বাধন সর্বাধন সর্বাধন সর্বাধন শ্রীকৃষ্ণেরই সেবা করা। শ্রীকৃষ্ণের জনা তাঁকে কোন একটি কর্ম করতে হবে এবং সেই কর্ম প্রীতির সঙ্গে সাধন করতে হবে। তক্ত্ যদি আত্ম-উপলব্ধির বিকাশ সাধনে যথার্থ বৃদ্ধিনান না হন, কিন্তু ভক্তিযোগ সাধনে শ্রীকান্তিকভাবে আগ্রহী হন, তা থকে ভগবন তাঁকে সুযোগ প্রদান করেন, যার ফলে তিনি ক্রমান উন্নতি সাধন করেন এবং অবশেষে তাঁর কছে ফিরে যেতে পারেন।

(銀)本 22

তেয়ামেবানুকস্পার্থমহমজ্ঞানজং তমঃ । নাশয়াম্যাত্মজাবস্থো জ্ঞানদীপেন ভাষতা ॥ ১১ ॥

তেরাম্—তাঁদের; এব—অবশাই, অনুকম্পার্থম্—অনুগ্রহ করার জনা, অহম্—আমি, অজ্ঞানস্কম্—অজ্ঞান-শুনিও তমঃ—অক্ষকরে; নালমামি—নাশ করি, আক্সভাবহুঃ
—হাদমে অবস্থিত হয়ে জ্ঞান—জ্ঞানের, দীপেন—প্রদীপের দ্বাবা, ভাশ্বভা—উজ্জ্ঞপ

গীতার গান

সেই সে অনন্য ভক্ত নহেত অজ্ঞানী। আমি তার হৃদরেতে জ্ঞানদীপ আনি ॥ অন্ধকার তমোনাশ করি সে অশনি। জ্ঞানদীপ জ্বালাইয়া করি তারে জ্ঞানী।

অনুবাদ

তাদের প্রতি অনুগ্রহ করার জন্য আমি ঠাদের হৃদয়ে অবস্থিত হয়ে, উত্ত্রুক জ্ঞান প্রদীপের দ্বারা অজ্ঞান-জনিত অন্ধকার নাশ করি

তাৎপর্য

শ্রীটেওন্য মহাপ্রভু যখন বারাণসীতে হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ হরে হরে / হরে নাম হরে রাম রাম রাম হরে হরে কীর্তন করে প্রচার কবছিলেন, তখন হাজার হাজার লোক তাঁর অনুগামী হয়েছিল বারাণসীর অত্যন্ত প্রভাবশালী পতিত প্রকাশানন্দ সরস্থতী তখন শ্রীটৈতন্য মহাপ্রভুকে ভাবুক বলে উপহাস করেছিলেন। দার্শনিক পতিতেরা কখনও কখনও ভগবন্তকের সমালোচনা করে, কারণ তারা মনে করে বে, অধিকাংশ ভল্ডেরাই অজ্ঞানতার অন্ধকারে আছরে এবং তত্ত্বর্শনে অনভিঞ্জ ভাবুক। প্রকৃতপক্ষে তা সত্য নয়। অনেক বড় বড় পণ্ডিতেরা ভল্ডিতবের মাহারা কীর্তন করে ভল্ডিযোগের প্রেইডু প্রচার করে গোছেন কিন্তু এমন কি কোন ভক্ত বনি এই সমস্ত শাস্তপ্রধু অথবা সদ্গুরুর সাহায্য প্রহণ নাও করেন, কিন্তু তিনি বলি ঐকান্তিক ভল্ডিযোগে ভগবানের সেবা করেন, তা হলেও শ্রীকৃষ্ণ তাঁকে অন্তর থেকে সাহায্য করেন। সূত্রাং, কৃষ্ণভাবনায় নিগুক নিপানান ভক্ত কথনই ভন্নজানবিহীন নন। তাঁর একমাত্র যোগাতা হচেছ সম্পূর্ণভাবে কৃষ্ণভাবনাময় হয়ে শ্রীকৃবেজ সেবা করা।

আধুনিক বৃগের দার্শনিকের। মনে করেন যে, পার্থক্য বিচার না করে কেউ শুদ্ধ আন লাভ করতে পারে না তাব উত্তরে পরমেশ্বর ভগবান এখানে বলেছেন যে, বারা গুদ্ধ ভক্তি সহকারে তার সেবা করেন, তারা যদি অশিক্ষিত এবং পর্যাপ্ত বৈদিক জ্ঞানবিহীনও হন, তবুও তিনি তাদের হৃদয়ে দিবা জ্ঞানের দীপ স্থালিয়ে তাদের সাহাষ্য করেন, যা এই শ্লোকটিতে বলা হয়েছে।

ভাবাদ অর্জুনকে বলেছেন যে, মৃলত মনোধর্ম-প্রসূত জ্ঞানের মাধ্যমে কখনই পরস সতা বা পরসভত্ব পরস পূরুষোন্তম ভগবানকে জানতে পারা যায় না, কেন না পরম সতা এতই বৃহৎ যে, কেবল কোন রকম মানসিক প্রচেষ্টার দ্বারা তাঁকে কুদয়ক্ষম করা অথবা তাঁকে লাভ করা সন্তব নয় মানুহ লক্ষ লক্ষ বছর ধরে নানা রকম জল্লনা-কজনা ও অনুমান করে যেতে পারে, কিন্তু যতক্ষণ পর্যন্ত তার চিত্তে পরমেশ্বর ভগবানের প্রতি ভক্তি না জাগছে, পরম সত্যের প্রতি প্রীতির উদয় না হচ্ছে, ভতক্ষণ পর্যন্ত সে কোন মতেই শ্রীকৃষ্ণকে বা পরম সত্যকে জানতে পারে না। ভক্তিযোগে ভগবানের সেবা করার মাধ্যমেই পরম সত্য শ্রীকৃষ্ণকে

শ্লোক ১৩]

পবিতৃষ্ট করা যায় এবং তাঁর অচিন্তা শক্তির প্রভাবে তিনি তাঁর শদ্ধ ভক্তেন হানয়ে নিজেকে প্রকাশিত করেন । শ্রীকৃষণ সর্বদাই তাঁব শুদ্ধ ভক্তের হানয়ে বিরাজ্ঞান এবং সূর্যসম শ্রীকৃষের সামিধার ফলে অস্তানতার সমস্ত অন্ধকার তৎক্ষণাৎ বিদ্রিত হয়। শুদ্ধ ভক্তের প্রতি শ্রীকৃষের এটি একটি বিশেষ কৃপা।

লক্ষ লক্ষ জন্ম-জন্মান্তরে বৈষয়িক সংসর্গেব কল্বনতার কলে জড়বানের ধূলির দ্বারা আমানের হাদয় আচ্ছর হয়ে আছে কিন্তু আমরা যথন ভিভিযোগে ভগবৎ-সেবায় মুক্ত হয়ে নিরস্তর হয়েকৃষ্ণ মহাময় জপ করতে থাকি, তথন অতি শীঘ্রই হাদয়ের সমস্ত আবর্জনা বিদ্রিত হয় এবং আমরা ৩ছ জানের পর্যায়ে উরতি লাভ করি। পরম লক্ষ্য শ্রীকৃষ্ণকে কেবলমাত্র এভারেই কীর্তন ও সেবার মাধ্যমে প্রাপ্ত হওয়া যায়, মনোধর্ম-প্রসৃত্ত করনা অথবা মুক্তিতর্কের মাধ্যমে গয়। জীবন ধারণের আবশ্যকতাগুলির জন্য গুদ্ধ ভক্ত কেন রকম উর্বেগগ্রস্ত হন না। তার উদ্বিশ্ব হবার প্রয়েজন নেই, কারণ তার হলয় থেকে অজ্ঞানতার অন্ধকার দূর হয়ে য়াওয়ার ফলে পরমেশ্বর ভগবান আপনা থেকেই তার সমস্ত প্রয়োজন মিটিয়ে দেন, কারণ ভক্তের ভক্তিয়ে লিক্ষার সারমর্ম। ভগবদ্দীতা অধ্যয়ন করার মাধ্যমে আমরা সর্বতোভাবে ভগবানের চরণে আত্মসমর্পণ করে গদ্ধ ভক্তিযোগে তার সেবায় নিযুক্ত থেতে পারি ভগবান যথন আমানের দায়িত্ব গ্রহণ করেন, তথন আমরা সব রকম জাগতিক প্রচেটা থেকে মুক্ত হই।

শ্লোক ১২-১৩

অর্জুন উবাচ
পরং ব্রন্দ্র পরং ধাম পবিত্রং পরমং ভবান্ ।
পূরুবং শাশ্বতং দিব্যুমাদিদেবমজং বিভূম্ ॥ ১২ ॥
আহুস্তামৃষয়ঃ সর্বে দেবর্ষিনারদস্তধা ।
অসিতো দেবলো ব্যাসঃ শ্বয়ং চৈব ব্রবীষি মে ॥ ১৩ ॥

অর্জুনঃ উবাচ অর্জুন বললেন, পরম্ পরম, ব্রহ্ম—সত্যা, পরম্—পরম, থাম— ধাম, পবিব্রম্ পবিব্র, পরমম্ পরম, ভবান্—তুমি, প্রশম্—পুরুষ, শাশতম সনাতন, দিব্যম্ দিবা; আদিদেবম্—আদিদেব, অঞ্জম্—জন্মরহিত; বিভূম্ সর্বপ্রেষ্ঠ; আহঃ—বলেন, স্থাম্—তোসাকে; খাষয়ঃ ব্যবিগণ, সর্বে সমস্ত, দেবর্ষিঃ দেবর্ষি, নারদঃ—নারদঃ তথা—ও, অসিতঃ—অসিও, দেবলঃ—, দেবলা, ব্যাসঃ—ব্যাসদেব, স্বর্ষ্যু—তৃমি নিজে; চ—ও; এব—অবশাই, ব্রবীয়ি—এলড়; মে—আমাকে।

গীতার গান

অর্জুন কহিলেন ।
পরম ব্রহ্ম পরম ধাম পবিত্র পরম ।
তুমি কৃষ্ণ হও নিত্য এই মোর জ্ঞান ॥
শাশত পূরুষ তুমি অজ, আদি বিভূ ।
অপ্রাকৃত দেহ তব সকলের প্রভূ ॥
দেবর্ষি নারদ আর ষত খবি আছে ।
অসিত দেবল ব্যাস সেই গাহিয়াছে ॥
কোমার এই শ্রীমৃতি ওচে ভগবান ।
না জানে দেবতা কিংবা যারা দানবান ॥

অনুবাদ

অর্জুন বললেন—কৃমি পরম ব্রহ্ম, পরম ধাম, পরম পবিত্র ও পরম পুরুষ তৃমি নিতা, দিবা, আদি দেব, অন্ধ ও বিছু। দেবর্ষি নারদ, অসিত, দেবল, ব্যাস আদি ক্ষবিরা তোমাকে সেভাবেই বর্গনা করেছেন এবং তৃমি নিজেও এখন আমাকে তা বলছ।

তাৎপর্য

এই দৃটি শ্লোকের মাধ্যমে পরমেশ্বর ভগবান আধুনিক যুগের তথাকথিত দার্শনিকদের তার সম্বন্ধে যথাযথভাবে অবগত ইওয়ার সুযোগ দান করেছেন কারণ এখানে স্পষ্টভাবে বলা হয়েছে যে, সতন্ত্র জীবাত্মা থেকে পরমতন্ত্র ভিন্ন। এই ক্ষধায়ে ভগবদ্গীভার সারমূলক চারটি মুখ্য শ্লোক শোনার পর অর্জুন সম্পেহ থেকে সম্পূর্ণরূপে মুক্ত হয়েছিলেন এবং শ্রীকৃষ্ণকে পরমেশ্বর ভগবানকাপে স্থাকাদ করেছিলেন। তিনি তৎক্ষশংশ স্পষ্টভাবে ঘোষণা করলেন, "তুমি হলে পরং রক্ষ অর্থাৎ পরম পুরুষোন্তম ভগবান।" পূর্বে শ্রীকৃষ্ণ নিজেই বাসেছেন মে তিনি বছলের ও সব কিছুর আদি। প্রতিটি মানুষ, এমন কি স্বর্গের দেশ দেশীবাও গ্রার

[১০ম ভাগায়

ভগর নির্ভবশীল। অস্তানতার কাবতী হরে মানুষ ও দেবতাবা মনে করেন যে, তাবা পূর্ণ এবং পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের মতে। সম্পূর্ণভাবে বাধীন। ভিভিযোগ সাধন করার ফলে এই অস্তানতার অন্ধকার সম্পূর্ণভাবে বিদূরিত হয়। সেই কথা পূর্ববর্তী শ্রোকে ভগবান নিজেই বাগ্যা করেছেন। এখন, ভগবানের কৃপার ফলে অর্জুন শ্রীকৃষণ্ডকে পরম সত্য বলে স্থীকার করেছেন এবং সেই কথা বেদেও শ্রীকার করা হয়েছে। এমন ময় যে শ্রীকৃষণ অর্জুনের অন্তরঙ্গ বন্ধ থলে অর্জুন তারেক পর্মেশ্বর ভগবান বা পরমতন্ত্ব বন্ধে তোরামোদ করেছেন। এই শ্লোক দৃটিতে অর্জুন যা বলেছেন, তা সবই বৈদিক শান্তসম্যত। বেদে কলা হয়েছে যে, ভক্তিব মাধানেই কেবল ভগবানকে উপলব্ধি করা যায়। এ ছাড়া আর কোনভাবেই তাকে জানতে পারা সন্তব নয়। এখানে অর্জুন যা বলেছেন, ওার প্রতিটি কথা বেদের নির্দেশ অনুসারে অক্সরে ক্ষমরে সত্য।

কেন উপনিষদে বলা হয়েছে যে, পরমন্ত্রন্ধ হচ্ছেন সব কিছুর আশ্রয়। শ্রীকৃন্ধ এখানে বর্ণনা করেছেন যে, তিনিই হচ্ছেন সব কিছুবই পরম আশ্রয়। মুক্তক উপনিষদে প্রতিপন্ন করা হয়েছে যে, পর্যাখর ভগবান, যিনি সব কিছুর আশ্রয়, নিরন্তর তাঁর চিপ্তা করার মাধ্যমেই কেবল তাঁকে উপলব্ধি করা যায়। শ্রীকৃষ্ণ সম্বন্ধে এই নিরন্তর চিন্তাকে বলা হয় স্মরণম্, তা ভগবদ্ধজির একটি অস। কৃষ্যভক্তির ফলেই কেবল আমরা আমাদের বরাপ সম্বন্ধে অবগত হয়ে এই জড় দেহের বন্ধন থেকে মুক্ত হতে পারি,

বেদে পরমেশ্বর ভগবানকে পরম পরিত্র বালে স্থীকার করা হয়েছে। প্রীকৃষ্ণত্তক যিনি পরম পরিত্র বাল্ উপলব্ধি করতে পারেন, তিনি সব রকম পাপকর্ম থেকে মুক্ত হয়ে পরিত্র হন পরমেশ্বর ভগবানের চরণে আত্মসমর্পণ না করলে পাপকর্ম থেকে মুক্ত হওয়া যায় না প্রীকৃষ্ণকে অর্জুন পরম পরিত্র বলে ঘোষণা করেছেন, ভা বৈদিক নির্দেশেরই পুনরাবৃত্তি। এই সত্য সমস্ত মুনি-অধিরাও স্বীকার করেছেন, খাঁদের মধ্যে নারদ মুনি হচ্ছেন শ্বেষ্ঠ।

শ্রীকৃষ্ণ ইচ্ছেন পরম পুরুষোগ্তম ভগবান এবং তাঁর বাানে মণ্ণ থেকে আমরা তাঁর সঙ্গে আমানের অপ্রাকৃত সম্পর্কের জানন উপলব্ধি করতে পারি। তিনিই হচ্ছেন শাশ্বত অভিন্ত। তিনি সব রকম দৈহিক প্রয়োজন, জন্ম ও মৃত্যু থেকে মৃত্যু, সেই কথা যে কেবল অর্জুনই বলেছেন, তা নর, সমন্ত বৈদিক সাহিত্য, পুরাণ ও ইতিহাস যুগ যুগান্তর ধরে সেই কথা ঘোষণা করে আসছে। সমন্ত বৈদিক সাহিত্যে পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণকে এভাবেই কর্ণনা করা হয়েছে এবং চতুর্য অধ্যায়ে শ্রীকৃষ্ণ নিজেই তার পুনরাবৃত্তি করে বলেছেন, "যদিও আমি অজ, তবুও এই পুথিবীতে আমি ধর্ম সংস্থাপন কববার জন্য অক্তরণ করি।" তিনি পরম

ভংস, তার কোন কারণ নেই, কেন না তিনিই হচ্ছেন সর্ব কাবণের কারণ এবং ঠার থেকেই সব কিছুর প্রকাশ হয়। ভগবানের কৃপার প্রভাবেই কোনল এট দিবাজ্ঞান লাভ করা যায়।

ভগবানের কৃপার প্রভাবেই কেবল অর্জুন তার এই উপলব্ধির কথা বদ্দ করতে চাই, সক্ষম হরেছেন। আমরা যদি ভগবদ্গীতাকে যথায়থডাবে উপলব্ধি করতে চাই, তা হলে এই প্লোক দুটিতে ভগবান সম্বন্ধে যা বলা ছয়েছে, তা সম্পূর্ণভাবে মেনে নিতে ছবে। একে বলা হয় পরস্পরা ধরা অর্থাৎ গুরুশিষা পারস্পরি পরম তত্তভান লাভ করা। পরস্পরা ধারায় অর্থিছিত না হলে ভগবদ্গীতার যথার্থ জ্ঞান লাভ করা যায় না। কেতাবি বিদারে হারা ভগবদ্গীগের হান লাভ করা কথনই সম্বন্ধ নায়। বৈদিক শান্তে অন্তন্ত প্রমাণ থাকা সংখত, দুর্ভাগাবশত আধুনিক মুগের তথাক্থিত দান্তিক পত্তিতের তাদের কেতাবি বিদার অহন্ধারে মন্ত হয়ে গৌয়ার্ত্মি করে বথে যে, ত্রীকৃষ্ণ একজন সাধারণ মানুক।

ঝোক ১৪

সর্বমেতদ ঋতং মন্যে যন্ত্রাং বদসি কেশব । ন হি তে ভগবন্ ব্যক্তিং বিদুর্দেবা ন দানবাঃ ॥ ১৪ ॥

সর্বম্—সমস্ত, এডৎ—এই, খডম্—সতা; মন্যে—মনে করি, ছৎ—থা, মাম্— আমাকে, কনসি—বংগছ, কেশব—হে কৃষ্ণ, ন—না; ছি—অবশ্যই, তে—ভোমার, ভগবন্—হে পরমেশ্বর ভগবান; ব্যক্তিম্—ভন্থ; বিদুঃ—জানতে পারে, দেবাঃ— দেবভারা, ন—না; দানবাঃ—দনধেরা।

গীতার গান

হে কেশব তোমার এ গীত বাণী যত।
সর্ব সভ্য মানি আমি সে বেদসম্মত ।
ভোমার মহিমা ভূমি জান ভাল মতে ।
অনস্ত পারে না গাহিতে অনস্ত জিহাতে ॥

অনুবাদ

হে কেশব! ভূমি আমাকে যা বলেছ তা আমি সতা বলে মনে করি। হে ভগবান! দেবতা অথবা দানবেরা কেউই তোমার তথা যথাযথভাবে অবগত নন।

তাৎপর্য

অর্জুন এখানে দৃঢভাবে প্রতিপন্ন করছেন যে, নাস্ত্রিক ও আসুরিক ভারাপন্ন মানুষেরা কখনই ভগবান খ্রীকৃষ্ণকে জানতে পারে না। এমন কি দেব দেবীরা পর্যন্ত ভাঁকে জানতে পারেন না সূতরাং আধুনিক যুগের তথাকথিত পণ্ডিতদেব সম্বন্ধে কি আর বলার আছে গ ভগবানের কুপায় অর্ভ্রন উপলব্ধি করতে পেরেছেন যে, শ্রীকৃষ্ট্র হচ্ছেন পরমতত্ত্ব এবং তিনি পূর্ণ শুদ্ধ। তাই, আমাদের ঋর্জুনের পদান্ত অনুসরণ করা উচিত কারণ, *ডগবদ্গীতাকে* তিনিই থথায়থভাবে গ্রহণ করেছিলেন। চতুর্প অধায়ে যে কথা বলা হয়েছে, পরস্পরা নষ্ট হরে যাওয়ার ফলে ভগবদগীতার জ্ঞান মানুষ হারিয়ে ফেলে। তাই, অর্জুনের মাধ্যমে ভগবনে সেই পরস্পরা পুনঃপ্রতিষ্ঠা করপেন, কারণ অর্জুন হক্ষেন তার সখা ও পরম ভক্ত। সূতরাং, গীতোপনিষদ ভগবদণীতার প্রস্তাবনায় আমরা বলেছি যে, ওক্র-শিবা পরস্পরার মাধ্যমে ভগবদগীতার জ্ঞান আহরণ করা উচিত। পরস্পর: নট হয়েছিল বলেই অর্জুনের মাধ্যমে তা পুনকজ্জীবিত করা হয়। ত্রীকৃষ্ণের সমস্ত নির্দেশগুলি অর্জুন সম্পূর্ণভাবে গ্রহণ করেছিলেন *ভগবদগীতার* যথ্যয়থ অর্থ যদি আমরা উপ্লব্ধি করতে ৮ছি, তা হলে আমাদেরও অর্জুনেরই মতো ভগবানের সধ করটি নির্দেশ পুদ্দানুপুদ্দভাবে গ্রহণ করতে হবে তা হলেই কেবল আমরা শ্রীকৃন্ধকে প্রম পুরুবোণ্ডম ভগবান বলে জানতে পারব।

(訓本 26

স্বয়মেবাত্মনাত্মানং বেখ দ্বং পুরুষোত্তম। ভূতভাবন ভূতেশ দেবদেব জগৎপত্তে ॥ ১৫ ॥

স্বয়ম্—স্বয়ং, এব—অবদ্যাই, আন্ধানা—নিজেই, আন্ধানম্—নিজেকে, বেথ—জ্ঞান, ত্ব্য—জুমি, পুরুষোন্তম—হে প্রযোত্তম, ভৃতভাবন—হে দর্শভূতের উৎস, ভৃতভাব—হে দর্শভূতের উন্ধার, দেবদেব—দেবতাদেরও দেবতা, জনংগতে—হে বিশ্বপালক।

গীতার গান

হে পুরুষোত্তম, তুমি জান ভোমার ভোমাকে। ভূতভাবন ভূতেশ দেবদেব জগৎপতে ॥

তোমার বিভৃতি যোগ দিব্য সে অশেষ । যদি কৃপা করি বল বিস্তারি বিশেষ ॥

অনুবাদ

বিভৃতি-যোগ

হে পুরুষোন্তম। হে ভূতভাবন। হে ভূতেশ। হে দেবদেব। হে জগৎপতে। ভূমি নিজেই তোমার চিৎশক্তির দ্বারা ভোমার ব্যক্তিত্ব শ্ববগত শ্বাছ

তাৎপর্য

মন্যদে—মনে কর, মদি—যদি, ভং—তা, শক্যম্—সমর্থ, ময়া—আমার দ্বারা, দ্রষ্ট্রম—দেখতে; ইতি—এভাবে, প্রভো ∽হে প্রভু, যোগেশ্বর—হে যোগেশ্বর; ভতঃ—ভারপর, মে—আমাকে, ত্বয়্—ভূমি, দর্শয়—দেখাও, আত্মানয়—ভোমার স্বরূপ: অব্যয়ম—নিত্য।

গীতার গান

অতএৰ তৃমি যদি যোগ্য মনে কর। দেখিবারে বিশ্বরূপ তোমার বিস্তর B ষোগেশ্বর ভাহা তুমি দেখাও আমারে । নিবেদন এই মোর কহিনু তোমারে ॥

অনুবাদ

হে প্রতু! তুমি যদি মনে কর যে, আমি তোমার এই বিশ্বরূপ দর্শন করার যোগ্য. ভা ইলে হে যোগেশ্বর। আমাকে ভোমার সেঁই নিতান্মরূপ দেখাও।

ভাৎপর্য

আমাদের জ্বানা উচিত যে, জড় ইন্দ্রিরের মাধ্যমে পরমেশ্বর ভগবান শ্রীকুস্বক্রে দেখা বায় না, তাঁর কথা শোনা যায় না, তাঁকে জানা যায় না অথবা তাঁকে উপলান্তি করা ষায় না। কিন্তু প্রথম থেকেই প্রেমভন্তি সহকারে ভগবানের অপ্রাঞ্*ত* সেরায় নিরোজিত হলে, তবেই ভগবানকে দর্শন করবাব দিবা দৃষ্টি আমনা লাভ কবতে পারি। প্রতিটি জীবই হচ্ছে কেবলমাত্র চিত্রয় স্ফুলিঙ্গ, তাই তাব পক্ষে পরহেশ্বব

শ্লোক ৬ী

ভগবানকে দর্শন করা বা উপলব্ধি করা সন্তব নয়। অর্জুন ছিলেন ভগবস্তক। তিনি ভগবান শ্রীকৃষ্ণের পরমেশ্বরত্ব সন্থক্ষে সম্পূর্ণভাবে অবগত ছিলেন। তাই, তিনি ভগবানকে উপলব্ধি করার ব্যাপারে তার কল্পনা শক্তির উপর নির্ভর না করে, ভগবানেব কাছে জীবরূপে নিজেব অক্ষমতা স্বীকাব করেছেন। অর্জুন জানতেন যে সীমিত জীরের পক্ষে অনস্ক-অসীম ভগবানকে উপলব্ধি করা সন্তব নয়। অসীম যখন কৃপা করে নিজেকে প্রকাশ করেন, তখনই কেবল অসীমের বৈশিষ্ট্য উপলব্ধি করা যায়। যোগেশ্বর শব্দতিও এখানে যিশেষ ভাৎপর্যপূর্ণ, কারণ ভগবান অচিন্তা শব্দির অধীশর যদিও তিনি অসীম-অনন্ত, তকুও তার আহত্তকী কৃপার প্রভাবে তিনি নিজেকে প্রকাশ করেছেন। তিনি শ্রীকৃষ্ণকে আদেশ দিক্ষেন না। অনন্য ভক্তি সহকারে ভগবান শ্রীকৃষ্ণের সেবা করার মাধ্যমে নিজেকে স্বর্নতোভাবে শ্রীকৃষ্ণের সেবা করার মাধ্যমে নিজেকে স্বর্নতোভাবে শ্রীকৃষ্ণের সেবা সমর্পণ না কর্নলে শ্রীকৃষ্ণ কথনই নিজেকে প্রকাশ করেন না। এভাবেই বারা নিজেদের মানসিক চিন্তাশক্তির উপর সম্পূর্ণভাবে নির্ভর করে আছেন, তাদের পক্ষে শ্রীকৃষ্ণকে দর্শন করা কথনই সন্তব নয়।

শ্লোক ৫ শ্রীভগবানুবাচ পশ্য মে পার্থ রূপাণি শতশোহণ সহস্রশঃ ৷ মানাবিধানি দিব্যানি নানাবর্শাকৃতীনি চ ॥ ৫ ॥

শ্রীভগৰান্ উবাচ—পরমেশ্বর ভগবনে কললেন; পশ্যা—দেশ; মে—আমার, পার্থ— হে পৃথাপুত্র, রূপাণি—রূপসকল, শক্তশঃ—শত শত: অথ—ও, সহলদঃ—সহত্র সহত্র, নানাবিধানি—নানাবিধ, দিব্যানি—দিবা, নানা—বিভিন্ন, বর্থ—বর্ণ, আকৃতীনি—আকৃতি; চ—ও।

গীতার গান

শ্রীভগবান কহিলেন ঃ

হে পার্থ আমার রূপ সহস্র সে শত । এই দেখ নানাবিধ দিব্য ভাল মত ॥ অনেক আকৃতি বর্ণ করহ প্রত্যক্ষ । সকল আমার সেই হয় যোগৈশ্বর্য ॥

অনুবাদ

ব্ৰীতগৰান বললেন—হে পাৰ্থ। নানা বৰ্গ ও নামা আকৃতি-বিশিষ্ট গও গও ও সহল সহল আমার বিভিন্ন দিব্য রূপসমূহ দর্শন কর।

তাৎপর্য

অর্জুন শ্রীকৃষ্ণের বিশ্বরূপ দর্শন করতে চেয়েছিলেন। ভগবানের এই রূপ যদিও
দিবা, তব্ও তার প্রকাশ হয় এই জড় জগতের পরিপ্রেক্ষিতে এবং তাই তা এই
জড় জগতের কালের উপর নির্ভরশীল। জড়া প্রকৃতির যেমন প্রকট হয় এবং
অপ্রকট হয়, তেমনই শ্রীকৃষ্ণের এই বিশ্বরূপেরও প্রকট হয় এবং অপ্রকট হয়
শ্রীকৃষ্ণের জনান্যে প্রকাশের মতো তার এই রূপ পরা প্রকৃতিতে নিতা বিরাজ্যমান
নম। ভগবানের ভতেরা বিশ্বরূপ দর্শনে উৎসাহী নন কিছু অর্জুন যেহেতু
শ্রীকৃষ্ণকে এই রূপে দেখতে চেয়েছিলেন, তাই শ্রীকৃষ্ণ সেই রূপে নিজেকে
প্রকাশিত করেন। কোন সাধারণ মানুষ্ণের পক্ষে ভগবানের বিশ্বরূপে দর্শন করা
সম্ভব নর। শ্রীকৃষ্ণ যখন এই বিশ্বরূপ দর্শন করবার শক্তি দেন, তথনই কেথল
তার এই রূপ দর্শন করা বার।

শোক ৬ পশ্যাদিত্যান বসুন ৰুজানমিনৌ মক্তত্তথা । বহুন্যুদৃষ্টপূৰ্বাণি পশ্যাশ্চৰ্যাণি ভারত ॥ ৬ ॥

পশ্য—দেখ, আদিজ্যান্—অদিজির স্বাদশ পূর, বসৃন্—অউবস্থ, ক্রন্তান্—একাদশ ক্রু, অশ্বিনৌ—অশ্বিনীকুমারশ্বর, সক্ষতঃ—উনপঞ্চাশ মরতে (বায়ুর দেবতা); ভখা—এবং, বহুনি—বহু, অদৃষ্ট—যা তুমি দেখনি, পূর্বাণি—পূর্বে, পশ্য—দেখ, আকর্মাণি—আন্চর্য, ভারত—হে ভারতভ্রেষ্ঠ

গীভার গান

আদিত্যাদি বস্ রুপ্ত অশ্বিনী মরুত ! অদৃষ্ট অপূর্ব সব আশ্চর্য ভারত ॥

অনুবাদ

(३ ভারত! দ্বাদশ আদিতা, অস্তবসূ, একাদশ রুদ্র, অদিনীকুমারয়ায়, উমপ্রকাশ মরুত এবং অনেক অদৃষ্টপূর্ব আশ্চর্ম রূপ দেখ।

তাৎপর্য

এমন কি যদিও অর্জুন ছিলেন ভগবান শ্রীকৃষ্ণের অন্তরঙ্গ বন্ধু এবং বিশেষ জ্ঞানী পুকর, তবুও তাঁর পঞ্চে শ্রীকৃষ্ণ সম্বন্ধ সব কিছু জানা সম্ভব ছিল নাঃ এখানে বলা হয়েছে যে, মানুষেরা ভগবানের এই রূপ এবং প্রকাশ সম্বন্ধে আগে কখনও শোনেনি অথবা জানেনি এখন শ্রীকৃষ্ণ তাঁর সেই বিশ্বস্থকর রূপসমূহ প্রকাশ করেছেন।

গ্লোক ৭

ইতৈকস্থং জগৎ কৃৎস্নং পশ্যাদ্য সচরাচরম্ । মম দেহে ওড়াকেশ যচ্চান্যদ্ ক্রষ্ট্মিচ্ছসি ॥ ৭ ॥

ইহ—এই, একস্থ্য—একাত্রে অবস্থিত, জগং—বিশ্ব, কৃৎক্রম্—সমগ্র, পশা—বেশ্ব, অদ্য—একারে, স—সহ, চর—জগন্ধ, অচরম্—হাবর, মম—আমার, দেহে—শারীরে, গুড়াকেশ—হে অর্জুন, হং—না কিছু, ছ—ও, অদ্যৎ—অন্য, প্রইম্দেখতে, ইচ্ছসি—ইচ্ছা কর

গীতার গান

চরাচর বিশ্বরূপ আমার ভিতর । দেখ আজ একস্থানে সব পরাপর ॥ ওড়াকেশ আমি কৃষ্ণ পরাৎপরতম্ভ । দেখ ডুমি ভাল করি আমার মহস্ক ॥

অনুবাদ

হে অর্জুন। আমার এই বিরাট শরীরে একত্তে অবস্থিত সমগ্র স্থাবর-জঙ্গমান্ত্রক বিশ্ব এবং অন্য যা কিছু দেখতে ইচ্ছা কর, ডা একণে দর্শন কর।

তাৎপর্য

এক জারগায় বসে সমগ্র ব্রহ্মাও দর্শন করা কাবও পক্ষে সম্ভব নয়। প্রমন কি সর্বপ্রেপ্ত উন্নত বৈজ্ঞানিকেরাও এই ব্রহ্মাণ্ডের অন্যানা অংশে কোবায় কি হচ্ছে ডা দেখতে পারেন না। কিন্তু অর্জুনের মতো ভক্ত বিশ্ব ব্রহ্মাণ্ডের যে কোলও থংশে যা কিছু বিদ্যমনে সবই দেখতে পান। অতীত, বর্তমান ও ভবিষ্যাৎ সপধে সব কিছু যাতে দেখতে পারেন, সেই জন্য শ্রীকৃষ্ণ তাঁকে শক্তি প্রধান করেছেন। এভাবেই শ্রীকৃষ্ণের কৃপার ফলে অর্জুন সব কিছু দেখতে সমর্থ হয়েছিলেন

প্লোক ৮ ন ডু সাং শক্তনে দ্রস্কুমনেনৈৰ স্থচক্ষুষা । দিবাং দদামি তে চক্ষঃ পশ্য মে যোগমৈশ্বম্ ॥ ৮ ॥

ন—না, ছু—কিন্তু; মামৃ—আমাঞে, শক্যুসে—সক্ষম হবে, দ্রাষ্ট্র্যু—দেখতে, আনেন—এই; এব—অবশ্যই, স্বচকুষা—তোমার নিজের চকুর হারা, দিব্যয় দলমি—প্রদান করছি; ভে—তোমাঞে, চকুঃ—চাণু, পশ্য—দেখ, মে—আমার, যোগীসধারম্—অচিন্তা বোগশক্তি।

গীতার গান

তুমি শুদ্ধ ভক্ত মোর নহে প্রাকৃত দর্শন।
অতএব দিব্যচক্ষু করি তোমারে অর্পণ।
দিব্যচক্ষু সোপাধিক কিন্তু স্কুল নহে।
অপরোক্ষ অনুভৃতি সকলে সে কহে।

অনুবাদ

কিন্তু ভূমি ভোমার বর্তমান চকুর বারা আমাকে দর্শন করতে সক্ষম হবে না। ভাই, আমি ভোমাকে দিবাচকু প্রদান করছি ভূমি আমার অচিন্তঃ যোগৈশ্বর্য দর্শন কর!

ভাৎপর্য

শ্রীকৃষ্ণের বিতৃত্ত শামসৃন্দর রূপ ছাড়া আর অন্য কোন রূপ ভগবানের শুদ্ধ ওওঁ
দর্শন করতে চান না। ভগবানের কৃপার প্রভাবেই তাঁর বিশ্বরূপ দর্শন করতে হয়
এবং ভক্ত তাঁর মনের দ্বারা দর্শন করেন না, করেন দিব্য দৃষ্টির মাধ্যমে ভগবানের
বিশ্বরূপ দর্শন করার জন্য অর্জুনকে তাঁর মনোবৃত্তি পরিবর্তন করার কথা বলা হয়নি,
তাঁর দৃষ্টির পরিবর্তনের কৃষা বলা হয়েছে। শ্রীকৃষ্ণের বিশ্বরূপ তেমন ওরাত্বপূর্ণ
নয়, সেই কথা পরবর্তী শ্রোকে স্পষ্টভাবে বর্ণনা করা হবে। তবুও অর্জুন যেহেতৃ

প্লোক ৮]

(計画 55]

তা দেখতে চেয়েছিলেন গ্রাই ভগবান তাঁর সেই রূপ দর্শনের জন্য যে দিবা চক্ষুন প্রযোজন, গ্রা তাঁকে দান করেছিলেন

যে সমন্ত ভগবন্তুক্ত শ্রীকৃষ্ণের সঙ্গে অপ্রাকৃত সম্পর্কে যুক্ত হয়েছেন, ভারা ভগবানের প্রথমের দারা আকৃষ্ট না হয়ে ভগবানের প্রেময়র মাধুর্য হান্য আকৃষ্ট হন শ্রীকৃষ্ণের সমন্ত সথা নাম্বনী, পিতা মাতা, তারা কেউই শ্রীকৃষ্ণকে ভার শ্রেম্বর্য প্রদর্শন করতে বলেন না তারা শুদ্ধ ভগবং প্রেমে এউই মধ্য যে, শ্রীকৃষ্ণ যে পরম পুরুষোত্তম ভগবান, ভাও তারা জানেন না। মাধুর্যমতিত প্রেমের বিনিমমের কলে তারা ভূলে যান যে, শ্রীকৃষ্ণ হল্পেন পরমেশ্বর ভগবান। শ্রীমন্তাগবতে বর্ণনা করা হয়েছে যে যে সমন্ত বালকেরা শ্রীকৃষ্ণের সঙ্গে গেলা করেন, তারা সকলেই অভ্যন্ত পুগারান আঘা এবং বহু প্রদ্ধ-ভাষাত্তবের ওপসারে ফলে তারা ভগবানের সঙ্গে খেলা করার সৌভাগ্য অর্জন করেছেন। এই সমন্ত বালকেরা জানেন না যে, শ্রীকৃষ্ণ হন্দেন পরম পুরুষোত্তম ভগবান ভারা শ্রীকৃষ্ণকে তালের খেলার সাধী এক অতি অন্তর্গন বন্ধ মনে করেন। এই, শুক্দের গোস্বামী এই ধ্যোকটি বর্ণনা করেছেন—

ইখং সতাং ব্রহাস্থান্তুত্যা গাসাং গতানাং পবদৈবতেন। মায়াপ্রিতানাং নরদারকেণ সাকং বিজন্তু: কৃতপুণাপ্**রা: 2**

'ইনিই হচ্ছেন পরম পুরুষ, যাঁকে মহান মুনি ক্ষরিয়া নির্নিশেষ প্রক্ষরেপ জানেন, ভগবানের জন্তেরা ভগবানকালে জানেন এবং সাধানণ মানুসেবা জড়। প্রকৃতির সৃষ্টি বালেই মনে করেন এগন এই বালাকেরা উদ্দেহ পুনজায়ে বহু পুনাকরি ফলে পরম পুরায়েশন্তম ভগবানের সঙ্গে খোলা করছেন।" (প্রীমন্ত্রাগবন্ত ১০/১২/১১) আসল কথা হচ্ছে যে, ভন্ত কখনও ভগবানের বিষয়েপ দর্শন করেরে আকালকা করেন না কিন্তু অর্জন ভগবানের পেই বিশ্বকাপ দর্শন করেতে চেয়েছিলেন থাতে আগামী দিনের মানুষেবা বুনান্তে পারে যে, প্রীকৃষ্ণ কেবল ভন্ত কথার মাধ্যমে তাঁর পরম ভগবন্তা প্রতিপন্ন করেননি, তিনি অর্জুনকে তাঁর সেই রূপও দেখিরেছিলেন, যাতে কাবন্ত মনে আর কোন সংশয় না থাকে। অর্জুনকে এই সন্তা প্রতিপন্ন করেতেই হবে, কারণ তিনি এখন পরস্পবার সূচনা করছেন। যাঁরা পরম পুরুষোন্তম ভগবান প্রীকৃষ্ণকে জানবাব জন্য ঐকান্তিকভাবে আগ্রহী এবং সেই জন্য যাঁরা অর্জুনের পদান্ত অনুসরণ করছেন, তাঁদের জানা উচিত যে, প্রীকৃষ্ণ কেবল তত্ত্বগতভাবে তাঁর পরমেশ্বনত্ব প্রমাণ করেননি, তিনি যে পরমেশ্বন তা তিনি বাস্তবিকই দেখিয়েছেন

২গণান ভাঁর বিশ্বরূপ দর্শন করার শক্তি অর্জুনকে দান করেছিলেন। কানগ তিনি জানতেন, অর্জুন তাঁব সেই বিশ্বরূপ দর্শনে তেমন আগ্রহী ছিলেন ১৮ কথা পূর্বেই বাখ্যা করা হয়েছে

> শ্লোক ৯
> সঞ্জয় উবাচ এবমুক্তা ততো রাজন্ মহাযোগেশ্বরো হরিঃ। দর্শনামাস পার্থায় প্রমং রূপমৈশ্বম্ ॥ ৯ ॥

সঞ্জয়ঃ উনাচ—সঞ্জয় বললেন: এবম্—এডাবে, উল্লা-—বলে, ততঃ—ভারপর য়জন—তে বাজন, মহাযোগেশ্বঃ—মহাম গোগেশন, হরিঃ—পরমেশর ভগবাম শাকৃষণ, দর্শরামাস—দেখালেন; পার্শার—অর্থণে, পরমম্—পরম; রূপম্ উশরম্—বিশরপ।

গীতার গান
সঞ্জয় কহিলেন :
অতঃগর শুন রাজা যোগেশ্বর হরি ৷
পার্থকে ঐশ্বর্যরূপ দেখাল শ্রীহরি ৷৷

অনুবাদ

সম্ভব্য বলালেন—হে রাজন্। এভাবেই বলে, মহান যোগেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ অর্জুনকে তাঁর বিশ্বরূপ দেখালেন।

> প্লোক ১০-১১ অনেকবন্ধ্রনয়নমনেকাজুতদর্শনম্। অনেকদিব্যাভরণং দিব্যানেকোদ্যতায়ুধম্ ॥ ১০ ॥ দিব্যমাল্যাম্বরধরং দিব্যগন্ধানুলেপনম্ । সর্বাশ্চর্যময়ং দেবমনন্তং কিশ্বতোমুখম্ ॥ ১১ ॥

खरनक कर, **रहः**—भूव, नवनभ्—ठकः, खरनक—वर, **खतुरु—धः**षुर्व, प्रणंशय— वर्षनीय करः, ख**रनक**—कर, दिवाः दिवाः खान्नवश्य—धनवासः, प्रिया—पिवाः,

অনেক—অনেক, উদ্যত—উদ্যত আয়ুধম্—গ্রন্থ, দিব্য—দিব্য: মাল্য—মালা; অম্বরধরম— বস্ত্র শোভিত, দিব্য—দিব্য গন্ধ—গন্ধ: অনুলেপনম্—অনুলিপ্ত, সর্ব— সমন্ত, আশ্চর্যময়ম্ আশ্চর্যজনক, দেবম্ দুর্যতিময়, অনস্তম্ অন্তর্মন, বিশ্বতোমুখম্—সর্বন্ধ পরিব্যাপ্ত

গীতার গান

অনেক নয়ন বক্তু অত্তত দর্শন । অনেক সে অন্ত আর দিব্য আবরণ ॥ দিব্য মালা গন্ধ আর চন্দন লেপন । সবঁই আশ্চর্য রূপ বিশ্বের সূজন ॥

অনুবাদ

অর্জুন সেই বিশ্বরূপে অনেক মুখ, অনেক নেত্র ও অনেক অত্ত দশনীয় বস্তু দেখাদেন। সেই রূপ অসংখা দিব্য অলক্ষারে সক্ষিত ছিল এবং অনেক উদাত দিব্য অস্ত্র ধারণ করেছিল। সেই বিশ্বরূপ দিব্য মালা ও দিবা বত্ত্বে ভৃষিত ছিল এবং তাঁর শরীর দিব্য গদ্ধ ছারা অনুলিপ্ত ছিল। সবই ছিল অত্যন্ত আল্চর্যজনক, জ্যোতির্যার, অনন্ত ও সর্ববাাগী

তাৎপর্য

এই শ্লোক দুটিতে অনেক শব্দটির বছরার ব্যবহারের বারা কুবাতে পারা বার যে, জগবানের যে সব হস্ত, পদ, মুখ এবং অনানা রাপের অভিপ্রকাশ অর্জুন দেখছিলেন, সেগুলির সংখ্যার কোন সীমা ছিল না। ভগবানের এই প্রকাশগুলি সারা ব্রক্ষাণ্ড জুড়ে পরিবাণ্ড ছিল। কিন্তু ভগবানের কুপায় অর্জুন এক জায়গায় বলে ডা দর্শন করতে পেরেছিলেন জীকৃষ্ণের অচিন্ডা শক্তির প্রভাবেই তা সম্ভব হয়েছিল।

শ্লোক ১২

দিবি সূর্যসহস্রস্য ভবেদ্যুগপদুখিতা । যদি ভাঃ সদৃশী সা সাদে ভাসস্তস্য সহাত্ত্বঃ ॥ ১২ ॥ দিবি—আকাশে, সূর্য-সূর্যের, সহস্রস্য সহস্র, ডবেং— হয়, মুগণয়—একসঞ্লে, উথিতা সমুদিত, যদি—যদি, ডাঃ প্রভা, সদৃশী তুলা, সা গ্রা, সায় ১/৬ পারে; ভাসঃ—প্রভা, তস্য—সেই; মহাত্মনঃ—মহাত্মা বিশ্বরূপের

গীতার গান

যদি সূর্য দিনে উঠে সহস্র সহস্র । একত্রে কিরপ বৃধ অনস্ত অজস্র । ভাহা হলে কিছু ভার অংশ অনুমান । অন্যথা সে দিবা তেঞ্জ নহেত প্রমাণ ॥

অনুবাদ

বলি আকাশে সহল সূর্যের প্রভা যুগপৎ উদিত হয়, তা হলে সেই মহাত্মা বিশ্বরূপের প্রভার কিঞিৎ ভূল্য হতে পারে।

ভাৎপর্য

ভার্ত্র যা দর্শন করেছিলেন তা ছিল অবর্ণনীয়, তবুও সপ্তর সেই মহান অভিপ্রকাশের মাননিক চিন্তাপ্রসূত ভাবচিত্রটি ধৃতরাষ্ট্রকৈ দেবার চেটা করছেন সপ্তর বা ধৃতবাষ্ট্র কেউই সেখানে উপস্থিত ছিলেন না, কিন্তু ব্যাসদেবের কৃপার প্রভাবে সপ্তর দেখতে পাজিলেন সেখানে কি হচিলে ভগবানের এই রূপ দর্শন করার ক্ষমতা বাদের নেই, তাদের বোধগম্য করাবার জন্য সপ্তয় তা একটি কালনিক অবস্থার সক্ষে তৃকনা করছেন (যেমন, সহল সহল সূর্য)।

শ্লোক ১৩ তব্ৰৈকখৃং জগৎ কৃৎস্নং প্ৰবিভক্তমনেকথা । অপশাদেৱদেবসা শ্রীরে পাণ্ডবস্তদা ॥ ১৩ ॥

তত্ত্র সেবানে; প্রকন্থম এক স্থানে অবস্থিত, জগৎ বিশ্ব, কৃৎসম্—সমগ্র, প্রবিভক্তম্—বিভক্ত, অনেকখা—বং প্রকার, অপশ্যৎ —দেখলেন, দেবদেবসা— পরমেশ্বর ভগবানের, শরীরে—বিশ্বকপে; পাণ্ডবঃ—অর্জুন, ছদা—৬খন।

লোক ১৫]

গীতার গান

অর্জুন দেখিল তবে কৃষ্ণের শ্রীরে। একব্রে সে অবস্থান অনস্ত বিশ্বের ॥ এক এক সে বিভক্ত যথা যথা স্থান । সেই তেজ জ্যোতি মধ্যে বিধিন্ন বিধান ॥

অনুবাদ

তথন অর্জুন পরমেশ্বর ভগবানের বিশ্বরূপে নানাভাবে বিজক্ত সমগ্র জগৎ একরে অবস্থিত দেখলেন।

তাৎপর্য

তার ('সেখানে') কথাটি বিশেষ তাৎপর্যপূর্ণ। এব দ্বানা বোঝানো হয়েছে যে, এর্জ্নর রখন বিশ্বরাপ দর্শন করেন, তখন আর্জুন ও প্রীকৃষ্ণর উভরেই রখের উপর উপরিষ্ট ছিলেন সেই যুদ্ধাকরে অনা আর কেউ প্রীকৃষ্ণের এই রূপ দর্শন করেতে পারে নি, কারণ প্রীকৃষ্ণের অনা আর কেউ প্রীকৃষ্ণের এই রূপ দর্শন করেতে পারে নি, কারণ প্রীকৃষ্ণের কেবল অর্জুনকেই দিনেদৃষ্টি নান করেছিলেন। প্রীকৃষ্ণের শরীরে অর্জুন হাজাব হাজার গ্রহলোক দর্শন করলেন। বৈদিক শাস্ত্র খেকে আন্তরা জানতে পারি যে, অসংখ্য গ্রহনাকর সমন্ত্রিত অন্যান্ত রক্ষােছ। তানের মধ্যে কোনটি মাটি দিয়ে তৈনি, কোনটি সোনা দিয়ে তৈনি, কোনটি মণি-মানিকা দিয়ে তৈরি, কোনটি বিশাল, কোনটি আবার তাত বিশাল নয়। রূপে বাদ্ধে অর্জুন সমস্ত্র কিছুই দর্শন করলেন। কিন্তু অঞ্জুন ও শ্রীকৃষ্ণের মধ্যে তানে যে কি হাছিল, তা কেউ বুঝতে পারেনি।

শ্লোক ১৪

ততঃ স বিশ্বয়াবিস্টো হাউরোমা ধনঞ্জয়ঃ। প্রণম্য শিরসা দেবং কৃতাঞ্জলিরভাষত ॥ ১৪॥

ততঃ তারপর, সঃ—তিনি, বিশ্বয়াবিষ্টঃ—বিশ্বয়াবিত, ক্রষ্টরোমা রোমাঞ্চিত হয়ে ধনপ্রয়ঃ অর্জুন, প্রপম্য প্রণাম করে, শিরুসা মন্তক হারা, দেবম্— প্রমেশ্বর ভগবানকে; কৃতাঞ্জিঃ—ক্রজোড়ে, অভাবত—বল্লেন।

গীতার গান

ধনঞ্জয় হৃষ্টরাম দেখিয়া বিশ্মিত । শিরসা প্রণাম করে কৃতাঞ্জলিপটে ॥

কহিতে লাগিল সেই সন্ত্রমসহিত । দেবতার কাছে যথা যাতে নিজ হিত ॥

অনুবাদ

তারপর সেই অর্জুন বিশ্বিত ও রোমাঞ্চিত ইয়ে এবং অবনত মন্তকে ভগবানকে প্রণাম করে করজোড়ে বলতে সাগলেন।

তাৎপর্য

এই দিব। দশনৈর প্রভাবে শ্রীকৃষ্ণ ও অর্জুনের সম্পর্কের আক্রমিক পরিবর্তন হয় পূর্বে শ্রীকৃষ্ণ ও অর্জুনের সম্পর্ক সহাভাবেন উপর প্রতিষ্ঠিত ছিল, কিন্তু এখন, বিশ্বরূপ নর্শনের পর অর্জুন শর্ভার শ্রন্ধা সহকারে প্রণাম করে করজোড়ে শ্রীকৃষ্ণের প্রতি তার করছেন। তিনি বিশ্বরূপের প্রশংসা করছেন। এভাবেই ভগবানের প্রতি অর্জুনের সম্পর্ক স্থোর পরিবর্তে অন্তুতে পরিণত হয় মহাভাগবতেরা শ্রীকৃষ্ণকে সমস্ত সম্পর্কের অধ্যারকালে দর্শন করেন। শাস্ত্রাদিতে বারোটি বিভিন্ন রসের কথা কলা হয়েছে এবং সব করটি শ্রীকৃষ্ণের মধ্যে বর্তমান শাস্ত্রে বলা হয়েছে, জীপের মধ্যে দেবতাদের মধ্যে এবং ভগবানের সঙ্গে তার ভক্তদের মধ্যে যে রসের আদান প্রদান হয়, শ্রীকৃষ্ণ হতেন সেই সমস্ত রসের সম্প্রশ্বরূপ।

এখানে অর্কুন অন্তত রদের দশ্পর্কের দারা অনুপ্রাণিত হয়েছিলেন। স্বভাগতই অর্কুন যদিও ছিলেন খুব দীর, স্থির ও শাস্ত, তবুও এই অন্তুত রদের প্রভাবে তিনি আর্কুন যদিও ছিলেন খুব দীর, স্থির ও শাস্ত, তবুও এই অন্তুত রদের প্রভাবে তিনি আর্কুন হয়ে পড়েন। তার শবীর রোমাধ্যিও হয় এবং কৃতাঞ্জলিপুটে তিনি বাধবার ভগবানকে প্রণাম করতে থাকেন। অবশ্য তিনি ভীত হননি তিনি পর্বমেশর ভগবানের প্রত্যাশ্চর্ম ঐশর্ম দর্শনে বিশ্বায়াধিত হয়েছিলেন ভগবানের প্রতি তার স্থাভাবি সম্বাভাব বিশ্বায়ের দ্বাবা আ্লাদিতি হয়ে পড়ে এবং তাই তিনি এই রক্ষম আন্তরণ করতে ওক্ত করেন

শ্লোক ১৫

অর্জুন উবাচ
পশ্যামি দেবাংস্তব দেব দেহে
সর্বাংস্তথা ভূতবিশেষসভ্যান্ ।
ব্রহ্মাণমীশং কমলাসনস্থম্
ক্ষীংশ্চ সর্বান্রগাংশ্চ দিব্যান্ ॥ ১৫ ॥

শ্লেক ১৭]

অর্জুনঃ উবাচ—অর্জুন বললেন; পশ্যামি—দেখছি, দেবান্—সমস্ত দেবতাদেরকে, তব তোমান, দেব—হে দেব, দেহে দেহে; সর্বান্—সমস্ত; তথা—ও, ভূত—প্রাণীদেরকে, বিশেষজ্যান্ বিশেষজ্ঞানে সমবেজ; ব্রজ্ঞাণম্—ক্রন্থাকে, ইশম্ শিবকে কমলাসনস্থন্ কমলাসনে স্থিত ঝবীন্—মহর্ষিদেরকে, চ—ও; সর্বান্—সমস্ত; উরগান্—সর্পদেরকে; চ—ও; দিব্যান্—দিব্যা

গীতার গান অর্জুন কহিলেন ঃ

হে দেব শরীরে তব, দেখিতেছি বে বৈভব, নহে বাক্য মনের গোচর । সকল ভূতের সন্ম, সে এক বিশাল রক,

একব্রিত সব চরাচর 🛭

ব্রন্য যে কমলাসন, সকল উরগগণ, অন্তর্যামী ভগকান ঈশ ।

ষত ঋষিগণ হয়, কেহ সেখা ৰাকী নয়, দিবি দেব যত জগদীশ ॥

অনুবাদ

অর্জুন বললেন—হে দেব। তোমার দেহে দেবতাদের, বিবিধ প্রাণীদের, কমলাসনে স্থিত ব্রন্ধা, শিব, ঋষিদের ও দিবা সর্পদেরকে দেখছি।

তাৎপর্য

ব্রশাণ্ডের সব কিছুই অর্জুন দর্শন করলেন। তাই তিনি ক্রশাকে দর্শন করলেন, যিনি হচ্ছেন এই ব্রশ্নাণ্ডের প্রথম সৃষ্ট জীব। তিনি দিব্য সর্গকে দর্শন করলেন, ব্রহ্মাণ্ডের নিম্নদেশে যার উপর গর্ভোদকশায়ী বিষ্ণু শয়ন করেন। এই সর্গশায়াকে বলা হয় বাসুকী। বাসুকী নামক অন্য সর্গও আছে। এতাবেই অর্জুন গর্ভোদকশায়ী বিষ্ণু থেকে শুরু করে এই ব্রশ্নাণ্ডের সর্বোচ্চ শিখরে কমলাসনে ভি্ত ব্রহ্মাকে দর্শন কবলেন অর্থাৎ, তাঁব রথের উপর বসেই অর্জুন আদি থেকে অন্ত পর্যন্ত সব কিছুই দর্শন করগেন। পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের কৃপার প্রভাবেই কেবল তা সন্তব হয়েছিল শ্লোক ১৬

অনেকবাহুদরবক্সনেত্রং
পশ্যামি ত্বাং সর্বতোহনন্তরূপম্ ।
নান্তং ন মধ্যং ন পুনন্তবাদিং
পশ্যামি বিশেশ্বর বিশ্বরূপ ॥ ১৬ ॥

আনেক—অনেক, বাহ—বাহ, উদর—উদর, বহু—মুখ, নেত্রম্—চফু, পশ্যামি— দেখছি, স্বাম্—তোমাকে, সর্বতঃ—সর্বত্র, অমস্তরূপম্—অনস্ত রূপ, ন অন্তম্— অন্তহীন; স মধ্যম্—মধ্যহীন, ন—না, পুনঃ—পুনরায়, তব—তোমার, আদিম্— আদি, পশ্যামি—দেখছি, বিশ্বেশ্ব —হে জগদীধ্য, বিশ্বরূপ—হে বিশ্বরূপ

গীতার গান

অনেক বাহু উদর, অনেক নয়ন বক্সু, দেখিতেছি অনস্ত সে রূপ । আদি অন্ত নাহি তার, বিশ্বেশ্বর যে অপার অন্তুত যে দেখি বিশ্বরূপ ॥

অনুবাদ

হে বিশেশর। হে বিশ্বরূপ। ভোমার দেহে অনেক বাছ, উদর, মুখ এবং সর্বত্র জনস্ত রূপ দেখছি। আমি ভোমার আদি, মধ্য ও অন্ত কিছুই দেখতে পাতিং না।

তাৎপর্য

শ্রীকৃষ্ণ হচ্ছেন পরম পুরুষোত্তম ভগবান এবং তিনি হচ্ছেন অসীম অনন্ত। তাই, তার মধ্যে সব কিছুই দর্শন করা যায়।

শ্লোক ১৭
কিরীটিনং গদিনং চক্রিলং চ
তেজোরাশিং সর্বতো দীপ্তিমন্তম্ ।
পশ্যামি ত্বাং দুর্নিরীক্ষ্যং সমস্তাদ্
দীপ্তানলার্কদৃতিমপ্রমেয়ম্ ॥ ১৭ ॥

[১৯শ অধ্যার

[[4] [2]

902

সনাতন ধর্মরক্ষক, সনাতন প্রাযাখ্যা,

তুমি হও অনস্ত অব্যয় ॥

বিশ্বরূপ-দর্শন-যোগ

অনুবাদ

তুদি পরম রক্ষা এবং একমাত্র জ্ঞাতবা। তুমি বিশ্বের পরম আশ্রয়, তুমি অনাম, সনাতন ধর্মের রক্ষক এবং সনাতন পরম পুরুষ । এই আমার অভিমত।

> (आक ५%) অনাদিমধ্যান্তমনন্ত্ৰীৰ্যম অনন্তবাহুং শশিসূর্যনেত্রম । পশ্যামি ছাং দীপ্তহতাশবন্ত্রং স্বতেজসা বিশ্বমিদং তপস্তম ॥ ১৯ ॥

অনাদিহধান্ত্রম—আদি, মধা ও অন্তর্হীন, জনস্ত—অন্তর্হীন, বীর্যম—বীর্যশালী, **অনন্ত**—থগুহীন, ৰাছ্য—বাহ, শবি—৮ঞ্জ, সূৰ্য—সূৰ্য, নেত্ৰম্—৮০৮৯ম, পশ্যামি— দেগছি, জ্বাম—েও মাকে, দীপ্স—প্রস্থালিত, হুড়াদনক্রম্—অগ্নিতুলা মুখবিলিউ, স্বতেজনা—স্বীয় তেজ দ্বারা, বিশ্বমৃ—জগৎ, ইদমৃ—এই, তপস্কমৃ—সন্তাপকারী

গীতার গান

তব আদি অন্ত নাই. মধ্যের কি কথা তাই. তুমি হও সে অনন্ত বীর্ষ : তোমার বাহু মহান, চন্দ্র-সূর্য নেত্রবান, তোমার হুতাশ দীপ্ত বক্তু 11 নিজ্ঞ তেজ রাশি ছারা, তপ্ত কর বিশ্ব সারা, বাথে ডোমার সর্বত্র তেজ ।

অনুবাদ

আমি দেবছি ভোমার আদি, মধ্য ও অস্ত নেই। তুমি অনন্ত বীর্যশালী ও অসংবা বাহুবিশিষ্ট এবং চন্দ্র ও সূর্য তোমার চক্ষয় তোমার মুখমওণে প্রদীপ্ত অগ্নির জ্যোতি এবং ভূমি স্বীয় ভেজে সমস্ত জগৎ সম্ভপ্ত ক'নছ।

কিবীটিনম্ কিবীটযুক, গদিনম্—গদাধারী; চক্রিণম্—চক্রধারী, চ—এবং, তেজোৱাশিম্—তেজঃপুজ হরপ: সর্বতঃ সর্বতঃ দীপ্তিমন্তম্—নীতিমান, পশ্যামি— দেখছি, স্থাম্— ভোষাকে: দুনিরীক্ষাম্- - দুর্নিরীক্ষা, সমস্তাৎ— সবদিকে, দীপ্তানল— পদীপ্ত অগ্নি **অর্ক স্**যের, **দাতিম্** ক্রতি: অপ্রমেয়ম্— অপ্রয়ের।

গীতার গান

কিৰীট যে চক্ৰ গদা, ব্লাশি বাশি ভেজপ্ৰদ, দীপ্তমান দেখিতেছি সব । पिथिए पृत्तर (मेरे, श्रीश डेव्ह्न (बेरे, দীপ্ত অগি সূর্য দুটি সম ॥

অনুবাদ

কিনীট শোভিত, গদা ও চক্রখারী, সর্বত্র দীপ্তিমান, তেজঃপুঞ্জ-স্থরূপ, দূর্নিরীক্ষ্য, প্রদীপ্ত অগ্নি ও সূর্বের মতো প্রভাবিশিষ্ট এবং অপ্রমেয় স্বরূপ তোফাকে আমি সর্বত্রাই দেখছি

(副母 2)

ত্মক্ষরং প্রমং বেদিতবাং ত্যস্য বিশ্বস্য পরং নিধানম ৷ ত্বমব্যয়ঃ শাশ্বতধর্মগোপ্তা সনাতনত্ত্বং পুরুষো মড়ো মে ॥ ১৮ ॥

ত্ম্—তুমি, অক্ষরম্—প্রমা, পরমন্—প্রমা, বেদিতবাম্—ভ্যাতবা, ক্মৃ—তুমি, অস্য--এই, বিশ্বস্য--বিশ্বের, প্রম্--প্রম; নিধানম--সাত্র্য ভুম্--ভূমি; অব্যয়ঃ—অধ্যয়, শাশ্বক্ধর্মগোপ্তা—সন্যতন ধর্মের রক্ষক, সন্যতনঃ—নিতা, স্বয় ডুমি, পুরুষ:—পরম পুরুষ; মতঃ মে—আমার মতে।

গীতার গান

তুমি যে অক্ষর তত্ত্, বুঝিবার যোগ্য তথা, এ বিশ্বের পরম আশ্রয়।

(湖本 42]

তাৎপর্য

পবম পুরুষোত্তম ভগবানের ধড়ৈশ্বর্ধের কোন সীমা নেই। এবানে এবং বহ স্থানে তার পুনরাবৃত্তি কবা হমেছে। কিন্তু শান্তে বলা হমেছে যে, শ্রীকৃষ্ণের কীর্তির পুনরাবৃত্তি কবলে, তা সাহিত্যগত দুর্বলতা হয় না। কথিত আছে যে, মোহাচ্ছর বা আশ্চর্যান্থিত হলে অথবা পুলকিত হলে মানুষ একই কথার ব্যবহার পুনরাবৃত্তি করে। সেটি দুষণীয় নয়।

শ্লোক ২০
দ্যাবাপৃথিব্যোরিদমন্তরং হি
ব্যাপ্তং ক্রৈকেন দিশক্ত সর্বাঃ ।
দৃষ্টাজুতং রূপমূগ্রং তবেদং
শোকতায়ং প্রবৃথিতং মহাদ্মন ॥ ২০ ॥

দ্যৌ—দ্যুলোক: আপৃথিব্যাঃ— পৃথিবীয়, ইদম্—এই, অন্তর্ম্—মধ্যস্থল, হি—
অবশ্যই, ব্যাপ্তম্—ব্যাপ্তঃ, ম্বয়া—তোমার ধারা; একেন—একমাব্রঃ নিশঃ—দিক: চ—
এবং, সর্বাঃ—সমস্ত, দৃদ্যা—দেখে, অন্তুত্ম—অন্তুত, রূপম্—রূপ; উগ্রম্—
ভয়ংকর; তব—তোমার, ইদম্—এই, দোকত্রম্—তিলোক; প্রবাধিতম্—ব্যথিত
হচ্ছে; মহাদ্যন্—হে মহাদ্যন্

গীতার গান

পৃথিবী বা অন্তরীক্ষে, বাহিরে ভিতরে সংখ্য,
যত দিগ্-দিগন্তের দেশ ॥
দেখিয়া তোমার রূপ, মহান যে বিশ্বরূপ,
যাহা হয় অন্তুত দশ্ম ।
হয়েছে দেখিয়া ভীত, বিভূবনে যে ব্যক্তি,
সব লোক শুন মহান্তন ॥

অনুবাদ

তুমি একটি স্বৰ্গ ও মৰ্ত্যের মধ্যবতী অন্তরীক্ষ ও দশদিক পরিব্যাপ্তা করে আছ্। হে মহাস্থন্। তোমার এই অন্তত ও ভয়কের রূপ দর্শন করে ক্রিলোক অত্যস্ত ভীত হচ্ছে।

তাৎপর্য

এই স্নোকে দ্যাবাপৃথিবোরে (স্বর্গ ও মত্যালোকের মধ্যবর্তী স্থান) ও লোকএরমন্ (ত্রিভ্বন) কথা দৃটি বিশেষ ভাৎপর্যপূর্ণ কারণ এর থেকে প্রতীয়মান হয় যে, কেবল অর্জুনই ভগবানের বিশ্বরূপ দর্শন করেননি, অন্যান্য প্রহলোকের অধিবাসীবাও তার সেই রূপ দর্শন করেছিলেন। অর্জুনের এই বিশ্বরূপ দর্শন স্বর্থ নয়। ভগবান বালেরকে দিবদৃষ্টি দান করেছিলেন, ভারা সকলেই যুদ্ধক্ষেত্রে সেই বিশ্বরূপ দর্শন করেছিলেন।

শ্লোক ২১ আমী হি স্বাং সুরসন্দা বিশন্তি কেচিদ্ জীতাঃ প্রাঞ্জলয়ো গৃণন্তি। শ্বন্তীভূয়কা মহর্ষিসিদ্ধসন্দাঃ স্তবন্তি স্বাং স্ততিভিঃ পুদ্ধলাভিঃ মু ২১ য়

জন্ম—ঐ সমন্ত, হি—অবশাই, দ্বাম্—তোমাঝে, সুরসন্ধাঃ—দেনতারা, বিশন্তি— প্রবেশ করছেন, কেচিৎ—কেউ কেউ, জীতাঃ—ভীত হয়ে, প্রাঞ্জলয়ঃ—করভোড়ে, গুলন্তি—শুল বর্ণনা করছেন, স্বন্তি—লাভিবাকা, ইতি—এভাবে, উত্থ্যা—বলে, মহর্ষি—মহর্ষিগণ, সিদ্ধসন্ধাঃ—সিদ্ধগণ, স্তবন্তি—তুল করছেন। দ্বাম—ভোমাকে স্তাতিতিঃ—স্তাতির দ্বারা, পৃদ্ধসাতিঃ—বৈদ্যিক মন্ত্র।

গীডার গান

ঐ যে যত দেবগণ, লইতেছে যে শরণ, কেহ বা হয়েছে ভীত মনে। স্তব করে জ্ঞোড় হাতে, মহর্ষির সে সন্তুতি, স্বস্তিবাদ সকলে বাখানে ॥

অনুবাদ

সমস্ত দেবভারা ভোমার শরপাগত হয়ে ভোমাতেই প্রবেশ করছেন। কেউ কেউ তীত হয়ে করজোড়ে ভোমার গুণগান করছেন। মহর্ষি ও সিন্ধেরা জগতের কলাাণ হোক' বলে প্রচুর স্তুতি বাক্যের দ্বারা ভোমার স্তব করছেন।

তাৎপর্য

ভগবানের বিশ্বরূপের এই ভয়ংকর প্রকাশ এবং তার প্রচন্ত জোণতি দর্শন করে সমস্ত গ্রহলোকের দেব-দেবীবা ভীত হয়ে তাঁর আগ্রয় প্রার্থনা করতে স্বার্তন।

গ্রোক ২২

ক্ষাদিতাঃ বসবো যে চ সাখ্যা বিশ্বেহস্থিনৌ মক্তকেচাত্মপাল্চ । গদ্ধর্বসন্ধ্যসন্ধ্যা বীক্ষত্তে ত্বাং বিশ্বিতাশৈচৰ সর্বে॥ ২২ ॥

ন্দত্ত—শিক্ত আদিজাঃ— ৯ দিজাগণ, বসবঃ—বসুগণ, বে—ানে সমস্ত: চ—এবং সাধ্যাঃ—সাধাগণ বিশেন--লিখনেবলণ, অধিনৌ —অধিনী কুমান্তের, মান্ততঃ— মঞ্চতণণ চ—এবং উত্থাপঃ— পতুগণ চ—এবং গন্ধনি—গদার্কণে, মান্ত—যক্ষাণ, অসুবসিদ্ধান্যঃ—অসুবগণ ও নিজ্ঞাণ, বীক্ষান্তে—দর্শনি ধ্বন্তেন, দ্বান্—ভোমাকে, বিশ্বিতাঃ—বিশ্বয়মুক্ত হয়ে; চ—ও; এব—অবশাই; সুবে—স্কলে।

গীতার গান

ক্ষত্র আর যে আদিত্য, বস্ হার যত সাধ্য, অশ্বিনীকুমার বিশ্বদেব । মক্তবা পিতৃলোক, গন্ধর্ব বা সিদ্ধলোক, দেখিতে অসিয়াছে সে সব ॥

অনুবাদ

রুদ্রগণ, আদিতাগণ, সাধ্য নামক দেবতারা, বসুগণ, বিশ্বদেবগণ, অশ্বিনীকুমার্থয়, মরুতগণ, পিতৃগণ, গন্ধর্বগণ, বক্ষগণ, অসুবগণ ও সিদ্ধগণ সকলেই বিস্মৃত হয়ে তোমাকে দর্শন করছে।

শ্ৰৌক ২৩

রূপং মহতে বহুবজ্বনেত্রং
মহাবাহো বহুবাহুরুপাদম্।
বহুদরং বহুদংস্ট্রাকরালং
দৃষ্টা লোকাঃ প্রব্যবিতান্তথাহ্য ॥ ২৩ ॥

রাপম্কাপ, মহৎ—মহৎ; তে—ভোমার, বন্থ—বহ, বন্ধা—মূপ, নেত্রম—ক্ষ্) মহাবাহেল—হে মহাবীর; বহু—জনেক, বাহু—বাহ, উক্ত—উপ, পাদম স্পদ বহুদরম—বহু ওদর, বহুদংষ্ট্রা বহু দণ্ড, করালম্ ভয়ংকর, দৃষ্ট্য ক্ষেণে লোকাঃ —সমস্ত লোক, প্রবাধিকাঃ—ব্যথিত; তথা—তেমনই, অহ্ম—আমি

বিশ্বরূপ-দর্শন যোগ

গীতার গান

তোমার মহান রূপ,

বহু নেত্র বহু মুখ,

বহু পাদ উরু মহাবাহো।

বহু উদর দন্ত,

(割本 28]

করাল নাহিক অন্ত,

দেবিয়া মনেতে ভয়াবহ ॥

অনুবাদ

হে মহাবাদ। বহু মুখ, বহু চকু, বছু বাছ, বহু উক্ল, বহু চরণ, বহু উদর ও অসংখ্য করাল দহুবিশিষ্ট ডোমার বিরটিরূপ দর্শন করে সমস্ত প্রাণী অভ্যন্ত বাধিত হচ্ছে এবং আমিও অভ্যন্ত ব্যধিত হচ্ছি।

শ্লোক ২৪
নভঃস্পৃশং দীপ্তমনেকবর্ণং
ব্যান্তাননং দীপ্তবিশালনেত্রম্ !
দুট্টা হি কাং প্রবাথিতান্তরাত্মা
ধৃতিং ন বিন্দামি শমং চ বিফো ৫ ২৪ ॥

নভঃস্পৃশম্—আকাশস্পনী দীপ্তম—জ্জন্ত অনেক—বছ, বর্ণম্—বর্ণ, ব্যান্ত—বিন্দারিত: আননম্—দৃথ, দীপ্ত—উল্জ্ঞান, বিশাল—আয়ত, নেত্রম্—চক্ষু, দৃষ্টা দর্শন করে, হি—অবশ্যই, দ্বাম্—তোগাকে, প্রবাধিত ব্যথিত: অন্তরাদ্ধা অন্তরাদ্ধা, ধৃতিম্ ধৈর্য ন না, বিন্দামি পাঠিছ, শমম্—শান্তি, চ—ও, বিষোধে বিষ্ণু।

গীতার গান

আকাশে ঠেকেছে মাথা, বুলে যেন অগ্নিমাখা, বহু বর্ণ হয়েছে বিস্তার । ব্যাপ্তানন দীপ্ত নেত্র,

৬৫৬

নেত্র, বলসিয়া সে সর্বত্র, ধৈর্যচ্যতি করেছে জামার ॥

অনুবাদ

হে বিযুঃ! তোমার আকাশস্পর্নী, তেন্দোময়, বিবিধ বর্ণযুক্ত, বিস্তৃত মুখমণ্ডল ও উচ্ছেল আয়ত চক্ষ্বিশিষ্ট তোমাকে দেখে আমার হৃদয় ব্যথিত হচ্ছে এবং আমি ধৈর্য ও শম অবলয়ন করতে পার্বছি না।

শ্লোক ২৫
দংট্রাকরালানি চ তে মুখানি
দৃষ্ট্রেব কালানলসমিভানি ।
দিশো ন জানে ন লভে চ শর্ম
প্রসীদ দেবেশ জগন্নিবাস ॥ ২৫ ॥

দংট্রা—দত্তযুক্ত, করালানি—ভীবণ, চ—ও, তে—তোমার, মুখানি—মুখসমূহ, দৃষ্ট্রা—দেখে, এব—এভাবে, কালানল—গুলয়ারি, সরিভানি—সদৃশ, দিশঃ— দিকসমূহ, ন জানে—জানি না, ন লভে—পাছি না, চ—ও, শর্ম—সুখ, প্রসীদ—প্রসর হও; দেবেশ—হে দেবেশ; জগরিবাস—হে জগলপ্রায়।

গীতার গান

করাল দাঁতের পাটি, মুখে তব আটিসাটি, কালানল জেলেছে যেমন । দিকলম সব কর্ম, বুঝি না আমার শর্ম, রক্ষা কর ওহে ভগবান ॥

অনুবাদ

হে দেকেশ! হে জগন্নিবাস! ভয়ংকর দম্ভযুক্ত ও প্রভারাথি ভূল্য ভোমার মুখসকল দেখে আমার দিকস্রম হচ্ছে এবং আমি শান্তি পান্তি না। ভূমি আমার প্রতি প্রসন্ম হও শ্লোক ২৬-৩০

অমী চ ত্বাং ধৃতরাষ্ট্রস্য পূত্রাঃ
সর্বে সহৈবাবনিপালসকৈঃ ।

গ্লোক ও০

ভীমো, দ্রোণঃ স্তপুত্রস্তথাসৌ সহাস্ফদীয়েরপি যোধমুখ্যৈঃ ॥ ২৬ ॥

বক্রাণি তে স্বরমাণা বিশন্তি
দংষ্ট্রাকরালানি ভয়ানকানি !

কেচিদ্ বিলগ্না দশনাগুরেষ্
সংদৃশ্যন্তে চূর্ণিতৈরুত্তমালৈঃ ॥ ২৭ ॥

যথা ক্রীনাং বহুবোহস্থুবেগাঃ সমুদ্রমেবাভিমুখা দ্রবন্তি।

তথা তবামী নরলোকবীরা বিশন্তি বক্সাণ্যভিবিজ্বসন্তি ॥ ২৮ ॥

যথা প্রদীপ্তঃ জ্লনং পতঙ্গা বিশক্তি নাশায় সমৃদ্ধবেগাঃ 1

তথৈৰ নাশায় বিশন্তি লোকা-স্তবাপি বক্তাপি সমৃদ্ধবেগাঃ ॥ ২৯ ॥

লেলিহাসে গ্রসমানঃ সমস্তা-ল্লোকান্ সমগ্রান্ বদনৈর্জ্বলিস্কিঃ । ডেজোভিরাপূর্য জগৎ সমগ্রং ভাসন্তবোগ্রাঃ প্রতপত্তি বিষ্ণো ॥ ৩০ ॥

ম্মী এই সমস্ত, চ—ও, ডা্ম্ ডোমার, ধৃতরাষ্ট্রস্য—ধৃতরাষ্ট্রের, পুরাং—পৃত্রগাধ, সর্বে সমস্ত, সহ—সহ: এব বাস্তবিকপক্ষে, অবনিপাল—নৃপতিগণ, সবৈথঃ— দলবদ্ধভাবে, জীত্মঃ—ভীত্মদেব; স্তোপঃ— ডোণাচার্য, সৃতপুরং—কর্ণ, কথা— ও, অসৌ—সেই, সহ সহ, অক্ষমীয়েঃ আমাদের, অপি—ও, যোধসুখোঃ—প্রধান যোজাগণ, বক্সাবি—মুখসমূহের মধ্যে, তে-—ভোমার, স্বর্মাণাঃ—এন্ডাবের, বিশন্তি—প্রবেশ করছে, দংষ্ট্রা সন্তবিশিষ্ট, করালানি—করাল; ভ্যাসকাগি—এডাঙ

্রোক ৩১]

ভযকর, কেচিং—কেউ কেউ, বিলগ্নাং—বিলগ্ন হয়ে, দলনান্তরেষ্—দন্ত মধ্যে, দংশোন্তে—দেখা যাছে; চুর্নিভঃ—চুর্নিত, উন্তমান্তেঃ—মন্তক দ্বারা, ষথা—যেমন, নদীনাম্ —দিসমূহের, বহরঃ—কর, অন্বক্ষাঃ—জলপ্রবাহ, সমূদ্রম্ সমূদ্র, এব—অবশ্যই, জডিমুখাঃ—অভিমুখী হয়ে, দ্বন্তি —প্রবেশ করে, তথা—তেমনই, তব—তোমার, জমী —এই সকল, নরলোকবীরাঃ নরলোকের বীরগণ, বিশক্তি প্রকেশ করছে, বন্ধানি—মুখসমূহে, অভিবিজ্বলন্তি—ক্ষলতা; বথা—যেমন, প্রদীপ্তম্—প্রদান্ত জলাত জলমন্—অগ্নিং পজলাঃ—পত্রগণ, বিশক্তি—প্রকেশ করে, নাশার—মরগের জন্য, সমৃদ্ধবেগাঃ—প্রবদ বেগে, তথা এব—তেমনই, নাশার—মরগের জন্য, বিশক্তি—প্রবেশ করছে; লোকাঃ—সমস্ত মানুব, তব—তোমার, অপি—ও, বন্ধানি—মুখসমূহের মধ্যে, সমৃদ্ধবেগাঃ—আত বেগে, দেলিহানে—লেহন করছ, গ্রসমানঃ—আস করছ, সমন্তাহ—চারি দিকে; দোকাল্—লোকসমূহকে, সমগ্রান—সমগ্র; বদনৈঃ—মুখসমূহের দ্বারা, জলক্তিঃ—প্রদীপ্ত, তেজোভিঃ—তেজেরাশির হারা, আপ্র্য— আবৃত করে, জগং—জগং, সমগ্রম্—সমগ্র, ভালঃ—দীপ্রসমূহ, তব—তোমার, উগ্রাঃ—ভয়ংকর, প্রতপক্তি—সব্রপ্ত করছ, বিষেত্ব—হে সর্ববাস্ত ভগনান।

গীতার গান

খুতরাষ্ট্র পুত্র যত, তারা সব অবির্ড, সঙ্গে লয়ে যত দিকপাল । ভীষ্ম দ্রোণ আর কর্ণ. আমাদের যত সৈনা, পিষ্ট তব দন্তেতে করা**ল** ॥ সবাই প্রবেশ করে. ভয়ানক দম্ভ স্তারে. চূর্ণ হয়ে থাকে সে লাগিয়া। ভাবি সে দেখিয়া মনে, नमीरवाज थावप्रास्त, গেল বৃঝি সমুদ্রে মিশিয়া ॥ যত নর লোকবীর, ম্বলে গেল হল স্থির, তোমার মুখের যে গহুরে । যেমন পতঙ্গ জুলে. অগ্নিতে প্রকেশ কালে, ধ্বংস হয় নিজের বেগেতে ॥ তৃমি ত করিছ গ্রাস, যত লোক ইতিহাস. জ্বলিত ডোমার এই মুখে।

সে তেজেতে ভাসমান, জগতের নাহি ত্রাণ, হে বিষ্ণু সবাই মরে দুঃখে ॥

অনুবাদ

ধৃতরান্ত্রের পুত্রেরা, ভাদের যিত্র সমস্ত রাজনাবর্গ এবং ভীত্ম, দ্রোপ, কর্ণ এবং আমাদের পক্ষের সমস্ত সৈন্যেরা ভোমার করাল দন্তবিলিট্ট মুখের মধ্যে প্র-ত্রেরার প্রকেশ করছে এবং সেই দন্তমধ্যে বিলাগ হয়ে ভাদের মন্তক চুর্লিত হচ্ছে নদীসমূহ বেমন সমুস্তাভিমুখে প্রবাহিত হয়ে সমুদ্রে প্রবেশ করে, তেমনই নরলোকের বীরগণ ভোমার জ্বলন্ত মুখবিবরে প্রবেশ করছে। পতস্থাণ বেমন দ্রুত গতিতে থাবিত হয়ে মরপের জন্য জ্বলন্ত জাগিতে প্রবেশ করে, তেমনই এই লোকেরাও মৃত্যুর জন্য অতি বেখে ভোমার মুখবিবরে প্রবেশ করছে। হে বিষ্ণু ! ভূমি ভোমার জ্বলন্ত মুখসমূহের দ্বারা সকল লোককে গ্রাস করছ এবং ভোমার তেলোরাশির দ্বারা সমগ্র জ্বগৎকে আবৃত্ত করে সন্তপ্ত করছ।

তাৎপর্য

পূর্ববাহী ঝোনো ভগবান প্রতিজ্ঞা করেছিলেন যে তিনি অর্জুনকে অতান্ত কৌতৃহল উদ্দীপক কিছু দেখাবেন। এখন অর্জুন দেখাকে যে, তার বিপক্ষ দদের সমস্ত নেতারা (জীপা, শ্রেণ, কর্ণ ও ধৃতরাস্ট্রের পূর্বেরা) এবং তাদেন সৈনোব এবং অর্জুনের নিজের সৈনোরা সকলেই বিনাশ প্রাপ্ত হতে চলেছে। এর থেকে ধোনা মাছে যে, কুরুক্তেরে সফবেত প্রায় সকলেই মৃত্যুর পর অর্জুনের জয় অবশাস্তানী এখানে আরও উল্লেখ করা হয়েছে যে, অপবাজেয় জীপাও বিনাশ প্রাপ্ত হবেন তৌদ্ব আদি বিপক্ষের মহারথীবাই কেবল বিনাশ প্রাপ্ত হবেন না, অর্জুনের স্বপক্ষের অনেক রথী-মহারথীরাও বিনাশ প্রাপ্ত হবেন

শ্লোক ৩১
আখ্যাহি মে কো ভবানুগ্ররূপো
নমোহস্ত তে দেববর প্রসীদ ।
বিজ্ঞাতুমিচ্ছামি ভবস্তমাদ্যং
ন হি প্রজানামি তব প্রবৃত্তিম্ ॥ ৩১ ॥

5িপ্ৰ ভাষায়

প্ৰোক ৩১ী

আখ্যাহি—দয়া করে বল, মে—আমাকে, কঃ—কে, ভবান্ ভূমি; উপ্ররূপঃ— উপ্রমৃতি, নমঃ অস্ত্র—নমস্কার করি, তে—ভোমাকে; দেববর—হে দেবশ্রেষ্ঠ, প্রসীদ—প্রসন্ন হও; বিজ্ঞাতুম্—বিশেষভাবে জানতে; ইচ্ছামি—ইচ্ছা করি; ভবন্তম্ তোমাকে; আদ্যম্ আদিপুরুষ, ন—না, হি—অবশ্যই, প্রজ্ঞানামি—জানতে পারছি, তব—তোমার; প্রবৃত্তিম্—প্রচেষ্টা।

গীতার গান

কৃপা করি বল মোরে, কেবা তুমি উগ্রাখোরে,
প্রথমি প্রসাদ তুমি প্রভু ।

কি কারণ এ অজুত, ধরিয়াছ বিশ্বরূপ,
দেখি নাই বৃঝি নাই কভু ॥

কিবা সে প্রবৃষ্টি তব, জিজ্ঞাসি তোমারে সব,
ইচ্ছা হয় জানিবার তরে ।

যদি কৃপা তব হয়, বিবরণ সে নিশ্চয়,
কৃপা করি কহ প্রভু মোরে ॥

অনুবাদ

উপ্তয়্র্তি তুমি কে, কৃপা করে আমাকে বল। হে দেবখেষ্ঠ। তোমাকে নমস্কার করি, তুমি প্রসন্ন হও, তুমি হছে আদিপুরুষ। আমি তোমার প্রবৃদ্ধি অবগত নই, আমি তোমাকে বিশেষভাবে জানতে ইছে। করি।

> শ্লোক ৩২ শ্লীভগবানুবাচ কালোহস্মি লোকক্ষয়কৃৎ প্ৰবৃদ্ধো লোকান্ সমাহৰ্তুমিহ প্ৰকৃত্তঃ ৷ ঋতেহপি ত্বাং ন ভবিষ্যন্তি সৰ্বে যেহবস্থিতাঃ প্ৰত্যনীকেষু যোধাঃ ॥ ৩২ ॥

শ্রীভগবান্ উবাচ—পরমেশ্বর ভগবান কোলেন, কালঃ—কাল; অস্থি—হই, লোক— লোক, ক্ষয়কৃৎ—শ্বংসকারী, প্রবৃদ্ধঃ বৃদ্ধিপ্রাপ্ত; লোকান্—লোকসমূহকে, সমাহর্ত্দ্ সংহার করতে; ইহ—একণে, প্রবৃত্তঃ—প্রবৃত্ত হয়েছি, ঋতে—ব্যতীত, অপি—ও; স্বাম্ তোমাকে, ন—না, ভবিষ্যস্তি থাকবে, সর্বে—সকলে, যে—বে; অবস্থিতঃ—অবস্থিত আছে, প্রত্যনীকেনু বিপক্ষ দলে, যোধাঃ—যোদ্ধাগণ,

গীতার গান

শ্রীভগবান কহিলেন :

মহাকাল আমি সেই, প্রবৃদ্ধ ইচ্ছায় ইই,
যত লোক গ্রাস করিবারে ।
প্রবৃত্ত হয়েছি আমি, আমি সেই অন্তর্যামী,
লোককঃ অন্তরে অন্তরে ॥

অনুবাদ

শ্রীভগৰান বললেন—আমি লোকক্ষ্মকারী প্রবৃদ্ধ কাল এবং এই সমস্ত লোক সংহার করতে এক্শে প্রবৃদ্ধ হয়েছি। ডোমরা (পাণ্ডবেরা) ছাড়া উভয়-পক্ষীয় সমস্ত যোদ্ধারাই নিহত হবে।

তাৎপর্য

অর্জুন যদিও জানতেন যে, প্রীকৃষ্ণ হচ্ছেন তাঁর বন্ধু এবং পরম পুরুষোত্তম ভগবান, কিন্তু তবুও তাঁর বিবিধ রূপ পর্শনে তিনি কিংকর্তবাবিমৃচ হয়ে পড়েন তাই তিনি জানতে চহিলেন, এই ভয়ংকর ধ্বংস সাধনকারী শক্তির প্রকৃত উদ্দেশ্য কি . বেদে বলা হয়েছে যে, পরমতত্ত্ব ভগবান সব কিছুই বিনাশ করেন, এমন কি ব্রাহ্মণদেরও কঠ উপনিষদে (১/২/২৫) বলা হয়েছে—

यमा बचा ६ कडा ६ उटिए छवछ धमनः । मृज़ार्यरमा।भरमञ्जर क देशा तम यद मः ॥

কালব্রুমে সমস্ত রাজাণ, ক্ষত্রিয় এবং অন্য সকলকেই পরমেশ্বর ভগবান প্রাস করবেন। পরমেশ্বর ভগবানের এই রূপ সর্বগ্রাসী দানবের মতো এবং এখানে তিনি সর্বগ্রাসী কালরূপে নিজেকে প্রকাশ করেছেন কয়েকজন পাশুব ব্যতীত এই যুদ্ধাক্ষেরে সমবেভ সকলকেই ভগবান প্রাস করবেন

অর্জুন যুদ্ধ করতে চাইছিলেন নাঃ তিনি মনে করেছিলেন যে, যুদ্ধ না করাই ভাল হবে। তা হলে কোন রকম নৈরাশ্য বা বিধাদের সূচনা হবে না তার উত্তরে ভগবান কালেন থে, তিনি যদি যুদ্ধ নাও করেন তবুও সকলেরই বিনাশ হবে। কারণ সেটিই হচেছ ভার পরিকল্পনা। অর্জুন যদি যুদ্ধ থেকে বিরস্ত হন,

(প্লাক ৩৪]

তা হলে জন্য কোনভাবে তাদের মৃত্যু হবে। মৃত্যুকে রোধ করা থাবে না। এমন কি অর্জুন যদি যুদ্ধ না করেন, তবুও মৃত্যু অবশ্যক্তানী। প্রকৃতপক্ষে, তাদেব সকলেরই মৃত্যু হয়ে গিয়েছিল। সময় সর্বগ্রাসী, সংখ্যারক। পর্যোশ্বর ভগবানের ইচ্ছার প্রভাবে সব কিছুই বিনাশ প্রাপ্ত হয় সেটিই হচ্ছে প্রকৃতিব নিরম।

শ্লোক ৩৩
তন্মাত্মমৃত্তিষ্ঠ যশো লভন্ন
জিল্পা শক্তন্ ভূপ্ক রাজ্যং সমৃদ্ধম্ ৷
মায়ৈবৈতে নিহতাঃ পূর্যমেব
নিমিত্তমাত্রং তব সবাসাচিন্ য় ৩৩ ॥

তন্মাৎ—অতএব, ত্ব্য়—তৃমি, উত্তিষ্ঠ—উঠ, যশং—যশং, লভন্য—ন:৬ কৰ, জিত্বা—জয় কৰে: শক্রন্—শক্রদেশ ভৃত্ত্ব—ভোগ কর, রাজ্যাম্—রাজ্য, সমৃদ্ধম্—সমৃদ্ধশালী, ময়া—আমার দ্বারা, এব—এবশাই, এতে—এই সমস্ত; নিহঙাঃ—নিহঙ ২নোছে, পূর্বমেব—পূর্বেই; নিমিন্তমান্তম্—নিমিপ্ত মাত্র, ভক্—২ও, সন্যাসাচিন—তে সন্যাসাচি

গীতার গান

অতএব যারা হেথা,
 তুমি বিনা সকলে মরিবে ।

যত যোদ্ধা আসিয়াছে,
 কেহ নাই জীবিত সে রবে ॥

অতএব কর যুদ্ধ,
 শক্র জিনি সুখে রাজ্য কর ।

আমি সেই প্রথমেতে,
 মারিয়া রেখেছি এতে
নিমিস্তমান্ত সে তুমি যুদ্ধ কর ॥

অনুবাদ

অতএব, তুমি যুদ্ধ করার জন্য উন্ধিত হও, ষণ লাভ কর এবং শত্রুদের পরাজিত করে সমৃদ্ধিশালী রাজ্য ভোগ কর। আমার দ্বারা এরা পূর্বেই নিহত হয়েছে। হে সব্যসাটী! তুমি নিমিত্ত মাত্র হও।

তাৎপর্য

*মরাসাচিন তাকেই বলা হয়, যিনি অভান্ত দক্ষতার সঙ্গে যুদ্ধক্ষেত্রে টাশ খুঁড়া*ন্ড পারেন। এভাবেই অর্জুনকে সুদক্ষ যোদ্ধারূপে সম্বোধন করা হয়েছে, যিনি তীব ছাত শত্রু সংহার করতে সমর্থ। "নিমিন্ত মাত্র হও"—*নিমিন্তমাত্রম*। এই কথাটি বিশেষ তাংপর্যপর্ণ। এই ভগতে সব কিছুই সাধিত হাঙ্কে পরমেশ্বর ভগবানের ইছানসারে হারা মর্ছ, **যাদের চ্ছান নেই, তারা খনে করে যে, কোনও পরিকল্পনা**ন গ্ৰামা চৰ্বলত না হয়েই প্ৰকৃতিতে সৰ কিছু ঘটে চলেছে এবং এই প্ৰকৃতিতে সৰ ্ৰুছাই বেন আক্ষিক ঘটনাচক্ৰে উন্তত হয়েছে। আধুনিক যুগে তথাকথিত বৈভয়নিকেরা ধলে যে, হয়ত এটি এই রকম ছিল অথবা এই রকম হলেও হতে পালে, কিন্তু আসলে 'হয়ত' বা 'হতে পারে'—এই রকম কোন প্রশ্নই উঠে না ±ই জন্ত জগতে একটি নিৰ্দিষ্ট পত্ৰিকল্পনা কাজ করছে। এই পরিকশ্বনাটি কি দ জড় প্রগতে বন্ধ জীবাদার। ভগবানের কাছে ফিরে যাওয়ার সুযোগ পাছে। যতক্রণ পর্যন্ত তাদের নান্তিক মনোভাব থাকে, যার প্রভাবে তারা জড় জগতের উপর অধিপত্য করতে চায়, উতঞ্চল তার। বন্ধ - কিন্তু কেউ যখন পরমেশ্বর ভগবানের পরিকল্পনা উপলানি করতে পারেন এবং কৃষ্ণভাবনায় ভারিত হয়ে ভগণানের সেবায় প্রপুত্ত হন, ওখন তিনিই হচ্ছেন ফলার্থ বৃদ্ধিমান । এই জগতের সৃষ্টিকার্য ও বিনাশকার্য সাধিত হয় ভগবানের নির্বৃত পরিচালনায় । এভাবেই ভগবানের প্রিক্রমা অনুসারে কুরুক্ষেত্রের যুদ্ধের আয়োজন হর্মেছিল। অর্জুন যুদ্ধ করতে গুউছিলেন লা কিন্তু উচ্চে বলা হয়েছিল যে, পর্মেশ্বর ভগবানের ইচ্ছা অনুসারে এর মদ্ধ করা উচিত। তা হলেই তিনি সৃধী হবেন কেউ যথন সম্পূর্ণভাবে শৃষ্যভাবনার অমৃত লাভ করেন এবং ভগবানের অপ্রাকৃত সেবায় তাঁর জীবনকে সর্বতেভোবে উৎসর্গ করেন, তিনিই সার্থকতা লাভ করেন।

জোক ৩৪
দ্রোক ৩৪
দ্রোক চ ভীত্মং চ জয়দ্রথং চ
কর্মং ভথান্যানপি যোধবীরান্ ।
মরা হতাংক্তং জহি মা ক্রথিষ্ঠা
যুধ্যস্ত জেতাসি রূপে সপত্মান্ ॥ ৩৪ ॥

োণম্ চ— গ্রোণাচার্যও, ভীত্মম্ চ ভীত্মদেকও, **জয়স্তথম্ চ—জ**য়প্রথও, কর্ণম্ কর্ণ, ভথা—এবং, জন্যান্ জন্যানা, অপি অবশ্যই, যৌধবীরান্—যুদ্ধনীরগণ,

শ্লোক ৩৬ী

ময়া আমার দ্বারা হতান্—নিহত হয়েছে; স্বম্ তুমি, জহি—বধ কর, মা না, ব্যথিষ্ঠাঃ—বিচলিত হয়ো, যুধ্যস্ব— যুদ্ধ কর, জেতাসি—জর করবে, রূদে—যুদ্ধে, সপত্নান্—শত্রুদের।

গীতার গান

দ্রোণ আর ভীমা কর্ণ, জয়রপ তথা অন্য,
যত যোদ্ধা বীর আদিরাছে।
মরিয়াছে জান তারা, আমার ইচ্ছার দ্বারা,
কিবা দুঃখ করিবার আছে ॥

অনুবাদ

ভীত্ম, দ্রোণ, কর্ণ, জয়দ্রথ এবং অন্যান্য কুদ্ধ বীরগণ পূর্বেই আমার দারা নিহত হয়েছে। সূতরাং, তুমি তাদেরই বধ কর এবং বিচলিত হয়ো না। তুমি যুদ্ধে শত্রুদের নিশ্চমাই কয় করবে, অতএব যুদ্ধ কর।

ভাৎপর্য

পরম পূক্রবোত্তম ভগবানের ইছে। অনুসারেই সমস্ত পরিকলনা সাধিত হয়। কিছু
তার ভক্তদেব প্রতি তিনি এতই করণাময় যে, তার ইছো অনুসারে তার ভক্তেরা
যখন তার পরিকলনার রূপদান করেন, তখন তিনি তার সমস্ত কৃতিত্ব তার
ভক্তদেবই দিতে চান: অতএধ জীকনকে এমনভাবে পরিচালিত করা উচিত যে,
প্রতিটি মানুষই যেন ভগবান শ্রীকৃষ্ণের সেবায় নিযুক্ত হতে পারেন এবং সদত্তপ্রপ্র
মাধ্যমে পরম পূর্যবাস্তম ভগবানকে হাদয়কম করতে পারেন। পরম পূর্যবাস্তম
ভগবানের পরিকলনাগুলি তার কৃপার ঘারাই কেবল বুঝতে পারা যায়। ভগবানের
পরিকলনা ও ভগবস্তুক্তের পরিকলনার মধ্যে কোন পার্থক্য নেই এবং এই পরিকলনা
অনুসরণ করলেই জীকন-সংগ্রামে জন্মী হওয়া যায়।

হৌক ৩৫
সঞ্জয় উবাচ
এতচ্ছুত্বা বচনং কেশবস্য
কৃতাঞ্জলিবেঁপমানঃ কিরীটী ।
নমস্কৃত্বা পৃয় এবাহ কৃষ্ণং
সগদ্গদং ভীতভীতঃ প্রণমা ॥ ৩৫ ॥

সক্সয়ঃ উবাচ—সঞ্জয় বলবেন; এতৎ—এই; শ্রুন্থা— শুনে; বচনায়—বাণী, কেশবস্য—কেশবের, কৃতাঞ্জলিঃ—হাত জোড় করে; বেপমানঃ—কিশত কলেবরে, কিরীটী—অর্জুন, বমস্কৃতা অফ্লার করে, ভূয়ঃ পুনরায়, এব ও, আছ্ বলকোন, কৃষ্ণায়—শ্রীকৃষ্ণাকে, সগদ্পদম্ পদ্পদভাবে, ভীতভীতঃ—ভীতচিত্তে, প্রথম্—শ্রাম করে।

গীতার গান সঞ্জয় কহিলেন ঃ

অর্জুন শুনিয়া তাহা, কৃত দ্বালিপুটে ইহা,
কম্পিত শরীর পুনঃ পুনঃ ।
নমস্কার করে ভূমে, ভয়তীত সসম্ভ্রমে,
বে কহিল বলি তাহা শুন ॥

অনুবাদ

সঞ্জয় ধৃতরাষ্ট্রকে বললেন—হে রাজন্। ভগবান শ্রীকৃষ্ণের এই যাণী প্রবণ করে অর্জুন অত্যন্ত ভীত হয়ে কল্পিত কলেবরে কৃতাঞ্জলিপুটে প্রণাম করে গদ্গদ বাকে।

তাৎপর্য

আমরা আণেট বিশ্লেষণ করেছি, পরম পুরুষোত্তম জগবানের বিশ্বরূপের প্রভাবে যে পরিস্থিতির সৃষ্টি হয়, তাতে অর্জুন বিস্ময়ে মোহাচ্ছর হয়ে পড়েন তাই, তিনি কৃতাপ্রলিপুটে বারবার শ্রীকৃষ্ণকে প্রণাম করতে থাকেন এবং গদ্গদ স্বরে তার ক্তব করতে থাকেন। শ্রীকৃষ্ণের প্রতি অর্জুনের এই ব্যবহার স্থা-রসের অভিব্যক্তি নয়, তা হচ্ছে ভত্তের অন্ধৃত রসের ব্যবহার।

শ্লোক ৩৬

অর্জুন উবাচ

শ্বানে হ্বানকেশ তব প্রকীর্ত্যা

ক্রগৎ প্রহ্মযাত্যনুরজ্যতে চ ।
রক্ষাংসি ভীতানি দিশো দ্রবন্তি

সর্বে নমস্যুত্তি চ সিদ্ধসক্ষাঃ ॥ ৩৬ ॥

্ৰোক ৩৭ী

গ্রন্থানঃ উবাচ—অজুন বললেন; স্থানে—খৃতিযুক্ত, হ্বনীকেশ—হে হার্নিকেশ; ভব—তামান, প্রকীর্ত্তাা মহিমা কীর্ত্তন হারা জগৎ—সমগ্র বিশ্ব: প্রহ্বাতি—হান্ত হচ্ছে, হন্দুবজাতে -আনুরস্ত হচ্ছে, চ—এবং, রক্ষার্থান—রাফ্যেনা, জীতানি ভীত হয়ে, দিশঃ—দিকসমূহে, দ্রবন্তি পলামন করছে, সর্বে—সমন্ত, নমস্বাব করছে, চ ও, সিদ্ধান্তাঃ সিদ্ধান্ত

গীতার গান অর্জন কহিলেন ঃ

তব কীর্ত্তি হাবীকেশ, শুনিরাছে যে অন্শেষ,
জগতের যেবা বেখা আছে।
আনন্দিত হয়ে তারা, অনুগত হয় যারা,
পাগল ইইয়া ধার পাছে।
রাক্ষসাদি ভয়ে জীত, যদি চাহে নিজ হিত,
পলায় নে দিগ্-দিগন্তরে।
যারা হয় সিদ্ধ জন, সদা প্রদামিত মন,
যুক্ত হয় সে কার্য তাদেরে।

অনুবাদ

অর্জুন বলজেন—হে ক্ষীকো। তোমার মহিমা কীর্তনে সমস্ত জগৎ প্রহান্ত হয়ে তোমার প্রতি অনুরক্ত হচ্ছে। রাক্ষসেরা কীত হয়ে নানা দিকে পলায়ন করছে এবং সিদ্ধরা তোমাকে সমস্কার করছে। এই সমস্তই যুক্তিযুক্ত।

তাৎপর্য

ভগবান শ্রীকৃষ্ণের ক'ছে কুরুংক্ষরের যুক্তের পরিগতি সম্বাদ্ধ শ্রনগত হওয়ার ফলে আর্জুন ভগবানের জননা ভক্তে পরিগত হলেন। পরম পুক্তমান্তম ভগবানের মহান ভক্ত ও সম্বাদ্ধান্ত তিনি স্বীকার করলেন যে, ভগবান শ্রীকৃষ্ণ যা করেন শ্র আমাদের মঙ্গলো জনাই করেন। আর্জুন প্রতিপন্ন করলেন যে, শ্রীকৃষ্ণ হচ্ছেন সমস্ত বিশ্বচরাচরের পালনকভা, তিনি হচ্ছেন ভাব ভক্তদের আরাধা ভগবান এবং তিনি হচ্ছেন আরাধ্বিভাবের বিনাশকভা তিনি ঘাই করেন তা সকলের মঙ্গলের জনাই করেন আর্জুন এখানে বুঝতে পারহেন যে, কুরুক্ষেত্রে যুদ্ধের সময় আক্রাশ্বার্থের

ইচ্ছতের গ্রহলোকের অনেক দেব-দেবী, সিদ্ধ ও মহাম্মারা সেই যুদ্ধ দর্শন করতে এসেছিলেন, কারণ প্রীকৃষ্ণ সেখানে উপস্থিত ছিলেন। অর্জুন বগন ভগবানের বিশ্বরূপ দর্শন করলেন, তখন দেব-দেবীরা প্রীণ্ডি লাভ করেছিলেন কিন্তু মানোবা, এরা ছিলেন আসুরিক ভাবাপন্ন প্রাক্তম ও ভগবহ-বিদ্রেমী দৈতা দলকে তাক ভগবানের সেই মহিমা সহা করতে পারল না। পরম পুরুষোত্তম ভগবানের সেই মহিমা সহা করতে পারল না। পরম পুরুষোত্তম ভগবানের স্বাহ্মা করতে তর করেছিল। ভগবান তার ভাতে ও অভাওল সাম শতানে মানবাতী হয়ে পলায়ন করতে তর করেছিল। ভগবান তার ভাতে ও অভাওল সাম শতানে মানহান করেন। কারণ তিনি জানেন যে, ভগবান যা করেন ভা সকলের মঙ্গরের ভনাই করেন।

শ্লোক ৩৭
কশ্মান্ত তে ন নমেরত্মহাত্মন্
গরীয়সে ব্রহ্মণোহপ্যাদিকর্ত্তে ।
অনস্ত দেবেশ জগমিবাস
ভূমক্ষরং সদসত্তংপরং যহ ॥ ৩৭ ॥

ক্ষমাৎ—কেন; চ—ও; তে—ভোষাকে, ন—না, নমেরন্—নমধার কবিবেন, তালেন— হে মহান্তা গরীয়নে—গরীয়ান ক্রমাণ—তথা আপেন আপিন সনিও আদিকর্ত্রে—আনিকর্তা, অনন্ত— হে অনত, দেবেশ—হে দেবেশ জগ্যিনাম । ও জনাদ্বাত্য, ত্ব্যু—জুমি; জন্মন্—রামা, সদসৎ—কারণ ও কার্য, তৎ পরম্— উভারেব অতীত, মং—বে।

দীতার গান

কেল না হে সহাস্থন, নাহি লবে সে শরণ,
তুমি হও সর্ব গরীয়সী।
বন্ধার আদি কর্তা, তুমি হও তার ভর্তা।
তব কীর্তি অতি মহীয়সী য়
হে অনম্ভ দেব ঈশ, তুমি হও জগদীশ,
সদসদ পরে যে অক্ষর।

প্লোক ৩৮]

তুমি হও সেই ভত্ত, কে বুঝিবে সে মহত্ত্ব, নহ তুমি ভৌতিক বা জড় ॥

অনুবাদ

হে মহাত্মন্। তুমি এমন কি ব্রহ্মা থেকেও শ্রেষ্ঠ এবং আদি সৃষ্টিকর্তা। সকলে ভোমাকে কেন নমস্কার করকেন না? হে অনন্ত। হে দেকেশ। হে জগন্নিবাস। তুমি সং ও অসং উদ্ধরের অতীত অক্ষরতন্ত্ব ব্রহ্ম।

তাৎপর্য

এভারেই প্রণাম করার মাধ্যমে অর্জুন বুঝিয়ে দিকেন থে, খ্রীকুবঃ সকলের পুজনীয়। তিনি সর্ববাপ্ত এবং তিনি সকল আত্মার পরম আত্মা অর্জুন এখানে শ্রীকৃষ্ণকে মহাদ্যা বলে সম্বোধন করছেন, যার অর্থ হাছে তিনি সবচেয়ে মহৎ এবং তিনি অসীম। অনন্ত বলতে বোঝাঞে যে, এমন কিছুই নেই যা প্রমেশ্বন ভগবানের শক্তিণ ও প্রভাবের ধারা আচ্ছাদিও নয় *দেবেশ* কথাটির অর্থ থচেছ তিনি হচ্ছেন সমস্ত দেবতাদের নিয়স্তা এবং তাদের সকলের উধের্ব। তিনি হচ্ছেন সমগ্র বিশ্বচরাচারের আশ্রয় । অর্জুন এটিও বুঝতে পেরেছিলেন যে, সমস্ত সিদ্ধ মহাপুরুষ এবং অতান্ত শক্তিশালী দেব-দেবীর৷ যে ভগবানকে তাঁদের সম্রন্ধ প্রণ্য়ে নিবেদন করছিলেন, তা খুবই স্বাভাবিক। করেণ তাঁর চেয়ে বড় আর কেউ নেই। অর্জুন বিশেষভাবে উল্লেখ করছেন যে, শ্রীকৃষ্ণ ব্রক্ষার চেয়েও বড়। কারণ ব্রক্ষা তাঁর ্র সৃষ্ট। ব্রহ্মার জন্ম হয় গর্ভোদকশায়ী বিশূবে নাভিপদ্ম থেকে উদ্গত কমদোর মধ্যে এবং গর্জোদকশায়ী বিশ্ব হচ্ছেন গ্রীকৃষ্ণেরই অংশ-প্রকশে। তাই ব্রহ্মা ও শিব, যিনি ব্রন্ধা থেকে উত্তত হয়েছেন এবং সমগ্র দেব-দেবীরা গ্রন্ধাবনত চিত্তে ভগবানকে অবশ্যই প্রণাম জানাবেন খ্রীমন্তাগবতে বলা হয়েছে যে, ভগবান খ্রীকৃষ্ণ রক্ষা, শিব আদি সমস্ত দেব-দেবীদেব পৃঞ্জনীয়। এখানে অঞ্চলম্ কথাটি খুব ভাৎপর্যপূর্ণ। কারণ এই জড় জগতের বিনাশ অবশাদ্রাবী, কিন্তু ভগবান এই জড়া সৃষ্টির অভীত। তিনি হচ্ছেন সৰ্ব কাবণের পরম কারণ। তাই, তিনি এই জগতের সমস্ত বদ্ধ জীব, এমন কি এই জড় সৃষ্টির থেকেও গরীয়ান। তাই তিনি পর**মেশর ভগবান**।

> শ্লোক ৩৮ ত্বমাদিদেবঃ পুরুষঃ পুরাণ-স্থমস্য বিশ্বস্য পরং,নিধানম ।

বেতাসি বেদ্যং চ পরং চ ধাম ত্বরা ভতং বিশ্বমনন্তরূপ ॥ ৩৮ ॥

ত্বম্ তৃমি; আদিদেবঃ আদি পরমেশ্বর ভগবান, প্রুষ: পুরুষ, পুরাণঃ—পুরাতঃ , ত্বম্ তৃমি; অসা এই, বিশ্বসা বিশ্বের, পর্য্ পর্য, নিধানম্—আশ্বর, বেক্তা—জ্ঞাতা, অসি—হও, বেদ্যম্ চ—এবং জ্রেয়, পরং চ ধাম—এবং পর্ম ধাম; ত্ব্যা—ভোমার দ্বারা, তত্তম্—ব্যাপ্ত, বিশ্বম্—জগৎ, অনন্তরূপ—হে অনন্তরূপ।

গীতার গান

ভূমি আদি দেব হও সকলের সাধ্য নও
পুরাণ পুরুষ সবা হতে ।
জগতের যাহা কিছু সন্তব হয়েছে পিছু
হির এই জগৎ ভোমাতে ॥
ভূমি জান সব প্রভু সনাতন ভূমি বিভূ
ভূমি হও পরম নিধান ।
এ বিশ্ব ভোমার দ্বারা ব্যাপ্ত হয়েছে সারা
অনন্ত সে ভোমার বিধান ॥

অনুবাদ

কৃমি আদি দেব, প্রাণ প্রুষ এবং এই বিশ্বের পরম আশ্রয় তুমি সব কিছুর জ্ঞাতা, তুর্মিই জ্ঞের এবং তুর্মিই গুণাতীত পরম খামস্বরূপ হে অনন্তরূপ। এই জ্বগৎ তোমার শ্বারা পরিব্যাপ্ত হয়ে স্মাছে

তাৎপর্য

সব কিছুই পরম পুরুষোন্তম জগবানকে আশ্রয় করে বর্তমান। তাই জগবান হচ্ছেন পরম আশ্রয়। নিধানম মানে হচ্ছে শ্রব কিছু, এমন কি ব্রহ্মজ্যোতিও পরম পুরুষোন্তম জগবান শ্রীকৃষের আশ্রত। এই জগতে যা ঘটছে সব কিছুরই আতা হচ্ছেন তিনি এবং জানের যদি কোন অন্ত থাকে, তবে তির্নিই সমস্ত জানের অন্ত তাই, তিনি হচ্ছেন জাতা ও জ্বেয়। সমস্ত জানের বিষয়বন্ধ হচ্ছেন তিনি, কারণ তিনি সর্বব্যাপ্ত। যেহেতৃ তিনি চিৎ জগতেবও পরম কারণ, তাই তিনি অপ্তাক্ত জগতেও তিনি হচ্ছেন প্রম পুরুষ।

শ্লোক ৩৯

বায়ুর্যমোহ গ্নিবঁকণঃ শশাকঃ প্রজাপতিস্থং প্রপিতামহশ্চ । নমো নমস্তেহস্ক সহস্রকৃত্বঃ

পুনশ্চ ভূয়ো২পি নমো নমস্তে ॥ ৩৯ ॥

বায়ুঃ—বায়ু, যমঃ—যম; অথিঃ—অথি; বক্সণঃ—বক্সণ; শশাদ্ধঃ—চক্স; প্রজাপতিঃ—ব্রহ্মা, ত্বম্—তূমি প্রপিতামহঃ—প্রপিতামহ; চ—ও, নমঃ—নমস্কান; নমস্তে—তোমাকে নমস্কার কবি, অন্ত—হোক, সহক্রত্ত্বঃ—সংব্রধার, পুনঃ চ— এবং পুনরাম, ভ্রঃ—বারবার, অপি—ও, নমঃ—নমস্কার, নমক্তে—তোমাকে নমস্কার করি।

গীতার গান

বায় যম বহিং চন্দ্র সকলের তুমি কেন্দ্র বরুণ যে তুমি হও সব । তুমি হও প্রজাপতি প্রপিতামহ সে অতি যাহা হয় তোমার বৈতব ॥ সহস্র সে নমস্কার করি প্রভু বার বার তোমার চরণে আমি ধরি । পুনঃ পুনঃ নমস্কার ভ্র ভ্য বার বার কুপা দৃষ্টি কর হে শ্রীহরি ॥

অনুবাদ

ভূমিই বায়ু, যম, অগ্নি, বরুণ, চন্দ্র, প্রজাপতি রক্ষা ও প্রপিতামই। জতএব, ডোমাকে আমি সহস্রবার প্রণাম করি, পুনরায় নমস্কার করি এবং বারবার নমস্কার করি

তাৎপর্য

ভগবানকে এখানে বায়ুক্তপে সম্বোধন করা হয়েছে। কারণ বায়ু হচ্ছে সর্বব্যাপ্ত, তাই তা দেখ-দেবীদের এক অতি গুরুত্বপূর্ণ প্রতিনিধি। অর্জুনও শ্রীকৃষ্ণকে প্রপিতামহ বলে সম্বোধন করছেন, কারণ তিনি ব্রস্কাণ্ডেন প্রথম সৃষ্ট জীব ব্রহ্মার পিতা। (当) 80

বিক্তরপ-দর্শন-যোগ

নমঃ প্রস্তাদধ পৃষ্ঠতন্তে

নমোহস্ত তে সর্বত এব সর্ব।

অনস্তবীর্ধামিতবিক্রমস্তবং

সর্বং সমাপ্রোধি ততোহসি সর্বঃ ॥ ৪০ ॥

নমঃ—নমস্বার, প্রস্তাৎ—সম্মুধে, অথ—ও, পৃষ্ঠতঃ—পশ্চাতে, তে—ভোমাকে, নমঃ অস্তু—নমস্বার করি; তে—ভোমাকে, সর্বতঃ—সব দিক থেকে, এব—বস্তুত, সর্ব—হে সর্বারা, অনস্তবীর্ব—অগুহীন শক্তি, অমিতবিক্রমঃ—অসীম বিক্রমশালী, ক্ব—তৃমি, সর্বন্—সমগ্র জগতে, সমাপ্নোবি—পরিব্যাপ্ত আছ, ততা—সেই হেতৃ; অসি—তৃমি হও, সর্বঃ—সম্ব কিছু।

গীভার গান

সম্মূর্থে পশ্চান্তে তব সর্বান্তো প্রণামে রব নমকার তব পাদপলে। অত্যামী উরুক্তম তুমি বিনা সব শ্রম প্রকাশিত তুমি নিজ হলে ॥

অনুবাদ

হে সর্বাস্থা। জোমাকে সমূধে পশ্চাতে ও সমস্ত দিক থেকেই নমস্কার করছি। হে জনস্তবীর্য: তৃমি জসীম বিক্রমশালী। তৃমি সমগ্র স্থাতে ব্যাপ্ত, অতএব তুমিই সর্ব-স্বরূপ।

ভাৎপর্য

ভগবৎ প্রেমানন্দে বিধুল হরে অর্জুন তাঁব বন্ধু শ্রীকৃষ্ণকে সব দিক থেকে প্রণাম নিবেদন করছেন। অর্জুন কুথতে পেরেছেন যে, শ্রীকৃষ্ণই হছেন সমস্ত শক্তির প্রভু, তিনি অনন্ত বীর্ব, তিনি উক্তেম। সেই যুদ্ধক্ষেত্রে সমবেত সমস্ত বর্থী মহারখীদের শক্তির থেকে তাঁর শক্তি অনেক অনেক গুল বেলি। বিদ্যু পুরাপে (১/১/৬৯) বলা হরেছে—

শ্লোক ৪২]

যোহয়ং তবাগতো দেব সমীপং দেবতাগদঃ। স হুমেব জগৎসম্ভা যতঃ সুর্বগতো ভবান্ ॥

"হে পরম পুরুষোন্তম ভগবান। যে-ই তোমার সমেনে আসুক, ডা সে দেবতাই হোক, সে তোমারই সৃষ্ট।"

শ্লোক ৪১-৪২

সংখতি মত্বা প্রসভং যদ্কং
হে কৃষ্ণ হে যাদৰ হে সংখতি ৷
অজানতা মহিমানং তবেদং
ময়া প্রমাদাৎ প্রণয়েন বাপি ॥ ৪১ ॥

যচাবহাসার্থমসংকৃতোহসি
বিহারশ্যাসনভোজনেযু ৷
একোহথবাপ্যচ্যত তৎসমকং
তৎ কামনে ত্বিহ্মপ্রমেয়ম্ ॥ ৪২ ॥

স্থা—স্থা, ইতি—এভাবে, মন্বা—মনে করে, প্রসন্তম্—প্রগল্ভভাবে, যং—যা কিছু, উক্তম্—বলা হয়েছে, ছে কৃষ্ণ—হে কৃষ্ণ, হে ষানব—হে যানব, ছে সথো—ছে সথা; ইতি—এভাবেই, অজানতা—না জেনে, মহিমানম্—মহিমা, তব—তেমার, ইনম্—এই, ময়া—আমার হারা; প্রমাদাৎ—অজ্ঞভাবশত, প্রণয়েন—প্রথমবণত; বা অপি—অথবা, যং—যা কিছু, চ—ও, অবহাসার্থম—পরিহাস হলে, অসংকৃত্তঃ—অসম্বান, অসি—করা হয়েছে, বিহার—বিহার, শন্যা—শরন, আসন—উপবেশন, ভোজনেম্—অথবা একমে আহার করার সময়, একঃ—একাকী; অথবা—অথবা; অপি—ও, অচ্যুত—হে অচ্যুত, তৎসমক্ষম্— তাদের সামনে; তৎ—সেই সব, ক্ষাময়ে—ক্ষমা প্রার্থনা কবছি, ত্বাম্—তোমার কাছে, অহম্—আনি, অপ্রমেরম্—অপরিমের।

গীতার গান

মানিয়া তোমাকে সথা প্রথান্ত করেছি বৃথা হে কৃষ্ণ হে যাদব কত বলেছি। না জানি এই মহিমা আশ্চর্য সে নাহি সীমা
সামান্যত তোমাকে তেবেছি ॥
পরিহাস করি সখা অসংকার যথাতথা
সে প্রমাদ বা কিছু বলেছি ।
বিহার শ্যা আসনে পরোক বা সামনে
ক্ষম অপরাধ যা করেছি ॥

অনুবাদ

ভোষার মহিমা না জেনে, সখা মনে করে ভোমাকে আমি প্রণল্ডভাবে "হে কৃষ্ণ", "হে ঘাদব," "হে সখা," বলে সম্বোধন করেছি, প্রমাদবদত অথবা প্রণয়বদত আমি যা কিছু করেছি তা তুমি দয়া করে ক্ষমা কর। বিচার, দায়া, উপবেশন ও ভোজনের সময় কখন একাকী এবং কখন বন্ধুদের সমক্ষে আর্থি যে তোমাকে অসম্বান করেছি, হে অচ্যুত। আমার সে সমক্ত অপরাধেন জন্য ভোমার কাতে ক্ষমা প্রার্থনা করছি।

ভাৎপর্য

প্রীকৃষ্ণের সম্প্রতি অর্জুনের সামনে তাঁর বিশ্বরূপ প্রকাশ করেছেন, তথ্য জণাশ।
গ্রীকৃষ্ণের সঙ্গে তাঁর বন্ধুছের কথা অর্জুনের মনে পড়ে যায় এবং বন্ধুছের বন্ধানারী।
হয়ে তিনি যে ভগবানকে রীভিবিক্তর অঙ্গভঙ্গি প্রকাশ করে কত শে অসন্ধান
করেছেন, সেই জন্য তিনি তাঁর কাছে ক্ষয়া চাইছেন তিনি ধীকান করছে শা,
তিনি পূর্বে জানতেন না যে, গ্রীকৃষ্ণ এই প্রকাব বিশ্বরূপ ধারণ করছে সমাধ, যাদিও
গ্রন্থাঙ্গ বন্ধুরূপে তিনি সেই কথা পূর্বেই তাঁকে বলেছেন অর্জুন মনে করণ্ড
পারছেন না, কতবার তিনি ভগবান গ্রীকৃষ্ণের অনস্ক বৈভবের কথা বিশ্বত হলে।
তাকে "হে কৃষ্ণ", "হে বন্ধ", "হে যাদব" আদি সম্মোধন করে উপে আল্ডান
করেছেন। কিন্তু শ্রীকৃষ্ণ এতই করুপাময় যে, এই প্রকার ঐন্ধর্মের অধিকারী হল্যা
সন্তেও তিনি অর্জুনের সঙ্গে বন্ধুর মতো খেলা করেছেন এমনভ বেট ৮০ বানের
সঙ্গে তাঁর ভাক্তর অপ্রাকৃত প্রেমের বিনিমর হয়ে থাকে ভগবান গ্রীকৃষ্ণের সঞ্চের
ভাবের যে সম্পর্ক তা নিতা, শান্ধত। তা কথনই বিশ্বত হল্যা যায় না, যেসন
আমরা শ্রীকৃষ্ণের সঙ্গে অর্জুনের ব্যবহারের মাধ্যমে উপ্লেশি, করতে প্রাবি ভাবনি।
ভাবনিরে বিশ্বরূপের বৈভব দর্শন করা সন্তেও অর্জুন ভগবানের সঞ্চে তার বন্ধুছের
কথা ভূলে যাননি।

[১১শ অধ্যায়

শ্লোক ৪৩

ভগবদ্গীভার দিতীয় অধারে ভগবান আমাদের বুবিয়েছেন যে, জড দেহটি জীবের স্থরাপ নয়। জীবের স্থরাপ হচ্ছে চিংস্ফুলিস। আর পরমতন্ত্র ২চছন বিভুটেতনা। সপ্তম অধ্যায়ে শ্রীকৃষ্ণ জীবকে ভগবানের বিভিন্ন অংশ বলে কানা করেছেন। তিনি নির্দেশ দিয়েছেন যে, সেই বিভুটেতনা ভগবানের প্রতি ভার চেতনাকে নিবদ্ধ করাই হচ্ছে জীবের ধর্ম। তারপার অস্তম অধ্যায়ে বলা হয়েছে যে, মৃত্যুর সময় যিনি শ্রীকৃষ্ণকে চিন্তা করেন, ভিনি তৎক্ষণাৎ অপ্রাকৃত জগতে শ্রীকৃষ্ণের ধামে উত্তীর্ণ হন আর ষষ্ঠ অধ্যায়ের শেষে ভগবান স্পষ্টভাবে বলেছেন যে, সমস্ত বোগীদের মধ্যে যিনি তার অন্তরে নিরম্ভর শ্রীকৃষ্ণের কথা চিন্তা করেন, তিনি হচছেন সর্বশ্রেষ্ঠ যোগী। সূত্রাং, প্রকৃতপক্ষে প্রত্যেক অধ্যায়ের উপসংহারে

বলা হয়েছে যে, সবিশেষ কৃষ্ণরূপের প্রতি সকলের আসক্ত হওয়া উচিত, 'ক-না সেটিই হচেছ সবস্ত্রেষ্ঠ পারমার্থিক উপলব্ধি

তবুও কিছু লোক আছে, বারা শ্রীকৃষ্ণের সবিশেষ রূপের প্রতি আগত নয় তারা এই বিষয়ে এমনই প্রচণ্ডভাবে আগ্রহহীন যে, ভগবদ্গীতার ভাষ এচন। কালেও ভারা পাঠকমহলকে কৃষ্ণবিমূখ করতে চায় এবং নির্বিশেষ ব্রহ্মজ্যোতির দিকে ভাদের সমস্ত ভক্তি শরিচালিত করে থাকে। যে পর্মতত্ম অবাত ও ইন্দ্রিয়াতীত, সেই নির্বিশেষ রূপের ধানে মনোনিধেশ করতেই তারা পাছন করে

বাস্তবিকপকে, শরমার্থবাদীরা দুই রকমের হয়ে থাকেন এখন অর্জুন জানতে চাইছেন, এই দুই রকমের পরমার্থবাদীদের মধ্যে কোন্ পছাটি সহজ্ঞতর এবং কোন্টি শ্রেয়তম। পক্ষাপ্তরে বলা যায় যে, তিনি তার নিজের অবস্থাটি যাচাই করে নিচেইন, কারণ তিনি শ্রীকৃষের সবিশেষ রূপের প্রতি আসক্তযুক্ত নির্বিশেষ প্রশ্নের প্রতি তিনি আকৃষ্ট নন। তিনি জানতে চাইছেন যে, তার অবস্থা নিরাপদ কি না . এই পত্ত জগতেই হোক বা চিং-জগতেই হোক, জগবানের নির্বিশেষ প্রকাশ ধ্যানের পক্ষে একটি সমস্যাসকলে। প্রকৃতপক্ষে, কেউই পরম-তত্ত্বের নির্বিশেষ রূপে সময়ে মথায়বজাবে চিগ্তা করতে পারে না । তাই অর্জুন বলতে চাইছেন, "এজারে সময় নম্ভ করে কি লভেং" একাদশ অধ্যায়ে অর্জুন উপলব্ধি করতে পেরেছেন যে, শ্রীকৃষের সবিশেষ রূপের প্রতি আসক্ত থাকাই হচ্ছে উত্তম, কারণ তা থকা অনায়ানে তার অন্য সমস্ক রূপে সম্বন্ধে অর্কুনের এই গুরুত্বপূর্ণ প্রশ্নের উত্তরে ভগবান কাছে অর্জুনের এই গুরুত্বপূর্ণ প্রশ্নের উত্তরে ভগবান কাছিভাবে বুকিয়ে দিকোন, পরম-তথ্যের নির্বিশেষ ও সবিশেষ ধারণার মধ্যে পার্থক্য কোথায়।

শ্লোক ২

শ্ৰীভগবানুবাচ

ময্যাবেশ্য মনো যে মাং নিত্যযুক্তা উপাসতে । শ্রদ্ধরা পরয়োপেভাক্তে মে যুক্ততমা মতাঃ ॥ ২ ॥

শ্রীভগবান্ উবাচ—পরমেশ্বর ভগবান বললেন, ময়ি—আমাতে, আবেশা—ি পিট করে, মনঃ—মন, বে—খাঁবা, মাম্ আমাবেং, নিজ্য—সর্বদা, মৃক্তাঃ—নিগুও ২৫ উপাসতে—উপাসনা করেন, শ্রন্ধা তাজা সহকারে, পরমা—অখ্যাকৃত, উপোতাঃ —মুক্ত হয়ে, তে—তারা, মে—আমার, যুক্ততমাঃ সর্বপ্রেষ্ঠ যোগী, মতাঃ—সংগ্র

গীতার পান

শ্রীভগবান কহিলেন :
আমার স্বরূপ এই যার মন সদা ।
আবিষ্ট ইইয়া থাকে উপাসনা হাদা ॥
শ্রদ্ধার সহিত করে প্রাণ ভক্তিময় ।
উত্তম যোগীর শ্রেষ্ঠ কহিনু নিশ্চয় ॥

অনুধান

শ্রীন্তগরাম বললেন—যারা তাঁদের মনকে আমার সবিশেষ ক্রপে নিবিষ্ট করেন এবং অপ্রাকৃত শ্রদ্ধা সহকারে নিরস্তর আমার উপাসনা করেন, আমার মতে তাঁরাই সর্বশ্রেষ্ঠ যোগী।

তাৎপর্য

অর্জুনের প্রদেশন উত্তরে শ্রীকৃষ্ণ স্পর্টভাবে বলছেন যে, খাল মন তার সবিশেষ মাপে আষিট্র এবং শ্রদ্ধা ও ভঞ্জি সহকারে যিনি ওার উপাসনা করেন, তিনি হাছেন সর্বশ্রেষ্ঠা যোগী। এভাবেই যিনি কৃষ্ণভাবনায় ভাবিত হয়েছেন, তিনি আর কথনও জাগতিক কর্মবদ্ধানে আষদ্ধ হন না, কারণ শ্রীকৃষ্ণের স্ত্রীতি সাধনের দ্ধনাই সব কিছু তথন করা হয় শুদ্ধা ভক্ত সর্বদাই ভগবানের সেবায় মৃক্তা কথনও তিনি ভগবানের নাম কীর্ত্তন করেন, কথনও তিনি ভগবানের কথা শ্রবণ করেন অথবা শ্রীকৃষ্ণে সম্বন্ধীয় গ্রন্থ পাঠ করেন, কথনও বা তিনি শ্রীকৃষ্ণের প্রসাদ রহন করেন, কথনও বা তিনি বাজারে গিয়ে শ্রীকৃষ্ণের দ্ধনা কিছু খরিন করেন, কথনও বা তিনি বাজারে গিয়ে শ্রীকৃষ্ণের দ্বনা কিছু খরিন করেন, কথনও তিনি মন্দির অথবা বাসন পরিশ্বাব করেন—অর্থাৎ, কৃষ্ণসেবায় কর্ম না করে তিনি এক মৃহুর্তও নাই করেন না। এই ধ্রনের কর্মই হচ্ছে পূর্ণ সমাধি।

শ্লোক ৩-৪
যে ত্বক্তরমনিদেশ্যমব্যক্তং পর্যুপাসতে ।
সর্বত্রগমন্তিন্তাং চ কৃটস্থমন্তলং প্রুক্তম ॥ ৩ ॥
সংনিয়ম্যেক্তিয়গ্রামং সর্বত্র সমবুদ্ধয়ঃ ।
তে প্রাপ্তবিত্তি মামেব সর্বভৃততিতে রতাঃ ॥ ৪ ॥

ষে— যাঁরা, তু কিন্তু, অক্ষরম্—ইন্দ্রির অনুভৃতির অতীত বা; **অনির্চেশ্যম্—** অনির্ক্রনীয়, **অব্যক্তম্**—অব্যক্ত, পর্যুপাসতে—উপাসনা করেন, সর্বত্রসম্—সর্বব্যাপী,

অচিন্তাম্—অচিন্তা, চ ধঃ, কৃটস্থম্—অপরিবর্তনীয়, অচলম্—এচপ, ধ্রন্ম শাশভ, সংনিয়ম্য—সংযত করে, ইন্দ্রিয়গ্রামম্—সমস্ত ইন্ধিয় সর্বত্র—সাবর, সমনুদ্রয়ঃ—সমভাবাপর, তে—তারা, প্রাপুনন্তি—প্রাপ্ত হন, মাম্—আমানে, এব— অবশ্যই, সর্বভৃত্তিক্তে—সমস্ত জীবের কল্যাণে, রুতাঃ—রত হয়ে

গীতার গান

অক্ষর অব্যক্তসক্ত নির্দিষ্টভাব।
ইন্দ্রিয় সংযম করি হিতৈবী স্বভাব।
সর্বব্যাপী অচিন্তা বে কৃটস্থ অচল।
ধ্রন্ব নির্বিশেষ সন্তে থাকিয়া অটল।।
সমবৃদ্ধি হয়ে সব করে উপাসনা।
সে আমাকে প্রাপ্ত হয় করিয়া সাধনা।।

অনুবাদ

র্যার। সমস্ত ইন্দ্রির সংযত করে, সকলের প্রতি সমস্তায়াপার হয়ে এবং সর্বস্কৃতির কল্যাপে রত হয়ে আমার কক্ষর, অনির্দেশ্য, অব্যক্ত, সর্বত্রগ, অচিন্তা, কৃতিয়া, অত্যক্ত, সর্বত্রগ, অচিন্তা, কৃতিয়া, অত্যক্ত, বিবিশ্ব স্থারগড়ক উপ্যসম্য করেন, তারা অবশেষে আমানেটি গুলির ক্ষম।

তাৎপর্য

র্যারা প্রতাক্ষভাবে প্রমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের আধাধনা করেন না, কিন্তু পরে কর্মার সেই একই উন্দেশ্য সাধন কবাব চেন্তা করেন, তাঁরাও পরিশ্যমে , ই পর্বন লাখন শ্রীকৃষ্ণকে প্রাপ্ত হন। সেই বিষয়ে বলা হয়েছে, "বছ জালা করা পরের পর প্রমান কারণ তাক প্রেনী যখন জানতে পারে যে বাসুদেবই হচ্ছেন সব কিছুর পরম কারণ তাক সে আমার চবণে প্রপত্তি করে।" বছ জালার পরে কোন মানুগ যখন পূর্ণকান লাভ করেন, তথন তিনি প্রমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের চরণে আদানিবেনন করেন এই প্রোক্তর্জিতে যে পদ্ধার কর্মা করা হয়েছে, সেই অনুসারে কেউ গদি ভগবান বিদ্ধার করা হতে হবে এবং সমস্ত প্রাণীর কল্যাব সাধনে প্রতী ছতে হবে এই প্রোক্তর সিদ্ধার হচেছ যে, আমাদের ভগবান শ্রীকৃষ্ণের দিকে অগ্রসর হতে হবে এবং সমস্ত প্রাণীর কল্যাব সাধনে প্রতী ছতে হবে এই প্রাণার সিদ্ধার ইচছে যে, আমাদের ভগবান শ্রীকৃষ্ণের দিকে অগ্রসর হতে হবে এবং কার্মদের ভগবান শ্রীকৃষ্ণের দিকে অগ্রসর হতে হবে করার পরই কেবল শ্রীকৃষ্ণের প্রতি শ্রণাগতি আমে।

[8 本陰)

(취**조** 조)

স্বতন্ত্র আবার অন্তন্তলে পরমানাকে উপলব্ধি করতে হলে দর্শন, প্রবশ, আস্বাদন আদি সব বকমের ইন্দ্রিয়ের ক্রিয়াকলাপ থেকে নিবৃত্ত হতে হয়। তথন উপলব্ধি করা যায় যে, পরমাত্মা সর্বত্রই বিরাজমান এই উপলব্ধির ফলে আর কারও প্রতি হিংসাভাব থাকে না। তথন আব মানুষে ও পশুতে ভেদবৃদ্ধি থাকে না। কারণ, তথন কেবল আত্মারই দর্শন হয় বাইরের আবরণটিকে তথন তার দেখা যায় না। কিন্তু সাধারণ মানুষের পক্ষে এই নির্বিশেষ উপলব্ধি অত্যন্ত দৃদ্ধর।

গোক ৫

ক্লেশোহধিকতরস্তেষামন্যক্তাসক্তচেতসাম্ । অব্যক্তা হি গতির্দৃঃখং দেহবস্তিরবাপ্যতে ॥ ৫ ॥

ক্লেশঃ—ক্লেশ, অধিকতর:—অধিকতর, তেখাম্—তাদের, অব্যক্ত—অব্যক্ত, আসক্ত—আসক্ত, চেডসাম্—যাদের মন, অব্যক্তঃ—অব্যক্ত, হি—অবশ্যই, গাডিঃ—গতি, দুঃখম্—দুঃখমর, দেহবল্কিঃ—দেহাভিমানী ক্রীথ ধারা, অবাপাতে— লাভ হয়

গীতার গান

কিন্তু এইমাত্র ভেদ জান উভয়ের মধ্যে । ভক্ত পায় অতি লীঘ্র জার কাষ্ট্রে সিজে ॥ অব্যক্ত আসক্ত সেই বহু ক্লেশ ভার । অব্যক্ত যে গতি দুঃখ দেহীর অপার ॥

অনুবাদ

যাদের মন ভগবানের অব্যক্ত মির্বিশেষ রূপের প্রতি আসক্ত, তাদের ক্রেশ অধিকতর। কারণ, অব্যক্তের উপাসনার ফলে দেহধারী জীবদের কেবল দুঃখই কাভ হয়।

তাৎপর্য

যে সমস্ত অধ্যাত্মবাদীরা ভগবানের অচিন্তা, অব্যক্ত ও নির্বিশেষ তত্ম জানবার প্রয়াসী, তাদের বলা : জ্ঞানযোগী এবং থাবা সম্পূর্ণরূপে কৃষ্ণভাবনামর হয়ে ভক্তিযুক্ত চিন্তে ভগবানের সেবা করেন, তাদের বলা হয় ভক্তিযোগী। এখন, এখানে জ্ঞানযোগ ও ভক্তিযোগের মধ্যে যে পার্থকা তা স্পন্তভাবে বাক্ত করা

হয়েছে। জ্ঞান্যোগের পত্না যদিও পরিণামে একই লগেন গিয়ে উপনীত হয় এপুও তা অভ্যন্ত ব্লেশসাপেক। কিন্তু ভক্তিযোগের পদ্ম, সনাসনিভাবে ৮০ বানের বেবা করার যে পদ্ম, তা অভান্ত সহজ এবং তা হছে দেহধারী জীবের প্রাভাবিক পর্যন্ত আনাদিকাল ধরে আত্মা দেহের মধ্যে আবদ্ধ হয়ে আছে সে যে তার দেই নয়, সেহ ধারণা করাও ভার পক্ষে অভান্ত কঠিন ভাই, ভক্তিগোগী শ্লীকৃগের এটা বিশ্রহের অর্চনা করার পত্ম অবলম্বন করেন, কারণ ভাতে একটি স্বান্য্য কালের ধারণা সনের মধ্যে বছমূল হয়। আমাদের বিশেষভাবে মদে রাখ্যে চবে ্ব, মন্দিরে ভগবান শ্রীকৃষ্ণের অর্চা-বিশ্রহের যে পূজা, তা মৃতিপূজা নয়। বিদিশ শারের সভাব ও নির্ভাপ উপাসনার উল্লেখ পাওয়া যায়। মন্দিরে ওগবানের শ্লীবিশবের যে উপাসনা ভা সওপ উলাসনা, কেন না জড় ওগাবলীর ত্বায়া অধ্যন্ত প্রাণ্ড হয়েছেন। কিন্তু ভগবানের রূপ যদিও পাথয়, কাঠ অথবা তৈলচিত্র আদি আভ ওগের হারা প্রকাশিত হয়, প্রকৃতপক্ষে তা জড় নয়। সেটিই হলে পারমেশার ভগবানের অপ্রাকৃত তত্ব।

সেই সদ্বন্ধে একটি স্থূল উদাহরণ এখানে দেওয়া যায়। মেমম, রাঞ্চার পাশে আমরা ভাকবান্ধ দেখতে পাই এবং সেই বান্ধে আমরা থানি চিঠিপর ফোলা ওা হলে সেগুলি স্বাভাবিকভাবে তাদের গন্তব্যস্থলে অনায়াসে স্পৌদে গাবে বিশ্ব বেলা একটি পুবানো বান্ধে অথবা ভাকবান্ধের অনুকরণে তৈরি কোলা ব অ. যা পোস্ট অফিসের অনুমোদিত নয়, তাতে চিঠি ফেলালে কোম কাল ৪৫৭ ব ভেমনই, মন্দিরে প্রতিষ্ঠিত ভগবানের প্রামৃতি ইচ্ছেন ভগবানের অনুমোদিত খাতিবাদি বিশ্বে বলা হয় অর্চাবিগ্রহ। এই অর্চাবিগ্রহ হচ্ছেন ভগবানের অব্যা । ২০ ব ক্সেই রূপের মাধ্যমে সেবা গ্রহণ করেন। ভগবান সর্বশক্তিমান, এটি তিনি তার অর্চা-বিগ্রহরণে অবতারের মাধ্যমে তার ভক্তের সেবা গ্রহণ করতে পানে এক ভগবতের বন্ধনে আবদ্ধ মানুষদের সূবিধার জন্য তিনি এই বন্ধোণ্ড করে স্বোধ্য করে ব্যাবিধ্য

সূতরাং, ভক্তের পক্ষে স্বাসবিভাবে অনতিবিলম্মে ওগধানের সাধান পা ভ করতে কোন অসুবিধা হয় না। কিন্তু যাঁরা অধ্যাদ্য উপপার্কা নির্দিশানাদের পদ্ধ অবলম্বন কবেন, তাঁদের সেই পথ অত্যন্ত কটসালেক তাঁদের উপনিদদ আদি বৈদিক গ্রন্থের মাধ্যমে পরমেশ্রের অব্যক্ত রূপ উপলার্কা কমতে হয় কিন্তু নির্দিশ সেই ভাষা শিক্ষা করতে হয়, অতীক্সিয় অনুভৃতিগুলি উপলার্কা কমতে হয় এবং এই সবগুলিই স্মাক্ভাবে হালয়ক্ষম করতে হয়। কোন সাধানৰ মানুগের পক্ষে এই পদ্ম অবলম্বন করা খুব সহস্ক নয়। কিন্তু কৃষ্ণভাবনায় ভাবিত যে মানুগ সদশুক্ষর দ্বারা পরিচালিত হয়ে ভক্তিযোগে ভগবানের সেশা করছেন, তিনি কেবলমাত্র ዓዕ৮

শ্লোক ৭]

ভক্তিভরে ভগবানের শ্রীবিগ্রহকে প্রণাম করে, ভগবানের লীলা শ্রবণ করে এবং ভগবানকে নিথেদিত প্রসাদ প্রহণ করে অন্যয়াসে পরম পুরুষোদ্তম ভগবানকে উপলব্ধি করতে পারেন। নির্বিশেষবাদীলা যে অনর্থক ক্রেশদারক পত্না অবলন্ধন করেন, তাতে পবিগামে যে তাঁদের পরম-তত্ত্বেব চরম উপলব্ধি না-ও হতে পারে, পেই সম্বন্ধে কোন সন্দেহ নেই কিন্তু সবিশেষবাদীরা কোন রকম বিপদেব মূর্দিন না নিয়ে, কোন রকম ক্রেশ অথবা দৃংখ স্বীকার না করে পরমেশর ভগবানের শ্রীচরগারবিশেষ সাম্নিধ্য লাভ করেন শ্রীমন্ত্রাগরতে এই ধরনের একটি ক্লোক আছে, তাতে বলা হয়েছে যে, পরম পুরুষোন্তম ভগবানের শ্রীচরণে আর্থনিবেদন করাই যদি পরম উদ্দেশ। ইয় (এই আন্মান্বিদনের পর্যাকে বলা হয় ভঙ্গি), তা হলে তা না করে কোন্টি ব্রন্ধ আর কোন্টি ব্রন্ধ নয়, এই তত্ত্ব জানবার জনা সার্বাটি জীবন নই করণে তার ফল অবশাই ক্লেশ্যায়ক হয়। তাই, অধ্যাক্ত উপলব্ধির এই ক্লেশ্যায়ক পত্ন গ্রহণ না করতে এখানে উপদেশ কেওয়া হয়েছে, কাবণ তার পরিণতি অনিশিত্য

জীব হতেহ নিত্য, স্বতম্ভ আশ্বা এবং দে যদি ব্ৰহেল লীন হয়ে যেতে চয়া, ডা হলে সে তার মরাপের সং ও চিৎ প্রবৃত্তির উপলব্ধি করতে পারে, কিন্তু আসন্দমর প্রবৃতির উপক্ষার হয় না জ্ঞানখোগের পথে বিশেষভাবে অগ্রণী এই প্রকার অধ্যাদ্মবিৎ কেনে ভক্তের কুপায় ভক্তিযোগের পথে আসতে পারেন। সেই সময়, নির্বিশেষধানের দীর্ঘ সাধনা তার ভক্তিযোগের পথে প্রতিবছক হয়ে দীড়ায়, কারণ তিনি তথন তাঁর পূর্বার্দ্ধিত ধারণাগুলি ত্যার করতে পারেন না , তাই, দেহধারী জীবের পক্ষে নির্বিশেষ ব্রহ্মের উপাসনা সর্ব অবস্থায়তই ব্রেম্পদারক, তার অনুশীলন ক্লেশনায়ক এবং তাৰ উপলব্ধিও ক্লেশনায়ক প্রতিটি জীবেবই অংশিক স্বাভয়া আছে এবং আমাদের নিশ্চিতভাবে জানা উচিত যে এই নির্বিশেষ ব্রহ্ম উপলব্ধি আমাদের চিন্মা সভাব আনন্দময় প্রবৃত্তির বিশ্রোধী। এই পদ্ধা গ্রহণ করা উচিত নয় কাকণ প্রতিটি শ্বতন্ত জীবের পক্ষে কুষ্ণভাবনাময় পদ্ম, যাব ফগো দে সর্বতোভাবে ভগবারের সেবাম নিয়োজিত হতে পারে, সেটিই হচেছে শ্রেষ্ঠ পদ্র। এই ৬গৰন্তজ্ঞিকে যদি কেউ অবহেন্দা করে, তা হলে তার ভগবং বিমুখ নাস্তিকে পরিণত হবার সম্ভাবনা থাকে। অভএব অব্যক্ত, অচিন্তা, ইন্দ্রিয়ানুভূতির উর্ধ্বে যে তত্ত্বের কথা এই প্লোকে বর্ণনা করা হয়েছে, সেই নির্বিশেষ ব্রহ্ম উপলব্ধিত প্রতি, বিশেষ করে এই কলিযুগে আকৃষ্ট হওয়া উচিত নয়। ভগবান শ্রীকৃষ্ণ তা কবতে নিষেধ কব*ছে*ন

শ্লোক ৬-৭

বে তু সর্বাণি কর্মাণি ময়ি সংনাস্য মৎপরাঃ । জননোনৈব যোগেন মাং খ্যায়স্ত উপাসতে ॥ ৬ ॥ তেথামহং সমুদ্ধর্তা মৃত্যুসংসারসাগরাৎ । ভবামি ন চিরাৎ পার্থ ময্যাবেশিতচেতসাম্ ॥ ৭ ॥

বে—ঘাঁরা, তু—কিন্তু, সর্বাধি—সমত, কর্মাণি—কর্ম, মানি—ভাগ ৫০, সংগাগা—
তাগে করে, মংপরাঃ—মংপরারণ হয়ে, অনন্যেন—অনিচলিত থানে, আন আনাট বোধেন—ভক্তিযোগ হারা, মান্—আমাকে, ধাায়ন্তঃ—ধানি করে, উপাসতে উপাসনা করেন, তেরান্—তাঁদের, অহন্—আমি, সমুদ্রতা—উদারকানী, সৃত্যু মৃত্যুব, সংসার—সংসার, সাগরাৎ—সাগর থেকে, ভবানি—হটা দা বিধাৎ— থাচরেই, পার্থ—হে পৃথাপুত্র, মানি—আমাতে, আবেশিক—আধিক, তেজান্—টিও

গীতার গান

বে আমার সম্বন্ধেতে সব কর্ম করে।
আমার স্বরূপ এই নিত্য ধ্যান করে।
জীবন বে মোরে সঁপি আমাতে আসতে।
অনন্য বে ভাব ডক্তি তাহে অনুরক্ত।
সে ভক্তকে মৃত্যুরূপ এ সংসার হতে।
উদ্ধার করিব শীঘ্র জান ডাল মতে।

অনুবাদ

যারা সমস্ত কর্ম আমাতে সমর্পণ করে, মংপরায়ণ হয়ে অসন। অভিযোগের ছারা আমার থ্যান করে উপাসনা করেন, হে পার্থ। আমাতে আসিইচিত সেট সমস্ত ভক্তদের আমি সৃত্যুময় সংসার-সাগর থেকে অচিরেই উদ্ধার কার্য।

ভাৎপর্য

এখানে স্পট্টভাবে বর্ণনা করা হয়েছে খে, ভগবন্তকেরা আড়াণ্ড ডাণ দান, কেন না ভগবানের কৃপায় ভারা অনায়াসে জড় জগতের বদন থেকে মৃতি গ ৬ ককে হন্ধ ভক্তির প্রভাবে ভক্ত উপলব্ধি করতে পারেন যে, ভগবান হঞ্জেন মহান এবং প্রভিটি স্থতন্ত্র জীবাত্মাই হচ্ছে ভার অধীন প্রতিটি জীবেশ কঠক ৬গবানের সেবা হবা, কিন্তু সে যদি ভা না করে, ভা হলে ভাকে মায়ার দাসত্ব কবতে হয়।

(新春 4]

পূর্বে বলা হয়েছে, কেবলমাত্র ভক্তিযুক্ত সেবার মাধ্যমেই পরমেশ্বর ভগবানকে হারম্বয় করা যায় তাই, আমাদের পূর্ণকপে আবোৎসর্গ করতে হবে। প্রীকৃষ্ণের প্রীপাদপদ্মে আশ্বয় লাভ করতে হলে আমাদের মনকে সর্বতোভাবে প্রীকৃষ্ণের নিবদ্ধ করতে হবে। কেবলমাত্র প্রীকৃষ্ণের জন্য আমাদের সমস্ত কর্ম করতে হবে। বে কাজকর্মই আমরা করি না কেন তাতে কিছু যায় আসে না, কিন্তু সেই কাজ কেবলমাত্র প্রীকৃষ্ণের জনাই করা উচিত। সেটিই হচ্ছে ভক্তিযোগের মানদণ্ড। পরম পূরুষোন্তম ভগবান প্রীকৃষ্ণের সম্ভোব বিধান করা ছাড়া ভক্ত আর কিছুই কামনা করেন না তাঁর জীবনের একমাত্র উপেশ্যে প্রীকৃষ্ণকে আনন্দ দান করা এবং সেই জন্য তিনি সব কিছু ত্যাগ করতে পারেন—বেফনটি কৃতক্ষেত্রের যুদ্ধে অর্জুন করেছিলেন এই পছাটি অত্যন্ত সরজ। আমরা আমাদের গৃভিগত কাজকর্ম করে যেতে পারি এবং সেই সঙ্গে হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ করতে পারি। এই অপ্রাকৃত কীর্তন করতে পারি। এই অপ্রাকৃত কীর্তন করতে পারি। এই অপ্রাকৃত কীর্তন ভক্তকে প্রমেশ্বর ভগবানের প্রতি আকৃষ্ট করে।

ভগবান এখানে প্রতিঞা করছেন যে, যে শুদ্ধ ভস্ত এভাবেই উরে সেবার নিযুক্ত হয়েছেন, তাঁকে তিনি অচিরেই ভবসমূত্র থেকে উদ্ধার করকেন। বাঁরা বোগসিধি লাভ করেছেন, তাঁরা ইছা অনুসারে তাঁদের ঈশ্বিত লোকে স্থানাওরিত কবতে পারেন এবং অন্যোরা নানাভাবে এই সমস্ত পদ্ধার সুখোগ নিয়ে থাকেন। কিন্তু ভগবান এখানে স্পষ্টভাবে বলছেন যে, তাঁর স্তক্তকে তিনি নিজেই তাঁর কাছে নিয়ে খান। অপ্রাকৃত জগতে প্রবেশ করবার জন্য ভক্তকে নানা রক্তম সিদ্ধি লাভের অপেকা করতে হয় না

বরাহ পুরাণে বলা হয়েছে—

नग्रामि भत्रमः ज्ञानमर्टियामिगण्डिः विना । शक्रज्ञस्त्रमारताना यरथक्रमनियातिज्यः ॥

অর্থাৎ, অপ্রাকৃত লোকে প্রবেশ করবার জন্য ভক্তকে অন্তাঙ্গ যোগের অনুশীলন করার হয় না পর্মেশ্বর ভগবান তাঁকে নিছেই অপ্রাকৃত ভগতে নিয়ে যান। এখানে তিনি সুস্পষ্টভাবে নিজেকে ক্রাণকর্তা শ্বাপে বর্ণনা করেছেন। শিশুকে যেমন তার বাবা-মা সর্বাতাভাবে লালন পালন করেন এবং তার ফলে সে নিরাগদে থাকে, ঠিক তেমনই ভক্তকে যোগানুশীলনের মাধ্যমে অন্যান্য গ্রহলোকে যাবার জনা কোনও রকম চেন্তা করার প্রয়োজন হয় না। পক্ষান্তরে, পরমেশ্বর ভগবান তাঁব মহান কৃপাবলে তাঁর বাহন গরুডের পিঠে চড়ে তৎক্ষণাৎ তাঁর ভক্তের কাছে উপন্থিত হন এবং তাঁকে জড় জগতের কক্ষন থেকে মুক্ত করেন। মান সমৃত্যে

পতিত হয়েছে যে মানুষ, সে ষতই দক্ষ সাঁতাক্র হোক না কেন, শত চেমা করেও সে নিজেকে রক্ষা করতে পারে না। কিন্তু কেউ যদি এসে তাকে সেই সমূধ থেকে তুলে নেয়, তা হলে সে অনায়সেই রক্ষা পেতে পারে তেমনই, ভগবা- ও তার ভক্তকে রুভ জগতের বন্ধন থেকে উদ্ধার করেন আমাদের কেবল ভক্তিযুক্ত ভগবং-সেবায় নিযুক্ত হয়ে কৃষ্ণভাবনার অতি সরল পছা অনুশীলন করতে হবে যে কোন বৃদ্ধিমান মানুষের কর্তব্য অন্য সমস্ত পছা পরিত্যাগ করে ভগবন্তব্যিষ এই পদ্মাটির প্রতি সর্বদাই অধিক ওক্বত্ব প্রদান করা। নারায়ণীয়তে এর যথার্থতা প্রতিপর করে বলা হয়েছে—

या देव माधनमञ्जातिः भूकवार्थकपृष्ठेदतः । उत्ता विना उपादधानि नदता नाताग्रशक्षयः ॥

এই স্নোকের ভাৎপর্য হচ্ছে যে, সকাম কর্মের বিভিন্ন পদ্বায় ব্রতী না হয়ে। অথবা মনোধর্ম-প্রসৃত জ্ঞানের অনুশীলন না করে, ভক্তিযোগে ভগবানের সেবা করলেই সব রক্ষের ধর্মচরণ—দান, ধ্যান, যজ্ঞ, তপশ্চর্যা, যোগ আদির সমন্ত ফল প্রস্তু ধধ্যা বার। সেটিই হচ্ছে ভক্তিযোগের বিশেষধা।

কেবলমাত্র শ্রীকৃষ্ণের দিবানাম সমন্বিত মহামন্ত্র হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে / হরে রাম হরে রাম রাম হরে হরে—কীর্ডন করার ফলে ভগবন্তুক্ত অনায়াসে পরম লক্ষ্যে উপনীত হতে পারেন, যা অনা কোন ধর্ম আচরণের মাধ্যমে প্রাপ্ত হওয়া সম্ভব নয়।

ভগবদ্গীতার উপসংহারে অষ্টাদশ অধ্যারে পরম উপদেশ দান করে ভগবান বলেছেন—

> प्रविधानि शतिजाना मारमकः सत्रपः द्रव्यः । स्वदः श्वाः प्रविशासिकः ।

মান্বজ্ঞান থাতের জন্য সমস্ত প্রক্রিয়াওলি বর্জন কবে কেবলমাত্র কৃষ্ণভাবনাময় ভগবদ্ধকির অনুশীলন করডে হবে। তা হলেই জীবনের পরম উদ্দেশ্য সাধিও হবে। তথ্য অতীত জীবনের পাপমর কর্মের জন্য চিন্তা করার কোন প্রয়োজন নেই, কারণ ভগবান আমাদের সমস্ত পাপ থেকে মুক্ত করবেন। সূতরাং, আব অন্য কোন প্রক্রিয়ার মাধ্যমে আন্বক্তান লাভ করে মুক্তি লাভের বার্থ প্রয়াস কবাস কোন প্রক্রিয়ার মাধ্যমে আন্বক্তান লাভ করে মুক্তি লাভের বার্থ প্রয়াস কবাস কোন প্রক্রোজন নেই। পরম সর্বশক্তিমান ভগবান প্রীকৃষ্ণের চরণারণিশে আশ্রম প্রহণ করা সকলেরই কর্তবা। সেটিই হচ্ছে জীবনের পরম পূর্ণতা

প্ৰোক ৯]

গ্ৰোক ৮

ময্যের মন আধংস্থ ময়ি বুদ্ধিং নিবেশয় । নিবসিষ্যসি মধ্যের অত উহ্বং ন সংশয়ঃ ॥ ৮ ॥

মথি—আসাতে, এব—অবশাই, মনঃ—মন আধংশ্ব—স্থির কর, মঞ্জি আমাতে, বৃদ্ধিন্—বৃদ্ধি, নিবেশয় -অর্পণ কর, নিবসিয়াসি বাস করবে, ময়ি—আমার নিকটে, এব—অবশাই, অতঃ উধর্বম—তার ফলে, ন—োই; সংশয়ঃ—সদেহ।

গীতার গান

অতএব তুমি এই বিভূজ স্বরূপে।
এ মন বৃদ্ধি স্থির কর ভগবং স্বরূপে॥
আমার এ নিত্যরূপে নিত্যযুক্ত হলে।
অবশ্য পাইবে প্রেম নর্বশ্রেষ্ঠ ফলে॥
উর্বেগতি সেই জান না কর সংশার।
সর্বোচ্চ ফল তাহা কহিনু নিশ্চর॥

অনুবাদ

অতএব আমাতেই তুমি মন সমাহিত কর এবং আমাতেই বৃদ্ধি অর্পণ কর। তার ফলে তুমি সর্বদাহ আমার নিকটে বাস করবে, সৌই সম্বন্ধে কোন সন্দেহ নেই।

তাৎপর্য

মিনি ভগবান গ্রীকৃষ্ণের ভতিযুক্ত সেবায় রতে, তিনি ভগবানের সঙ্গে সরাসরি সম্পর্কায়ুক্ত হয়ে জীবন ধারণ করেন। তিনি যে প্রথম থেকেই অপ্রাকৃত প্ররে জিবিটিত, সেই সপ্রয়ে কোন সন্দেহ নেই ভক্ত জড়-জাগতিক প্ররে জীবন বাপন করেন না—তাঁর জীবন কৃষ্ণভাবনাময়। ভগবানের নাম স্বয়ং ভগবান থেকে অভিয়া। তাই ভক্ত যথন হরে কৃষ্ণ মহামন্ত কীর্তন করেন, তথন প্রীকৃষ্ণ ও শ্রীকৃষ্ণের অন্তরঙ্গা শক্তি ভক্তেব জিহ্বায় নর্তন করেন। ভক্ত যথন প্রীকৃষ্ণকে ভোগ নিবেদন করেন প্রীকৃষ্ণ তথন সেই ভোগ সরাসবিভাবে গ্রহণ করেন এবং শ্রীকৃষ্ণের সেবার সেবার বঁতী না হলে সেটি যে কি করে সন্তব হয়, তা বুঝতে পারা যায় না, বদিও ভগবন্গীতা ও অন্যান্য বৈদিক শান্তে এই পদ্ধতির বর্ণনা করা হয়েছে।

শ্লোক ৯

অথ চিত্তং সমাধাতৃং ন শক্লোষি ময়ি স্থিরম্ । অভ্যাসযোগেন ততো মামিচ্ছাপ্তং ধনঞ্জয় ॥ ৯ ॥

অথ আর বাদ, চিত্তম্—মন, সমাধাতুম্—স্থাপন করতে, ন না, শক্রোধি সক্ষা হও, মন্ত্রি —আমাতে, শ্বিরস্—স্থিরভাবে, অভ্যাস—অভ্যাস, যোগেন—যোগের ধারা, ততঃ—ভা ২লে, মাম্—আমাকে, ইচ্ছা—ইচ্ছা কর, আপ্তম্—প্রাপ্ত হতে, ধনঞ্জয়— হে অর্জুন।

গীতার গান

যদি সে সহজভাবে হও অসমর্থ।
অভ্যাস হোগেতে কর লাভ পরমাত্র ॥
বিধিমার্গে রাগমার্গে যেবা মোরে চায় ।
অতিরাৎ সে অভ্যাসে লোক মোরে পায় ॥

অনুবাদ

হে ধনপ্ররঃ যদি তুমি ছিরভাবে আমাতে চিত্ত সমাহিত করতে সক্ষম না হও, ভা হলে জভাগ যোগের যারা আমাকে প্রাপ্ত হতে ইচ্ছা কর

তাৎপর্য

এই লোকে ভক্তিযোগের দৃটি ক্রমোরতির কথা বলা হয়েছে। তার প্রথমটি তাঁদের ক্রেক্টে প্রয়োজা, যাঁরা অপ্রাকৃত প্রেমে পরম পুরুষোত্তম ভগবান শ্রীকৃষ্ণের প্রতি অনুবস্ত হয়েছেন। আর অপবটি হছে যাঁরা অপ্রাকৃত প্রেমে ভগবানের প্রতি আসক্ত হতে পারেননি। এই দিতীয় স্তরের ভক্তদের জন্য নানা রক্তম বিধি-নিষেধ্যে নির্দেশ দেওয়া হয়েছে, বা অনুশীলন করার ফলে শ্রীকৃষ্ণের প্রতি আসক্তির স্তরে উটীত হওরা যায়।

ভক্তিযোগ হচ্ছে ইন্দ্রিয়গুলিকে নির্মল করার পছা তবসংসারে বর্তমান সময়ে ইন্দ্রিয়গুলি নিরত থাকার ফলে মায়াবদ্ধ জীবের ইন্দ্রিয়গুলি সর্বদা কলুমিও হয়ে। থাকে। কিন্তু ভক্তিযোগ অনুশীলন করার ফলে এই সমস্ত ইন্দ্রিয়গুলি নির্মণ হতে থাকে এবং অবশেষে তা যখন পূর্ণরূপে নির্মল হয়, তথন তারা সরাস্থাপভাবে পরমেশ্বর ভগবানের সংস্পর্শে আসে। মায়াবদ্ধ বিষয়াসক্ত জীবনে আমি কোন

প্লোক ১০]

না কোন মালিকের চাকরি কবতে পাবি, কিন্তু সেই দাসত্ব ভালবাসার নয়। আমি কেন্দ্রণ মাত্র কিছু টাকা পাওয়ার জন্য সেই চাকরি করি এবং সেই মালিকও আমাকে ভালবাসে না, আমার কাছ খেকে কাজ জাদায় করে আমাকে মাহিনা দেয়ঃ সূতরাং, সেখানে ভালবাসার কোন প্রশ্নই উঠতে গারে না। কিন্তু পারমার্থিক জীবনের চরম পরিণতি হচ্ছে সেই নির্মল্ দিব্য প্রেমের স্তরে উত্নীত হওয়া। আমাদের ইন্দ্রিয়ণ্ডলি দিয়ে ভগবানের সেবা করার মাধ্যমেই সেই প্রেমভন্তির স্তর লাভ করা যায়

সকলের হাদেয়ে এই ভগবৎ-প্রেম সৃগু অবস্থায় রয়েছে এবং সেখানে ভগবৎ-প্রেম বিভিন্নরূপে প্রকাশিত হয়, কিন্তু জড়-জাগতিক সঙ্গের প্রভাবে তা কলুমিত। এখন জড় বিষয়ের প্রভাব থেকে আমাদের হাদয়ে নির্মল করতে হবে এবং তা হলে যে কৃষ্ণপ্রেম আমাদের হাদয়ে সৃপ্ত অবস্থায় রয়েছে, তা পুনক্ষত্রীবিত হবে সেটিই হচ্ছে ভক্তিযোগের পূর্ণ পঞ্চা

ভিন্তিবাগে অনুশীলন করতে হলে সদ্গুরুর তন্ত্রাব্যানে কতকওলি বিধিবিধান পালন করা কর্তবা—পূথ সংকালে ঘুম থেকে ওটা, রাল করে মন্দিরে থিয়ে থারতি করা, হার কৃষ্ণ মথামন্ত্র কীর্ত্তন করা, তারপর ফুল ভূলে ভগবানের প্রীচরণে তা নিবেদন করা, ভোগ রালা করে তা ভগবানকে নিবেদন করা, প্রসাদ গ্রহণ করা ইত্যাদি। নানা রকমের বিধিনিয়ম আছে যেওলি অনুশীলন করতে হয়। আর নিরপ্তর শুদ্ধ ভত্তের কাছ থেকে প্রীমন্তাগকত ও ভগবন্গীতা প্রবণ করতে হয়। এই পত্ম অনুশীলন করার ফলে যে কেউ প্রেমভক্তির ভরে উন্নীত হতে পারে এবং তার ফলে অবশাই চিন্ময় ভগবৎ ধামে প্রবেশ করতে পানা যায়। সদ্গুরুর তত্ত্বাবধানে বিধিনদ্ধভাবে ভিত্তিযোগ অনুশীলন করাল অবশাই ভগবৎ-প্রেম লাভ করা যায়।

শ্লোক ১০ অভ্যাসেহপাসমর্থোহসি মহকর্মপরমো ভব । মদর্থমপি কর্মাদি কুর্বন্ সিদ্ধিমবাক্স্যসি ॥ ১০ ॥

অভাসে অভাস করতে; অপি—এমন কি যদি, অসমর্থঃ অসমর্থ; অসি—হও; মংকর্ম আমার কর্ম, পরমঃ—প্রায়ণ, ভক—হও; ফর্ক্সম্ আমার জনা; অপি ও; কর্মাণি—কর্ম, কুর্বন—করে; সিদ্ধিম্—সিদ্ধি, অবাধ্যাসি—লাভ করবে।

গীতার গান

অভ্যাসেও অসমর্থ যদি তুমি হও।
আমার লাগিয়া কর্মে সদাযুক্ত রও॥
আমার সন্তোষ জন্য যেবা কার্য হয়।
জানিও সেসব মোরে প্রাপ্তির উপায়।

অনুবাদ

যদি তুমি এরল কি অভ্যাস করতেও অসমর্থ হও, তা ছলে আমার প্রতি কর্ম পরায়ণ হও। আমার জন্য কর্ম করেও তুমি সিদ্ধি লাভ করবে।

তাৎপর্য

বিনি সদ্গুরুদ্র তন্ত্রাবধানে বৈধীভক্তি অনুশীলন করতে সমর্থ নন, তিনি কেবল মাত্র শুগুবানের জন্য কর্ম করার মাধ্যমে সিদ্ধি লাভ করতে পারেন । এই কর্ম কিভাবে সাধন করা যায়, তা *ভগবদগীতার* একাদশ অধ্যায়ের *৫৫তম শ্লোকে* ব্যাখ্যা করা হয়েছে। কৃষ্ণভাবনামৃত প্রচারে সকলকেই সহানৃভূতিশীল গওমা উচিত । বছ ভক্ত কৃষ্ণভাবনামৃত প্রচাবে নিযুক্ত আছেন এবং ঠারা নানা রক্ষ সভাষে ব আবশ্যকতা বোধ করে থাকেন। সূতরাং, কেউ যদি সরাস্থিতারে ভাতেরে গুরু বিধি-নিরমণ্ডলি পালন না করতে পারেন, তিনি অয়ত ভগনানের নার্ণ, পাচারে সহায়ত্য করতে পাকেন। প্রতিটি প্রচেষ্টাতেই জায়গা জমি, অর্থ, সংগঠন ও প্রচেত প্রয়োজন হয়। ঠিক থেমন ব্যবস্য করবার জন্য জায়গার দরকার হয়, মৃলদক্ত ব প্রয়োজন হয়, শ্রমের প্রয়োজন হয় এবং তা প্রসারের জন্য সংগঠনের প্রয়োজন হয়, তেমনই শ্রীকৃষের সেবাতেও এগুলির প্রয়োজন আছে। পার্থকাটি হঞে 🗘 . বৈষয়িক কর্মগুলি সাধিত হয় কেবল ইন্দ্রিয়-ড়াপ্তির জনা, কিন্তু সেই এণ্ট কর্ম যখন শ্রীকৃষ্ণের সম্ভণ্টি বিধানের জন্য অনুষ্ঠিত হয়, তথন তা পান্যাথিক কমে পরিণত হয়। যদি কারও যথেষ্ট টাকা থাকে, তা হলে তিনি কৃষ্যভাশ-মগৃত প্রচানেশ জন্য মন্দির অথবা অভিস তৈরি করতে সাহায্য করতে পাকেন কিংল তিনি গ্রন্থাদি প্রকাশনায় সাহায্য করতে পাকেন ভাগবানের সেবার জনা নানা বক্ষ কাজ করবার সুষোগ রয়েছে, তবে সেই কাজগুলি করতে উৎসাহী হতে ১৫।। কউ ষদি ভার কর্মের ফল সম্পূর্ণভাবে উৎসর্গ না করতে পারেন, ডা হলেও তিনি অন্তত ভার কিছু অংশ ভগবানের বাণী প্রচারের কাজে মান করতে পারেন

ভগবানের বাণী বা কৃষ্ণভাবনামৃত প্রচারের কাজে স্বেচ্ছাকৃতভাবে সেবা ধরার ফলে ক্রমান্বয়ে ভগবৎ প্রেমের উচ্চতর পর্যায়ে উন্নীত হওয়া যায়, যবে ফলে জীবনের পূর্ণতা প্রাপ্তি হয়

প্লোক ১১ অথৈতদপ্যশক্তোহনি কর্তৃং সদ্যোগমাখিতঃ । সর্বকর্মফলত্যাগং ততঃ কুরু যতাত্মবান ॥ ১১ ॥

অথ—আর যদি, এতং—এই, অপি—ও, অশক্তঃ—অক্তম, অদি—ইও; কর্তুম্— করতে, মং—আমাতে, যোগম—সর্বকর্ম অর্পান্তলা যোগ, আশ্রিতঃ—আশ্রয় করে, সর্বকর্ম—সমস্ত কর্মের, ফল—ফল, জ্যাগম্—ত্যাগ, ভতঃ—তবে; কুরু—কর, মতাত্মবান্—সংখতচিত্ত

গীতার গান

তাহাতেও যদি তব শব্দির অভাব । ভক্তিযোগ আশ্রয়েতে বিরুদ্ধ সভাব ॥ তবে সে বৈদিক কর্ম ত্যুজি কর্মফল । অবশ্য সাধিবে তুমি যত্নেতে প্রবল ॥

অনুবাদ

আর যদি তাও করতে অক্ষম হও, তবে আমাতে সমস্ত কর্ম অর্পণ করে সংযতচিত্তে কর্মের ফল ত্যাগ কর।

ভাৎপর্য

থ্যমনও হতে পারে যে, সামাজিক, পারিবারিক, ধর্মীয় গুথবা অন্য কোন রক্ষ প্রতিবদ্দকের ফলে কেউ কৃষ্ণভাষনামৃত প্রচারের কাজে সহায়ত) করতে অসমর্থ। এমনও হতে পারে যে সরাসরিভাবে কেউ যদি কৃষ্ণভাবনামৃত প্রচারের কাজে যুক্ত ইন, তা হলে তার পরিবারের কাছ থেকে নানা রক্ষম গুজর আগন্তি আসতে পারে অথবা নানা রক্ষাের বাধাবিপত্তিও দেখা দিতে পারে। কারও যদিও এই বক্ষাের সমস্যা থাকে, তার প্রতি উপদেশ দেওয়া হচ্ছে যে, তার ক্মের্ব সঞ্চিত ফল কোন সং উদ্দেশ্যে তিনি অর্পণ করতে পারেন। বৈদিক শাস্তে এই ধরনের নির্দেশ দেওয়া হয়েছে। সেখানে নানা রক্ষ্য বজবিধির বর্ণনা করা হয়েছে এবং সেখানে বিশেষ পুণাকর্মের অনুষ্ঠানের উল্লেখ করা হয়েছে, যাতে পূর্বকৃত করেন ফল অর্পণ করা যায়। এভাবেই ধীরে ধীরে দিবাঞ্জান পাভের ভরে উটাত ২৬গ ষ্যায়। অনেক সময় দেখা যায় যে, কৃষ্ণভাবনাময় কার্যকলাপে নিকৎসাই" লে নেল। হাসপাতাল অথবা জন্য কোন সামাজিক প্রতিষ্ঠানের জন্য দান করে খাকেন এভাবেই তারা কা কাষ্টে উপার্জিত অর্থ দান কবার মাধ্যমে তাঁদের কর্মের ফল দান করে থাকেন। এই পদাকেও এখানে অনুমোদন করা হয়েছে, কারণ এভারেই কর্মফল দান কবরে মাধ্যমে চিন্ত ক্রমশ নির্মল হতে থাকে এবং চিত্ত নির্মল হলে কুষ্যভাবনাৰ অমৃত উপলব্ধি করা যায় । কৃষ্যভাবনামৃত এবশ। ১৮০ ,কান প্রক্রিয়র উপর নিউরশীল নয় - কানগ কৃষ্ণভাবনামৃতই চিওকে নিমল করতে পারে , কিন্তু ক্ষান্তাৰনামত গ্রহপের পরে যদি কোন প্রতিবন্ধক দেখা দেয়, তা হলে কর্মফল ত্যাব করার পছা গ্রহণ করা খেতে পারে। সেই দুরে সমাজসেধা, সম্প্রদায়-সেবা, জাতির সেবা, পেশের জনা ত্যাগ্রহর্ম আদি গ্রহণ করা যেতে পারে, যাতে এভারেই কর্মকণ ত্যাগ করার পরিগামে কোন এক সময়ে ওন্ধ ভগবড়ভির প্ররে উন্নীত হওয়া যেতে পারে। ভগ্*বদ্গীতার* (১৮/৪৬) বলা ২য়েছে, *যতঃ* প্রবৃত্তির্ভতানাম—কেউ খদি সর্ব কারণের পরম কাংগ যে শ্রীকৃষ্ণ তা উপলব্ধি না করে, পরম কারণের উদ্দেশ্যে কোন কিছু অর্পণ করতে মনস্থ করে থাকেন, ত হলে সেই কর্ম অর্পণের মাধ্যমে তিনি ধীপে গীপে এক সময় জানাতে পরিকো (य, बीकृथार १८५०। पूर्व कातरपत भारत कारण।

ভক্তিযোগ 🔒

959

শ্লোক ১২

শ্রেয়ো হি জানমভ্যাসাজ্জানাদ্যানং বিশিষ্যতে । ধ্যানাৎ কর্মফলভ্যাগজ্যাগাচ্ছান্তিরনস্তবম্ ॥ ১২ ॥

শ্রেম্বঃ— তেন্ত, হি—অবশাই, স্কানম্—জান, অভ্যাসাৎ—অভ্যাস আপেন্তা, জ্যানাৎ—জান অপেন্তা, ধ্যানাৎ—গ্রান থেকে, কর্মফলভ্যানাঃ—কর্মফল ভ্যাগ, জ্যাগাৎ—এই প্রকাব ভ্যাগ থেকে, শাস্তিঃ—শাঙি অনস্তরম্—ভারপর।

গীতার গান

ভক্তিষোগে অসমর্থ যেবা অভ্যাসই ভাল। তাহাতে যে অসমর্থ জ্ঞানেতে সুফল ॥

(制本 78]

তাহাতেও অসমর্থ আত্মচিন্তা শ্রের । তাহাতেও অসমর্থ কর্মযোগ শ্রের ॥ কাম্য কর্মে সুখ নাই জ্যাগই উত্তম। ত্যাগই শান্তির মূল তাতে নাহি ভ্রম 🛚

অনুবাদ

उचि चिम धेरै क्षकांत्र व्यक्तांत्र कत्रत्व तक्त्रम ना २७, छ। इतन खात्नद्र व्यनुनीयन কর। জ্রান থেকে ধ্যান শ্রেষ্ঠ এবং ধ্যান থেকে কর্মকল ত্যাগ শ্রেষ্ঠ, কেন না এই প্রকার কর্মফল জ্যানে শান্তি লাভ হয়।

কাৎপর্য

পূর্ববর্তী রোকে উল্লেখ করা হয়েছে যে. ভক্তি দুই রকমের—বৈধীভঞ্জির পদ্ম ও পরম পুরুষোত্তম ভগবানের প্রতি আসন্তি জনিত প্রেমন্ডক্তির পদা। যাঁরা ভজিযোগের বিধি-নিয়মগুলি আচরণ করতে অসমর্থ, তাঁদের পক্ষে জ্ঞানের অনুশীলন করাই খ্রেয়, কারণ জ্ঞানের মাধ্যমে জারা ওাদের বরুপ সম্বন্ধে অবগত হতে পারেন। জ্ঞানের প্রভাবেই তারা ধীরে ধীরে ধ্যানের স্তরে উন্নীত হতে পারেন এবং ধাানের প্রভাবে ধীরে ধীরে পরম পুরুষোত্তম ভগবানকে জ্ঞানতে পারেন। কডকগুলি পস্থা আছে যা অনুশীলন করার ফলে পরমেশ্বর ভগবনকে নির্বিশেষ निशाकांत्र वर्षम भएन हार जनर एन्ट्रे अकात शास्त्रत পष्टा अस्याद्धन हार उपनहें, यथन क्टिं छक्तियाश अनुमीतन कहार्छ अन्तर्भ द्व। यपि क्टिं बसार्य गान कहार् সক্ষম না হন, তা হলে বৈদিক শালের নির্দেশ অনুসারে গ্রাহ্মণ, ক্ষত্রির, বৈশা ও শুদ্রদেব জনা নির্দিষ্ট বর্ণাশ্রম-ধর্ম অনুশীলন করা যেতে পারে। সেই সম্বন্ধে *ভগবদগীতার শেষ অধ্যায়ে বিশেষভাবে বিয়েমণ করা হয়েছে*। কি**ন্ত প্রতিটি** ক্ষেত্রেই কর্মফল ত্যাগ করতে হয় অর্থাৎ কোন সৎ উদ্দেশ্যে কর্মফল নিবেদন করতে হয়

সংক্ষেপে বঙ্গা যায় যে, জীবনের পরম উদ্দেশ্য, জগবানের সমীপবতী হবর দৃটি পস্থা আছে—তার এ২টি হচ্ছে ক্রমিক উন্নতি সাধন এবং অপরটি *হচ্ছে* সরাসরি পছা, কৃষ্ণভাবনাময় ভক্তিযোগ হচ্ছে সরাসরি পছা এবং অপরটি হচ্ছে কর্মফল তাাগের পদ্ম এভাবেই কর্মফল তাগ কবার ফলে জ্রানের স্তব্যে উনীত হওয়া যায়, তার পরে খ্যানের স্তরে, তার পরে পরমান্তা উপধারির স্তরে এবং দব শেষে পৰম পুৰুষোত্তম ভগবানকে উপলব্ধির স্তব্তে। এখন, কেউ মাপে ধাপে এগোতে

পারেন, অথবা সরাসরি পদা গ্রহণ করতে পারে। সরাসরি পদাটি গ্রহণ করা সকলের পশ্চে সম্ভব নয়, ভাই ক্রমিক উন্নতির পদ্বা প্রহণ করাই মঙ্গলঞ্জনক - কিন্তু এখানে আমাদের বুঝতে হবে থে, ভগবান অর্জুনকে পরোক্ষ পদাটি গ্রহণ কবাব নির্দেশ দেননি, কারণ তিনি ইতিপূর্বেই পরমেশ্বর ভগবানের প্রতি প্রেমভক্তির প্রবে অধিষ্ঠিত ছিলেন ৷ কিন্তু মারা প্রেমন্ডক্তিতে যুক্ত হয়ে ভগবানের সেবায় নিযুক্ত হতে পারেননি, তাঁদের জনাই কেবল এভাবে বৈরাগ্য, জ্ঞান, ধ্যান, ব্রহ্ম-উপলব্ধি, পরমানা উপলব্ধি আদির মাধ্যমে ক্রমিক উন্নতির নির্দেশ দেওয়া হয়েছে তবে ভগবদগীতার প্রত্যক্ষ পদ্মার উপরই জোর দেওয়া হয়েছে প্রত্যেককে উপদেশ দেওয়া হয়েছে যে, সকলেই যেন এই সরাসরি পদ্ধা অনুসন্থন করে পরম পুরুয়োন্তম ভগৰান শ্ৰীকৃষ্ণেল চয়শে সৰ্বতোভাবে অন্থেনিবেদন করেন ,

(到す 20-28

অন্তেষ্টা সর্বভূতানাং মৈত্রঃ করুণ এব চ । নির্মমো নিরহঙ্কারঃ সমদৃঃখসুখঃ ক্রমী ॥ ১৩ ॥ সস্তান্তঃ সততং যোগী যতান্তঃ দুচনিশ্চয়ঃ । মঘ্যপিতমনোবৃদ্ধিয়ো মন্তক্তঃ স মে প্রিয়ঃ ॥ ১৪ ॥

আছেষ্টা—দ্বেধবর্জিত: সর্বভূজানাম—সমস্ত জীবের প্রতি, মৈত্র:—বঞ্জ-ভাব্যপন্ন, করুণঃ—কুপাল, এব—অবশ্যই; চ—ও: নির্ময়:—মমতাশুনা, নির্ভ্রার:—অহস্তার বহিত, সম-সম-ভাবাপন্ন, দুঃখ--দুঃখে, সুখঃ--দুখে, ক্ষম্ম-ক্ষমাশীল, সন্তুষ্টঃ —পরিভৃষ্ট; সক্ত**র—সর্বনা; যোগী—ভব্তি**ধোগে যুক্ত, যতাস্থা—সংযত স্বভাষ, দুচ্নিক্যা:—দুচ্ সংকল্পযুক্ত, ময়ি—আফাতে, অর্পিত—অর্পিত, মনঃ—মন, বৃদ্ধিঃ —বৃদ্ধি, ষঃ—বিনি, সম্ভক্তঃ—আমার ভক্ত; সঃ—তিনি, মে—আমার, প্রিয়ঃ शिय ।

> গীতার পান আমার যে ভক্ত সর্বগুণের আধার । সকলের মিত্র হয় হিংসা নাহি তার ॥ ভক্ত নহে হিংসার পাত্র ভক্ত সে করুণ। জীবের দুর্দশা হেরি সদা দুঃখী মন 🛚

[94 种版]

দেহে আত্ম বৃদ্ধি ভ্রম ভত্তের সে নাই ।
নির্মমোনিরহস্কার দৃঃখের বালাই ॥
সর্বত সম্ভন্ত যোগী সে দৃঢ় নিশ্চয় ।
যত্মশীল নিজ কার্যে আমাজে বিলয় ॥
তার কার্য মন প্রাণ আমাতে নিযুক্ত ।
আমার সে প্রিয় ভক্ত সর্বদাই মুক্ত ॥

অনুবাদ

যিনি সমস্ত জীবের প্রতি হেষশ্ন্য, বন্ধু-ভাবাপর, কৃপালু, মমত্ববৃদ্ধিশ্ন্য, নিরহজার, সূথে ও দুঃখে সম-ভাবাপর, ক্ষমাশীল, সর্বদা সন্তট, সর্বদা ভক্তিযোগে যুক্ত, সংযত সভাব, দৃঢ় সংকল্পযুক্ত এবং যাঁর মন ও বৃদ্ধি সর্বদা আফাতে অর্পিত, তিনি আমার প্রিয় ভক্ত।

তাৎপর্য

ওম্ব ভক্তির বর্ণনার পর, এই ঝোক দুটিতে ভগবান আবার ওদ্ধ ভক্তের অপ্রাক্ত ওণাবলীর বর্ণনা করেছেন। গুদ্ধ ভক্ত কোন অবস্থাতেই বিচলিত হন না। তিনি ফারও প্রতি ঈর্যাপরায়ণ নন, এমন কি তিনি তার শত্রুর প্রতিও শত্রুতা করেন না: তিনি মনে করেন, "আমার পূর্বকৃত কর্মের পোষে এই লোকটি আমার প্রতি শক্রবৎ আচরণ করছে। তাই, কোন রকম প্রতিবাদ না করে নীরবে সেই কট্ট সহ্য করাই শ্রেম।" *শ্রীমন্ত্রাগবতে* (১০/১৪/৮) বলা হয়েছে—তন্তেহ*নুকস্পাং সুসমীক্ষমাণো* ভূঞ্জান এবাদ্যকৃতং বিপাকম। ভক্ত যখনই কোন দুঃখকট ভোগ করেন, তখন তিনি মানে করেন যে, এটি তাঁর প্রতি ভগবানেরই কুপা। তিনি মানে করেন, "আমার পূর্বকৃত অপকর্মের ফলস্থরূপ আমার দুঃখের বোঝা আরও বেলি হওয়া উচিত ছিল, কিন্তু পরমেশ্বর ভগবানের কৃপার ফলে আমার সেই দুঃখের ভার লাদব হয়ে গেছে। পরম পুরুযোত্তম ভগবানের কৃপায় আমি কেবল অন্ধ একটু কষ্ট পাচ্ছ।" তাই, নানা দৃংথ-দুর্দশা সত্ত্বেও তিনি সর্বদাই শান্ত, নীরব ও সহনশীল। ভগবঙ্গুক সকলের প্রতি করুণা প্রদর্শন করেন, এমন কি তার শত্তর প্রতিব। *নির্মম* বলতে বোঝায় যে, ভক্ত দেহ সম্পর্কিত দ:ব-মন্ত্রণাকে ভত গুরুত্ব দেন না, কারণ তিনি ভালভাবে জানেন থে, জড় দেহটি তিনি নন। তিনি তাঁর জড় দেহটিকে তাঁর স্করণ বলে মোটেই মনে করেন না। তাই, তিনি সর্বতোভাবে অহন্তারমুক্ত এবং দুঃখ ও সুখ উভয় অবস্থাতেই সম-ভারাপন্ন। তিনি সহিষ্ণু এবং পরমেশ্বর

ভগবানের কৃপায় তিনি যা পান, তা নিয়েই সন্তুষ্ট থাকেন। অত্যধিক কট দীকার করে কোন কিছু পাওয়ার জনা তিনি অধিক প্রয়াস করেন না। তাই তিনি সর্বদাই উৎফুল্ল। তিনিই হচ্ছেন ষথার্থ যোগী, কারণ তিনি তাঁর গুরুদেনের আদেশ শিরোধার্য করে তা পালন করতে স্থিরসংকল্প এবং যেহেতু তাঁর ইন্দ্রিয়ওলি সংযত, তাই তিনি দৃঢ়সংকল। তিনি কখনই কৃতর্কের দ্বারা প্রভাবিত হন না, কারণ ভগবন্ধজির প্রতি তাঁর দৃঢ় নিষ্ঠা থেকে কেউই তাঁকে বিচলিত করতে পারে না। তিনি সর্বতোভাবে সচেতন যে, শ্রীকৃষ্ণই হচ্ছেন শাশ্বত চিরন্তন ভগবান। তাই, কেউ তাঁকে বিচলিত করতে পারে না। তাঁর এই সমস্ত ওণাবলী থাকার জনা ভিনি পরমেশ্বর ভগবানের শ্রীচরণে নিজের সমস্ত মন ও বৃদ্ধি সর্বতোভাবে অর্পণ করতে পারেন। এই প্রকার উন্নতমানের ভগবন্তুজি নিঃসন্দেহে অত্যন্ত দুর্লভ। কিন্তু ভগবন্তুজ ভক্তিযোগের বিধি-নিষেধ পালন করে সেই স্তরে অধিষ্ঠিত হন। অধিকন্ত, ভগবান বলেছেন যে, এই ধরনের ভক্ত তাঁর অতি প্রিয়, কারণ পূর্ণ কৃষণভাবনামর তাঁর সমস্ত কার্যকলাপের প্রতি ভগবান সর্বদাই সম্ভাই।

36 种镇

যন্ত্রারোরিজতে লোকো লোকারোরিজতে চ যঃ । হ্র্যামর্যভ্রোরেগৈর্মুক্তো যঃ স চ মে প্রিয়ঃ ॥ ১৫ ॥

যন্ত্রাৎ—বাঁর থেকে; ন—না; উষিজতে—উরেগ প্রাপ্ত হয়; লোকঃ—লোক; লোকাৎ—লোক থেকে; ন—না, উষিজতে—উন্নেগ প্রাপ্ত হন; চ—ও; মঃ—বিনি; হর্ব—হর্ষ; অমর্ব—ক্রোধ ; ভর—ভন্ন; উরেগৈঃ—উন্নেগ থেকে; মুক্তঃ—মুক্ত; যঃ —যিনি; সঃ—তিনি; চ—ও; মে—আমার; প্রিন্নঃ—অত্যন্ত প্রিয়।

গীতার গান

তার দ্বারা কোন লোক দুঃখ নাহি পায়। কাহাকেও মনে প্রাণে দুঃখ নাহি দেয়।। হর্ষামর্বভয়োদ্বেগ এসবে সে মৃক্ত । অভএব মোর ভক্ত অতি প্রিয়যুক্ত ॥

অনুবাদ

ষাঁর থেকে কেউ উদ্বেশ প্রাপ্ত হয় না, যিনি কারও দ্বারা উদ্বেগ প্রাপ্ত হন না এবং ষিনি হর্ষ, ক্রোখ, ভয় ও উদ্বেগ থেকে মুক্ত, তিনি আমার অত্যন্ত প্রিয়।

(湖本 24]

তাৎপর্য

ভক্তের আরও কয়েকটি গুণের কথা এখানে বর্ণনা করা হছে। ভক্ত কঝনই কারও দুঃখ, উৎকণ্ঠা, ভয় অথবা অসপ্তোষের কারণ হন না। যেহেতু ভক্ত সকলের প্রতিই কৃপা পরায়ণ, তাই তিনি কখনই এমন কোন কাজ করেন না, যার কলে কারও উদ্বেশের সৃষ্টি হতে পারে। তেমনই, কেউ যদি ভক্তকে উৎকণ্ঠিও করতে চায়, তাতে তিনি কোন মতেই বিচলিত হন না। ভগবানেরই কৃপার কলে তিনি এমনভাবে অভান্ত যে, কোন রকম বাহ্যিক গোলযোগের দায়া তিনি বিচলিত হন না। প্রকৃতপক্ষে, ভক্ত যেহেতু সর্বদাই শ্রীকৃষ্ণের সেবায় নিয়োজিত এবং শ্রীকৃষ্ণের ভাবনায় মথা থাকেন, তাই জড় জগতের কোন অবস্থাই তাঁকে বিচলিত করতে পারে না। বৈধয়িক মানুষ সাধারণত ইপ্রিয়সুখ ও সেহসুপের সঞ্জাবনায় অতাত আনন্দিত হন, কিন্তু তিনি যখন সেখেন যে, অনেয় কাছে ইল্লিয়সুখ ভোগের এমন সমস্ত সামগ্রী রমোছে, তা তাঁর কাছে নেই, তথন তিনি খুব বিমর্ব হন এবং পরগ্রীকাতর হয়ে ওঠেন। যখন তিনি সেখেন তাঁর শত্রন আক্রমণের সভাবনা রয়েছে, তখন তিনি ভয়ে তীত সন্ধন্ত হয়ে পড়েন এবং তাঁর জীবনে যখন বার্থভা আসে, তখন তিনি ভয়ে তীত সন্ধন্ত হয়া পড়েন এবং তাঁর জীবনে যখন বার্থভা আসে, তখন তিনি ছতাশ হয়ে পড়েন। কিন্তু কৃষণভক্ত সর্বদাই এই সমস্ত উপদ্রব থেকে মৃত্ত, তাই তিনি ভয়বান শ্রীকৃষ্ণের অভান্ত প্রিয়।

শ্লোক ১৬ অনপেক্ষঃ শুচির্দক্ষ উদাসীনো গতব্যথঃ । সর্বারম্ভপরিত্যাগী যো মন্তক্তঃ স মে প্রিয়ঃ ॥ ১৬ ॥

অনপেক্ষ:—নিরপেক্ষ; গুটিঃ—গুটি; দক্ষ:—নিপুণ; উন্যসীনঃ—উদাসীন; গতব্যথঃ
—উদ্বেগপূন্য; সর্বারম্ভ—সমস্ত কর্ম প্রচেষ্টার; পরিত্যাগী—ফলভ্যাগী; ষঃ—বিনি;
মন্তব্যঃ—আমার ভক্ত; সঃ—তিনি; মে—আমার; প্রিয়ঃ—প্রিয়।

গীতার গান

লোক ব্যবহারে ভক্ত সদা নিরপেক্ষ। উদাসীন গতব্যথ শুচি আর দক্ষ। শুচি ইয় মোর ভক্ত ব্রহ্ম সে স্বভাবে। জাতি বৃদ্ধি নাহি কর ভক্ত সে বৈষ্ণবে।

অনুবাদ

যিনি নিরপেক্ষ, শুচি, দক্ষ, উদাসীন, উদ্বেগশূন্য এবং সমস্ত কর্মের ফলভাানী, তিনি আসার প্রিয় ভক্ত।

তাৎপর্য

ভক্তকে টাকা-পয়সা দান করা যেতে পারে, কিন্তু তিনি কখনও সেওলি পারার জন্য সংগ্রাম করেন না। ভগবানের কুপায় যদি আপনা থেকেই ওাঁর কাছে টাকা-পরসা আসে, তাতে তিনি বিচলিত হন না। ভক্ত স্বাভাবিকভাবেই দিনে দুবার ল্লান করেন এবং ভগবানের সেবার জনা খুব সকালে ঘুম থেকে ওঠেন। তাই, তিনি সভাবতই অত্তরে ও বাইরে অত্যন্ত নির্মল। ভক্ত সর্বদাই সুদক্ষ, কারণ জীবনের সমস্ত কর্মের যথার্থ উদ্দেশ্য সম্বন্ধে তিনি সম্পূর্ণভাবে অবগত এবং প্রামাণিক শাস্ত্র সম্বন্ধে সর্বতোভাবে নিঃসন্দেহ। ভক্ত কথনই কোন বিশেষ দলের পক অনলন্থন করেন না: তাই তিনি সর্বদাই উদাসীন। তিনি সর্বোপাধি বিনির্মৃক্ত, তাই তিনি কখনই ক্লেশ ভোগ করেন না। তিনি জানেন যে, তার দেহটি একটি উপাধিমাত্র। তাই কখনও যদি দেহের কোন রকম যাতনা হয়, তাতে তিনি অবিচলিত থাকেন। শুদ্ধ ভক্ত এমন কিছুর প্রয়াস করেন না, যা কৃষ্ণভক্তির প্রতিখন। উদাহরণ-স্বরূপ বলা যায়, একটি বড় বাড়ি তৈরি করতে হলে অনেক শক্তি নিয়োগ করতে হয়। কিন্তু ভক্ত কখনও এই ধরনের কাছে উদ্যোগী হন না, যদি তা তাঁর ভগবন্তুক্তির উন্নতির সহায়ক না হয়। তিনি ভগবানের জন্য মন্দির তৈরি করতে পারেন এবং সেই জন্য সমস্ত রকমের উদ্বেগ-উৎকণ্ঠা মাথা পেতে গ্রহণ করতে পারেন। কিন্তু তিনি তাঁর আত্মীয়-স্বজনদের জনা বড বাডি তৈরি করার কাজে প্ররাসী হন না।

ছোক ১৭

খোন হ্রম্যতি ন ছেষ্টি ন শোচতি ন কাক্ষতি। শুভাশুভপরিত্যাণী ভক্তিমান্ যঃ স মে প্রিয়ঃ ॥ ১৭ ॥

য:—যিনি; ন—না; হাষ্যতি—আনন্দিত হন; ন—না; বেষ্টি—য়েয় করেন; ম— না; শোচতি—শোক করেন; ন—না; কাচ্ছতি—আকাচ্ছা করেন; শুমা—এড; অন্তত—অন্তত; পরিভাগী—পরিভাগী; ভক্তিমান্—ভক্তিযুক্ত; মঃ—মিনি, সঃ— তিনি; মে—আমার; প্রিয়ঃ—প্রিয়।

[62 种類)

920

গীতার গান

জড় কার্যে হর্ষ দৃঃখ যে জনের নাই।
ত্যজিয়াছে যে আকাক্ষা চিন্তা বার নাই ॥
শুভাশুভ পরিত্যাগী যেবা ভক্তিমান।
আমার সে প্রিয় ভক্ত তাহাকে সম্মান ॥

অনুবাদ

যিনি প্রিয় বস্তুর প্রাপ্তিতে হাউ হন না এবং অপ্রিয় বস্তুর প্রাপ্তিতে দ্বেব করেন না, যিনি প্রিয় বস্তুর বিয়োগে শোক করেন না, অপ্রাপ্ত ইউ বস্তু আকাশ্সা করেন না এবং শুভ ও অশুভ সমস্ত কর্ম পরিজ্যাগ করেছেন এবং যিনি ভক্তিযুক্ত, তিনি আমার প্রিয় ভক্ত।

তাৎপর্য

শুদ্ধ ভক্ত নৈয়িক পাভ ও কতিতে উৎফুল অথবা বিমর্য হন না। তিনি পুদ্র অথবা শিব্য লাভের আকাশকা করেন না এবং তা না পেলে তিনি দুঃখিতও হন না। তাঁর প্রিম বস্তু হারিয়ে গেলে তিনি অনুতাপ করেন না। তেননই, তাঁর ঈজিত বস্তু না পেলে তিনি বিমর্য হন না। তিনি সব রকম গুভ-অগুভ, গাপ-পূণ্য আদি জড় কর্মের উধের্য। পরমেশ্বর ভগবানের সন্তুটি বিধানের জন্য তিনি সব রকম বিপদ বরণ করতে গুল্পত। কোন কিছুই তাঁর ভগবস্তুতি সাধনের পথে প্রতিশহক হয়ে দীড়ায় না। এই ধরনের ভক্ত শ্রীকৃষ্ণের অত্যপ্ত প্রিয়।

শ্লোক ১৮-১৯

সমঃ শত্রী চ মিত্রে চ তথা মানাপমানয়োঃ । শীতোফসুথদুঃখেবু সমঃ সঙ্গবিবর্জিতঃ ॥ ১৮ ॥ তুল্যনিন্দাস্ততির্মৌনী সন্তুষ্টো ফেন কেনচিৎ । অনিকেতঃ স্থিরমতির্ভক্তিমান্যে প্রিয়ো নরঃ ॥ ১৯ ॥

সমঃ—সম-ভাবাপন্ন; শক্রৌ—শক্রর প্রতি; চ—ও; মিত্রে—মিত্রের প্রতি; চ—ও; ডথা—তেমন; মান—সম্মানে; অপমানয়োঃ—অপমানে; শীত—শীতে; উষ্য—গরমে; সুখ—সুখ; দুঃখেষু—দুঃখে; সমঃ—সম-ভাবাপন্ন; সমবিবর্জিতঃ—কুসঙ্গ-বর্জিত; ভুলা—সমবৃদ্ধি; নিন্দা—নিন্দা; স্ততিঃ—স্তুতিতে; মৌনী—সংযতবাক;

সম্ভষ্টঃ—পরিতৃষ্ট, যেন কেনচিৎ—যৎকিঞ্চিৎ লাভে; অনিকেতঃ—গৃহাসজিশুনা, স্থির—স্থির: যতিঃ—বৃদ্ধি; ভক্তিমান্—ভক্তিযুক্ত; মে—আমার; প্রিয়ঃ—প্রিয়; নরঃ —মানুধ।

গীতার গান
শক্ত মিত্র অপমান কিংবা নিজ মান ।
জড়মুক্ত মোর ভক্ত মানয়ে সমান ॥
শীত, গ্রীদ্ম, সুখ, দুঃখ এক যেবা মানে ।
সঙ্গমুক্ত সেই ভক্ত স্থিত আত্মজ্ঞানে ॥
তুলা নিন্দা স্তুতি আর সন্তুষ্ট গঞ্জীর ।
নিকেতন তার নাই মতি তার স্থির ॥
সেই মোর প্রিয় ভক্ত সেই ভক্তিমান ।
ভক্তের সক্ষণ যত করিনু ব্যাখ্যান ॥

অনুবাদ

যিনি শত্রু ও মিত্রের প্রতি সমবৃদ্ধি, যিনি সন্মানে ও অপমানে, শীতে ও গর্মে, সূথে ও দুঃলে এবং নিন্দা ও স্তুতিতে সম-ভাবাপর, যিনি কুসঙ্গ-বর্জিত, সংঘতনাক, বংকিঞ্চিৎ লাভে সন্তুষ্ট, গৃহাসন্তিশ্ন্য এবং যিনি স্থিরবৃদ্ধি ও আমার প্রেমমনী সেবার মৃক্ত, সেই রকম ব্যক্তি আমার অত্যন্ত প্রিয়।

তাৎপর্য

ভক্ত সর্বদাই সব রক্ষ অসংসঙ্গ থেকে মৃক্ত থাকেন। কখনও কখনও কেউ প্রশংসিত হয় এবং কেউ নিন্দিত হয়; সেটিই হচ্ছে মানব-সমাজের সভাব। কিন্তু ভক্ত সর্বদাই কৃত্রিম প্রশংসা ও নিন্দা, সূথ অথবা দুংখ থেকে মৃক্ত থাকেন। তিনি অভান্ত সহিষ্ণু। তিনি কৃষ্ণকথা ছাড়া আর কোন কথাই বলেন না। তাই তাঁকে কথা হয় মৌন। মৌন শব্দের অর্থ এই নর যে, কারও কথা বলা উচিত না; মৌন শব্দের অর্থ হচ্ছে বাজে কথা না কলা। প্রয়োজনীয় কথাই কেবল মানুশের কলা উচিত এবং ভক্তের কাছে সবচেয়ে প্রয়োজনীয় কথা হচ্ছে পরমেশ্বর ভগবানের জনা কথা বলা। ভক্ত সর্ব অবস্থাতেই সুখী। তাঁর ভাগ্যে কখনও অভান্ত সুখাদু খাবার জুটতে পারে, কখনও না-ও জুটতে পারে, কিন্তু তিনি সর্ব অবস্থাতেই সন্তাম। তাঁর বাসস্থানের কোন সুযোগ-সুবিধার জন্য তিনি কখনও যত্ন করেন না। তিনি কখনও গাছের নীচে থাকতে পারেন, কখনও আবার বিরাট প্রাসাদোপম

শ্লোক ২০]

অট্রালিকাতেও থাকতে পারেন। কিন্তু তিনি কোন কিছুর প্রতি আকৃষ্ট নন। তিনি ইচ্ছেন অবিচলিত, কারণ তিনি সত্যসংকল ও জ্ঞানী। ভক্তের ওধাবলীর বর্ধনার মাঝে মাঝে পুনরুন্তি দেখা দিতে পারে। কিন্তু এই সমস্ত সদ্পুণ ব্যক্তীত কখনই যে শুদ্ধ ভক্ত হওয়া যায় না, সেটি বুঝিয়ে দেবার জন্যই তা করা হয়েছে। হরাবভক্তসা কুতো মহদ্ওপাঃ—যে ভক্ত নয়, তার কোন সদ্পুণ নেই। যিনি ভক্তরাপে পরিচিত হতে চান, তার পক্ষে এই সমস্ত সদ্পুণগুলি অর্জন করা একায়ে কর্তবা, তবে এর জনা তাঁকে বাহ্যিক প্রশ্নাস করতে হয় না। কৃষকভাবনায় মধ্য হওয়ার ফলে এবং ভগবান শ্রীকৃষ্ণের সেবা করার ফলে, আপনা থেকেই তার মধ্যে এই সমস্ত গুণগুলির বিকাশ হয়।

अपिक २०

যে তু ধর্মামৃতমিদং ঘণোক্তং পর্যুপাসতে । শ্রুদ্দধানা মৎপরমা ভক্তান্তেংতীব মে প্রিয়াঃ ॥ ২০ ॥

থে—খারা: তু—কিন্ত; ধর্য—ধর্ম; অমৃত্যু—অমৃতের; ইদয্—এই; যথা—থেমন; উক্তয্— কথিত; পর্যুপাসতে—পূর্ণরূপে উপাসনা করেন; শ্রহ্মধানাঃ—শ্রদ্ধানার মৎপরমাঃ— মৎপরারণ; ভক্তাঃ—ভক্তগণ; তে—সেই সকল; অতীৰ—অত্যন্ত; মে—আমার; প্রিয়াঃ—প্রিয়।

> গীতার গান এই ওদ্ধ ভক্তি যেবা করিবে সাধনা । অমৃত সে ধর্ম জান জড় বিলক্ষণা ॥ তাহাতে যে শ্রদ্ধাযুক্ত অনুকৃল প্রাণ । অত্যন্ত সে প্রিয় ভক্ত আমার সমান ॥

অনুবাদ

র্যারা আমার ছারা কথিত এই ধর্মামৃতের উপাসন্য করেন, সেই সকল প্রদ্ধাবান মৎপরায়ণ ডক্তগণ আমার অত্যস্ত প্রিয়।

তাৎপর্য

এই অধ্যামে ২য় শ্লোক থেকে শেষ পর্যন্ত—ম্যাাকেশা মনো যে মাম্ (আমাতে মানোনিবেশ করে) থেকে যে তু ধর্মামৃতমিদম্ (এই অমৃতময় ধর্ম) পর্যন্ত পরমেশ্বর ভগবান তাঁর সমীপবর্তী হবার জনা অপ্রাকৃত সেবার পছা বিশ্লেষণ করেছেন। এই

পছাওলি ভগবানের অত্যন্ত প্রিয় এবং কোন ব্যক্তি যখন সেওলির মাধ্যমে নিয়োজিত হন, ভগবান তখন তা গ্রহণ করেন। অর্জুন ভগবানকে প্রশ্ন করেছিলেন যে, নির্বিশেষ ব্রক্ষোপলন্ধির পাছা অবলম্বন করেছেন যে নির্বিশেষবাদী এবং অননা ভক্তি সহকারে পরম পুরুষোভ্তম ভগবানের সেবা করেছেন যে ভক্ত, এই দুজনের মধ্যে কে খ্রেম। তার উত্তরে ভগবান তাঁকে স্পষ্টভাবে উত্তর দিলেন যে, ভক্তিযোগে ভগবানের সেধা করাটাই হচ্ছে পারমার্থিক উপলব্ধির সর্বশ্রেষ্ঠ পদ্ম। সেই সম্বন্ধে কোন সন্দেহ নেই। পক্ষায়নে বলা যায়, এই অধ্যায়ে নির্ধারণ করা হয়েছে যে, সাধুসক্ষের প্রভাবে অনুনা ভক্তিতে ভগবানের সেবা করার প্রতি আসন্তি জন্মায় এবং তার ফলে সদ্ওক লাভ হয় এবং তার কাছ থেকে প্রবণ, কীর্তন করা তরু হয় এবং তখন দৃঢ় বিশাস, আসক্তি ও ভক্তি সহকারে বৈধীভক্তির অনুশীলন সপ্তব হয়। এডাবেই ভগবানের অপ্রাকৃত সেবায় নিযুক্ত হতে হয়। এই অধ্যায়ে এই পদ্বা অবলম্বন করার পরামর্শ দেওয়া হয়েছে। সূতরাং আত্ম-উপলব্ধির জন্য, পরম পুরুষোত্তম ভগবানের ত্রীপাদপাল্লের আশ্রয় লাভের জনা ভক্তিযোগই যে পরম পদ্বা, সেই সম্বন্ধে কোন সম্পেহ নেই। পরম-ভত্তের নির্বিশেষ উপলব্ধি করার যে পপ্তা এই অধ্যায়ে বর্ণিত হয়েছে, তা কেবল আৰা-উপলব্ধি লাভের পথে একান্ড প্রয়োজনীয় আগ্ব-সমর্পণের সমার পর্যন্তই অনুশীলনের পরামর্শ দেওয়া হয়েছে। পক্ষান্তরে বলা যায় যে, যতক্ষণ পর্যস্ত শুদ্ধ ভাক্তের সঙ্গ লাভের সুযোগ না পাওয়া যায়, ততক্ষণ পর্যন্ত নির্বিশেয ব্রদারোতির ধান করা লাভডনক হতে পারে, কিন্তু ভগবানের সবিশেষ রূপের ভক্তিযুক্ত সেবাই হচ্ছে পরম প্রান্তি। পরমেশ্বরের নির্বিশেষ অব্যক্ত রাপের উপাসনায় কর্মফল ভোগের আশা পরিত্যাগ করে ধ্যান করতে হয় এবং জড় ও চেতনের পার্থক। নিরূপণ করার জ্ঞান অর্জন করতে হয়। গুদ্ধ ভক্তের সঙ্গ লাভ না করা পর্মন্ত এই পথার প্রয়োজনীয়তা আছে। কিন্তু সৌভাগ্যক্রমে, কেউ যদি সরাসরিভাবে জন্ম ভক্তিতে ভগবানের সেবা করার সৌভাগা অর্জন করেন, তা হলে তাঁকে আর ক্রমোল্লতির মাধামে পরমার্থ সাধনের পথে এগোতে হয় না। *ভগবদ্গীতার* মধা ভাগের ছয়টি অধাায়ে ভগবন্তুক্তি সম্বন্ধে যা বর্ণনা করা হয়েছে, তা অত্যন্ত সহজসাধা। এই পছায় দেহ ধারণ করার জন্য জড় বস্তু-বিষয়ক দৃশ্চিন্ডা করতে হয় না, কারণ ভগবানের কুপায় সব কিছু আপনা থেকেই সম্পাদিত হয়ে যায়।

ভক্তিবেদান্ত কহে শ্রীগীতার গান ! শুনে যদি শুদ্ধ ভক্ত কৃষ্ণগত প্রাণ ॥

ইতি—'ভক্তিযোগ' নামক শ্রীমন্তগবদ্গীতার দ্বাদশ অধ্যায়ের ভক্তিবেদান্ত ভাৎপয সমাপ্ত।